**पर्मन**गितिहरू

# **पर्भन**णितिहरू

ভারতীয় দর্শন-শাস্ত্রের সংক্ষিপ্ত পরিচয় ও তদ্বিরুত কয়েকটী বিশেষ তত্ত্বের সরল বিশ্লেষণ

### শ্রীগোপালচন্দ্র সেন

গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড্ সক্ষ্ কর্ণভয়ালিন্ ষ্টাট্, কলিকাতা প্রকাশক—প্রীব্রাম**তহ্রু** সেন্থ **অধ্যক্ষ, গৌরীসেন প্রক্রমন্দির** ৩০নং তারাটাদ দত্তের ষ্ট্রীট্ হর্তির বাগান, কলিক।তা

> লেথক কর্তৃক সর্ব্বস্থস্থ সংরক্ষিত মূল্য ছাই টাকা

বিশ্বার—শ্রীগোবিন্দপদ ভট্টাচার্য্য ভারতবর্ষ প্রিণ্টিং গুরাকস্ ২০৩।১০, কর্ণওয়ালিদ্ ষ্ট্রাট্, ক্লিকাতা বঙ্গ-জননীর একনিষ্ঠ সাধক, স্বদেশীর অগ্রদৃত

স্বৰ্গগত শিতৃদেব

## শ্রীকুঞ্জবিহারী সেনের

পবিত্র নামে

**এ**ই গ্রন্থ

ভক্তি-মর্ঘ্য-ম্বরূপ

অপিত হইল

### নিবেদন

ভারতীয় দর্শন-শাস্ত্রের সংক্ষিপ্ত পরিচয় প্রদান ও দর্শন আলোচনায় আগ্রহ সকলেরই যাহাতে উত্তরোত্তর বর্দ্ধিত হয়, এই হুইটি উদ্দেশ্য লইয়া 'দর্শনপরিচয়' রচিত হইয়াছে। ভারতবর্ধের 'স্থিৎ-রূপা' ভক্তি-বৈশিষ্ট্যের প্রতীক ভারতীয় দর্শন সমূচ্চয়ের প্রতিপান্থ বিষয়-বস্তু সম্বদ্ধে একান্ত অজ্ঞতাই জনসাধারণের সন্তুপি ও দৈত্যের অক্সতম কারণ। 'দর্শনপরিচয়' পাঠে, উক্ত তুর্গতির প্রকৃতি ও হেতু যদি কেহ উপলব্ধি করেন ও তৎপ্রতিকারে যত্নশীল হ'ন এবং 'দর্শনে' স্পৃহা তাঁহাদিগের যদি বলবতী হয়, তবেই প্রম সার্থক হইবে।

'স্থন্ লাইব্রেরীর' অধ্যয়ন-মণ্ডলী যদি বর্তমান গ্রন্থ প্রণয়নে সমবেত ক্রকান্তিকতা না দেখাইতেন, তাহা হইলে ইহা রচিত হইত কিনা সন্দেহ; কাজেই গ্রন্থথানি যদি সাধারণ-পক্ষেদর্শন আলোচনায় কিঞ্জিমাত্রও সহায়তা করে ও ইহা যদি 'স্থাগণের ও ভক্তর্নের নিকট আদরণীয়' হয়, তাহা হইলে উক্ত মণ্ডলীর সভারন্দেরাই ধল্পবাদের পাত্র।

অপরপক্ষে, 'বঙ্গ-সাহিত্য মহামন্তলের' স্থবিধ্যাত পণ্ডিত শ্রীকাশীখর বিভারত্ব, কাব্য-শ্বতি-তীর্থ মহোদয় তাঁহার শুভাশীর্কাদ দানে ও কলিকাতা সংস্কৃত কলেজের অধ্যাপক পণ্ডিত-প্রবর শ্রীকালীপদ তর্কাচার্য্য, কাব্য-ব্যাকরণ-তর্কতীর্থ মহাশয় গ্রন্থারস্থে একাধারে ত্রিবিধ মন্তলাচরণ সমিবিষ্ট করিয়া 'দর্শনপরিচয়' প্রকাশে আমাকে বথেষ্ট উৎসাহিত করিয়াছেন এবং আমার শিল্পী-বন্ধু শ্রীপ্রকুল্লক্র আঢ্যে, 'দর্শনপরিচয়ে'র প্রক্রদেশটের পরিকল্পনা করিয়া দিয়া এক অতুলনীয় দর্শন-পরিচয় দর্যাছেন; তাঁহাদিগের এ ঋণ অপরিশোধনীয়—ইতি,

"এই ভারত মহাসাগর তীরে, সভ্যতার হুয়ারে, পুরাকাল হইতে আজ
পর্যান্ত বছ বিভিন্ন জাতি ও সভ্যতা আসিয়া মিলিত হইয়াছে। সে
মিলনে ভারতের আদর্শ আরও পুষ্ট ও পরিণত হইয়াছে, কথনও সে তাহার
বৈশিষ্টা হারায় নাই—তাহার আদর্শের বিচ্যুতি ঘটে নাই। বিশ্বজনীন
সার্ব্বভৌম আদর্শই ভারতের ভাব, তাহাই ভারতীয় সভ্যতার প্রাণস্বরূপ।

\* \* \* \* \* বর্তমান জগং আজ জড়ত্বের শৃষ্থল পরিয়া, পরস্পারের
প্রতি দ্বণা ও বিদ্বেষের গান গাহিয়া চলিয়াছে, আজ তাহারা ভারতের
দিকে উন্মুথ হইয়া রহিয়াছে—ভারতের নৃতন বাণী, নৃতন তত্ত্ব, সে পূর্ণব্রহ্ম
জ্ঞান শুনিবার জক্য উৎকর্ণ, উদ্গ্রীব।"

—আচাৰ্য্য ব্ৰজেব্ৰনাথ শীল।

### गजला हव शंग

### পুরুষোত্তম মহিদ্ধঃ স্তোত্তম্

প্রমাণং স্তাং সাংপ্যতত্ত্ব প্রতানাং, পরং বিশ্ববন্দ্যং অ্যান্তন্ত্রীনন্।
শিবং শাস্তর্রপং জরামৃত্যু শৃস্তং, বিশুরং প্রধানং পরং চিৎস্বরূপন্ ॥১॥
পদং যোগভাজাং তপোলভামেষাং, স্তাং প্রশ্লক্ষাং জমেব প্রণ্যান্।
জগৎপ্রাণহেতৃত্বমেবাসি নিত্যং, মহাযোগসারং স্থিরং নির্বিক্সন্ ।।।
ব্রৈত্তর্কনিফাত্বীভিঃ পুরাণেঃ, প্রযন্ত্রেন সিন্তানিক্তির ।।।।
জমেবাসি নিংশ্রেমণং কারণং বা, ত্রিছঃখী বৃত্তি ক্রাণ্ডিভ্রুম।।।।।

(হে পুরবোত্তমদেব!) সাংখ্য তত্ত্ব ব্রতাচার ক্ষুদ্র দিগের তুমি প্রাণী বরপ, তুমি বিধের বন্দনীয় এবং তুমিই আদি ও অন্তহীন বিরুদ্ধিক; তুমি শার তুমি শিব, তুমি জরা-মৃত্যু রহিত, তুমি চিন্ময়, তুমি শুদ্ধ, তুমি প্রাধ্বাধ্বাধ্য অবং তুমিই প্রধ্যাধ্যাধ্য

বোগীদিগের ধ্যানগমা তুমিই, তুমিই গ্রামীকি পে-লব্ধ ধন, ব্রু নাধকদিগের তুমিই প্রস্ত্রা (প্রশ্ন-লক্ষ্য) এবং গ্রাহাদের প্রথম ক্রমিই; ই ক্রিটে ( যাবতীয় জীবের ) জীবন-হেতু তুমিই এবং মহাবোগদার যায় সে ক্রিটি নির্মিক । হা

প্রাচীন নৈয়ায়িক পণ্ডিত মণ্ডলী উাহাদের তর্ক-শাস্ত্র-নিক্ষতি (স্থিৎ-সাপর মন্তর্ন করিয়া) সারখান বৃক্তি দ্বারায় ইহাই সিদ্ধান্ত করিয়াছেন যে তুমিই (জীবের) নিঃপ্রেয়স (অর্থাৎ, নিশ্চিত-মঙ্গলের হেতুভূত কারণ)—তুমিই ছঃধত্রমেরও নিবৃত্তি কারণ এবং তুমিই সকলের প্রম কামা, ধ্রপে অবস্থিত প্রম-আরা। ।। পদার্থান্ সমালোচ্য বৈশেষিকৈর্যৎ, পরং তর্মাপ্তং তদেকং স্বমেব।
ক্রতং মানগদাং বিশেষাভিধানং, তবৈব স্বরূপং ন চাক্তদ্ বিভাতি ॥৪॥
ক্রতেরর্থজাতক্ত বিশ্লেমণার্থং, গতিঃ কর্মমীমাংসকৈর্যোপদিষ্টা।
প্রশান্তং স্বরূপং তবৈতং স্বরূপং, স্বনীশঃ পরেশো নূপেশো ভবেশঃ ॥৫॥
প্রিসন্ধি বৈদান্তিকানাং যদাক্তং, সদদৈত মক্তাদৃশং বাপি তরুম্।
পরব্রহ্মণক্তে স্বরূপং বিদিন্তা, তদেবৈতি মুক্তিং গতো জীবলোকঃ ॥৬॥

(হেং পুরুষোভ্রমদেব !) বৈশেষিকেরা পদার্থনিচর সমালোচনা করিয়া যে পর তথ্যজি লাভ করিয়াছেন তদ্সমুদ্য তুমিই এবং তাহাদিগের বেদ-লব্ধ ও প্রমাণ-সিদ্ধ ( 'বিশেষ' আখ্যায় পরিকল্পিত রূপ তাহ। তোমারই স্বরূপের বিকাশ ভিন্ন অস্ত আ কিছুই নহে ।৪।

মীমাংসকের। বেলার্থের বিশ্লেষণের উদ্দেশ্যে যে (বিশিষ্ট) কর্ম-পদ্ধার উপদেশ করিয়াছেন তাহা তোমারই প্রশান্ত ও সৌন্দ্র্যাময় রূপমাধুরী (উপলব্লির নিমিত্তই)—তুঞ্ ভূতেশ, তুমি ভূপেশ, তুমি পরাৎপর, তুমি পরমেধুর। ।

বৈৰান্তিকদিগের (এক বিধরক) অবৈতবাদ রূপ যে আদি-তক্ এবং (উক্ত তত্ত্বের বৈত ও বিশিষ্টাবৈত (প্রভৃতি) যে দুকল বিভেদান্ত্বক তক্ত্-নিরূপণ, তদ্ সমূদর তোমারই (ইহ-চরাচরে যাবতীয় জাড় ও চেতন পদার্থের মধ্যে একমাত্র) এক্ষময়-সন্তারই স্বরুগ বিকাশ এবং ইছা উপলব্ধি করিয়াই জীবগণ মূক্তি লাভ করে।৬। নম: শিবারেতি নমন্তি শিবাং, পতিং পশ্নাং বমনাগুমাগুম্।
স বং শিবাইতময়ো মহেশং, অমীশক্ষণং প্রমং প্রধানম্॥।॥
চার্ক্ষাক মুখ্যাঃ প্রবদন্তি কেচিং, বৃহস্পতের্যন্তমাদদানাঃ।
দৈবাদি মিখ্যা সকলঃ অভাবং, স চ অভাবস্তব দেবলীলা॥।॥
অর্হং অমেবাসি প্রস্কর্মণং, ত্রিরত্নম্পার্য্তমং অমেব।
প্রস্কি হেতুঅমনস্তর্মণ! জড়োহজড়াআ প্রমাণ্রেব॥৯॥

(হে পুলবোড্রমদেব !) 'নম: শিবায়' বলিয়া শৈবেরা অনাদি জলৎ-কারল পুশুপতি বলিয়া তোমাকেই এশাম করেন, তুমিই সেই পুরুষ-শ্রেষ্ঠ অন্ধিতীয় মহেশ, তুমি সকলেরই এখান, তুমিই ( একাদি ঈশবের ) শ্রেষ্ঠ ঈশব । ৭।

চার্ব্বাক্ আথাায় থাঁহারা বিদিত, তাঁহারা দেবগুক বৃহস্পতির মত অবলঘন করিয়া বলেন—দৈবাদি সমস্তই অলীক ও সকলই স্বভাবের (প্রকৃতির) থেলা এবং দেই প্রকৃতি, তোমারই লীলা; (প্রতাক, বাহা দৃষ্ট হয়, তাহাই একমাত্র প্রমাণ এবং প্রকৃতিই জগতাধার—এই হুইটি মুখ্য-তব্ব প্রচার করিয়া তাহারা তোমারই শিব ও শক্তি ছুয়ের ভেদে অভেদাস্ত্রক যুগল রূপের লীলা আখাদন করেন)।৮।

জৈনদিগের (ধোয়) আহত, তুমিই এবং তাঁহাদের প্রকৃষ্ট কাজ্জনীয় (সমাক্ জ্ঞান, দর্শন ও চরিত্র আদি) ত্রিরভের যে (সাধন) তব্ব, তাহা তুমিই— তাঁহাদিগের (প্রবর্তিত) প্রসিদ্ধ কারণ তুমিই (তাঁহাদিগের 'পুলাল', জড়-পরমাণু ও 'আআ' চৈতজ্ঞ-পরমাণু সংজ্ঞার্থক, অবিভাগ পরিছেদ, যে প্রমাণু-তব্ব) তাহাই তোমার জনন্ত রাণ্

বৌদ্ধৈ প্রনিষ্ট: স্ববিভদ্বোধিং, প্রজাদিনার্গ প্রতিক্ষণতথ্য।
ছ:থাভিধন্বক সমাধ্যিনুনং, মহানিদানং ভবত: স্বরূপন্ ॥>०॥
স্বাহীবকং তথ্যিদং নিরুচ্ং, উদ্ধে মহয়ো জনিভূত্তিকারে।
মত্র: স চায়ং তব বাক্যমন্ত্রাং, ন ভিত্নতামেতি মহব হেতু: ॥>>॥

দৃষ্ঠতে দর্শনৈ: সর্বৈর্বজ্ঞ শ্রীপদপদ্ধজম্। তবৈবান্তা: মতির্নিত্য: গোপালক্ত পরাৎপরে॥ নাম সংকীর্নাগৈর মহিয়: ক্ষোত্রমৃত্যম্। পুরুষোত্তমনামতে সর্বত্ত জন্মত্য

### ॥ 🗳 नमः भूक्तर्याजमानवांत्र ॥

(ছে পুরুষোভ্রমণেব !) বৌদ্ধদিগের উপদিঠ প্রজ্ঞাদি প্রজ্ঞা, সমাধি ও শীল এই ক্রিক্স্যান্তিত আর্থা অষ্টাঙ্গিক ) মার্গের যে তত্ত্ব এবং তারাদিগের সংসার উৎপত্তির হেতৃ-নিরাকরণ ও (বীষণ) ছংখ-ক্ষ্যের পরিসমান্তির উপায় ফ্রপে 'মহানিদান' আ্থ্যার বণিত ভ্রম্যান্ত্র ভ্রেমারই শুদ্ধ বোধি-সভ্র রূপ (উপলান্ধির নিমিত্তই অভিবাক্ত )।:-।

আমানীক দিগের 'সবার উপরে মামুব দতা' রূপ যে মহান তব্ব, তাহাই (প্রই) ও সৃষ্টি আদি বাবতীয় অচিত ভেদা-ভেদ জ্ঞাপক ভাব নিচয়ের) বরেণ্য মহা-সত্য এবং উাহাছিপের উক্ত (ভূত ও ভূতভাবনের মধ্যে ঐক্য) মন্ত্র-বাকাই একমাত পূজনীয় ভোষারই মন্ত্র-রূপ (১১)

সকল দর্শন-পদী বাহার শ্রীপাদপল (নিরত) দর্শন করেন সেই পরাৎপর (পুরুবোন্তমের) শ্রীচরণে নিতাই গোপালের মতি খাকুক; তব নাম সংকীর্জনের নিমিত্রই এই পরমোক্তম পুরুবান্তমের মহামহিমা জ্ঞাপক তে তা রচিত হইল—এই তোতা সর্কত্রে জরগুক্ত হউক।

"আদাবন্তেচমধ্যে চ হরিঃ সর্বত্ত গীয়তে।"

"হখ-শান্তি, আপদ-বিপদ, সকলই তাঁহার ইচ্ছা। আমরা তাঁহার ছপ্তের ইচ্ছার রহস্ত বৃদ্ধি না বলিয়া হুংথ করি। \* \* \* \* \* আমি ছুংথকে অমঙ্গল মনে করি না, কারণ ছুংথই মান্তবের মহন্তব্যকে গড়িয়া তুলে—আপনাকে, অর্থাং পরমাত্রা ব্রহ্মকে জানিতে শিখায়; তাহাতে মান্তব প্রথার্থা-বিলাস, হথ-সম্পানকেই জগতের শ্রেয় মনে করে না—সত্যের অফ্রশকান জন্ত, সন্তথের আপ্রয়ে, আত্মহ্বথ ছাড়িয়া সকলকে স্থাকিবকে কর্ম্ব করিকে কর্ম্ব করিতে কর্ম্ব করিত হার্মিক কর্মবিত কর্ম্ব করিত কর্ম্ব করিত কর্মবিত কর্ম্ব করিত কর্মবিত ক্ষমবিত কর্মবিত ক্ষমবিত কর্মবিত কর্মবিত ক্ষমবিত কর্মবিত ক্ষমবিত ক্যামবিত ক্ষমবিত ক্ষমবিত ক্যামবিত ক্ষমবিত ক্ষমবিত ক্যামবিত ক্

—ডা: স্থানাপদ ঘোষ। ( মাধেপুরা, ২৫।৩১৩২৭)

## সূচীপত্ৰ

विषय्र				পৃষ্ঠা
পুৰুষোত্তম মহিন্ন: স্তোত	যম্ …	***		110
উপক্রমণিকা	•••	•••	•••	۷ کا
বৈদিকদৰ্শন		•••	•••	٠,
<b>শাংখ্যদ</b> ৰ্শন	•••	***	•••	٥,٠
পাতঞ্জলদৰ্শন	•••	***		»د خ
<b>সা</b> য়দর্শন	•••	***		: 83
বৈশেষিকদর্শন			•••	
মীমাংসাদর্শন		•••	•••	¢ ¢
বেদান্তদর্শন	• • • •			90
শকরদর্শন		•••	•••	۹۵ .
রামাত্রজদর্শন		***	•••	38
পূৰ্ণপ্ৰজন্মন	•••			66
শ্ৰীগোবিন্দভান্ত		***	•••	>03
শৈবদর্শন			•••	709
নকুলীশপা ভপতদৰ্শন			***	>:@
প্রত্যভিজাদর্শন	•••	•••	••	> > 0
ু রসেশ্বরদর্শন		•••	•••	>>>
পাণিনিদর্শন	•••	•••	***	১১৬
		•••	•••	2.9

বিষয়				2	
তণাক্ষিত বেদমার্গ-বিরোধী দর্শন		•••	>8		
লোকায়ত বা চাৰ্ফাক্দৰ্শন		•••	•••	>8	
অইত্বা জৈনদৰ্শন		•••	•••	>0	
বৌদ্ধদৰ্শন		•••	•••	26	
মানবত দৰ্শন বা	ভারতীয় ভাব দর্শন	•••	•••	59	
১। নাথ	-পন্থ	•••	•••	<b>&gt;</b> b	
२। मिक	২। সিদ্ধাচার্য্যগণ ও তাঁহাদের চর্য্যাপদ			55	
৩। সহ	জয়া-পভ্	•••	•••	56	
৪। রাগা	রাগায়িকা পদাবলী, ভাবাত্মিকা সঙ্গীত,				
দোহ	া, গান ও গীতিকা	•••	•••	२०	
<b>ট</b> । তারি	তান্ত্রিক সাধকরুন ও খ্যামা মায়ের গান		***	<b>২</b> :	
্ত। গৌড়ীয় বৈষ্ণবধৰ্ম ও কীৰ্ত্তন গান			<b>?</b> ;		
জনকে বিকা	4				

# मर्भनगितिष्य

### **डे**शक्यिंगिका

ভারতের আন্ধ বড়ই হুর্দিন। অপরের কথায় কাজ কি, বাংলা ও বাঙ্গালীর বর্ত্তনান হুঃথ হুর্দ্দশা প্রত্যক্ষ করিয়া প্রাণের মর্ম্মন্ত্রদ হাহাকারে স্থান্য বিদীর্ণ হওয়ায় কবি কালার স্থারে গাহিয়াছেন, হায় আজ

> "দৈন্ত জীর্ণ কক্ষ তার, মলিন শীর্ণ আশা, ত্রাসক্ষন চিন্ত তার, নাহি নাহি ভাষা।"

— বাংলা ও বাদালীর এ হেন দীন হীন বেশ, পথের ধূলি ইইতেও এ তৃত্ব জীবন, এ জীবনুতে অবস্থা— চিরকাল কিছু ছিল না। বাদালী চিরকাল কিছু এখনকার মত এমনতর কাদালবেশে, করণার ভিথারী সাজিয়া বিখের হারে সদাই সম্ভ্রন্ত চিত্তে বসিয়া থাকে নাই। জগতের 'দরবারে' তাহার স্থান ছিল, জ্ঞান গরিমায় আপনার যোগ্য আসন গ্রহণ করিয়া এক সময়ে সে ভারতের যাবতীয় শিক্ষাকেক্স অতীব দক্ষতার সহিত প্রিচালনা করিয়াছে। আরও অনেক বিষয়ে তাহার গৌরব ছিল, স্থাতি ছিল - যথা, ছন্তি-চিকিৎসার, ' রেসমের কাজে, ' ঢাকাই মস্লনে, ' ভাস্করের কালে, ' বাকলের কাপড়ে, ' নৌকা এবং জাহাজ গঠনে, ' থিয়েটার বা প্রেকাগৃহ বা 'পেক্থা-ঘরঅ' প্রবর্তনে।

১। মূনি পালকাপা ছক্তি-চিকিৎসায় বিশায়দ ছিলেন, তাঁহায় আয়ুর্কেদ পু: পু: চতুর্ব-পঞ্চন শতকে— ১০০০ে Perioda আর্ভু ভ হইয়(ছল।

২। বাংলায়ে হণ্দে রঙের রেসম নাগবৃংলার (নাগকেশর গাছের) পোকা হইতে ইইত; চীনের রেসম সাধা, ইহা তুঁত গাছের পোকা হইতে হইত। ফুবর্ণবৃত্তা বা কবিত্বর্ণ অংথাৎ বাংলার মুন্দিধাবাদ ও রাজনহল এই উভর স্থানে মু: পু: তৃতীয়-চতুর্থ শতকে রেসমের চাল হইত।

<sup>া</sup> চাকাই মৃশিল্ এত কল ক্তায় হৈয়ারী হইত যে তাহা ঘাদের উপার শিশিরে তেজিয়া গেলে দেখাই যাইত না। বাংলা দখল করিয়া তথার ক্ষাদার নিযুক্ত করিয়া আক্ষর বাদদাহ উক্ত হ্যালায়ের সহিত এই বন্দোবত করেন যে রাজধ হিদাবে বাংমরিক তিনি তাহার নিকট মার পাচ লক টাকা লাইবেন, কিয় দিনীর রাজবাড়ীতে বংমরে যত মানেগছের রেননী কাপড় ও ঢাকাই মৃশিন্ আবেশ্রক হইবে সবই তাহাকে যোগাইতে ইইবে।

 <sup>া</sup> বাংলার ভারর শিল্প, মুর্ত্তিবিভা (Iconography) ভাবে ভরপুর;
 পালরাজ্ঞাবের সময় ইহার চয়ম উন্নতি হয়। মৃত্তিগুলি দেখিলে মনে হয় য়েন কথা
 কহিতেছে, যেন সজীব; এ সম্পদ বাংলার নিজন্ব।

<sup>ে।</sup> বাকলের অপের নাম 'কোম'বা 'হুকুল'। কোটলা অবর্থশারে বর্ণিত হইরাছে ইহা কর্ণহ্ব:প হইত এবং ইহার বর্ণ স্বেটার মত ও ইহামণির মত উজ্জ্প।

 <sup>।</sup> বালোর তৈরারী জাহাজে চড়িয় বিজয়সিংছের মূপারা (বোঘায়ের নিকট)
 লকা বীপে ব.জা, পালরাজাদের নৌগুজ, ১২০০ দায়ৢঙয়ালা চাদসদাগরের মধুকর
জাহাজ, বায়ালী মাঝা পরিচালিত কেদার রায় ও প্রতাপাদিতোর নৌবহর এভৃতি সবই
বৌকা বা জাহাজ সঠনে বায়ালীর কৃ.ত. হের পরিচারক।

৭ । 'পে হথা-বরঅ' প্রাকৃত শব্দ।

অভিনয়দি 'কলাবিভা' বাতিরেকে নানা বিষয়ক জ্ঞান বিজ্ঞান আলোচনায় ও দর্শনে, কাব্যে এবং সাহিত্যে কুতবিভ স্মরণীয় বাঙ্গালীর অতাব ছিল না—সাংখ্যকার মহামুনি কপিল, <sup>২</sup> বৈশেষিক দর্শনশাস্ত্র প্রণোতা মহর্ষি কণাদ, ও ভগবান গৌতম বৃদ্ধ, রাজা অশোক, বৌদ্ধণীলভদ্র, <sup>৪</sup> দীপঙ্কর ইাজ্ঞান, <sup>৫</sup> বিশ্বেষর শস্তু, ও তিকু বিভৃতিচন্ত্র, <sup>9</sup>

১। নাটক অভিনয়ানির চতুর্বিধ (পাঞালী, ওডুমাগধী, আবস্তী ও দালিপাতা।
এই চারি প্রকার) প্রবৃত্তির মধ্যে ওডুমাগধী প্রবৃত্তি প্রথমে বরুদেশ হইতেই চতুদ্দিকে
প্রচারিত হয়। বাংলার লোক নাটকই ভালবাসিত বেশী, নাচ গান তেমন পঞ্জন করিত
না: আবার স্ত্রীর অভিনয় অপেকা পুরুবের অভিনয়ই বাঙ্গানীর বেশী পছন্দ-এখনও
বাংলার নাচ গান তেমন জনে না বডটা জনে 'acting'—শৃঃ পৃঃ বিতীয় শতকে বাংলা
দেশে নাট্যকলার প্রভুত উন্নতি হইয়াছিল।

২। কপিন দেব কর্ম প্রজাপতির উরসেও দেবছুতির গর্জে জন্মগ্রহণ করেন,
ইনি ভগবানের পঞ্ম অবতার বলিয়া খাতে। কপিলের শাপে প্র্বাবশীর রাজা
সগরের বৃষ্টি সহল পূর নিহত হন ও পরে সগর বংশীর ভগীরথ স্বর্গ ইইতে গঙ্গা আনরন
করিয়া কপিন শাপে নিহত পূর্বে পুরুষদিগকে উদ্ধার করেন। কপিলের বাড়ী
পূর্বাঞ্লে—বাংলার। এখনও গঙ্গাসাগর মেলার নামে কপিল মুনির আব্রুমে মেলা
হর, যদিও ইহাই প্রবাদ যে একুত কপিলাত্রম এখন সাগরগর্ভে অন্তাহিত।

ও। কণাদের অপর নাম উলুক, ইনি কঞ্চপ বংশীয় ছিলেন, খুঃ পুঃ ছাদশ শতকের লোক।

১। শীলভক্র নাললা বিহারের অক্ততম অধ্যক্ষ ছিলেন, ইনি সমতটের জনৈক রাজার পুর। ইনি ধর্মপালের লিক্ত, মহাযান বৌদ্ধ, যুহাং চুয়াংএর শুরু ও সর্ববলারবিশারদ পণ্ডিত ছিলেন।

 <sup>।</sup> শীপকর বিক্রনলিল বিহারের অধাক ছিলেন। ইনি বিক্রমণীপুর নিবাসী বাঞ্চালী।
 ইনি ৭০ বংসর বয়নে তিকাতরাজের আংবানে পশ্চিম তিকাতে গিলা তথার বৌদ্ধ ধর্ম প্রচার করেন। ইনি অতিশা নামে থ্যাত ছিলেন।

৬। বিশেশত াজু দীপকরের জ্ঞায় একজন ধর্ম আচোরক, ইনি দাকিশাতো বৌদ্ধ ধর্ম একার করেন।

৭। বিভূতিচন্দ্র অগদল বিহারের অধান ভিকু ছিলেন—জগদল বাংলার মহাবিহার। টুলি মহাপণ্ডিত ছিলেন।

সুইপাদ, ' শান্তিদেব ° মচ্ছেন্দ্রনাথ, ' গোরক্ষনাথ, ' জগরাথ, ' জগনীশ ' প্রভৃতি আরও অনেকেরই নাম করিতে পারা যায়। কিন্তু বাদালী আজ সে সমন্তই ভূলিয়াছে; আপনারে নিশিদিন হীন ও হের ভাবিয়া ভাবিয়া দে শীর 'জীবগর্কব' হারাইয়াছে। তাহার প্রাণের স্বরূপ বে কি, দে পরিচয়ের একান্ত অভাবে আজ এক মোহনিদ্রায় অভিভৃত হওয়ায

১। লুইপাদ একজন আদি সিকাচার্থ্য, ইনি মহা যোগীবর ছিলেন। ই'হার রচিত বছ চ্বাপেদ বা কার্ত্তনের গানের ভূটিয়া ভাষায় তর্জনা আজও ভূটানে পাওয়া বয়ে। রাচদেশে ও ময়য়ভয়ে ই'হার পালাহয়। ইনি একটি সম্প্রদায়ও স্প্রী করেন।

<sup>ং।</sup> শান্তিদেব বহু বৌদ্ধ পুথি লিখিয়াছিলেন ও বছ বাংলা গান রচনা করিয়াছিলেন। সংবদাই ইতার স্থা প্রদান্ত থাকিত বলিয়া ইনি 'ভতুক' নামেও খাত ছিলেন।

৩-৪। মজেলেনাথ ও গোরকনাথ উভরের মধ্যে গুরু-শিক্ত সম্বন্ধ। মজেলুকাথ মাধপত্তের (Nathism) প্রবর্ত্তক। নাগেরা নাজিলুনা বৌদ্ধ এমন একটি অভিনব ধর্মান প্রচার করেন। নাথ সম্পার্থ বছপত বংলর ধরিয়া বাংলার প্রভুত্ব বিস্তাপ করিয়া গিয়াছেন। নাথপথ বাংলার নিজ্প সম্পার্গ, মজেলুকাথ ও গোরক্ষনাথ বাংলার পর্মাগৌরব।

রঘুনাথ শিরোমণি বাংলার হবিগ্যাত নবাস্তায়ের প্রবর্তক । ইনি নবছীপের বাহদেব সার্প্রচৌমের ও মিথিলার পঁকধর নিজের শিক্ত ছিলেন। ইহার রচিত দীখিতি-প্রকাশ নবাস্তায়ের একথানি উৎকৃত্ব গ্রন্থ।

৬। জগলাখ তর্কপঞ্চানন একজন মহাপণ্ডিত ছিলেন। ইহার আ্তিশক্তি ছিল আন্তঃসাধারণ ও ইহার অধ্যবদায় ছিল অলোকিক। ১৬৯৫ বট্টান্দে ইহার জন্ম হয় ও ইনি ১১১ বংসর জীবিত ছিলেন।

৭। জগদীশ তর্কালয়ার অনীত "তর্কায়ৃত" নবাছায় দশনের একপানি আথমিক
 লাঠাপুত্রক। সংঘদশ শতাকীর আর্থে ইনি আর্ভুত হন।

স্থপর্য্য তাহার অন্তমিত হইয়াছে, আশা তাহার নিশ্ব্ল হইয়াছে, তাহার উর্ক্ষগতিও কল্প হইবার উপক্রম হইয়াছে।

বর্তমান কালে চিম্বার দৈক্তই বাঙ্গালী জাতির প্রধানতম দৈক। শ্রীমরবিন্দ বলিয়াছেন, "বাঙ্গালীর সর্ব্বকঠিন রোগ তাহার অচিস্ত্য জর": ' আশ্চর্যোর দেরা আশ্চর্যাও এইটী: স্থনামধন্য চিঞানীল মহাত্মাদিগের এই বঙ্গদেশে চিন্তার এ কি ভীষণ অবজ্ঞা এবং অনাদর। যে যে বিষয়ে যতটুকু িস্তার আবশ্যক তৎসমূদ্য হইতেই বাঙ্গালী সর্ব্বথা পলায়নপর: ইহা কি ভীষণ অবস্থা নহে গ ভাব অবলম্বন করিয়াই ভাবের প্রক্লত বিষয়বস্তুটী ধরিতে পারা যায়, নচেং নহে। কাঙ্গেই ভাবের সাধনায় আবাৰ বাঙ্গালীকে উদ্বুদ্ধ হইতে হইবে। তবেই তাহার এই 'অচিষ্যজর' ছাড়িবে—ত্রিতাপ হইতে রক্ষা পাইয়া পুনরায় দে তাহার হুত 'স্বরাজাে' প্রতিষ্ঠিত হুইতে পারিবে। আজকালকার এই স্বরাজা প্রতিষ্ঠার যুগে হিন্দু দর্শনের আলোচনাই তাহার পকে প্রকৃত ও প্রকৃষ্ট স্বরাজ্য লাভের উপায়। বাঙ্গালী এতাবংকাল ভাহার এই মরণোত্রথ রোগ ধরিতে পারে নাই, এই মারাত্মক রোগ নিরাক্রণোদেক্তে সে কোন প্রচেষ্টাই করে নাই; কেমন যেন আত্মবিশ্বত হইয়া, 'দিনগত পাপক্ষয়' করিয়া, দে জীবন বহিয়া চলিয়াছিল-মুহুর্ত্তেকের তরেও সে তাহার এই অস্বাভাবিক বিকারগ্রন্ত অবস্থার প্রতি লক্ষ্য করে নাই: ফলে তাহার অধোগতি আজ স্থনিশ্চিত হইয়া দাঁড়াইয়াছে এবং তাহাতেই দে তাহার সম্পূর্ণ অনক্ষিতভাবে নিমজ্জিত হইতেছে।

<sup>31 &</sup>quot;Think-phobia, i. e., total incapability and unwillingness to think"—Sree Aurobindo.

বাঙ্গালীর এই আত্মবিশ্বতি লক্ষ্য করিয়া তাহার প্রাণ উহুদ্ধ করিবার মানসে কবি শাখত জাগরণের বাণী গাহিয়া তাহাকে শুনাইলেন—

> "এইথানে উদেছিল বুদ্ধের উন্নত আত্মা এইথানে নদীয়া-কিশোর বর্গে গদ্ধে ফুলে ফলে আছে তারা সমাহিত আছে জেগে প্রাণ-মায়ে তোর।

এই জন্ম এই আত্মা নহে তথু এ জন্মের নিত্যতার বাত জাগরণ,
চিরমাতা প্রকৃতির এ অমৃত বক্ষমানে অন্ত-কণা লভে না মরণ।
যে নির্বাণ-মন্ত্র-কণা ভনেছিল এ ধরণী.—ত্যাগের সে তথ্প পূর্ণ ধ্যানে,
যে অমৃত-নাম-মন্ত্রে প্রেমে মেতেছিল ধরা প্রাণ জ্বেগ উঠেছিল গাতে

আজো জাগে জগতের প্রাণে।

নহে লুপ্ত নহে স্থা ভোগবতী ফল্পমত ওরে অন্ধ ওরে ভ্রান্ত চিত তোর মাঝে জাগিছে সতত।"—"আকিঞ্চন দাস।"

### বাংলার প্রাণের স্বরূপ কথনে শ্রীঅরবিন্দ লিখিলেন---

"The lyric and the lyrical spirit;

The spirit of simple, direct, and poignant expression, of deep, passionate, straight-forward emotion, of a frank and exalted enthusiasm;

The dominant note of Love and Bhakti, of a mingled sweetness and strength:

The potent intellect, dominated by the self-illuminated heart:

A mystical exaltation of feeling and spiritual insight, expressing itself with a plain concreteness and practically—

This is the Soul of Bengal."

গীত কাব্যমর মানস-ছল ;
তেজ স্পষ্ট ও সরল বাক্য বিজ্ঞান রীতি—যাহা স্থগতীর ও
রাগ রজিত শ্বন্থ ভাবধারায় এবং সারল্যে বিমন্তিত
স্থানত মংগালমে অভিব্যক্ত ;
মধুব-কম প্রেম-ভক্তির উচ্ছ্যোদে শ্বভাই ওতঃ প্রোতঃ ;
শ্বন্ধ ও উট্টোত প্রনিপ্ত প্রতিভা ; এবং
বর্দ্ধিক্ত গৃঢ় অন্নভ্তি ও অন্তর্দ গিষ্ট—যাহা নিয়তই
ক্রিয়াসির ও স্থাংযতভাবে সর্ক্ষাই সভঃস্কৃত্ত—
ইহাই বাংলা, ইহাই বান্ধানীর প্রাণের শ্বন্ধ ।

—তাহাই যদি, তবে আজ বাদালীর এ হেন চুর্দ্দশার মৃত্যান হইরা পাকিলে চলিবে কেন? এহেন চুর্গতির অবসান, এহেন লজ্জাকর কলঙ্কের মোচন তাহাকে যে করিতেই হইবে। বাংলা তথা ভারতের ও ভারতবাদীর ক্রচ-গৌরবের পুন: প্রতিষ্ঠা করিতে হইবে যে তাহাকেই। কাস্ত-কবিরজনীকান্তের স্থবে প্রাণের আবেগ ঢালিয়া তাহাকেই যে আবার গাহিতে হইবে—

"তোমারি চরণে করি ছ:খ নিবেদন— শান্তি সুথামূত অচল নিকেতন।"

সর্বপ্রকারে ও সর্বাবস্থার হৃ: ও হইতে বিনিশ্বক হওরা মানব মাত্রেরই চরম ও পরম লক্ষ্য; আবর এই হৃ: ও নিরাকরণের উপারের উদ্ভাবনেই জ্ঞানের বিকাশ। জ্ঞানের ব্যাপ্তির সবে সবে অস্কৃতির উদয় হয়, প্রাণে শাৃত্তি আনে, স্থামৃতে হদয় ভরপুর হইয় য়য় ও সেই অচল নিকেতন জ্ঞীভগবানের শ্রীপাদপলে আ্যান্তানিবেদন করিতে মাসুহ শিকা করে।

"সর্কাং থবিদং ত্রদ্ধ" এই ভাবধারা তথন সর্কাদা সর্কাবস্থায় তাহার মনের মধ্যে দেনীপ্যমান হইতে থাকে, এবং উক্ত তব্বের উপলব্ধি পূর্ণরূপে হইলে, সর্কে-উপাধি বিনিশ্বুক্ত হইয়া মাহ্য তথনই ভগবানের হলাদিনী শক্তির সার-সংগ্রুক মাধ্যাময়ী ও জ্ঞানরূপা যে ভক্তি ' তাহার অধিকারী হয়। মানব আত্মার বিকাশ, এমনই ভাবে সত্য ও স্তল্পর পদ্মার অন্থবর্তন করিয়া সাধিত হয়—মাহ্যের স্বরূপ এমনই ভাবে বীরে বীরে কিন্তু অনোয ও অবার্থ গতিতে ক্রমবিবর্ত্তিত হইয়া ফুটিয়া উঠে—ও তাহার যিনি অটা, যিনি তাহাকে তাহার নিজস্ব চিদানলের অভিব্যক্তিরূপে স্বষ্টি করিয়াছেন, তাহাকে আবার মহানলে বিভোর করিয়া ভবে।

ত্বিংথ কি ? তাহার উৎপতিই বা কোথা হইতে এবং কেমন করিয়াই বা তাহাঁ দূর করিতে পারা যায়—কি উপায়ে, কি পথ অবলম্বন করিয়াই ছাই ভারতীয় সুকল দর্শনশাস্ত্রের মূল প্রতিপাল্প বিষয়। "দর্শনং দর্শনং প্রোক্তম্ম", দর্শনশাস্ত্র অধ্যয়ন করিলে বিভিন্ন তব্যপ্রামকে—যথা, স্বষ্টি, লয় এবং আবাত্রব, পরকালতর, ঈশ্বরত্ব, অদৃষ্টতব, জগতের কার্য্য কারণ ভাব ও তৎসমূদ্দের বিধান কর্ত্তার বিশেষ জ্ঞান প্রভৃতি সমাক্ আয়ভ করিতে পারা যায় ও এগুলির প্রত্যক্ষের লায় প্রতিভিল্লেম। আর্যা ক্রিগণ এই হেতু এই জ্ঞান-শাস্ত্রের নামকরণ করিয়াছিলেন "দর্শন"। বস্তুত: যাবতীয় পদার্থের ব্যরূপ বা হথার্থ জ্ঞান যে শান্ত্রপত হওয়া যায় তাহাই দর্শনশাস্ত্র।

ভিন্ন ভিন্ন দর্শনকার হু:খ নাশের অক্ত বিভিন্ন পথ নির্দেশ করিয়া-

১। "জ্বাদিনীসারসমবেতসহিজ্ঞপা ভক্তি:"—বলদেব বিজ্ঞাভূবণ কৃত জীগোবিল ভাজঃ এখঃ১২।

ছেন; প্রকৃত পক্ষে কিন্তু দর্শন বলিতে "সর্বভামুথ সত্যের এক মুথ দর্শন" ইহাই বুঝায়। প্রাচীন ঋষিদিগের মধ্যে যিনি "সত্যের সার্বভৌম ভাবের যে ভাবাংশ অন্তভ্তি করিরাছেন, অর্থাৎ সত্যের সর্বতামুথ স্বরূপের যে মুথ তাঁহার নিজের মানসদৃষ্টির গোচর হইরাছে, তাহাই তাহার দর্শন।" এই হেতু দর্শন অনেকগুলি হইলেও, ভিন্ন দর্শনশাস্ত্র সত্যের ঐকদেশিক প্রপ্রান-বিশেষ বা ব্যাখা। হইলেও, যাহা দৃত্তা, যাহা মূল সত্যা, তাহা একই; কাজেই বিবিধ দার্শনিকদিগের প্রবর্তিত বিভিন্ন দর্শনের মধ্যে বিরোধের প্রশ্ন কোনক্রমেই উঠিতে পারেনা, সেগুলির আমলোচনা প্রসঙ্গে বাগ্বিত্তার কোন অবসরই আসেনা। "সর্ব-সিন্ধান্ত-সংগ্রহ" গ্রন্থ প্রণেতা প্রীমংশ্বরাচার্য্য যথার্থই বলিয়াছেন—

"বাদিভিদ্শ নৈঃ সর্বৈদৃ ছিতে যন্ত্রেকথা। বেদান্তনেতঃ ব্রহ্মদমেকরূপ মুপাশ্বহে॥"

পরস্পর বিবদমান দার্শনিক পণ্ডিত মণ্ডলী নিজ নিজ দর্শন পছাহ্যায়ী-বিভিন্ন রূপে বাহাকে দর্শন করেন—সেই একমাত্র বেদাগুবেল্ল এককে আমরা উপাসনা করি।

ওঁ নম: শ্রীভগবতে গোবিন্দায়।"

<sup>&</sup>gt; 1 "That Being, who is variously understood by the various philosophical controversialists in all their (the) several systems of philosophy (followed by them), He who is indeed the one only "Brahma", to be realised through the Vedanta, (Him) that same being we worship".—From the translation of Rao Bahadur Prof. M. Rangacarya.

### বৈদিক দৰ্শন

বেদ অপৌরুবেয়। চতুর্বেদই ভারতীয় জ্ঞান-বৈশিষ্ট্যের প্রতীক
"সর্ব্ব-সিদ্ধান্ত-সংগ্রহ" গ্রন্থের উপোদবাত প্রকরণে শ্রীনৎ শব্দরাচার্য
ভারতীয় জ্ঞান ভাগুরের একটি সংক্ষিপ্ত পরিচয় দিয়াছেন। ঋক্
সাম, যজুং ও অথর্ব এই বেদ চতুইয়কে (শ্রুতিকে) ভিত্তি করিয়
ভারতবাসী ধর্ম (duty), অর্থ (wealth), কাম (desire) ও মোদ
সাধন (salvation, final deliverance) উদ্দেশ্যে "চতুর্দ্ধশাস্ত বিক্তাস্থ"
চতুর্দ্ধশ বিভার অহ্নীলন করিতেন; তাহার মধ্যে—

- (ক) "বেদান্ধ" (the auxiliary limbs of the Vedas অন্তর্গত ছয়টি;
- ( থ ) "বেদাপান্দ" ( the secondary or indirectly corrected limbs of the Vedas ) অন্তৰ্গত চারিটি;
- (গ) "উপবেদ" (the supplementary Vedas) এই সমুদ চভূপন্টি।

### "বেদাক" ছয়টি, যথা---

- >। শিকা- Science of accents & phonetics,
- र। क्ज्र- Ritual Code,
- । বাকিরণ—Grammar,
- 8। निक्क Etymology and interpretation,

- ¢। জোভিৰ —Astronomy,
- ♦। इन —Prosody.

#### "বেদোপাক" চারিটি, যথা---

- প। শীমাংসা

  —Science of reasoning; "শীমাংসা"

  enquires into the meaning and the

  aim of all the Vedas & "ভার" deals

  with the characteristic of "প্রমাণ"—an

  authoritative source of knowledge.
- ৯। পুরাণ —That which relates the stories of government and urges on the pursuit of true aim in life,
- ত । মৃতি
  —i. e., "ধ্ৰমান্ত", that which regulates the
  duties to be performed by all in life
  and deserves to be accepted and actedupon by all—by the classification of
  right and wrong deeds,

#### "উপবেদ" চারিটি, যথা---

- ১১। আয়ুর্কেদ— Science of medicine,
- ১২। অর্থবেদ Science of wealth & Government,
- ১৩। ধহর্মে— Archary & the Science of war,
  - ১৪। গন্ধবেদ-Science and art of music.

এই চতুর্দশ বিভার সাধনার ফলে আব্যা ঋষিগণ জীবের ছঃথ নিবারণ কল্লে যে সত্য-দর্শন লাভ করিরাছিলেন তাহাই ভারতীয় দর্শন নামে থ্যাত।

প্রধানতঃ ভারতীয় বড়্-দর্শনই বিশেষ ভাবে প্রসিদ্ধ, যথা—

"বাাদ: বেদান্ত কর্তান্তাৎ মীমাংসা থলু জৈমিনি:, বৈশেষিকো কণাদন্তাৎ পাতঞ্জল: পতঞ্জলি:, সাংখ্যন্ত কপিল: কর্তান্তায়কৎ গোতমামুনি:।"

> ১ম-মহর্ষি কপিল প্রবর্ত্তিত "সাংখা" দর্শন, ংয়-মহর্ষি পতঞ্জলি প্রবর্ত্তিত "পাতঞ্জল" দর্শন, ংয়-মহর্ষি গোতম প্রবৃত্তিত "ক্রায়" দর্শন, ৪র্থ-মহর্ষি কণাদ প্রবৃত্তিত "বৈশেষিক" দর্শন,

৫ম — মহর্ষি ছৈমিনি প্রবর্ত্তিত "নীমাংসা" দর্শন বা প্রকামীমাংসা,
 ৬৪ – মহর্ষি বেদব্যাস প্রবর্ত্তিত "বেদান্ত" দর্শন বা "একাত্তে" বা

"বৈয়াসিকী স্থারমালা" বা "উত্তর মীমাংসা"।

এই ছয়থানি দর্শন শাস্ত্র বাতিবেকে ভারতবর্ধে আরও অনেকগুলি
দর্শনশাস্ত্রের প্রচলন ছিল। "সর্প্র-দর্শন-সংগ্রহণ শ্রীমন্ মাধবাচার্যা
প্রবীত একথানি প্রামাণিক গ্রন্থ, ইহাতে তিনি দশখানি দর্শনের সংক্ষিপ্ত
প্রিচয় দিয়াছেন এবং গ্রন্থ-শেষে নিধিয়াছেন—

"ইতঃ পরং স্কলেশনিশিরোমণিভূতং শাল্করদর্শনমক্ষত্র লিখিতম্ ইত্যত্র উপেক্ষিভমিতি।"

এই একাদশথানি দর্শন বথাক্রে—চার্কাক্দর্শন, অর্ত বা জৈনদর্শন, বৌদ্ধদর্শন, রামাহজ্লপুন, শত্তরদর্শন, পূর্ণপ্রজ্ঞাদর্শন, শৈবদর্শন, নকুলীশপাশুপ্তদর্শন, প্রত্যভিজ্ঞাদর্শন, রুসেশ্রদর্শন ও পাণিনিদর্শন ১ উক্ত দর্শনগুলির মধ্যে রামাত্মজন্ত্রন, শহরন্ত্রন ও পূর্ণপ্রজ্ঞাননিক বিশেষ; এবং নকুলীশপাশুপভদর্শন, প্রভ্যভিজ্ঞানদিন ও রসেখনদ্রশন শৈবদর্শনের প্রস্থান-বিশেষ মাত্র। কাজেই মূলত: পূর্ব্বোক্ত বড় দর্শন ও এই দর্শনগুলির মধ্যে শৈবদর্শন, পাণিনিদর্শন, চার্ক্রাক্র্ণন, অর্হত্ বা ক্রৈনদর্শন ও বৌদ্ধদর্শন এই একাদশ সংখ্যক দর্শনই ভারতীয় দর্শনশাস্ত্র বলিয়া প্রসিদ্ধ। সাংখ্যাদি বড়্দর্শনই বেদমার্গ-বিহিত দর্শন বা "বৈদিকদর্শন" নামে খ্যাত, এবং শৈবদর্শনগুলি ও পাণিনিদর্শন ব্যতিরেকে অপর তিনখানি দর্শন, যখা—চার্ক্রাক্রদর্শন, অর্হত্ বা জৈনদর্শন ও বৌদ্ধদর্শন "তথাক্ষিত বেদমার্গ-বিরোধী-দর্শন" আখ্যায় সাধারণের মধ্যে পরিচিত। এতদ্ব্যতীত ভারতীয় ভারন্দর্শন অর্থাৎ 'মানবতদর্শন' (Folk Philosophy) ভারতবর্ষের একটি বিশিষ্ট সম্পদ।

মানবের ত্রিবিধ তৃঃথ নাশের উপার স্বরূপ এই দর্শনগুলিতে বণিত জ্ঞানের পূর্ব সাক্ষাৎকার লাভ করিতে হইলে ও তৎসমুদয়ের বিন্তারিত, আলোচনা ও তত্তংবিষয়ের বিশিষ্ট জ্ঞান সমাক্রপে আয়ত করিয়া মনে প্রাণে তাহা অন্তত্ত করিতে হইলে বৃঝিবা একটি জীবনে কুলায় না— নানব জীবন ও ক্ষণস্থায়ী, জীবন-সংগ্রামে বিদ্বও যথেষ্ট, এ কারণ প্রেধাক্ত দর্শনগুলির প্রতিপাত্ত বিষয়-বস্তর অবতারণা মাত্র করিয়া, সেগুলির আলোচনার জনসাধারণের কথকিৎ কৌতৃহল ও আকাজ্ঞা জাগরিত করিতে বয়নীল হইয়া, কয়েকটি মাত্র প্রবহ্ম সেগুলির বথাসাধ্য সংক্ষেপে তর্ই পরিচয় দিয়া "দর্শনপরিচয়" রচিত হইল। ভগবান আমাদের সহার হউন, ইহাই আমাদের একান্ত কামনা—

"য একোহবর্ণো বছধা শক্তিযোগাদ্ বর্ণাননেকান্ নিধিতার্থো দধাতি। বি চৈতি চাঙ্গে বিশ্বমাদৌ স দেবঃ স নো বৃদ্ধা শুভয়া সংযুনকত্ ॥"

খেতাখতরোপনিষদ, ৪--->।

— যিনি এক হইগাও সর্প্রবাণী, এবং বিনি নিজিয় হইগাও স্বীয়
শক্তিযোগের প্রভাবে সর্প্রকালে সকল জীবের বানতীয় অভাব ও তুঃব মোচন কবেন – যে পরম পুরুষ বিশ্বের খানি ও অন্তঃ স্বরূপ তিনি, আমাদিগের সকলকে, সভাের পথে, প্রীতির পথে, কলাালের পথে, মিলিত কর্মন ! '

ত্রিলোকীস্থ সকলের কল্যাণ হউক—

"ওঁ শিবসকলমন্ত্র।"

<sup>31 &#</sup>x27;He who is one, and who dispenses the inherent need of all peoples and all times, who is in the b ginning and the end of all things, may He unite us with the bond of truth, of common fellowship, of righteousness"—from the translation of Poet Rabindranath in his "Hibert Lecture for 1930."

### সাংখ্যদৰ্শন

যে শান্তে সম্যক জ্ঞান উপদিষ্ট হইরাছে তাহার নাম সাংখ্য। বস্তুত:---

"সংখ্যান্ প্রকৃর্কতে যেতু প্রকৃতিক প্রচক্ষতে। তত্ত্বানিচ চতুর্কিংশৎ তেন সাংখ্যঃ প্রকীর্তিতা॥"

— প্রকৃতির ব্যক্তরপই প্রতীয়মান জগৎ, এই ব্যক্ত প্রকৃতির প্রকৃতি,
বিকৃতি ও বিকার নিবন্ধন যে চ্চুর্বিংশতি তত্ত্বের ' উত্তব হয়, তাহার
সংখ্যা নির্দেশ করিয়া সাংখ্য শাস্ত্র কীর্ত্তিত হইয়াছে। 'সং' অর্থে
সমাক ও 'খ্যা' অর্থে জ্ঞান— এই ছুইটি শক্ত ইতে 'সাংখ্য' শক্ষানিস্পন্ন
ইইয়াছে।

মহর্ষি কপিল দেব সাংখ্যদর্শনের প্রথম আচার্য্য ও প্রবর্ত্তক এবং 
তাঁহার প্রণীত সাংখ্য-স্ত্রের নাম "ত্রসমাদ"। তব্দমাদ নিভাস্ত,
সংক্ষিপ্তগ্রন্থ, ইহাকে সাংখ্যদর্শনের স্তীপত্র বলা চলে, কারণ ইহাতে
সাংখ্য-দর্শনের সমন্ত তব্বগুলি সংক্ষেপে লিপিবদ্ধ হইরাছে। মহর্ষি কপিল
বলিতেছেন—"অথাতত্তব্ব (সমাস:) সমায়ায়:",—'তব্দমাদ' সাংগ্য-স্ত্রে
ব্যাখ্যা করিতেছি। সর্বাস্থমত তেইশটি স্তুর ইহাতে আছে,—

১। ১ম—গ্রকৃতির অবাকরণ, ইহাই প্রকৃতির বর্লণ। ২র—মহৎ বা বৃদ্ধিতব। তথ—সহ, রয়: ও তম এই ত্রিগুণারক অহলার। ৽র্থ—৮ম, শল, শার্ণ, রল, রয়, গছ এই পঞ্চয়াত্র। ৽য়—১৯য়, চলু, কর্ণ, নানিকা, জিল্লা, বছ এই পঞ্চ আমেল্রির; বাক্, পাণি, পাল্, পাল্, উপছ এই পঞ্চ অর্মেল্রির ও মন, এই সর্ক্সমেত একাম্বণ ইল্রির। ২৯য়—২৬য়, ক্লিভি, অল্, তেয়, রয়ৎ বা বাহু ও বোম্, এই পঞ্চ মহাভূত—এই চতুর্বিংশতি তথা।

#### স্ত্রগুলি এইরপ---

>ম হত্ত—"অটো প্রকৃতর:।"

২য় হত্ত—"বোড়শকন্ত বিকার:।"

৩য় হত্ত—"পুরুব:।"
৪র্থ হত্ত—"ত্তেগুণাম্।"

৫ম হত্ত—"সঞ্চর: প্রতিসঞ্চর:।"

৬ঠ হত্ত—"আধাব্যমধিভূতমধিদৈবম্।"

উত্যাদি, উত্যাদি।

এই মূল এছ "ত্ৰসমাদের" প্রণঞ্চন বা বিবিধ ব্যাখ্যানই সাংখ্যদর্শনের প্রচলিত গ্রন্থ, এবং এইজন্তুই সাংখ্যদর্শনের প্রপর নান সাংখ্য-প্রবচন। বিজ্ঞানভিক্ বিরচিত "সাংখ্য-প্রবচনস্থাই" বড়যায়া "সাংখ্য-প্রবচন দর্শন" বিলয়া বিখ্যাত; কিন্ধ ঈশ্বরক্লফ প্রণীত "সাংখ্যকারিকার" তুলনায় ইহা প্রাধ্নিক গ্রন্থ। স্বরচিত গ্রন্থ সহয়ে বিজ্ঞানভিক্ লিখিয়াছেন—

"কালার্কভিক্ষিতং সাংখ্য-শাস্ত্রং জ্ঞানস্থাকরম্ । কলাবশিষ্টং ভূয়োহপি পুরয়িষো বচোহমুতৈ: ॥"

—জ্ঞানের উৎসূ যে সাংখ্য:শাস্ত্র তাহা কালকবলিতপ্রায়, এই সাংখ্যকে আমি নিজের কথা ঘারা পূর্ণ করিব।

ঈশারকুফক সাংখ্যকারিকা" গ্রছই দার্শনিকদিগের মধ্যে স্থাপরিচিত ও প্রামান্ত, এবং ইংাই সাংখ্যদর্শন বলিরা বিখ্যাত। খুষ্টীয় য়ঠ শতাব্দীতে এই "সাংখ্যকারিকা" গ্রছই চীন ভাষায় অন্দিত হইয়াছিল। ঈখরকুফ লিখিয়াছেন বে তাঁহার গ্রছ পঞ্চশিখাচার্য্যের "ষ্টেতিস্ত্র" নামক গ্রন্থের সংক্ষিপ্তসার্মাত, যথা—

### "সপ্তত্যা কিল বেহর্পান্তেহর্পা: কুংলক্ত বটিতন্তক। আথ্যায়িকাবিয়হিতা: পরবাদবিবর্জিতাশ্যাপি ॥"

—সাংগ্যকারিকা, ৭২শ হতা।

—পঞ্চিথাচার্যা প্রাণীত ষষ্ঠিতত্ত্বে যে সমূদ্য বিষয় আলোচিত হইরাছে কারিকায় (১ম হৃত্র হইডে ৭০শ হৃত্র পর্যান্ত) সেই সমূদ্য বিষয়ই আলোচিত হইয়াছে; পরমত শশুন বা আথ্যায়িকা ভাগ, যাহা যটিতত্ত্বে আছে, কারিকায় তাহা বিবর্জিত হইয়াছে।

এই বিরাট গ্রন্থ যদ্ভিতম এখন লুগু। যাট অধ্যায়ে বিশুক্ত করিয়া গ্রন্থ রচনা করিয়াছিলেন বলিয়া পঞ্চশিখাচার্য্য এই গ্রন্থের নামকরণ করিয়াছিলেন "ষ্টিড্য"। "রাজবার্ত্তিকে" উক্ত হইয়াছে—

"প্রশানাভিত্মেকজ্মর্থমজাজাতা।
পরার্থাক তথানৈকাং বিয়োগা থোগ এব চ ॥
শেষ-বুভিরকর্ত্বং মৌলিকার্থা: শ্বতা দশ।
বিপথায়: পঞ্চবিধস্তথোক্তা নব তুইয়: ॥
করণানামসামর্থা-মইাবিংশভিদা মতং।
ইতি বৃষ্টি: পদার্থানামইাভি: সহ সিদ্ধিভিরতি ॥"
দশটি প্রধান বা মৌলিক পদার্থ > স্থানে দশ অধ্যার; পীচ প্রকার

১। মৌলিক পদার্থ নলটি বধা, ১ম--এর্তি ও পুকবের অন্তির; ংর--এর্তির
একড; গ্ল--জ্মিতি, অস্ত্রীতি, বিবাদায়ক ও ত্রিওণায়ক অপং ইত্যাদি বিলয়া অর্থনড;
৪র্থ--মনানাবিধ উপারের হারা আছার কর্য্যে করিতেছে বলিয়া পরার্থড; ৫ম--ত্রিওণ
ক্ষিবেকী ও বিবয়ায়ক বলিয়া ইহার অক্তম্বর্থাৎ পুকব হইতে অভিয়; ৬৯ -- লম মরণ
৬ ইলিয়ের বিফলতা হেতু পুকর এক করে বহু; ৭ম-পুকর দেখিতে পাইবে এবং

বিপর্যার বা মিথা আনন ও স্থকে পাঁচ অধ্যার; নবম ভূটি ও সংগ্রান নর
আধ্যার; বৃদ্ধি ও ইদ্রিরের অপূর্ণতা হেতৃ আটাবিংশ আশক্তি ও সহতে থাট
আধ্যার—এই সর্বস্বেত বাট প্রার্থ প্রয়োজক অউসিদ্ধি ও স্থতে থাট
আধ্যার—এই সর্বস্বস্বত বাট প্রার্থ স্বার্থ স্বার্থ অধ্যার । বিপূর্ণার

দেখিলা দুক্ত ছইবে বলিন। এবং প্রকৃতিরও দেই অভিপ্রায়ে পরন্দরের যোগ; ৮ম—্বর্থ চরিতার্থ ছইলে শরীর হইতে ভাষার বিচ্ছেদ সন্দাদিত হয় বলিরা প্রকৃতি ও পুরুত্বর মধ্যে বিরোগ; ৯ম – চক্রমণবৎ পূর্ব্ধ-বেগ কলে শরীরের স্থিতি; ১০ম – প্রকৃতির বিপরীত ধর্মবিলাধী বলিনা পুক্ষের অকর্ত্তর।

- ১। পাঁচটি বিপর্বার, বথা—তমঃ, মোহ, মহামোহ, ডামিত্রঃ, অক্কডামিত্রঃ। ইহাদের অঞ্চ সংজ্ঞা—অবিভা, অমিতা, রাগ, বেং ও ভয়। ইহাদের মূলে অবিভা; অবিভা ক্ষেত্র, মোহাদি ক্ষেত্রের ফদল।
- ২। তুষ্টি নয়টি যথা—আধাঝিক তুষ্টি চারটি— এক্তি, উপাদান, কাল ও ভাগা।
  পাচটি বাফ তুষ্টি, ইহারা ধনোপার্জনাদি দোবজাত। তুষ্টি অর্থে 'এতেই হ'বে আরে আবভাল নাই' এইলপ ভবে; বিজ্ঞান পথে ইহারা বাধাবরূপ, ইহারা মোকেরও অফুকুল ন নিকেট্ট ভাবই তুষ্টি, ইহা বিবেশ বিরোধী।
- ু । আশক্তি আটাশটি যথা—আট একার সিদ্ধির অভাব ও নয় প্রকার তৃষ্টি জানের অফুকুল নহে ,বিলিয়া এই সাতরটি বৃদ্ধিবং, অর্থাৎ বৃদ্ধির অসামর্থ বা অপূর্ণতা রূপ বংধর সহিত সহবোগে তৃতীয়া। বাকি এগারটি ইল্রিয়বং, যথা—বিধিরতা, কুঠ, অন্ধতা, জড়তা, অঞ্জিয়তা (মাণ লইতে অসক), সুকর, কৌণা, পঙ্কুলা, বঞ্চ, বিফলাক ও মন্দতা (মনের শোব)—সর্প্রসমেত এই আটাশটি আশক্তি। উক্ত আটাশটি বংকে আশক্তি বলে, অপূর্বভায়ই ইহাদের হিতি।
- ৪। আই সিদ্ধি, বখা—পুরুষার্থ অর্থাৎ রোক্ষ লাভ করিতে হইলে বাহা প্রয়োজন তাহাকেই সিদ্ধি বলে। ছংগবিবাত অর্থাৎ ছংগ নাশের রুক্ত মুখ্য প্রয়োজন তিনটি ও সৌণ প্রয়োজন পাঁচটি। তব কর্মা পাঠ, প্রবণ, বরা মরণ, এবা তাহা ক্রম্বলগণের সহিত মুম্বন ও গাান এই পাঁচটি সৌণ সিদ্ধি।

"বাইডার" কোথার বে কোন গ্রহাগারে কোন প্রাথরি বিজ্ঞানাচার্য্যের ব্যাবারিকার পূর্বে আবর্ত্তানা অরূপ রক্তিত অবহার কীট-নট হইতেছে ভাহা কে বলিবে। বে বাহা হউক, সাংখ্যের মৃত প্রতিপাদ্য বিবয়গুলির এখন সংক্ষিপ্ত পরিচর লগুরা ঘাউক। 'তল্বসমান', বাইতর', 'সাংখ্যকারিকার', গোড়গালাচার্যের 'সাংখ্যকারিকারাছ', বাচন্দতি মিশ্রের 'সাংখ্যত্ত্ব-কোমুনী', বিজ্ঞানভিক্ কৃত 'সাংখ্যপ্রকানভায়' ও 'সাংখ্যনার' প্রভৃতি সাংখ্যদর্শনের প্রামাণিক গ্রন্থ। সাংখ্যের ব্যাথ্যা প্রভ্রেণ্ড অনেকগুলি বিভ্রমান, তর্মধ্যে 'তল্বসমান-দীপিকা', 'ভল্বকীমুনী', 'সাংখ্য-প্রদীপ', 'সাংখ্যতল্ব প্রদীপ', 'পূর্ণিমা', 'আভাস' প্রভৃতিই বিশেবরূপে প্রসিভঃ।

সাংখ্যকার বলেন,---

"ঋথ ত্রিবিধ তৃঃথাত্যস্ত নিবৃত্তিরত্যস্ত পুরুষার্থ: ।" —সাংখ্যপ্রবচনস্ত্র: ১-১ ।

ত্রবিধ তৃংপের সম্পূর্ণ বিরতি বা নিবারণেই জীবের মুক্তি। ত্রিবিধ তৃংপে জীব প্রশীড়িত। ত্রিবিধ তৃংখ যথা—আধ্যাত্মিক, আধিনৈবিক, আধিনৈতিক । আধ্যাত্মিক তৃংখ দিবিধ—রোগাদি হেতু শারীরিক তৃংখ এবং রিপুদিগের জক্ত মানসিক তৃংখ। বন্ধ, ভূমিকস্পানাদি দৈব তৃষ্ঠিনা হইতে যে তৃংখ তাহাকে আনিনৈবিক তৃংখ বলে ও মান্ত্মৰ হইতে এবং পত্ত ও স্থাবর জক্তম জনিত বে তৃংখ তাহার নাম আধিতৌতিক তৃংখ। এই তৃংখত্ররের একাস্ক এবং অত্যক্ত নির্ভি বা নিবারণ সকল জীবেরই অভি.প্রত। তৃংখ নিবারণের বে সমুদ্য উপার অবলম্বিত হয়

<sup>31</sup> Bodily and mental,

<sup>? 1</sup> Divine or supernatural,


o | Natural and extrinsic.

তক্ষণ্যে লৌকিক উপার নিশ্চিত বা সম্যক নহে, কাজেই সামরিক মাত্র; বৈদিক অর্পাৎ বেদ-বিহিত যজ্ঞামুদ্ধান প্রভৃতি উপারও অবিশুদ্ধ বা মিআ, ক্ষর ও তারতম্য বিশ্বমান হেতৃ স্থারী নহে, কাজেই দোষর্ক। সাংখ্যকার বলেন, জ্ঞানই ছ:খনাশের শ্রেষ্ঠ উপায়।

সাংখ্যের তুইটি মূল তত্ত্ব-প্রকৃতি ও পুরুষ। পুরুষ বা 🗷, অর্থাৎ ৰে আপানে— সাআল, আনি, (আলা+ঙ)—ইনি নিওপি, নিতা ও চৈতক্ত শক্ষণ। প্র+করোতি=প্রকৃতি, অর্থাৎ বিশ্ব ঘাঁচার কৃতি তিনিই প্রকৃতি—ইনিই জড়াতাক সর্ব বাহ-জগতের মূল। সভ, রজ: ও তম এই ত্রিগুণের † সাম্য এবং সাম্য-বিচাতি অবস্থায়সারে প্রকৃতির অব্যক্ত (প্রকৃতির স্বরূপ, নিতা ও সচেউন) ও ব্যক্ত (প্রকৃতির প্রতীয়মান ৰাছ কুপ ) এই দুই আবাবা। জড়প্ৰকৃতি ও চিৎ পুৰুষ উভয়ই নিজিন্ম; কিছু উভয়ের সামিধ্য ও সংযোগ হেতু যে পরিণাম হয় তাহাই ব্যক্ত ও ক্রিয়াশীল, এবং ইংাই স্ষ্টি: ব। জ, বাক্ত ও অবাক্ত ( অর্থাৎ আমি 'ছাড়া আর যাল কিছু, অর্থাৎ প্রক্ততি) এই তিনের বিজ্ঞান হইতেই ছঃথের চরম নিবৃত্তি হয়-ইহাই সাংখ্য মত। "চেতন পুরুষ এবং আন্তেন প্রকৃতি প্রস্পর স্লিহিত হইলে বে জ্ঞানরূপ ফল উৎপন্ন হয়, ষাহাতে চেতনের আভাস এবং অচেতনের পরিণাম একত্রিত হয় সেই ফলের নাম মহৎ বা বৃদ্ধিতভ। কুলাকুল জ্ঞান-পুপাবলী আমি-রূপ স্তের ছারা প্রবিত হইয়া জাবনমালো পরিণত হইয়াছে। জ্ঞানের মূলে অমুভৃতি।" সাংখ্যকার প্রকৃষ্ট জ্ঞানের উপদেশ মানসে পৃঞ্চবিংশতি ভত্তের অবভারণা করিরাছেন, যথা-

<sup>+</sup> সন্-Goodness, বন্ধ:-passion, ভন-darkness-these are the three constituent elements of nature-তক্তি।

A STATE OF THE STA



প্রথম তত্ত্ব—মূল প্রকৃতি, অর্থাৎ অবিকৃত প্রকৃতি, ইনিই অব্যক্ত প্রকৃতি।

ৰিতীয় হইতে আইন তন্ত্ৰ—মহৎ অৰ্থাৎ বৃদ্ধি আদি সপ্ত ভন্ধ, এগুলি প্ৰাকৃতি ও বিকৃতি উভন্ন ভাবাপন।

নবম হইতে চতুৰিংশ তত্ত্ব—এগুলি বিকৃতি অর্থাৎ বিকার, সংখ্যায় বোলটি, এ সকল নিছক বিকৃতি, কাহারও প্রকৃতি নহে। পঞ্চবিংশ তত্ত্ব—পুরুষ বা জ, ইনি কাহারও প্রকৃতি অর্থাৎ মূল নন, কাহারও বিকৃতিও নন, ইনি নিতা চৈতক্ত অর্মণ।

#### Rf. 'তত্ত্ব-অবতারণিকা' পৃষ্ঠা---২১।

- \* শীংখ্যান্ত পঞ্চবিংশতি তর।
- Etergal & Self-existing.
- Reproduct of
- Matter hence The Material World
- † পঞ্চ জাত্র শশন মাত্র, বর্ধা—রূপ রূপই, বাহা কেবলমাত্র রূপ ভাছাই রূপ ভন্মাত্র; মূল রূপ একটি শশন মাত্র; রূপ নীল, পীত, লোহিতাদি নানারূপ হইতে পারে—বন্ধত: বছবিধ শশননের একত্রীভূত সংখ্যা অনুসারে রূপ কথনও নীলবর্ণ কথনও পীতবর্ণ, কথনও লোহিতবর্ণ।
  - া ইহারা পঞ্জন্মাত্র শন্দাদি গ্রাহী।
- § পঞ্ছত সহল অর্থে গলাদির কারণ, কিন্ত ইহারা সংজ্ঞা নারে, বথা—বে ভূতের কারণ পল তদাতে, অর্থাৎ বে ভূত হইতে পল আমাদের বারা অফুভূত হর তাহা আকাশ ভূত বা বাোম। আকাশ শুধু 'ঈবার' (ether) নহে। বাোম প্রভৃতি পঞ্ছুত, মন প্রকৃতি একারণ ইপ্রির, গল্প ইত্যাদি পঞ্চ তরাত্র এই সকলগুলি ও অহভার, ইহার প্রত্যাক্রিই ব্যাক্রানে একটি পূর্কবৈত্তীটির প্রকৃতি কারণ। প্রকৃতির প্রকৃতি বিকৃতি বিকৃতি
  বিকার এমনই তাবে পরশালা-সম্বন্ধে লগৎ প্রপ্রেণ্ড বাসস্ক্রে অভিবাক্ত।

### ইন্সিয়ের অপর নাম "করণ"।e

সাংখ্য মতে ত্রিবিধ অন্তঃকরণ, বৃদ্ধি, অহলার ও মন, সমন্ত বিবর উপলব্ধি করিবার মূল কারণ এবং দশটি বান্ধ্ ইন্সির ইহাদেরই লার অরপ। এই ত্রবোদশ কারণ পরস্পর বিভিন্ন, ইহারা ত্রিঞ্জণ হইতে জাত অথচ প্রেমীপের ভায় বিবর সকলে প্রকাশ করে। ইহারা পুরুবের জন্মই বিবর সকল প্রকাশ করিয়া বৃদ্ধিতে প্রেরণ করে এবং ইহারা বৃদ্ধিত্ব চইলেই পুরুবের তাহা উপলব্ধি হয়।

ষে বৃদ্ধি হইতে সমস্ত ইক্সিয়-প্রাহ্ম পদার্থ পুরুষ উপলব্ধি করেন, সেই
বৃদ্ধি হইতেই আবার মূল প্রকৃতি ও পুরুষের মধ্যে যে ক্স্ম প্রভেদ ভাষা
অবগত হইতে পারা যায়।

এই অবগত হওয়ার নাম "বিবেক খ্যাতি" বা "বিজ্ঞান"।

এই বিজ্ঞান আসিলে আমাদের প্রকৃতিজ 'অংং ভান' বিদ্রিত হয়, প্রকৃতির সহিত পুক্ষের বন্ধন মুটিয়া যায়, পুরুষ মুক্ত হন।

সাংখ্যকার বলেন—"পদ দ্ববৎ উভয়োরপি সংযোগঃ তৎকৃতঃ সর্গঃ এ

—সাংগ্যকারিকা, ২১শ হুতার্দ্ধ।

—অর্থাৎ, ক্রিয়াশীল, চকুথীন আদ্ধের সহিত চকুমান্ অথচ ক্রিয়া-শৃক্ত পকুর সংযোগের ক্রায় প্রকৃতি পুরুবের সংযোগ। প্রকৃতি আদ্ধ, পুরুব পকু, উভরের সংযোগের ফলে ফ্রেই ঘটে, অর্থাৎ অব্যক্ত ব্যক্তে পরিণত হয়।

এখানে একটি কথা বলিয়া রাখা আবেশ্রক, 'ঈশ্বর' শব্দ তবসমাস বা সাংখ্যকরিকায়—কোধায়ও ব্যবস্কৃত হয় নাই। "ঈশ্বয়াসিলেঃ"—

 <sup>&</sup>quot;করণং সাধকতমং ক্ষেত্রগারেক্সিরের্ছিণ।"

मांश्वाक्तम, २१३२ च्या, वा "ल्यांना जोवांग्रज्यनिष्ठः"—ये, ११३० लाज्ञि পুত্রগুলি বিজ্ঞানভিক্ষ প্রশীত একমাত্র সাংখ্যপ্রবচন-স্থেট পাওয়া ধার। অভএব ঈশ্বর আছেন কি নাই অথবা ঈশ্বরকে সিদ্ধ করিবার কোন প্রমাণ আছে বা নাই প্রভৃতি অজ্ঞেয়বাদ প্রবর্ত্তিত তর্কজাল বিস্তারের কোনই বৌক্তিকতা খু'জয়া পাওয়া যায় না। উপরস্ক বৈঞ্বের বিধারুক, ভদ্রের শিবশক্তি, রামারুজাচার্যা প্রদর্শিত বেদান্তের সোপান, সাংখ্য দর্শনের প্রকৃতি-পুরুষের উপর্ট প্রতিষ্ঠিত। † শ্রীমন্তগবতগীতারও এ বিষয়ের বেশ স্বস্পষ্ট নির্দ্ধেশ পাওয়া যায়। গীতা বলেন, সাংখ্যোক্ত প্রকৃতি ও পুরুষ ভগবানের তুইটি বিভাব ( aspect )—অপরা ও পরা: অপরা সাংখ্যোক্ত প্রধান বা মূল প্রকৃতি এবং পরা সাংখ্যোক্ত পুরুষ। অপিচ, জ্ঞানী দা বাহাকে ব্রহ্ম বলেন, যোগীরা তাঁহাকেই প্রমাতা বলেন, আর ভজেরা তাঁহাকেই ভগবান বলেন। ! অহত এব ব্রহ্ম, প্রমাত্মা বা ভগবান শইয়া বাক বিততা করার কোনই আবশ্যকতা নাই। ব্রহ্মজ্ঞান, ব্রহ্মের **ক্ষরণ, তাঁহার শক্তি ও মহিমার কথা, ব্রহ্মর সর্বব্যাপকতা, তাঁহা**ু নির্গুণম্ব ও নিম্কয়ম্ব বেদ উপনিষদ প্রভৃতি ঐতিতে বেশ বিশদরূপে বৰ্ণিত হইয়াছে। এই সকল বুঝিতে হইলে চাই, জ্ঞান, চাই সাধনা---**আর মানবের পকে নিজের "স্বরূপ ব্**ঝিতে শিক্ষা করাই তাহার পক্ষে প্রথম ও শ্রেষ্ঠ সাধনা। সাংখ্যকার সেই প্রমার্থতত্ত্ব বা আতাতত্ত্ব উপদেশ

Cf. "এতাবদ বা ইদন্ সর্বন্। জয়: চৈবায়াদল: "—বৃহদায়ণাক, ১। ।৬— জয় ও
জয়াদ. এই উতয় মিলিয়াই সমত তগং।

<sup>‡</sup> Cf. "ভাষাধনতি অকৃতিং প্রবার্থ এবর্জিনীম্।

তদর্শিনমূলানীনং ভাষের প্রবাং বিছ: ।"

<sup>—&</sup>quot;क्माइमध्य", २४ मर्ग-->०न स्नाक, कालिमाम ।

করিরাছেন, যে জান গাভ করিতে পারিনে মান্ত্র বন্ধনিষ্ঠ হইতে পারে ও বন্ধনির্বাণ অর্থ ৭ মোন্ধা পার।

প্রকৃতি ও পুরুষ সহলে আরও একটু বিশেষ জ্ঞান সাংখ্যে উপদিষ্ট হইরাছে। পূর্বেই উক্ত ইইরাছে প্রকৃতি ত্রিগুণাত্মক এবং পূরুষ নিগুণ। পূরুষ কোন কারণ হইতে উত্ত হন না, এবং পূরুষ হইতেও কোন কিছুরই উত্ত হর না। প্রকৃতির রক্ষা, সন্থ ও অন গুণ হারা যথাক্রমে সৃষ্টি, হিতি ও প্রসন্ম সাধিত হয়। সৃষ্টি অর্থে আবির্ভাব ও প্রসন্ম অর্থে তিরোভাব ব্রার। প্রকৃতির স্থান কিরা হারা যথন জগও স্থান করে তথনই প্রকৃতির আবির্ভাব এবং যথন প্রকৃতির হল্পাক্রিরা হারা জগও ক্লা ভাবাপর হয় ওখনই প্রকৃতির তিরোভাব হয়। বস্তুত প্রকৃতির বিনাশ নাই। সৃষ্টির প্রবৃত্তি ও ভোগের উপাদান প্রকৃতির কিন্তুমান এবং পূরুষের সংযোগে প্রকৃতির সৃষ্টি ও ভোগ হইরা থাকে—প্রকৃতিই ভোকৌ ও কর্ত্তী, পূরুষ ভোকাও নন কর্ত্তাও নন—প্রকৃতিতে সংযোগ বশতঃ পূরুষ ক্লারূপে প্রতীয়দান হন—

"প্রকৃতে: ক্রিয়মাণানি গুণৈঃ কর্মানি সর্বশং।

আংকার-বিমৃত্যাঝা কর্তাংমিতি মক্সতে ॥"—গীতা, ০।২৭ সোক।
[কর্মানি সর্বাদঃ (সমন্ত কর্মাই) প্রকৃতেঃ গুলৈঃ (প্রকৃতির গুণের বারা,
অর্থাৎ মনোবৃদ্ধি সমন্বিত ইন্দ্রিখাদিযুক্ত স্বাদি গুণবিশিষ্ট এই বিষ প্রকৃতির বারাই) ক্রিয়মানানি (সম্পাদিত ইইতেছে)—(তথাপি)
অংকার বিমৃত্যা (অহকার-বিমৃত্ মানুষ) মক্রতে অহম্ কর্তা ইতি (মনে

<sup>†</sup> Prof. Max Muller "বন্ধনিৰ্বাশের" অৰ্থ করিয়াছেন, "The entire absorption of individuality, ইছাই বোক—finalemancipation of the soul.

কৰে আমিই কৰ্জা) ]—এই অহন্ধার-বিমৃচ ভাবই বত ছ:খের মৃদ। জীব বধন এই 'অহং' ভাব ত্যাগ করিরা জ্ঞানের আশ্রয়ে নিজ স্বরূপ জানিতে পারে তথনই প্রকৃতির গুণত্রের সাম্যাবস্থা আ'সে—প্রকৃতি নিজিয় হন।

জীব নিঃসল, নিজির ও নিগুণ হইলেও অদৃষ্ট বণতঃ অহজারকে আত্রর করিরা নিজেই নিজের তুঃধের বীজ রোণন করে। কর্ম্মকল ইইতে অদৃষ্টের উৎপত্তি। সাংখ্যকার বলেন, সৃষ্টি অনাদি বলিরাই কর্ম্মের প্রথম নাই এবং জীবের অদৃষ্টও অনাদি। তবে কর্ম্ম অনাদি হইলেও কর্ম্মকল শাস্ত্র, ভাহার ধ্বংস সম্ভবপর। জানই কর্ম ধ্বংস করে; অর্থাৎ, জানলাভ হইলেই কর্মের অবসান হর বা জানের অভ্যুদ্যে কর্মের পরিসমাপ্তি এবং কর্ম্মকলের অবসান প্রক্রের মৃক্তি। "জানাৎ মৃক্তি"— নিজের অরপ বোধই এই জান। প্রক্রতিই সমন্ত ভোগের আ্বাব্য ও বোধক এবং পুরুব সমন্ত ভোগ হইতে পৃথক এইরপ জান ঘারা নিজের অরপ বৃষ্ধিতে পারিলেই জীব কর্মবন্ধন হইতে নিন্ধতি পার, কর্মের বন্ধনে আর তাহাকে আবন্ধ হইতে হর না—জীব মৃক্তি পার। ইম্বরুক্ত বলিতেছেন—

"প্রান্তে শরীরভেদে চরিতার্থছাৎ প্রধানবিনির্ভৌ; ঐকান্তিকমাত্যত্তিকমুভরং কৈবল্যমাপ্রোতি॥"

—সাংখ্যকারিকা, ৬৮ম হত্ত।

—প্রকৃতির ছই প্রয়োজন (ভোগ এবং বিবেকরণ বে পুরুষার্থ তাহার চরিতার্থতা, এই ছইটি ) সিদ্ধ হইলে প্রকৃতি নিজেই সম্পূর্ণরূপে নির্ভ হন এবং ভোগায়ত দেহেরও আর আবক্তক থাকে না—পুরুষ তথন সম্পূর্ণরূপে নিঃসদ অবহার থাকেন। ব্যক্ত-প্রকৃতি হইতে 'ল্ল' ভিন্ন হইরা বান, আর জিতাপ 'ল্ল'কে স্পর্ণ করিতে পারে না। এই অবহার নাম কৈবল্য বা মৃক্তি। বাক্ত, অব্যক্ত এবং 'জ্ঞর' বিজ্ঞান ( অর্থাৎ,, রহত্ত পরিপূর্ণ এই পরম পুরুষার্থের বা হু:খ-নিবৃত্তির জ্ঞান ) হইতে মোক্ত প্রান্তি ঘটে, ইহাই সাংখ্যের মূলতত্ত্ব।

সাংখ্য দৰ্শনে ৰণিত জানকে 'গুছ্ম্' অৰ্থাৎ রহত পরিপূৰ্ণ বলা হইরাছে, তাহার কারণ—

"ছিত্যংপতিপ্ৰকাৰী ভিত্তালে ব্ৰভ্ গানাম্।"

—সাংখ্যকারিকা, ৬৯ম হতার্ছ।

—অর্থাৎ এই জ্ঞানলাভের নিমিত্ত ভূত সকল কি ভাবে আদি কারণে দ্বিত ছিল, কি ভাবে তাহাদের উৎপত্তি হইরাছে, আবার কি ভাবে তাহারা আদি কারণে মিশিরা যাইবে এই সমুদ্য চিন্তা করিতে হয়। গীতায় শ্রীভগবান এই রহস্তপূর্ণ তত্তেরই উপদেশ করিরাছেন, যথা—

"ক্ষেত্রক্ষেত্রজ্ঞরোরেবমস্তরং জ্ঞানচক্ষুবা। ভূতপ্রকৃতিমোক্ষঞ্চ যে বিছুর্যাস্তি তে পরম্॥"

—গীতা, ১৩০ংশ শ্লোক ি

— বাঁহারা ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞের ( প্রকৃতি ও পুক্ষের ) এই প্রকার প্রভেদ ( এবং — মতুক্তবিবরান্তরং ভেদম্ ) এবং জীব প্রকৃতি হইতে অব্যাহতি বা মোক্ষলাতের উপার, জ্ঞান চকুর বারা জানিতে পারেন, তাঁহারা ব্রহ্মলাভ করেন, অর্থাৎ মুক্তি পান।

**<sup>&</sup>quot;ওঁ নম: বাসুদে**গার।"

# পাতঞ্জলদর্শন

"একো দেব: সর্বভৃতের্ গৃঢ়: সর্বব্যাপী সর্বভৃতান্মরান্মা। কর্মাধ্যক: সর্বভৃতাধি শস: সাকী চেতা কেবলো নিগুলিচ॥"

—ব্ৰন্দোপনিষদ, ২৯শ সূত্ৰ।

— ব্রংক্ষাপনিষ্দ্রলিতেছেন, এক অনির্বাচনীয় দিব্য পদার্থ সর্বজীবে গুঢ় ভাবে (কাঠে অগ্নির ন্তায়) অবহান করিতেছেন। তিনি সর্বব্যাপক, নিথিল জীবের অঞ্চরাত্মা, সর্ব্বক্রের অধ্যক্ষ ও সর্বভূতের একমাত্র অবলম্বন স্বরূপ। তিনি সাক্ষাৎ দর্শন করেন—কোন ইন্দ্রিয় সাহাযাই তাহার প্রয়োজন হয় না, তিনি চিম্মর, অন্বিতীয় ও গুণাতীত— বাহাকে প্রাপ্ত হইলে সংসারবন্ধন হইতে মুকু হওয়া যায়, বাহার প্রসাদে দিবাদ্ধি লাভ করা যায় এবং বিনি মৃত্যুক্বল হইতে পরিত্রাণ করেন, তাঁহাকে স্কৃতি করি।

দর্শনে এই দিব্য-পদার্থের অবতারণা করিয়াছেন পতঞ্জলি মূন।
ভগবান পতঞ্জলি মহামূনি কপিল প্রবর্ত্তিত সাংখ্যমত স্বীকার করিয়া
সাংখ্যোক্ত পদার্থ-নির্ণার-তত্ত্বর উপর আরও একটি দিবাপদার্থ অর্থাৎ
দ্বিষ্বারতন্ত্বের অবতারণা করিয়া অমূল্য বোগরন্ধ উপদেশ করিয়াছেন। এই
নিমিত্ত পাতঞ্জলদর্শনের অপর আর এক নাম সেখর-সাংখ্য।

পাতশ্বলদর্শনে তর্ক নাই, বৃক্তি নাই, বিচার নাই, আছে বোগের বিক্ষা, সাধনা ও সিদ্ধির কথা, তথুই কান্দের কথা। কাল করিলেই যোগতত্ত্ব আয়ত্ব করিতে পারা যায়—কথার পর কথা গাঁথিয়া বা পাহাড় প্রমাণ তর্কের জাল বৃনিয়া তৃলিলেও যোগতত্ত্বের বিন্দু বিসর্গও বৃঝিতে পারা যায় না—মায়ুর ত্রিবিধ তৃঃও হইতে পরিত্রাণ লাভ করিতে পারে না। এখানে একটি কথার উল্লেখ করা আবশ্রক বলিয়া মনে হয়। যোগ সাধন অতীব ত্রহ ব্যাপার, যোগিক ক্রিয়া মহা কইসাধা, যোগ-অভ্যাস বড়ই কঠিন, এমনই সব প্রান্ত ধারণা সাধারণতঃ আমরা সকলেই মনে মনে পোষণ করি। কিন্তু, যথার্থ বলিতে গেলে, আমরা সকলেই প্রায়্ম অল্পবিন্তর যোগী; হাসির কথা নয়, তুই একটি সামায়্ম সামান্ম দৈনিক ঘটনা হইতে উলাহবণ প্রায়ক হইল—

১ম। কোন একটি বিভাগরে ছাত্রদিগের সাধাৎসরিক মিলনোৎসবে যোগদান করিয়া রসার্পব চিত্তরঞ্জন গোস্বামীর রক্তেন ভুক দেখিতেছিলাম, সে আজ অনেক দিনের কথা। আমার পার্লেই একটি আট নর বৎসরের বালক বসিয়াছিল, সে হঠাৎ আমাকে বলিল 'আছা লোকে এত হাসিতেছে কেন।' আমি অবক্ত তাহাকে সাধারণ উত্তরই দিলাম। সে বলিল 'না হাসিয়া কি থাকা যায় না'—আমার কৌভুহল হইল, জিজ্ঞাসা করিলাম, 'ভূমি কি না হাসিয়া থাকিতে পার?' সে সহজ ভাবেই বলিল 'হাঁ পারি।' আমি বলিলাম 'আছা না হাসিয়া চুপটি করিয়া বাসরা থাক ত বেধি।' আশ্বর্ট্য, বালকটি প্রায় আধ ঘণ্টা কাল চুপটি করিয়া বসিয়া রহিল, সকলেই হাসিতেছিল সে মোটেই হাসিল না—সে 'হাসিব

<sup>†</sup> युक् बाज + घ६ - (बान, "वृक्तित नवार्ष)"- 'addition' नरह।

না' বলিয়া হাসিল না। বালকটি অবত জানিল না বে সে বোগতবের এক অজ আয়ত্ত্ব করিয়াছে, বোগের কথার বলিতে গেলে তাহা অনেকটা—

"বিতর্কবাধনে প্রতিপক্ষভাবনম্।"

—পাতঞ্জল, ২র পাদ ৩০ হত।

—বিতর্ক বৃদ্ধি (বোগের শক্ত তামন মনোবৃত্তি—হিংলাদি) তলিবারক বৃত্তি উত্তেজিত করিলেই বিনষ্ট হয়। যাহা হউক আমি আশ্চর্য্য হইলাম।

২য়। তপস্থা যোগের একটি অঙ্গ; "ছাত্রানাম্ অধ্যয়নং তপং"—কোন ছাত্র একদা একমনে পড়িতেছিল, তাহার হাতের কাছে একটি ছোট ঘড়ি ছিল ও দে পড়িতে পড়িতে থেয়াল বশতঃ ঘড়িটিকে হাতে লইরা আতে আতে ইকিতেছিল। ছাত্রটি এক মনেই পড়িতেছিল, কিন্তু কথন যে ইতিমধ্যে ঘড়িটির কাচ ও কাঁটা ভালিয়া গিয়া তাহার হাতে বিঁধিয়া গিয়াছিল ও তাহার হাত হইতে রক্তক্ষরণ হইতেছিল তাহা দে মোটেই লক্ষ্য করে নাই বা ব্বিতে পারে নাই। বাহ্ছ-বন্তর জ্ঞান ভাহার কিরিয়া আদিল তথন, যথন তাহার সহোদর ভাতা, কাণ্ড দেখিয়া, অবাক হইয়া, সে-বিষরে তাহার দৃষ্টি আকরণ করিল।

উক্ত উৰাহরণগুলির মত আরও অনেক দৃষ্ঠান্ত বোধ হর অনেকেরই জানা থাকিতে পারে। চিকিৎসক যথন তাহার রোগীকে 'chloroform' দিরা অস্ত্রোপচার করেন তথন তিনি কি বোগের প্রক্রিয়া অবলম্বন করেন না? আবার, পাশা থেলিতে খেলিতে সমরে সময়ে থেলোয়াড় এমনই ভদ্মর হইরা বার, যখন, তাহারই পুত্রের সর্পাঘাতের তুঃসংবাদ শুনিরা তাহাকে বলিতে শুনা গিরাছে 'কা'দের সাপ'! 'কচে বার' বা 'ঘুটির চালে' তাহার মন এমনই 'মসগুল্' ছিল যে সম্পূর্ণভাবে অক্তমনত্ব

অবস্থার, একান্ত অসম্ভব হইলেও, সে সাণটির মালিকের সংবাছই জিজ্ঞাসা করিয়াছিল। থেলোয়াড়টির এ'হেন অবস্থার কিছু প্রশংসাং করা চলে না, কিন্তু এ অবস্থা বে ভাছার যোগের অবস্থা তাহা ত অস্বীকার করা যায় না। তা'ই বলিতে হয়, যোগ-সাধন সহজ-সাধ্য না হইলেও, যোগতত্ত্ব যে আজগুরি বা অসম্ভব কিছু, তা' মোটেই নয়।

পাতঞ্জলদর্শনের আরও একটি নাম সাংখ্য-প্রবচন। তাহার কারণ মহর্ষি পতঞ্জলি সাংখ্য-প্রবহীত পঞ্চ-বিংশতিত্ত্ব ( যথা—পুরুষ, প্রকৃতি, মহত্তব, অহকার, পঞ্চত্ত্রাত্র, একাদশ ইন্দ্রিয় ও পঞ্চ মগাভূত) স্বীকার করিয়াছেন এবং আরও একটি অধিক তত্ব প্রচার করিয়াছেন। সেই তত্ত্তিই ঈশ্বর-তত্ব।

"অথ প্রধান পুরুষব্যতিবিক্তঃ কোহরং ঈশবোনাম।"

—পাতঞ্জলদর্শনের 'ব্যাসভাস্তে' ঈশ্বর প্রশক্তে এইরপ উক্ত হইরাছে; অর্থাৎ
প্রকৃতি ও পুরুষ হইতে অতস্ত্র এই যে ঈশ্বর, তিনি কে? ভগবান
পতঞ্জলি বলিলেন, ঈশ্বর "পুরুষ বিশেষ"। সাংখ্যোক্ত পুরুষ (জীর)
যেমন বহু, পুরুষ-বিশেষ (ঈশ্বর) সেরূপ বহু নহেন, তিনি এক ও
অহিতীয়।

পূর্বেই উক্ত হইয়াছে পাতঞ্জল দর্শনের অপর এক নাম দেখর-সাংখ্য। মহর্ষি কপিল প্রবর্তিত সাংখ্যদর্শনে তুইটি মূল তব্বের অবতারণা করা হইয়াছে, প্রকৃতি ও পুরুষ; প্রকৃতি জড়াত্মক, সর্বা বাছ ক্লগতের মূল এবং পুরুষ নিশুণ, নিত্য ও চৈতক্ত স্বরূপ—এবং এতকুভরের সালিখ্য হেতু জীব-জগতের স্টে; ইহাদের সালিধ্য হেট

১। "পুরি (আর্মান) শেতে যা স পুরবা"—বিনি আরোতে আবহান করেন তিনিই পুরুষ।

অদৃষ্ট বশতঃ। মহর্ষি পতঞ্জলি এ বিষয়ে আরও একটু আলোক দেখাইরা বলিলেন, অদৃষ্ট কিছু প্রকৃতিকে চালিত করিতে পারে না, কারণ উভঃই জড়াত্মক ;—কাজেই এই অদৃষ্টের যিনি পরিচালক তিনিই ঈশ্বর।

ইশ্বর-ভন্থ বিষয়ক প্রভাবটি আরও একটু পরিকার করিয়া মহর্ষি
পতঞ্জলি বলিলেন, বেমন ক্ষটিক জবা পুশের সালিখ্য-হেতু রক্তবর্গ ধারণ
করে, নি:সঙ্গ পুরুষও তজাপ অনৃষ্ট বশতঃ প্রকৃতির সালিখ্য-হেতু রক্তবর্গ প্রশাস
করে, নি:সঙ্গ পুরুষও তজাপ অনৃষ্ট বশতঃ প্রকৃতির সালিখ্য-হেতু ক্ষ্মী ও
ভোক্তরণে প্রতীয়মান হন। অনৃষ্ট শান্ত, ঈশ্বরই এই অনৃষ্টের
সাধন করেন, এবং প্রকৃতি ও পুরুষ আবার অ্বস্তুরণ অবস্থান করেন
আমরা জগতে পরিমাণের তারতম্য বা উৎকর্ষ অপকর্ম হিসাবে অনেন
কিছু দেখিতে পাই, উৎকৃত্ত হইতে উৎকৃত্তর বছ বিষয় লক্ষ্য করি—
যাহাতে সর্ব্রত্ব-বীঞ্জ নিতাই চরমোৎকর্ম বা পরাকাণ্ডা প্রাপ্ত হইয়াছে,
মহর্ষি পতঞ্জলি তাহাকেই ঈশ্বর নামে অভিহিত করিয়াছেন। ঈশ্বরতা
ও তাহার লক্ষণ নির্দেশ করিয়া মহর্ষি পতঞ্জলি বলিঃ।চন—

"ক্লেশ-কর্ম্ব-বিপাকাশয়ৈ-রপরামৃষ্টঃ পুক্ষবিশেষ ঈশ্বরঃ॥ "তত্র নিরাতশয়ং সর্বজ্ঞবীঙ্ক্॥ "পূর্কেষামপি গুরুঃ কালোনানবচ্ছেদাৎ॥ "তম্ম বাচকঃ প্রথবঃ।"

—পাতঞ্জল, ১ম পাদ, ২৪শ-২৭শ হত্ত।

— ক্লেশ<sup>3</sup>, কর্ম বিপাক<sup>3</sup> ও আশয়<sup>3</sup> বাঁহাকে স্পর্শ করিতে পারে না, যিনি

১। ক্লেপ পঞ্বিধ, বথা— অবিভা (মিধ্যা জ্ঞান), অন্মিতা (বিভিন্ন বস্তুতে আ্ৰেডছ প্ৰতীতি), রাগ (অনুযাগ), বেব (বিরাগ), ও আ,ভনিবেশ (মরণ ভয়)।

২। বিপাক অর্থে তিবিধ কর্মফল অর্থাৎ পরিণাম বুঝার। জর হেতু, আরু হেতু, জ ভোগ হেতু-এই ত্রিবিধ কর্মফল।

<sup>ু।</sup> আশল অর্থে ইচ্ছাবাবাসনাব্যায়।

পূক্ষ-বিশেষ অর্থাৎ বাবতীয় সংসারী-আত্মা ও মুক্তাত্মা হইতে বিনি
পূথক বা বতত্ত, তিনিই ঈশন । তাঁহার নিরতিশন জ্ঞান থাকায়, অর্থাৎ
তাঁহাতে জ্ঞানের চরম উৎকর্ষ বিভানান-হেত্, তিনি সর্ব্বজ্ঞান থাকায়, করণ
তিনি ব্রহ্মানি পূর্ব পূর্ব্ব আচার্য্যগণেরও ওক্ত অর্থাৎ উপরেষ্ট্রা, কারণ
কালের বারা তিনি অনবচ্ছিন্ন (eternal & primeval) অর্থাৎ
তিনি কালের অতীত, সর্ব্বকালেই তাঁহার অন্তিত্ব বিভানান—তিনি এক,
অনাদি ও নিতামুক্ত। তাঁহার বোধক-শক্ত বা প্রকাশক (indicating syllable) প্রণব অর্থাৎ ওঁকার।

পাতঞ্জলদর্শনের "ব্যাসভাষ্য" নামে বেদব্যাস বিরচিত একথানি অতীব প্রাচীন ভাগ্য প্রচলিত আছে, এবং বাচম্পতি মিশ্রের "তত্ত্বৈশারদী" ও বিজ্ঞানভিক্ষুর "যোগবার্ত্তিক" এই ব্যাসভাক্ষেরই চীকা। ইহা ব্যতীত ভোজরাজক্ত একথানি উপাদের পাতঞ্জলদর্শনের বৃত্তিও প্রচলিত আছে। বিজ্ঞানভিক্ষ্ রচিত "যোগবার্ত্তিক" ব্যতীত তাঁহার প্রণীত "যোগসার-সংগ্রহ" ও পণ্ডিত কালীবর বেদান্তবাগীশ ক্লত "পদবোহিনী বৃত্তি" নামে পাতঞ্জলদর্শনের আরও ভূইখানি উল্লেখবোগ্য গ্রন্থ আছে।

মহর্ষি পতঞ্জলি স্বীয় দর্শন ১৯৪ হতে লিপিবন্ধ করিয়াছেন ও সেগুলি চারিটি পাদ বা পরিচ্ছেদে বিভক্ত করিয়াছেন, যথা—'সমাধি-পাদ'', 'সাধন-পাদ'—(ক্রিয়াযোগাদি সাধন-প্রকরণ), 'বিভৃতি-পাদ' (ধান ধারণাদি বিভৃতি-বিবরণ) ও 'কৈবল্য-পাদ' । তিনি সাংখ্যোক্ত

১। 'সমাধি পাল' অনেক ছলে 'বোগ-পাল' নামে উল্লিখিত আছে, কারণ বোগই পাতঞ্জলালনের মুখ্য আলোচ্য বিষয়। বোগের লক্ষণালি ইহাতে বণিত হইয়ছে।

 <sup>ং।</sup> কৈবল্য পাদে সিদ্ধি পঞ্চক নিরূপণ, বিজ্ঞানবাদ নিরাকরণ, সাকারবাদ সংখ্যান
ও কৈবল্য বিবৃত হইরাছে।

পঞ্বিংশতত্ব ও ঈবর-তত্ব এই বছ্বিংশতি তত্ব বীকার করিরাছেন বটে, কিন্তু ঐ সকল তত্ব গৌণভাবে প্রতিপাদন করিরাছেন মাত্র, আলোচনা করেন নাই। বোগই পাতঞ্জলদর্শনের মুখ্য আলোচা বিবর।

বোগশান্তের চারি পর্কা বা অধ্যার, বথা—হের, হের-হেতু, হান ও হানোপার।' অক্যান্ত দর্শনের ক্রায় পাতঞ্জনদর্শনেরও মতে সংসার ছংখমর, অতএব হেয়। এই হের সংসারের নিদান বা হেতু কি? প্রকৃতি ও পুরুবের সংযোগ। প্রকৃতি ও পুরুবের সংযোগ। প্রকৃতি ও পুরুবের সংযোগ জন্ত এই সংসারের তথা জীবের ত্রিবিধ ছংখের অত্যন্ত নির্ভি অর্থাৎ উচ্চেদ সাধিত হইতে পারে—ইগারই নাম হান। এই হানের উপায় কি? প্রকৃতি ও পুরুবের নিশ্চল ভেদক্রান। পাতঞ্জল মতে এই ভেদক্রান লাভ করাই মোক্ষ লাভের একমাত্র উপার। ভগবান পতঞ্জলি বলিলেন, শুরুই তত্ম সমূহের সহিত পরিচিত হইলেই এই ভেদক্রান লাভ করিতে পারা যার না—এই পরম-ক্রান লাভের একমাত্র উপায় যোগ। পাতঞ্জল যোগশান্তে তাই প্রথমেই উল্লিখিত হইবাচে—

"অধ যোগামূশাসনম্॥" "যোগশ্চিতবুতিনিবোধঃ॥"

—পাতঞ্জল, ১ম পাদ ১ম ও ২য় পতে।

১। "বথা চিকিৎসাশাল্লং চতুব্হিং রোগং রোগাংকুঃ, আরোগাং ভৈষল্যমিতি এবমিদমপি শাল্লং চতুব্হিমেব, তদ্ বথা সংসারঃ, সংসারহেতুঃ, মোকাং, নোকোগান্ন ইতি।"
—পাতঞ্জল, ২ব—১৫শ প্রের ব্যাসভায়। অর্থাৎ বেমন চিকিৎসা শাল্ল—রোগ, নিদান, আরোগ্য ও উবধ—এই চারি অধ্যায়ে বিভক্ত, সেইলগ বোগশাল্লও চারি অধ্যায়ে বিভক্ত, বথা—সংসার (হুঃখ বছল ভাই হেল), সংসারহেতু ( প্রকৃতি পুরুবের সংযোগ হেলহেতু), মুজি (উক্ত সংবোগের অভ্যন্ত নিবৃত্তি—হান) ও মুক্তির উপার (হানোগান—সর্গ্রশন)।

—বোগের অকুণাসন (উপদেশের পুনরপদেশ) বিবৃত করা বাইতেছে, অর্থাৎ হিরণাগর্ভ প্রভৃতির উপদিষ্ট বোগ-শিক্ষা পুনরার আরম্ভ করা বাইতেছে। মনের বৃত্তি সমূহকে (functions of the mind) একাস্ভ ভাবে রুদ্ধ করার নাম যোগ; অর্থাৎ, মনোবৃত্তিকে বহির্মুণ্ধ (retrospective) হইতে অন্তর্মুণীন (introspective) করাই যোগ। মনের পাঁচ প্রকার বৃত্তি (অবস্থা) বর্ত্তমান, যথা—ক্রিপ্ততা, মৃঢ্তা, বিক্রিপ্ত, একাগ্রতা ও নিরুদ্ধতা। ক্রিপ্ত ও মৃঢ় চিত্তে বোগে অসম্ভব; বিক্রিপ্ত চিত্তে যোগের আরম্ভ। বিক্রিপ্ত চিত্তে যোগের আরম্ভ। বিক্রিপ্ত চিত্তকে ক্রিণ্যাগোণন ভারা একাগ্র করিতে হয়; চিত্ত একাগ্র হইলে সাধক তবেই প্রাক্রত যোগের অধিকারী হন—কারণ, একাগ্র ও নিরুদ্ধির নিরোধ হইতে পারে। এই চিত্তবৃত্তির নিরোধ হইতে পারে। এই চিত্বতির নিরোধ হারা সমাধি ও সিদ্ধির নামই যোগ।

তবে, এথানে একটি প্রশ্ন উঠিতে পারে যে চিত্তবৃত্তির নিরোধের সদে সক্ষেই জ্ঞানেরও নিরোধ হয়, কারণ চিত্তবৃত্তিই জ্ঞান স্বরূপ এবং জ্ঞানের নিরোধ হইলে স্মান্থার নিত্যন্তের ব্যাবাত ঘটে, কারণ স্মান্থা জ্ঞান স্বরূপ। ইহার উত্তর, উক্ত জ্ঞান প্রকৃতিজ্ঞ, চিত্তবৃত্তির নিরোধের সদে সদে প্রকৃতিজ্ঞ এই থণ্ড-জ্ঞানেরই নিরোধ হয়, কিন্ত স্মান্থার স্বরূপ যে পূর্ণজ্ঞান তাহা নিত্য, প্রকৃতি-ছই নহে। যোগ-উপদেষ্টা পতঞ্জলি বলিতেছেন, চিত্তবৃত্তির একান্ত নিরোধ বারা প্রকৃতি ও পূর্ব—জ্ঞাতের এই ছই তত্ত্বের স্বরূপ বোধ হয়, সার সেই স্বরূপ-জ্ঞানই স্মান্থা। সে স্মান্থা কেমন ? গীতাকারের ক্রথার বলিতেছ্ব—

ক্রিয়াবোগের অঙ্গ তিনটি—তপ:, সাধাায় ও ঈয়র-য়ণিধান।

শন আয়তে শ্রিষ্ট বা কলাচিন্নারং ভূমা ভবিতা বা ম ভূর: ।
আলো নিত্য: শাম্বতোহরং পুরাণো ন হন্ততেহন্তমানে শরীরে॥
—গীতা, ২া২ •শ লোক।

—সকল জীবের হানয়ন্থিত মণিকোটায় যে আজার বসতি.

"ব্দম মৃত্যু নাহি তার দেহের মতন বার বার নাহি ক'রে জনম গ্রহণ। পরিণাম শৃষ্ঠ আত্মা, নাহি বৃদ্ধিক্ষয়, শরীর হইলে নই, বিনষ্ট না হয়॥"—"স্কুধাক্র" গীতা।

এই আত্মনাক্ষাৎকারই পাতঞ্জলোক্ত যোগের চরম অবস্থা, সমাধি-প্রজ্ঞার পরম পরিণতি। আত্মদর্শন হইলেই পুরুষ স্বরূপে অবস্থান করেন, স্থ ও ত্রথের অতীত কৈবল্য \* অবস্থা প্রাপ্ত হইরা জীব মৃক্তি লাভ করে।

মহর্ষি পতঞ্জলি বোগশন্দ বিশেষ অর্থে ব্যবহার করিয়াছেন। ্রেঞ্জল প্রদর্শিত যোগ অর্থে সংযোগ নছে বরং বিয়োগ বা উদ্যোগ বুনায়। পাতঞ্জলের 'ভোজবৃত্তিতে' উক্ত হইয়াছে—

"পুং প্রকৃত্যার্বিয়োগোহপি যোগ ইত্যুদিতো বয়া"

—প্রকৃতি ও পুরুষের যে বিয়োগ বা বিবেকজ্ঞান বা পার্থক্যজ্ঞান পাতঞ্জল শাজে তাহাকেই যোগ বলে। 'পাতঞ্জলদর্শনে যোগশন্দে ঈশনের সহিত জীবের সংযোগ বুঝার না, কিন্তু চিন্ত নিরোধের উদ্যোগ বা ব্যাপার

<sup>\* &</sup>quot;Kaivalya, from Kevala (কেব) alone, means the isolation of the Soul from Universe (objective world— এক্ডি) and its return to itself and not any other else"—Prof. Max Muller in "Indian Philosophy."

(process) মাত্র ব্রার'—"বৃজিদ্ রমাধো।" • প্রাণাদি শাত্র প্রছে কিন্তু যোগদন ব্যাপক অর্থে, সংযোগ অর্থেই, ব্যবহৃত হইরাছে। মুনি যাঞ্জবদ্ধা বলিয়াছেন—

"সংবোগোবোগ ইত্যুক্তো জীবাত্ম পরমাত্মনো:।"
—জীবাত্মা ও পরমাত্মার যে সংযোগ তাহারই নাম যোগ; অবশ্র ইহা সংবোগ, প্রবন্ধ বা উদ্বোগ ভিন্ন সিদ্ধ হয় না। গীতায় শ্রীভগবান বলিয়াছেন—

> "সর্বভৃতস্থমাত্মানং সর্বভৃতানি চাত্মনি। ঈক্তে যোগযুক্তাত্মা সর্বত্ত সমদর্শনঃ॥" —সীতা, ভাংকণ শ্লোক।

—সর্ব্বে সমৃদৃষ্টিশীল, সমাহিত চিত্ত যোগী সমস্ত ভূতে আত্মাকে 'এবং ভূতগণকে আত্মাতে অবলোকন করেন। সমস্ত ভূতে যে আত্মাবিরাজিত—যোগসিদ্ধ যোগী বাহাকে দর্শন করেন, তিনি পরমাত্মা (ভগবান) ভিন্ন আর কে ? যোগীর এই যে সিদ্ধ-অবস্থা, এ অবস্থার বিষয় শ্রীমন্তাগবতকার আরও স্পষ্ট নির্দ্ধেশ দিয়াছেন, যথা—

আত্মানমত্র পুরুষোংব্যবধানমেকম্ অম্বীক্ষতে প্রতিনিবৃত্ত গুণ প্রবাহঃ॥

<sup>\*\*</sup> Yoga in the Philosophy of Patanjali does not mean union with God or anything, but effort (উদ্বোগ), pulling oneself together, exertion, concentration. The idea of absorption into the supreme Godhead (পান) orms no part of the Yoga theory—Prof. Max Muller in "Indian Philosophy".

### দর্শনপরিচয়

## সোহপ্যেতরা চরমরা মনসোনিব্ভ্যা তব্মিন মহিন্যবসিতঃ ক্লথছঃধ্বাছে॥"

— শীমনাগবত, গাংচা**ং-০৬ শ্লোকার্ম।** 

—সে অবস্থার প্রকৃতির প্রবাহ নিবৃত্ত হইলে, পুরুষ অথও অব্যবধান ( ধ্যান, ধ্যাতা ও ধ্যেয়ের ভেনহীন ) আত্মাকে দর্শন করেন এবং চিত্তবৃত্তির চরম নিবৃত্তিতে স্থথ তৃংথের অতীত মহিমমর ব্রহ্মস্বরূপে প্রতিষ্ঠিত হন।

ভগবান পতঞ্জলি যোগ শিক্ষাকরে চিত্তপ্রসাধন অর্থাৎ চিত্তনির্মাল করিবার উপার ব্যক্ত করিয়া,যোগের আটটি সাধন-অঙ্গের (অর্থাৎ "র্ডিলয়" নামক চরম-যোগের পূর্ব্ব-সাধক বা করণ) বর্ণন করিয়াছেন। অষ্ট্রম, সাধন-অঙ্গের মধ্যে বহিরল পাচটি ও অস্তরল তিনটি।

- (ক) বহিরক সাধন-অঙ্গ, যথা---
- ১ । যৰ (abstinence)
- २। निश्नम (obligation to perform certain acts)
  - । আসন (special posture for meditation)
  - ৪। প্রাণায়াম (regulation of the breath)
- ৫। প্রত্যাহার (abstraction of the organ from their natural functions)
- (খ) অন্তরক সাধন-অঙ্গ, বথা---
- ১। ধারণা (steadfastness)
- ३। शाम (contemplation)
- ৩। সমাধি (meditation)

#### যম, যথা---

- ১। অহিংদা (abstenence from slaughter & evil action).
- ২। সভ্য ( abstinence from falsehood )
- ৩। আন্তেম বা অচৌধ্য (abstinence from theft)
- ৪। বন্ধর্য (abstinence from inconstinence)
- ৫। অপরিগ্রহ (অর্থাৎ ত্যাগশক্তি, ভোগ্যবস্তুর গ্রহণে আশক্তি ত্যাগ, অগ্রহণ—abstinence from accepting)

#### निरुष, यथा--

- ১। বাহ্ ও অন্ত:শৌচ (অর্থাৎ শুদ্ধ থাকা-purification)
- ২। সম্ভোষ (তৃপ্তি---contentment)
- ু তপুতা (penance)
- 8। স্বাধ্যায় (study of the Vedas, বেদাভাাস, মন্ত্র ও অপ)
- ৫। ঈশরোপাসনা (devotion to God)

ষেভাবে ছিরভাবে অধিকক্ষণ সুথে বসিয়া থাকিতে পারা যায় তাঁহার নাম আসন। আনেকে হয়ত বলিবেন 'বিলক্ষণ! আমানের সুথে কাক্ষ নাই, যোগের আসন করিয়া স্থির হওয়া ত দুরের কথা অছিরই হইতে হয়।' কিন্তু, কোন ভয় নাই—আক্ষ বাহা কটকর, অজ্যাস ৰশতঃ কাল তাহাই সুথলায়ক হয়, ইহা কিছু নুতন কথা নয়। শিশু

১ "ঈশবোপাসনা করিতে হইলে কারিক, বাচিক ও মানসিক সমন্ত ব্যাপারই ঈশবে অর্ণণ করিবে। বথন বে কার্য্য করিবে, কলের প্রতি দৃষ্টি না রাখিয়া, হথের জন্মজান না করিয়া, সমন্ত কার্যাই সেই পরমন্তর পরমেশবে সমর্পণ করিবে। সকল সময়ে কেবল ভাছারই ধ্যানে রত থাকিবে—তোমার সমাধি লাভ হইবে।"—"চরিভাভিধান।"

২। "ভিরম্থনাসন্ন"--পাভঞ্জ, ২র পার ১৯শ প্রে।

প্রথমে হামা নিতে থাকে, দীড়ান তথন তাহার পক্ষে বড়ই কটনায় ব্যাপার, তাই বলিয়াসে বথন আবার বড় হয় তখন সে কিছু হামা টানিতে থাকেনা এবং দীড়ানও তথন তাহার পকে তেমন একটা কটনায় কাজ নয়—কিন্ত বা'ক সে কথা। কথা হইতেছিল আসনের কথা, যোগের কথা; পদ্মাসন, সিদ্ধাসন প্রভৃতি আসন বিভিন্ন প্রকার ও সর্বশুদ্ধ চৌরাশী আসন আছে।

এই আসন জয়ের পর খাস ও প্রখাস উভরের গতি সংযত হইরা যার, ইহাকে 'প্রাণারাম' বলে—প্রাণ + আয়াম, অর্থাৎ প্রাণ-বায়ুকে সম্যকরূপে সংযত করণ, প্রাণ ইচ্ছাধীন হুইলে চিত্ত সহজেই অফুকুল বা দ্বির হয়। ইন্দ্রিয়গণ যখন সাধারণ ভাবে নিজ নিজ গ্রহণীয় বিষয় পরিত্যাগ করিয়া চিত্তের; অফুগত হুইয়া তাহার স্বরূপ গ্রহণে তৎপর হয় সেই অবস্থাকে 'প্রত্যাহার' বলে।

চিত্তকে কোন বিশেষ স্থানে বন্ধ করিয়া রাথার নাম 'ধারণা' ও সেই বন্ধ বিষয়ক জ্ঞান স্থায়ী হইয়া নিয়ত এক চিত্তে দ্বির হইলে তাহাকে 'ধান' বলে। ধ্যান যথন ধ্যেয় বন্ধকেই উদ্ভাদিত বা প্রকাশিত করিয়া ধ্যান, ধ্যেয় ও ধাতা এই তিনের তেদ লুপ্ত করিয়া দেয় ( অর্থাৎ, 'আমি ধ্যান করিতেছি' ইত্যাদি প্রকার ভেদ-জ্ঞান লুপ্ত করিয়া দেয় ) ও চিত্তবৃত্তি যথন থাকিয়াও না থাকার স্থায় ভাসমান হয়, তথন তাহা 'সমাধি' আখ্যা প্রাপ্ত হয়। সমাধি ছই প্রকার, 'সম্প্রজ্ঞাত-সমাধি' ও 'সমাধি-প্রক্লা'। একাগ্রাহিত্তের যোগের নাম সম্প্রজ্ঞাত, অর্থাৎ নির্মাণ চিত্ত অভিনত বন্ধতে তন্মর হইলে তাহাকে সম্প্রজ্ঞাত যোগ বলে, কারণ ধ্যেয়-বন্ধ তৎকালে সমাকর্মণ জানিতে পারা যায়। নিরুদ্ধ চিত্তের বোগের নাম সমাধি-প্রক্লা, ইহাকে ঋতজ্ঞ্বা-প্রক্লাও বলে, কারণ এই

প্রজা ঋত বা সভ্যকেই প্রকাশ করে—ইহাকে অসম্প্রজাত-সমাধিও বলা হয়, কারণ ধােয়-বস্তুর বৃত্তিও নিক্ষ হয় বা বিলীন হইয়া যায় বলিয়া তৎকালে ভাহার কিছুই জানা যায় না, তাহার সমস্ত বৃত্তি তিরাহিত হয়, শুধু সংস্কার মাত্র অবশিষ্ট থাকে—ইহাই বােগের চরম অবস্থা। চিত্ত পুনরায় তথন প্রকৃতিকে আশ্রয় করে, ভােগায়ত দেহেরও তথন আর আবশ্রক থাকে না এবং এইয়পে প্রকৃতি নিবৃত্ত হইলে সং চিং আনন্দময় পুকৃষও সম্পূর্ণভাবে নিঃসঙ্গ হন অর্থাৎ প্রকৃতির বন্ধন হইতে মৃত্ত হয়, আর তাঁহার শরীয় হয় না, জন্ম মৃত্যু হয় না, স্থথ তৃঃথের আভত্ত ভােগ করিতেও হয় না।

সাধনাবস্থায় যোগাভ্যাসের ফলে যোগীর কতকগুলি অলোকিক শক্তির সঞ্চার হয়, ইহাদিগকে 'বিভৃতি বা সিদ্ধি' (occult power ) বলে। পাতঞ্জলদর্শনের তৃতীয় পাদে সিদ্ধির সবিস্তার উল্লেখ আছে; যোগ সাধনার পক্ষে এই সকল মোটেই সহায়ক নহে, অন্তরায় স্বরূপ। সমাধি-রহিত যোগীর পক্ষে এই সকল সিদ্ধি বিভৃতি বলিয়া গণ্য হয়, কিন্তু সমাধিযুক্ত যোগীর পক্ষে ইহারা উপসর্গ মাত্র, ইহারা উাহাদের কিছুই ক্ষতি করিতে পারে না, বরং সহায়করূপে কার্য্য করে।

বস্ততঃ, বাহ্ বিবর হইতে মনকে আরুপ্ত করিয়া 'চিন্ত' (চিন্তনীয়) পরমার্থ বিবরে তাহাকে নিবেশ করিবার পুনঃ পুনঃ প্রচেষ্টাকে যোগাভ্যাস বলে। চিন্ত বন্ত ছই প্রকার, 'ঈশর ও অক্সান্ত তন্ত্'—ঈশর, চৈতক্ত ও অপরিণামী এবং অন্তান্ত তন্ত জড় ও পরিণামী। পরিণামী তন্তকে অপরিণামী এবং অনাত্মাকে আত্মা মনে করার নামই 'বন্ধন'। সমাধি বারা চিতের স্থৈয়্ সম্পাদিত হইলে যোগীর বন্ধন বিনষ্ট হয়, ত্রিতাপের

লয় হয় ও পরিণামী ও আজার স্বরূপ বোধ ঘটে। অনুষ্টের বিনাশ তথ্নই হয় এবং অনুষ্ঠ নষ্ট হইলে স্পষ্টিও আর হয় না—বোগী মুক্তি বা কৈবল্য পান—আর এই বিশেষ অবহায়েই চিংশক্তি (পুরুষ) স্বরূপে প্রতিষ্ঠিত হন। যোগশাল্প স্বদ্ধে তাই ক্থিত হুইরাছে—

> "আলোক্য সর্বশান্তাণি বিচাব্য চ পুনঃ পুনঃ। ইনমেকং স্থানিশারং বোগশান্ত্রমতং তথা ॥ যন্মিন্ বাতি সর্বমিনং জাতং ভবতি নিশ্চিতম্। তন্মিন্ পরিশ্রম: কার্য্য: কিমন্তুৎ শান্তভাবিতম্॥"

> > —শিবসংহিতা, ১।১৮শ সূত্র।

—সর্বশাস্ত্র দর্শন করিয়া এবং পুনঃ পুনঃ তাছার বিচার করিয়া এই
মাত্র:নিশ্চর করাঁ ইইয়াছে, এবং বোগশাস্ত্রেরও এই মত, বে বাহাতে সমস্ত
পদার্থ গমন করে ও বাহা হইতে জয়ে প্রধানতঃ তাঁহাকে জানিবার জঞ্চ
পরিশ্রম করাই কর্ত্তব্য —শাজ্রলিথিত অক্সান্ত বিষয়ের আলোচনা করিয়া
কালক্ষেপ করার কি প্রয়োজন আছে ? একমাত্র ঈবরোপাসনা ছারাই
জীব এই বিভূকে জানিতে পারে ও অ্বরয়পে প্রতিষ্ঠিত হইতে
পারে । মহর্ষি পতঞ্জলি বর্ণিত এই বিভূ বা ঈবর নিত্য ও নিরভিশয়
— অনাদি ও অনস্ত । তিনি সর্বজ্ঞ এবং তিনিই জ্ঞানের পূর্ণ প্রতীক ।
"জয়ভার চূড়ান্ত বেমন পরমাণ্, বৃহত্তের শেব সীমা বেমন আলাশ—
পরমাণ্ হইতে ক্ষত্রতর এবং আকাশ অপেকা বৃহত্তর কোন জিনিবেরই
বেমন কলনা করা বার না, তেমনই জ্ঞান-শক্তির অল্লাতার নীমা ক্লেজীব
এবং ঐ জ্ঞান-শক্তির আভিশব্যের পরাকাটা ক্ষাব্য ।" ›

"ওঁ নমে। ভগবতে বাহুদেবায়।"

১। "চরিতাভিধান"—উপেল্রচন্দ্র মধোপাধ্যার।

# স্থান্ত্ৰদৰ্শন

ক্রায়ের কথা উথাপন করিলে খতঃই অক্সতা-প্রস্তুত অক্সার প্রস্কৃত্ত আসিরা পড়ে। নৈরায়িকের প্রতি আবহমানকাল হইতে বিজ্ঞাপবাধ্য-বাণও কিছু কম বর্ষিত হয় নাই।

"ৰীয়ং কল্পনমেব শাল্লীমিতি যে জানস্তি তে তাৰ্কিকা: ।"

—ক্সারশান্ত্রের আলোচনার নিজ নিজ কল্পনাকে শান্ত বলিয়া থাঁহারা বিবেচনা করেন জনসমাজে তাঁহারাই তার্কিক বলিয়া পরিচিত—ইহাই নৈয়ায়িকদিগের প্রতি "চৈতক্সচন্দ্রোদম" নাটক প্রণেতা কবি কর্ণপুরের বিজ্ঞপোক্তি। এমন কি পুরাণেও উক্ত হইমাছে—

"আন্বীক্ষিকীমধীয়ানঃ শাৰ্গালীং যোনিমাপুরাৎ।"

— আধীক্ষিকী বা ক্লায়-বিভা অধ্যয়ন করিয়া লোকে ধ্র্তের প্রতীক শৃগালত প্রাপ্ত হয়। ইউরোপের দর্শন-বিজ্ঞানের বিভূতির 'লোল্নে' আমরা এথনও স্লায়শাস্ত্রের প্রতি বিজ্ঞাপ করিয়া অনেক কিছুই বিলিয়া থাকি, যেমন—

> "তৈলাধার পাত্র কিম্বা পাত্রাধার তৈল ?"—অথবা, "তাল চিপ্ করিরা পড়ে, না পড়িয়া চিপ্ করে ?"—অথবা,

"পৰ্বতো বহিমান ধুমাৎ" না "পৰ্বতো ধুমমান বহেঃ ?"

— এমনই আরও কড কি; কিন্ত এই গুলির প্রত্যেকটিই বে ক্লার-শাল্তের এক একটি তত্ত্ব নিরূপক প্রাক্তন দুহান্ত এবং জ্ঞান নির্ণরের হেতু, তাহা বীরভাবে বিবেচনা করিবার মত শিকা আমানের নাই এবং সে চেষ্টাঞ্জ আমার অনেকদিন পূর্বেই ত্যাগ করিয়াছি। বস্ততঃ, যে শাত্রের বারা জ্ঞান কি এবং অজ্ঞানই বা কি, উভরের ক্লগ ও পার্থক্যের ব্যূর্গতে পারা যায় তাহাই ভায়শাস্ত্র। 'প্রমাণ' কাহাকে বলে, কিরূপে জ্ঞানের প্রামাণ্য ও অপ্রমাণ্য ব্রিতে পারা যায়, প্রকৃত জ্ঞান আমারা কিরূপে লাভ করিতে পারি, কিরূপই বা দোব থাকিলে যথার্থ জ্ঞানোদ্য আমাদের হয়না প্রভৃতি, যাহা অভ্যান্ত শাত্রগ্রন্থে একাল্প উপেক্ষণীয়, এবন্ধি বিষয়গুলি যে শাত্রে বিশেষভাবে বিচার করিয়া সিরুগত করা হইয়াছে তাহার নাম স্থায়শীস্ত্র। বস্তুতঃ যে তত্ত্বসমূহের নির্ণর ব্যতিরেকে কোন শাত্রেরই একান্ত বুংপত্তি লাভ করিতে পারা যায় না, সেই জ্ঞান-প্রমাণ্য-তত্ত্বের নির্ণর যোগ্র-পাঠে করিতে পারা যায় নেই শাত্রই ভারদাস্ত্র বলিয়া থ্যাত।

পাশ্চাত্য দুর্শন, জ্ঞানের প্রকৃষ্ট তত্ত্ব-কথনে নীরব। পাশ্চাত্য দর্শনে জ্ঞানের চরম ব্যাখ্যা অন্তভ্তি (introspection)। "মণিরত্মালায় ভগ্নান শহর স্বামী বলিতেছেন, "বোধোহি ক:—যন্ত বিমুক্তি হেতু:।"— জ্ঞান কি ? ঘাহা মুক্তিলাভের উপায় তাহাই জ্ঞান। অর্থাৎ, বাহার ঘারা সর্বভ্তান্তরাস্থা "ব্রহ্মকে" জানা যায়, দেখা যায়, লাভ করা যায়, তাহাই জ্ঞান; এবং এই জ্ঞানই মুক্তির হেতু—"জ্ঞানাৎ মুক্তি"।

শ্ৰুতি তাই বলিতেছেন-

"নিত্যোহনিত্যানাঞ্চেতনক্ষেতনানা-মেকো বহুনাং বো বিদধাতি কামান্। তমাক্সহং বেহহুপশুস্তি ধীরা-জেবাং শাব্ধিঃ শাব্ধতী নেতরেবাম্॥"

—কঠোপনিবৎ, ২াহা১৩শ হত।

—সকল অনিত্য বস্তুর মধ্যে বিনি একমাত্র নিত্য, চেতনপদার্থ, সকলের বিনি একমাত্র চৈড্ডের হেডু, বিনি এক ইইরাও সকলের কামনা পূর্ণ করেন, তাঁহাকে যে সকল পণ্ডিত ব্যক্তি আত্মন্থ জানিরা সাক্ষাৎ প্রত্যক্ষ করেন তাঁহারাই নিত্য-শান্তি অর্থাৎ মুক্তি বা কৈবল্য প্রাপ্ত হন; অক্ত আর কেইই এই নিত্য-শান্তি পাইবার অধিকারী নহে। ভক্তিও জ্ঞান-ভিন্ন বা জ্ঞান-শৃক্ত নহে, ভিত্তি 'সহিৎক্ষণা'।

পূর্বেই উক্ত হইরাছে যে "আঘীক্ষিকী" স্থায়দর্শনের অপর আর একটি
নাম। অরু অর্থে পশ্চাৎ এবং ঈক্ষা অর্থে দর্শন—অর্থাৎ, শ্রবণের পর
আত্মার মনন বা আলোচনার নাম 'অঘীক্ষা'। স্থায়দর্শনের ভাষ্কার নির্বোহ
করে বলিয়া তাহার নাম আঘীক্ষিকী। স্থায়দর্শনের ভাষ্কার বাংস্থায়ন
অধীক্ষিকী-বিভাকে সকল বিভার প্রদীপর্কপে (Science of Sciences)
বলিয়া বর্ণনা করিয়াছেন। তিনি বলিয়াছেন, "নেয়মাঘীক্ষিকী—

প্রদীপ: সর্ববিভানামূপায়: সর্বকর্মণাম্ । আপ্রাঃ সর্বধর্মাণাং বিভোদ্দেশে প্রকীর্ভিতা ॥"

—বাৎস্থায়ন, স্থায়ভাষ্য।

—ভারশান্ত সর্কবিভার প্রদীপস্বরূপ, সর্ককর্মের উপার ও সর্ক ধর্মের আপ্রন। কিন্তু এমন বে ভারশান্ত, ইহার প্রতি অহেতৃক উপেক্ষা করিরা অনেকেই বলিরা থাকেন, 'এত ভারের কচ্কচিতে কাজ কি বাপু! প্রীচলিত বিজ্ঞানাদি শান্তের অন্নশীলন করিলেই বথন জগতের প্রায় সকল জ্ঞাতব্য বিবর জানিতে পারা বার (?) তথন দর্শনশান্ত-প্রতিপান্থ আত্মা বা মুক্তি বা ত্রদ্ধকে না জানিলেই বা ক্ষতি কি '' আপাত দৃষ্টিতে বুক্তি বেশ সমীটীন বোধ হইলেও এই প্রকার উক্তিতে বেশ একট অক্তব্যর

বিভয়ান। ইংসংসারে সকল বিবরই আত্মার প্রয়োজন সাধক; সম্বত্ত বস্তু আত্মার্থ বিদিয়াই প্রিয়, আত্মার অভিলবিত সম্পাদক বনিয়াই আমরা ধন, ঐশ্বর্যা, যশ, ত্রী, পুত্র পরিবার প্রভৃতি সকলই ভালবানি। কাজেই আত্মাই নিরতিশয় প্রিয়, আত্মা অপেকা প্রিয়-বস্তু নাই। বৃহদারণ্যক উপনিষদ বনিতেচেন—

> "ন বু অরে ( দৈত্রেরি ! ) সর্বত কামার সর্বং প্রিরং ভবভি, আত্মনন্ত কামার সর্বং প্রিরং ভবতি।"

> > --- वृह्मात्रगुक, २।।। म ख्वाःम।

ক্সতরাং এই আত্মতত্ব না জানিরা বাঁহারা আত্মার প্রীতিসাধক বিষয়গুলি জানিতে ইচ্ছা করেন তাঁহাদিগকে মোহাদ্ধ বই আর কি বলা যাইলে পারে ? তাঁহাদের এহেন বৃক্তিজাল বিশুর করা একান্তই হাত্যাম্প্র আর এক কথা, দেশে দেশে প্রথিত্যশা "মনীবিগণ যে ভারতীয়দর্শনে সমধিক আত্মাবান্ ও ভক্তিমান, যে ভারতীয়দর্শন বৃদ্ধির নির্মাণতা-সম্পাদনের উপার, প্রতিভার আকর, তর্কের ' লীলাক্ষেত্র, আত্মজানের উৎস, মুক্তির সোপান এবং মৃত্যুভররোগের অন্বিতীয় মহোষধ, যে ভারতসন্তান সেই ভারতীয়দর্শনের অঞ্জীলনের জন্তু যত্ন ও পরিপ্রম করিতে পরাত্ম্ব তাঁহাকে বিচারন্ত ভিন্ন আর কি বলা যাইতে পারে। দর্শনশান্তকে দূর হইতে ব্যাজ্মপে করনা করিরা ভীত হইবার কোন প্রব্যাক্যন নাই। সাহসপূর্থক নিকটে গেলে দৃষ্ট হইবে যে, উহা

 <sup>া</sup> ভারদর্শনের আলোচনার তর্ক পজি বৃদ্ধি পার বলিরা এই দর্শনের অপর আর এক নাম "তর্কশার"।

ব্যাত্র নহে, পরস্ক বিচিত্রবর্গনোভিত প্রস্তি। উহা হইতে তীক্ষ-নথদংখ্রীঘাতের ভর নাই, যত্নপূর্বক উহাকে দোহন করিলে পৃষ্টিকর স্থমধুর ক্ষীর পাওরা ঘাইবে—"আশব্দের বদ্ধিং তদিদং স্পর্শক্ষমং রত্নম্"—যাহাকে অগ্নি বলিয়া আশব্দা করিতেছ, তাহা অগ্নি নহে, স্পর্শবোগ্য রত্ন।" †

স্থার দর্শন মহর্ষি অক্ষণাদ গোতম প্রাণীত। 'অক্ষণাদ' মহর্ষি গোতমের আর এক নাম; এই জন্ম তাঁহার প্রবর্তিত দর্শনকে অক্ষণাদ দর্শনও বলে। অক্ষণাদীয় স্থায়স্ত্র পাচ অধ্যায়ে বিভক্ত এবং প্রত্যেক অধ্যায়ে হইটি করিয়া পরিচ্ছেদ বা আহ্নিক আছে। স্থায়দর্শনের স্ত্রে সংখ্যা ২২৮টি। বাৎস্থায়ন প্রণীত "স্থায়-ভাষ্ণ", উন্থোতকরের "স্থায়-বার্ত্তিক", মলিনাথের "নিক্টকা", জয়স্তভট্টের "স্থায়মগ্ররী" ও । স্থায়-বার্ত্তিকের বাচম্পতি মিশ্র রুভ "তাৎপর্যাটীকা" ও উহারই উদয়নাচার্য্য প্রণীত "তাৎপর্যা পরিক্তিকি" প্রভৃতি স্থায়দর্শনের অনেকগুলি উৎকৃষ্ট প্রাচীন গ্রন্থ প্রচলিত আছে।

ইহা ব্যতিরেকে 'ফারদর্শনের' প্রমাণতত্ত্ব সংক্রান্ত নব্যক্তারশাস্ত্র বাদালী জাতির গৌরব শ্বরূপে দেশে দেশে আদৃত হইয়া আসিতেছে। "কুন্থমাঞ্জলি", "বৌদ্ধাধিকার", "তত্ত্বচিন্তামণি", "শন্ধশক্তি-প্রকাশিকা", "ম্ক্তিবাদ" প্রভৃতি গ্রন্থ নব্যক্তারের বিশেষ পরিচিত গ্রন্থ এবং রঘুনাথ শিরোমণি কৃত "দীধিতিপ্রকাশ" ও 'তত্ত্বচিন্তামণির দীকা' হরিরাম কৃত টীকা, জগদীশ তর্কাশকারের "তর্কাম্ত" ও "মাথ্রী", অরম্ভট্ট বিরচিত "তর্কসংগ্রহ", গদাধর ভট্টাচার্য্যের "গাদাধরী",

<sup>† &</sup>quot;শীগোপাল বহু মলিক কেলোশিপ্" বস্তৃতা—মঃ মঃ চক্রকান্ত তর্কালছার।

্রভবানন্দ সিদ্ধান্তবাদীশের দ্বীকা এবং ঐ দ্বীকারই মহানেব প্রথমকর ক্বত

দ্বীকা, বিশ্বনাথের "ভারকারিকা" ও "সিদ্ধান্তমুক্তাবলী" এবং তাঁহার

দ্বীকাকার মারহাট্টী মহানেব দিনকরের নাম সকলই বিশেবভাবেই

দ্বীনেরবাদ্যা। মিধিলার পক্ষার মিশ্র ও তাঁহার শিশ্ব বাস্থদেব সার্বভাম,

নববীপের এই তুইজন অনভ্যনাধারণ নৈয়ারিকের শিশ্র, রখুনাথ শিরোমণিই

নব্য-ভ্যারের প্রবর্ত্তক হিসাবে ভারতের যাবভীয় নৈয়ায়িকদিগের প্রভ্যা
ও নমস্য।

ক্সায়দর্শনের মতেও সংসার হঃধময়। স্থপ হঃধামুবিদ্ধ, অতএব সুথকেও এক প্রকার হুঃখ বলিয়া গণ্য করা উচিত। "নহি সুখং তু:থৈর্বিনা লভ্যতে"—তু:থের কশাঘাত না থাকিলে জগতে স্থথের এত আদর্ম হইত না। জন্মিলেই হু:থ, কাজেই হু:থের নিবারণ কল্পে জন্মগ্রহণ রহিত করিতে হইবে। জন্মের হেতু প্রবৃত্তি, প্রবৃত্তি ধর্মাধর্মের কারণ, ধর্মাধর্ম সুথ ছু:থের কারণ ; জন্ম না থাকিলে ফল ভোগ হয় না, অতএব কর্মফল জন্মের কারণ। বস্ততঃ, জীব প্রবৃত্তির বশে কর্ম করে এবং তাহারই কলে তাহাঁকে জন্মগ্রহণ করিতে হয়। প্রবৃত্তির হেড় কি? প্রবৃত্তির হেড় দোষ। দোষ ত্রিবিধ, রাগ অর্থাৎ আসক্তি, ছেব ও মোহ অর্থাৎ প্রমাদ-এই তিনটি ভিন্ন কোনও বিষয়ে জীবের প্রবৃত্তি জন্মে না। আবার, এই দোবের হেড়ু কি ? দোবের হেড়ু মিথাজ্ঞান ; কাজেই এই মিথাজানের উচ্ছেদ সাধন করিতে না পারিলে ত্রংবের একান্ত নির্তি হয় না। শরীর ও ইজিয়াদির সহিত সংক্ষথাকিলে তৃ:থের একাস্ত নিবৃত্তি হইতে পারে না; অতএব, আত্মাকে শরীরাদি হইতে পৃথক করিতে হইবে এবং এই অবস্থায় উপনীত হইলেই আত্মার মৃক্তি। আত্মাকে পাষাণাদি জড়-পদার্থের স্থায় স্থান্ড:থের ও জ্ঞানাদির অতীত করিতে হইবে; বস্তত:,

আত্মার অভাবস্থা-প্রাথিই মৃত্তি। স্থারদর্শন বলিতেছেন, একমাত্র তথজ্ঞানের আলোচনা করিয়াই জীব মিখ্যাজ্ঞানের বিনাশ সাধন করিতে পারে
এবং জন্ম-মৃত্যুর মৃথ্য কারণ দেহাত্মবাধকে একেবারে পরিস্ত্যাগ করিতে
পারে। দেহাদিতে আত্মবোধই আমাদের সমন্ত অনর্থের কারণ এবং
দেহাদির অন্তক্ত্ বিষয়েই রাগ ও প্রতিকূল বিষয়ে বেষ হইয়া থাকে।
অতএব, ইহসংসারে যাবতীয় পদার্থ-বিষয়ে তত্মজান লাভ করিতে পারিলেই
মুমুক্রাক্তির আত্মতত্মজান উপজাত হইবে, তাহার ছংখের চিরাবসান
হইবে এবং জীব 'নিংশ্রেয়স' বা নিশ্চিত-মন্থলের ' অধিকারী হইবে।

অধ্যাত্ম-বিভার নি:শ্রেরস কি ? অধ্যাত্ম-বিভার নি:শ্রেরস, <sup>२</sup> মুক্তি বা নোক্ষ। অবশু, গোতম বর্ণিত 'মুক্তির' কিছু তারতম্য আছে, 'শঙ্করজরে' আমরা পাই—

> "মুক্তস্তদীয়ে চরণাক্ষপক্ষে সানন্দসংবিৎ সহিভাবিমুক্তি:।"
> —শ্রীমনমাধবাচার্য্যের 'শহুরজয়', ১৬।৬৯ স্থতার্ত্ত।

— অক্ষণান বা গোতমের মতে মুক্তিতে আনন্দসংবিৎ থাকে; অর্থাৎ, গোতম প্রবর্ত্তিত জারদর্শনে মোক্ষে আনন্দের সন্তা স্বীকৃত হইরাছে। বস্তুত, মোক্ষণাভের প্রকৃত অবস্থায়, সং চিৎ আনন্দমরের আনন্দ সন্তাতেই, মুক্ত জীব লীন হয়। তাই জ্ঞায়ণান্তের উদ্দেশ্য 'নিঃপ্রেয়ন' লাভ করে

১। পাণিনি ব্যাকরণের ৫২:-- । র্জিকার বলেন- "নিভিডেং লেরে। নিংশ্রেরসম্ । স্ব

र। Max Muller कृष्ठ—' the non plus ultra of b'essedness' नरह।

ন্ধীবকে বোড়শ-পদার্থের তত্ত্জান <sup>১</sup> প্রদান করা। এই বোড়শ-পদার্থ কি কি: তাহাদের স্বরূপই বা কি? স্থায়দর্শন বলিতেছেন—

"প্রমাণ প্রমের সংশয় প্ররোজন দৃষ্টান্ত সিদ্ধান্তাব্যব তর্ক নিশ্ম বাদ জন্ন বিত্তা হেখাভাস ছল জাতি নিগ্রহত্বানানাং তব্জানাৎ নিঃশ্রেমাধিগম:।"

--স্থায়স্ত্র, ১৷১৷১

প্রথম পদার্থ 'প্রমাণ', অর্থাৎ বাহা বারা বথার্থ জ্ঞান বা প্রমা জন্মে তাহাকে 'প্রমাণ' ব'লে। প্রুমাণ, i.e., means of knowledge. প্রমাণ চারি প্রকার, বথা—প্রত্যক্ষ (perception), অন্ত্রমান (inference), উপুমান (analogy) ও শব্দ বা আপ্রবাক্য অর্থাৎ শাস্ত্র প্রমাণ—বিশ্বন্ত ব্যক্তির বাক্য, ঋষিবাক্য—বেশ্বাক্য।

খিতীয় পদার্থ 'প্রমের', অর্থাং জ্ঞানের বিষয়—object of knowledge. প্রমের ছাদশ প্রকার, তন্মধ্যে প্রথম ছয়টি যথাক্রমে আত্মান্তরীর, ইল্লিয় (চক্লু, কর্ণ প্রভৃতি), বিষয় (ইল্লিয়-বিষয় বা অর্থ, ক্ষিত্যাধান পরেরে গালাদি), বৃদ্ধি ও মন। আত্মা বাহাকে আপ্রায় করিয়া ভোগ করেন তাহার নাম শরীর, বাহার ছারা ভোগ করেন তাহা ইল্লিয়, বাহা ভোগ করেন (ভোগা বাহা) তাহা বিষয়, ভোগাবন্তর জ্ঞানের নাম বৃদ্ধি, বাহার সংযোগে ইল্লিয় ছারা বিষয়ের উপলব্ধি হয় এবং বাহার বিয়েরে তাহা হয় না তাহার নাম মন—ত্মরণ, অনুমান ও সংশর্ম মনেরই ধর্ম। অপর ছয়টি প্রমের পদার্থ বথা, প্রবৃত্তি (activity—

<sup>)।</sup> তৰ্জান কৰ্মে, Max Muller বৰ্ণিত 'enumeration & classification of all nameable things' বিশ্ব' 'classification of existence' ৰহে।

শারীরিক, কায়িক ও মানসিক এই তিন প্রশার ); দোধ (ইংা প্রবৃত্তির হৈতু বা কারণ, দোব তিন প্রকার—রাগ, বেব ও মোহ); প্রেড্যজাব (পূনর্জ্জন্ম ও পুন: পুন: মৃত্যুর নাম প্রেড্যজাব); কল (কর্মকল, প্রবৃত্তি জাত অথ ও অংখ); অংথ (অসৎ কর্মের ফলই অংখ, অথও অংখাছবিদ্ধ, উভরের সম্বদ্ধ অলালীভাব); অপবর্গ (অর্থাৎ আত্যন্তিক অংখনাশ বা মুক্তি—ইহা আনন্দসংবিৎবৃক্ত)।

তৃতীয় পদার্থ-সংশয়, সন্দেহ, i.e., doubt.

চতুর্থ পদার্থ—প্রয়োজন, অর্থাৎ যে উন্দেক্তে লোকের প্রবৃত্তি হয়, i. e., purpose.

পঞ্চম পদার্থ—দৃষ্টাস্ত, i. e., instance.

ষষ্ঠ পদার্থ—অবয়ব, স্থায়ের একদেশ বা এক অংশ i. e., major or minor premisses.

সপ্তম পদার্থ—সিদ্ধান্ত, বিষয়ের নিশ্চয়, i. e., solution, অষ্টম পদার্থ—তর্ক, i. e., reasoning.

नवम शहार्थ-निर्णय, व्यर्थत निक्त्य, i. e., conclusion.

দশম পদাৰ্থ—বাদ, i. e., argumentation.

একাদশ পদার্থ—জন্ন, i. e., sophistry.

দাদশ পদার্থ—বিততা, i.e., wrangling.

ত্রোদশ পদার্থ—হেবাভাস, i. e., fallacies.


চতুদ্দশ পদাৰ্থ— ছল, i. e., quibble.

পঞ্চদশ পদাৰ্থ—জাতি, i. e., false analogy.

বোড়শ পদার্থ—নিগ্রহয়ন, i. e., ignorance or mistake of one with whom discussion is made.

উক্ত যোড়শ পদার্থের তব্বজ্ঞানের বিশেষ বিচার ও নিরূপণ নব্যক্তার শাব্রে আরও বিশদ ও অভিনব উপারে আলোচিত হইরাছে ' এবং এই জক্তই প্রভাতেকর পক্ষেই নব্যক্তারের পরিভাষা-বোধ শাস্ত্রাফ্শীলনে একাস্তই আবিশ্রুক ও বিশেষ স্থকল প্রদা

স্তারদর্শন প্রথমে শুধুই পদার্থবিভা ছিল, কিন্তু কালক্রমে ইহা আধ্যাত্ম বিভার পরিণত হইরাছে। সমস্ত ভারশাস্ত্রকে প্রধানতঃ তিন ভাগে ভাগ করিতে পারা যায়, যথা—



স্থায়াংশে প্রথম পদার্থ প্রমাণের বিচারসং পঞ্চাবয়ব-স্থায়ের <sup>২</sup> গবেষণা পূর্ণ আলোচনা আছে। তর্কাংশ জন্ধ, বিতপ্তা, ছল প্রভৃতির বিচারে পূর্গ। দর্শনাংশে প্রমেয় পদার্থ, অর্থাং—আাআ, শরীর, মন প্রভৃতির আলোচনা আছে এবং ইহাদের জ্ঞানই যে মৃথ্যভাবে মুক্তির ছেতৃ তাহারই নির্দ্দেশ আছে। প্রসক্তমে পঞ্চুত, বড্প্তণ ও সংক্ষেপে প্রমাণুবাদের

১। বিশেষতঃ ১ম পদার্থ 'প্রমাণ-তত্ত্ব' সংক্রান্ত বিষয়গুলি।

३। কারের পাঁচটি অবরব (syllogism) আছে, বথা—প্রতিক্রা, হেডু, উলাহরণ
উপনর ও নিমগন—"অয়ং বহিমান, (ক) ব্যাৎ, (ধ) বো বো ধ্যবান স বহিমান,
(গ) বহিব্যাপ্য ধ্যবান অয়ং (ঘ) তথাং বহিমান ইতি।" (৪)—তর্কায়ৢত, ৩০শ হ্র।
(ক) প্রতিক্রা (general proposition); (খ) ছেডু (reasoning); (গ) বধা,
মহানস্ম (kitchen) উলাহরণ (instance); (খ) উপনর (proof); (৪) ইতি
নিমগন (conclusion) সিছায়।

উল্লেখ আছে। স্থায়ের এই অংশে আত্মা যে নিত্য, শরীর, ইন্সিন, মন ও বৃদ্ধি হইতে সম্পূর্ণ স্থতন্ত এবং আত্মাই যে দ্রন্তা, ভোক্তা ও জ্ঞাতা, তাহা বৃক্তি ও বিচার ধারা প্রতিপন্ন করা হইরাছে।

মহবি গোতম বলেন, জ্ঞান আতাার স্বরূপ নয়, জ্ঞান আতা হইতে উত্তত—জ্ঞান ক্ষণস্থায়ী, সৃষ্টি স্থিতি ও লয়ের অধীন। একই সময়ে ছই বা ততোধিক আন একট ভাবে থাকিতে পারে না, একটি জ্ঞান লয় হইলে তবেই অপর একটি জ্ঞানের উদয় হয়। আমাদিণের অনেক সময়েই অবস্থা মনে হয় বৃঝিবা একাধিক জ্ঞান একই সময়ে আমাদের মধ্যে বর্তমান রহিয়াছে: কিন্তু একাধিক জ্ঞান এত জ্রুত মনের মধ্যে কার্য্য করে এবং উহাদের উৎপত্তি স্থিতি ও লয় এত ক্রত ভাবে সংঘটিত হয় যে স্বতঃই আমাদের মনে হয় বুঝি বা সকলগুলিই একই সময়ে যুগপৎ আমাদের মধ্যে কার্য্যকরী হইয়া রহিয়াছে—বস্তুতঃ, পূর্ব্ব-জ্ঞানের সম্পূর্ণ ভাবে বিনাশ যে হয়, তাহা হয় না। প্রত্যুত, পূর্ববর্তী-জ্ঞান পরবর্তী-জ্ঞানের কারণীভূত হয়: উদাহরণ স্বরূপে 'শতক্মলপত্র বেধনবং', বলা ঘাইতে পারে। জ্ঞানের ক্ষণে ক্ষণে উক্তরূপ পরিবর্ত্তন অনেকটা ছায়াচিত্তের পট-পরিবর্ত্তনের স্থায় —বদিও প্রতিক্ষণে ছায়াচিত্রপটের পরিবর্ত্তন হুইতেছে ভত্রাচ *দ্ব*র্শকমণ্ডলীর মনে তাহা একই পটের স্থায় প্রতীয়মান হয়। জ্ঞানের বিকাশ ও তাহার স্থিতি ও নিবুত্তি এমনই ভাবে জীবের আত্মা হইতে উদ্ভূত হয় এবং জীব এই জ্ঞানে অভিমণ্ডিত হইয়া আত্মপরিচয় ও আত্মাহভৃতি লাভ করে।

ন্তার দর্শনের ৪র্থ অধ্যায়ের ১ম আহিকে মহর্ষি গোতম অসৎ হইতে
সতের উৎপত্তি-নিরাস প্রসক্ষে ঈশরের উল্লেখ করিয়াছেন এবং তিনিই
যে জগতের কারণ ও জীবের কর্মফলদাতা তাহাও প্রতিপক্ষ করিয়াছেন,
যধা—

### "ঈশবঃ কারণং পুরুষকর্মফলশু দর্শনাৎ"

--- ক্লারস্থত, ৪।১

ইহার ভারে বাৎস্থারন লিখিয়াছেন-

"পরাধীনং পুরুষশু কর্মফলারাধনম্ ইতি, यमधीনং স ঈশ্বরঃ, তত্মাৎ ঈশ্বরঃ কারণম্ ইতি।"

—মানুষের কর্মানলভোগ যাহার অধীন তিনিই ঈশ্বর। কুন্তকার মাটি
দিয়া ঘট নির্মাণ করে, কুন্তকার বা মাটির অভাবে কিন্তু ঘট নির্মিত
হইতে পারে না—এইরূপ প্রত্যেক কার্য্যের কর্ত্তা আছে; অর্থাৎ, কার্য্য যথন বিভ্যমান তথন তাহার নিমিত্ত-কারণ ও উপাদান-কারণ উভয়ই
বিভ্যমান। এইরূপে ইহল্পতের যিনি কর্ত্তা বা নিমিত্ত-কারণ তিনিই
ঈশ্বর, এবং যাহা উপাদান-কারণ, ক্রায়দর্শনে মহর্ষি গোত্ম তাহাকে 'সং'
বা পরমান্থী আথাা দিয়াছেন।

পরমাণু নিরবয়ব, অবিভাজ্য, অজ ও নিতা। পরমাণু জড় বলিয়া তাহার কোনই অভন্ত ক্রিয়া নাই—ঈশরেজ্বার পঞ্চত্তের পরমাণ্
মিলিত হইয়াই জগতরূপে প্রকাশিত হয়। তুইটি পরমাণুর সংবাগে
ভাণুক ও তিনটি ভাণুক সংবোগে অসরেণু, এইরূপে ক্রমে ক্রমে মহাবয়বী
পলার্থের উৎপত্তি। পদার্থ সমূহ কিন্তু অবয়বী এবং বিভাজ্য, কাজেই
ভাহালের বিনাশ আছে। পরমাণু ও ভাণুক ইহারা প্রতাক্ষ গোচরীভূত
নহে, অসরেণু প্রভৃতিই আমাদের ইন্সিয়-গ্রাছ।

ৰগতের প্রকাশ যেমন ঈবরেছার সংসাধিত হয়, তেমনই আবার ঈবরেছার—অগৎ ক্রম-বিভাগ বারা বধন নিজ-কারণ প্রমাণুতে মিলিত হয়, তথনই তাহার বিনাশ বা প্রলয় বা তিরোভাব হয়।

"ওঁ নম: পরমাত্মনে।"

# বৈশেষিক দৰ্শন

মন্ত উপদেশ দিয়াছেন,---

"প্রশাসিতারং সর্কেষামনীয়াং সমনোরপি। কুক্সাতং স্বপ্নধীগম্যং বিভাস্বং পুরুষংপরম্॥"

—মহুসংহিতা—১২।১২২

— যিনি আত্রল শুস্ত ( ভাটা—stalk ) পর্যন্ত সকল পদার্থের শাসনকর্ত্তা, যিনি অব্ অপেক্ষাও অণু ( অর্থাৎ, নিরাকার হক্ষ পদার্থ ), যিনি স্ববর্ণের আভার ক্রায় ( অর্থাৎ জ্যোতি:-স্বরূপ, বিজ্ঞান প্রকাশমাত্র ), যিনি স্বপ্রধীগম্য ( অর্থাৎ চক্ষ্রাদি ইন্দ্রিয় গ্রাহ্থ নন, কেবল মন ছারা দর্শনীয় ), এমন যে প্রেষ্ঠ-পুরুষ ঈশ্বর তাঁহাকে অবগত হও।" কেমন করিয়া এই পরম পুরুষকে অবগত হওয়া যায় ? শুভি বলিতেছেন,—

"ন চক্ষ্বা গৃহুতে নাপি বাচা নাকৈক্দেবৈত্তপসা কৰ্মনা বা। জ্ঞান প্ৰসাদেন বিশুদ্ধ সন্থ: ন্ততন্ত্ৰ তং পশ্ততে নিম্কলং ধ্যায়মানাঃ॥" —মঞ্চুকোপনিবং, এ১৮

—চক্ষ্: যারা, কি বাক্য ছারা, কি অপরাপর ইন্দ্রির হারা, কি তপক্তা ক্রিয়া যজ্ঞাদি কর্ম্ম ছারা তাঁহাকে প্রাপ্ত হওয়া যার না। কেবল মাত্র বিশুদ্ধ-ভাব ব্যক্তিগণ জ্ঞান-প্রসাদে খ্যান-নির্ত হইরা স্থাতি ক্ষিলে সেই নিছনত্ব প্রম-প্রকাকে দেখিতে পান। "দম্-অনোরপি", অর্থাৎ অণু অপেক্ষাও অণু এই নিরাকার স্ক্স-অণু 'পুরুষ বিশেষকে' অবগত হইতে হইলে—দর্শন লাভ করিতে হইলে যে তত্মজ্ঞান আবশুক বৈশেষিক দর্শনকার সেই বিশেষ-জ্ঞানই উপদেশ করিয়াছেন।

বৈশেষিকদর্শনের প্রবর্ত্তক কশ্রপবংশীয় 'পরম-বিপ্র' মহর্ষি উলুক, এবং তাঁহার রচিত দর্শনশাস্ত্রের নাম 'উলুক্য দর্শন'। প্রবাদ আছে মাত্র তভুলকণা ভক্ষণ করিয়া দেবাদিদেব মহাদেবের আরাধনায় সিদ্ধি লাভ করিয়া তাঁহারই আজ্ঞানুসারে মহর্ষি এই দর্শন থানি লিখিয়া গিয়াছেন এবং এই জন্মই তাঁহার অপর নাম 'কণাদ' এবং তাঁহার প্রবর্ত্তিত দর্শনের অন্ত এক নাম কণাদ-দর্শন। বৈশেষিকদর্শন 'শান্ত শিক্ষাকল্পে সোপান-স্বরূপ' বলিতে, পারা যায় : ইহাতে ঈশ্বরতম্ব, জীবতন্ব, জগতের উৎপত্তি কথন বা জীবের সহিত্র জগতের সম্বন্ধ বিচার প্রভৃতি দর্শনের জটিলতম বিচার-গুলির অবতারণা বা দিহ্বান্ত নাই, আছে উক্ত তথগুলি সম্যকরূপে যাহাতে ব্ঝিতে পারা যায়—প্রথম শিক্ষার্থীর মন দর্শনের উক্ত কঠিনতম প্রশ্ন গুলির মীমাংসা-কল্পে যাহাতে ক্রমশঃ প্রস্তুত হইতে পারে প্রধানতঃ এবংবিধ জড়-বিজ্ঞানের প্রাকৃষ্ট পরিচয়, তথা পদার্থ-নিচয়ের ক্ষুদ্রতম অবয়ব পরমাণুর তত্ত্ব-নির্ণয়। এই প্রধানতম উদ্দেশ্যের সন্ধান না পাইয়া বা না कहेशा दिरामधिक प्रमात्नित्र भत्रवर्षी वाश्चितात्रगण, "दिरामधिकशण", प्रमान শান্ত প্রতিপাত উক্ত জটিশতম বিবয় গুলির বিচার বা মীমাংসা করিতে গিয়া অস্তান্ত দর্শন ও <del>শ্র</del>তি-বিরুদ্ধ কণাদ-দর্শনের নানা মত স্থাপন করিয়াছেন এবং এই প্রবচন রচরিতাদিগের মতই পরবর্ত্তী বেলাক্তদর্শনে খব্যিত হইয়াছে।

কণাদ প্রণীত বৈশেষিকদর্শন-পত্তের মূল গ্রন্থে মহর্বি লিখিয়াছেন-

—৪র্থ সত্র।

"অথাতো ধর্মং ব্যাথাক্তাম:।" — ১ম হত্ত । "যতোভাদের নিংশ্রেরসঙ্গিদ্ধি স ধর্ম:।" — ২র হত্ত । "তবচনাদানায়ক্ত প্রামাণ্যম্।" — ৩র হত্ত। "ধর্ম্ম বিশেষ প্রহতাদ প্রব্য-গুণ-কর্ম-সামাক্ত-বিশেষ-সমবারানাং পদার্থানাং সাধর্ম-বৈধর্ম্ম্যাভ্যাং

—অথ ( শিশ্বগণ জিজাস্থ ইইনা সমবেত হওরার ) অতঃ ( তাহাদের মন্ত্রণ হেতু, তাহাদের ধর্ম বিষয়ে মতিগতি বিধান মানসে ) গুরু কণাদ মুনি বলিতেছেন, আমি ধর্ম ( জ্ঞান ও কর্ম ) ব্যাখ্যা করিব ( তোমরা মনোযোগ দিরা প্রবণ কর ) । ১। বাহাতে অভ্যুদ্য অর্থাৎ ইহকালে ও পরকালে স্থথ লাভ হর এবং যদ্ধারা নিংপ্রেয়স অর্থাৎ হৃঃথের একান্তু-নিবৃত্তি হেতু মোক্ষ লাভ করা বায় তাহাই ধর্ম । ২। ধর্মের উক্ত উত্যবিধ রূপ—
জ্ঞান ও কর্ম, বেদোক্ত ঈশ্বরবাক্য, স্কৃতরাং তাহাই প্রামাণ্য । ২। বেদোক্ত ধর্ম-বিশেষের অন্ধর্চান হইতে দ্রব্য, গুণ, কর্ম, সামান্ত, বিশেষ ও সমবা্র এই বড়বিধ ভাব-পদার্থের ( of these six categories ) সাধর্ম ও বৈধর্মজ্ঞান জনিত ( their similarities & dis-similarities ) তক্জান উদ্ধর হইলে এবং তাহার বিকাশে নিংপ্রেয়ন বা হুংথের একান্ত করিছেহেতু জীব মুক্তি লাভ করিতে পারে; জীবের আত্ম-পরিচয় হয় ও জীব জগৎ-কারণ পরমেশ্বকে অবগত হইতে পারে, দর্শন লাভ করিতে পারে—অক্সজানের অধিকারী হয় । ৪।

তত্তভানাৎ নি:শ্রেয়সম।"

ুপুর্বেই উলিখিত হইরাছে, তথা-কথিত "বৈশেষিকগণ" কিন্তু এই মূল সরল-তন্ত্রের বিভিন্ন অর্থ করিয়া ও কণাদ-স্তারের স্থানে স্থানে স্থানিত ক্লিড-বাাথাার অবতারণা করিয়া অপরাপর দর্শনশাস্ত্র ও স্লাভি-বিক্ল নানা মত স্থাপন করিগছেন এবং উক্ত ব্যাখ্যাগুলি পরবর্তী দার্শনি পণ্ডিতগণ বৈশেষিক-স্ত্রকার কণাদের মত বলিয়া ধরিয়া লইয়া মহর্ষিটে অহেতুক বিজ্ঞপ করিতেও ছাড়েন নাই। যথা,

> "ধর্মং ব্যাথ্যাতু কামশু ষট্পদার্থাপবর্ণনম্। সাগরং গল্পকামশু হিমবলামনোপমম্॥"

—ধর্মবাখ্যা করিতে ইচ্ছুক ব্যক্তির ষট্পদার্থ বর্ণন, সাগর গমনেচছু ব্যক্তির হিমালয় গমনের স্থায় উপহাসাম্পদ। আমরা দেখিয়াছি—মহর্ষি কণাদই "অথাক্তা ধর্মং ব্যাখ্যাস্থামং" প্রথম হত্তে এইরূপ প্রতিজ্ঞা করিয়া যট্পদার্থের বর্ণনা করিয়াছেন! কিন্তু এই পরস্পর বিবদমান দর্শনশাস্ত্রের বিভিন্ন প্রহান অন্ত্সরণকারী পণ্ডিত-মণ্ডলী যদি একটু ধীর ভাবে বিবেচনা করিতেন ভাহা হইলে কবি পুস্পদন্তের উক্তির ভাংপর্য্য হাদরক্ষম করিয়া বাগ্বিতপ্রার রুধা আড়ম্বের মধ্য হইতে অক্লেশে অব্যাহতি লাভ করিতে পারিতেন। পুস্পদন্ত বলিতেছেন—

"ক্চীনাং বৈচিত্তাদৃ জুক্টিলনানপথজুষাং। ন্লামেকো গম্যস্থানি পয়সামৰ্ণৰ ইব॥"

—হে ভগবন্ জল যে পথেই যাউক না কেন পরিশেবে তাহা সমুদ্রের যাইয়া পড়ে, সেইরূপ ফুচির বৈচিত্রা-ছেতু সরল বা কুটিল পথগামী মাহার অর্থাৎ, কুচির তারতম্য অহ্যায়ী মাহার সত্যের যে প্রস্থান-বিশেষই অহ্সরপ করুক না কেন, সকলেরই পক্ষে তুমিই একমাত্র গম্য অর্থাৎ সকলের মোক্ষই একমাত্র লক্ষ্য—ব্রদ্ধক্তান লাভ করা সকলেরই একার জিলিত বস্তু। তাহাই যদি, তবে বিবাদ বা মহাস্তরের সার্থক্ত কোথার!

বৈশেষিকদর্শন দশটি অধ্যান্তে বিভক্ত এবং প্রভ্যেক অধ্যান্তে তুইটি করিয়া পরিচ্ছেদ আছে, ইহাদিগকে "আহ্লিক" বলে। সমগ্র দর্শনে ৩৭০টি হত্রে আছে। লঙ্কেশ্বর রাবণ এই বৈশেষিকদর্শনের একজন প্রাচীন ভাষ্ঠকার। প্রশালপাদ আচার্য্যের 'পদার্থ ধর্ম সংগ্রহ' বৈশেষিকদর্শন বিষয়ে একথানি প্রামাণিক বৃদ্ধি। উদয়নাচার্য্যের 'কিরণাবলী-প্রকাশ' ও 'লীলাবতী-প্রকাশ' এবং মণ্ট্রানাথ তর্কবাগ্নীনের 'কিরণাবলী-রহস্ত'—ও 'লীলাবতী-রহস্ত' ও পঞ্চানন তর্করত্বের 'পরিকার' নামক ব্যাখ্যা বৈশেষিকের ক্ষেকথানি উপাদেয় গ্রন্থ। উপরক্ত শঙ্করমিশ্রকৃত 'বৈশেষিক-হত্রোপস্থার', জ্যুনারায়ণ তর্কপঞ্চানন প্রণীত 'কণাদস্ত্র-বিবৃত্তি', বিজ্ঞানভিক্ষ্র অধুনা-তৃত্র্যাণ্য 'বৈশেষিক-বার্ত্তিক' প্রভৃতি বৈশেষিক-দর্শনের গ্রন্থ-সমূহ বিশেষ ভাবে উল্লেখ-যোগ্য।

পূর্বেই উক্ত হইরাছে, মহর্ষি কণাদ ষট্পদার্থবাদী। কণাদ বর্ণিত এই ছয় পদার্থের সহিত গ্রীকৃদর্শনের 'categories of objects'-এর বিশেষ সাদৃত্য বর্তমান। ছয়টি পদার্থের বিবৃতি অতীব সংক্রেপে প্রদত্ত হইল।

(ক) প্রথম পদার্থ—তারা। তারা (substance) নয় প্রকার, বথা—

- ১। ক্লিভি—Solid, শুধুই Earth নতে—attributive quality, smell—গদ্ধ।
- ২। জগ—Liquid, তথুই Water নহে—attributive quality, taste—রস।
- । তেজ—Energy, Light or Heat নহে—attributive quality, Illumination—কপ।
- 8। বায়ূ—Gas, air নহে—attributive quality neither hot or cold to the touch—কৰ্মা

- আকাশ বা ব্যোয—Heaven, তথুই Ether নর
   attributive quality, sound—\*
- ভ। কাল—Period,
  ভধু Time নহে
  । দিক—Space
- ৮। আত্মা-Soul, proved by the "I" idea-বিভূ।
- ৯। মন, mind, internal organ of soul.—আত্মা।

ইহাদের মধ্যে প্রথম চারিটি দ্রব্য যথা, ক্ষিতি, অপ, তেজ ও ব ( মরুৎ ) নিত্য ও অনিত্য ভেদে ছই প্রকার—পরমাণু রূপে নিত্য এং পরমাণুর সজ্যাতজনিত শরীর, ইন্দ্রিয় ও বিষয়রূপে অনিত্য ৷ বৈশেষি মতে এই চতুর্বিধ পরমাণু ও আকাশ প্রভৃতি পঞ্চন্ত্র ( আকাশ, কাষ্ট্রক, আত্মাও মন ) নিত্য ৷ একটা কথা এখানে বলিয়া রাথা বিশে প্রয়োজন বলিয়া বোধ করি ৷ বৈশেষিকদর্শনে "নিত্য" শন্ধ বিশেষ অর্থে ব্যবহৃত হইয়াছে ; নিত্য দ্রব্য তাহাই, দৃষ্টতঃ যাহার উৎশক্তি ধ্বংশ প্রতীয়মান হয় না—এই উভয় লক্ষণ যে দ্রব্যসমূহে থাটে না শ্রুতিতে কীর্ত্তিত 'অনাদি বা অনস্ত্য' অর্থে 'নিত্য' শন্ধ বৈশেষিককা ব্যবহার করেন নাই ৷ বৈশেষিক বলেন, আত্মা জ্ঞানের আপ্রার, ইহা

<sup>\*</sup> পাদ্যান্ত্য বিজ্ঞান উপস্থিত 'Time & Space' এ সীমাবদ্ধ। Attributiv quality of कान, Time—arrieved at by means of the idea of quick or slow motion—Attributive quality of দিক—Space, indicate by the idea of east & west.

মানস-প্রত্যক্ষ হয়—আত্মা বিভূ, কিন্ধু শরীয়-ভেদে ভিন্ন ভিন্ন। তাই শ্রীমৎ শক্ষরাচার্য্য বলিতেছেন—

> "দ্রব্যাস্কর্গত এবাত্মা ভিরো জীবপরত্বত:। দেরা মহম্মান্তির্যক্ষো জীবান্তন্মোমহেম্বর:॥"

> > —সর্ব-সিদ্ধান্ত-সংগ্রহ, বৈশেষিক পক্ষ, ৩১ সূত্র।

— দ্রব্য অন্তর্গত এই যে আত্মা ইহা বিভিন্ন প্রকার, জীবস্থরূপ ও শিবস্থরূপ (in the form of individual soul & supreme soul)। দেবতা, মান্ন্র ও মহয়েতর জীব (lower animals) ইহারা জীবাত্মা (individual soul), এবং পরমেশ্বর জীবাত্মা হইতে পৃথক—শুদ্ধাত্মা, শিবস্বরূপ (supreme soul)। কণাদ মতে 'মন অন্থ' (internal organ of the soul), ইহা আত্মা ও স্থ-দু:থাদির প্রত্যক্ষের কারণ-স্বরূপ।

 (খ) দিতীয় পদার্থ—গুল। এক । একাধিক জ্ঞান (attribute or quality) আত্রয় করিয়া প্রত্যেক দ্রবাই অবস্থিত। গুল চরিরশ প্রকার, বধা—

ক্স—Colour, Form etc., রস—Taste or Savour; গ্ৰহ—Smell or Odour; স্পূৰ্—Touch or Tangibility; সংখ্যা—Number; প্রিমাণ—Extension or Dimension, having Length, Height, Breadth—expanse, Space; সংবাগ—Conjunction; প্রক্ত—Severalty; বিভাগ—Dividedness or Disjunction; প্রক্—Priority; অপরত্ত—আগে পরে, Posteriority; বৃদ্ধ—Intellectious; অ্বশ—Pleasure; ভূগ্রশ—Pain; ইচ্ছা—Desire; বেন্স—Aversion; প্রকৃত্ত

Effort or Volition; শব্দ—Sound; গুরুত্ব—Weight, Heaviness, Density; দুবত্ব—Fluidity; বেছ—Viscidity, Vicousity or Affection; সংস্থার—Impresed Intimate Influence; অসুষ্ট বা ধর্ম ও অধ্যক্ত—Merits & Demerits.

- (গ) সৃতীয় পদার্থ কর্ম। কর্ম (action) পাঁচ প্রকার, যথা— উৎকেপণ—উর্ক্নে কেপণ—Movements upwards, Negative Force; অবকেপণ—নিয়ে কেপণ, Movement Downwards, Positive Force; আকুঞ্চন—Contraction; প্রসারণ— Expansion or Dilation; গমন—Locomotion or General Motion).
  - . এই পাঁচ প্রকার কর্ম ব্যতিরেকে অপর বাহা কিছু কর্ম তৎসমুদর্যই গমনের অন্তর্গত।
- (খ) চতুর্থ পদার্থ সামান্ত । সামান্ত—Generality as denoted by existence, এক কথায় Community বলা বাইতে পারে ) হা জাতি; সামান্ত ছই প্রকার, যথা— পরা—অধিক দেশ ব্যাপী, যথা—প্রাণিত জাতি (Genera), এবং অপরা—অন্ধ-দেশ ব্যাপী, যথা—মহন্তত্ত্ব বা গোত্ত প্রভৃত্তি (Species).
- (ঙ) পঞ্চম পদার্থ বিশেষ। বিশেষ অর্থে আত্মা মন, কাল, স্থান, জলতের অবরবী পদার্থ ও পরমাণু ব্যার অর্থাৎ যে পদার্থ-ধর্ম্ম ছারা পরমাণু পরস্পারের পার্থক্য দিছ হয় (generality as denoted by substantiality & comparatively more comprehensive and of a higher order বা এক কথার Particularity বলা

বাইতে পারে।) বিশেষ-পদার্থ কেবলমাত্র পরমাণু সহক্ষে ব্যবহৃত হয়। জগতের সমত অবয়বী-পদার্থ নিজ্ঞ নিজ অবয়ব-ভেদে পৃথক বিলয়া বোধ হয়, বেমন ষট এবং পট উভয়ের মধ্যে আকার-ভেদ আছে বিলয়াই আমরা উয়দের পার্থক্য-বোধ ধারণা করিতে পারি। বৈশেষিক মতে পরমাণুরও প্রকার-ভেদ আছে, ভবে তায়ারা নিরবয়ব বলিয়া তায়াদের প্রকার-ভেদের কোন স্থল নিদর্শন আমরা পাই না। যে হল, অতীক্রিয় পদার্থ পরমাণুদিগের প্রকার-ভেদ সংঘটিত করে (are understood as forming particularities) মছর্ষি কণাদ তায়াকেই "বিশেষ" আধ্যা দিয়াছেন। পাশ্চাত্য বিজ্ঞানেই ইয়াকে 'Sub-atomic energy' বলা যাইতে পারে।

(চ) বঠ পদার্থ সমবার। সমবার বা নিত্য-সম্বন্ধ, 'intimate relation or syntactical connection' বুঝার, কিম্বা এক কথার 'coherence' বলা বাইতে পারে। অবঃবীর সহিত অবয়বের, জাতির সহিত ব্যক্তিন, গুণের সহিত গুণীর, ক্রিয়ার সহিত দ্রব্যের এবং ক্রিমানের সহিত নিত্য প্রমাণুর যে সম্বন্ধ, তাহার নাম সমবার—বস্তু ও স্থার যে সম্বন্ধ, তাহার নাম সমবার—

উক্ত এই বড়-বিধ পদার্থ ব্যতিরেকে প্রশাস্তপাদাচার্য্য স্বর্চিত "পদার্থ-ধর্ম-সংগ্রহ" গ্রন্থে "অভাবসপ্রমানাম্"—এইরূপ ভাবে অভাব-পদার্থের অবতারণা করিয়া অভাব (Non-existence) নামে অপর একটি সপ্তম-পদার্থের উল্লেখ করিয়াছেন। বরভাচার্য্যও সপ্ত-পদার্থবাদী, তিনি করাদের প্রতি বিক্লিং কটাক্ষ করিয়া, "অভাবক্ষ বক্তবাঃ", এইরূপ বাক্চাচুর্ব্যে কণাদের মুখ হইতে অভাবের কথা বাহির করিয়া লইয়াছেন এবং অনেকে এই কারণেই কণাদকে সপ্ত-পদার্থবাদী বিলিয়া মত প্রকাশ

করিয়াছেন। কিন্তু, সাংখ্য ও মীমাংসাদি দর্শনশাক্তে অভাবের বিষয় উল্লেখ থাকা সম্বেও এই সকল দর্শনে কেংই অভাবকে পদার্থরূপে বর্ণনা করেন নাই। বস্তুতঃ, অভাব বা অসুং একটি স্বতন্ত্র পদার্থ নহে—কেন, পরে উক্ত হইতেছে। অভাব তুই প্রকার, মধা—

- ১। সংস্গাভাব বা সম্বন্ধের অভাব।
- ২। অক্সোক্তাভাব বা ভেদ, বধা ঘটে পটের যে অভাব—এ অভাব "একরণে সং অপররূপে অসং।"

ন্ধাবার, সংসর্গাভাব ত্রিবিধ বধা—(ক) প্রাস্তাব (ধ) ধ্বংসাভাব, গে) অভ্যস্তাভাব।

- ্রে) পূর্বে বাহা ছিল না, এখন আছে, তাহাই প্রাণ্ভাব, যথা স্ত্রে ক্সাভাব। বস্তুকে 'প্রাণ্ডাব, বস্তু বলে।
  - (খ) পূর্বে ঘাহা ছিল, এখন নাই, তাহাই ধ্বংসাভ ব—বিনষ্ট ব্স্তুকে 'সদসং' বলে।
  - (গ) পূর্ব্বে যাহা ছিল না এবং আর কথনও হইবে না, তাহার নাম
    অন্তান্তাভাব, যথা—জড়ে চেতনের অভাব বা 'অসং'-এ 'সং'-এর
    অভাব।

অভাব কি ? তাহার স্বন্ধণই বা কি ? অভাব 'পদার্থ' কি না ? এ সকল বিষয়ের মীমাংদাচার্য্যভট্ট বেশ পরিষ্কার উত্তর দিয়াছেন, তিনি বলিয়াছেন—

"ভাবাস্তরমভাবে হি করাচিত্রবাপেক্ষা।"
——কোনরণ বৈলকণ্যের অভিপ্রায়ে এক ভাবপদার্থ অপর ভাবপদার্থের
(বট্-পদার্থের) অভাব-রূপে ব্যবহৃত হয়। কাজেই, অভাব দইরা এত
কোটাকাটি মারামারি' করিবার কোন আবশ্রকভাই নাই; কারণ, অভাব

বলিরা কোন স্বতম্র-পদার্থ নাই। একটি উদাহরণ লইলে বিষয়টি বেশ পরিকার হইয়া যাইবে—'বেদীতে ঘট আছে' এই বাক্যে অভাবের কোন কথাই উঠে না। ধরিয়া রাওয় যাউক, ঘটটি স্থানান্তরিত করা হইল—কাজেই তথন বলিতে হইবে 'বেদীতে ঘট নাই' বা 'বেদীতে ঘটাভাব আছে'। কাজেই 'ঘট আছে' একথা ব্যবহার হয় তথন, যথন 'ঘট বেদীতে থাকে' এবং যথন 'বেদীই কেবলমাত্র থাকে' ভথনই ঘটাভাবের ব্যবহার হয়—অর্থাৎ, 'ঘটের অভাব বেদীর কেবল অবস্থা' ভিয়্ম আয় কিছুই নহে। অভএব অভাব বে একটি পদার্থ ভাহাতে অবস্থা কোনই সন্দেহ নাই, ভবে ইহা অতিরিক্ত কোন পদার্থ নহে; বস্তুতঃ, এক প্রকার ভাব-পদার্থ ই অগ্ন প্রকার ভাব-পদার্থ র অভাব-রূপে সর্বধার ব্যবহৃত হয়।

কণাদের পরমাণুবাদ। ' মহর্ষি কণাদ বলিতেছেন, পরমাণু সৎ, নিত্য, অহুদের, অবিভাজা ও অকারণ। অকারণ এইজন্ত, বে পরমাণুই ঘট বা পট ইত্যাদির কারণ, ঘট বা পট পরমাণুর কারণ নহে। বদি আমরা ঘট প্রভৃতি অবয়ব-বিশিষ্ট রূব্যের অবয়ব বিভাগ করিতে আয়ন্ত করি, তাহা হইলে আমরা ক্রমণ: হল্ম হইতে হল্মতর, হল্মতর হইতে হল্মতম অবয়বে উপনীত হইতে হইতে শেষে এমন অবয়বে আসিয়া পৌছিব, বাহা আয় বিভাগ করা য়য় না—বাহার বিভাগই হইতে পারে না; যাহা অবিভাজ্য বা অভেছা, পরমাণুল পার্গা, "পরমবিপ্র" কণাদ তাহাকেই "পরমাণুল আখ্যা দিরাছেন। পরমাণু অতীক্রিয়, তাই তাহা অস্থ্যের অর্থাৎ অস্থ্যান সাপেক্ষ। পরমাণুর উৎপত্তি নাই বিনাশ ও নাই, এই অর্থ পরমাণু নিত্য। পরমাণু ভাব-পদার্থের অন্তর্গত, এই জন্ত ইহা সং। ছইটি

<sup>)।</sup> ইহাই আটীনতম পরমাপুৰাৰ— The first Atomic Theory ever propounded.

পরমাণুর সংযোগে দ্বাণুক ও কয়েকটি দ্বাণুকের সংযোগে অসরেণু উৎপন্ন হয় এবং এইরূপে ক্রমে ক্রমে মহাবরব-ত্রব্য উৎপন্ন হয়। † পাশ্চাত্য বিজ্ঞানোক্ত 'molecule', দ্বাণুক হইছে মহাবরব সমস্ত অবরব বিশিষ্ট পদার্থের নাম 'body', কণালোক্ত দ্বাণুক পাশ্চত্য বিজ্ঞানের (negative 'electron' & positive 'Proton.') এবং তাহার বিবৃত অসরেণুকে উক্ত বিজ্ঞানে বিবৃত 'atom' বলা ঘাটতে পারে। ‡

t "The cardinal principle of Kanada is that all material substances are aggregates of atoms. The atoms are simple & eternal, the aggregates or compounds only are perishable by disintegration...The first compound is of four atoms; the next consists of three double atoms & so on, In this way two earthly atoms acting under an uuseen law, 'acrista', constitute a double atom of earth; three binary atoms constitute a tertiary atom; four tertiary atoms make a quarternary atom; so on to gross, grosser, and grossest masses of earth. In this manner the great earth is produced, the great water is thus produced from aqueous atoms, great light for luminous atoms, and great air from aerial atoms."—R. C. Dutt in 'Early Hindu Civilisation'

<sup>† &</sup>quot;Six drops of water containing several 1000 millions & millions & millions of atoms. Each atom is about 1/100th of an inch in diameter. Here we marvel at the minute delicacy of the workmanship. But this is not the limit, within the atom are the much smaller electrons pursuing elliptic orbits, like planets round the Sun, in a space which relatively to the size is no less roomy than the solar system. The electrons are the lightest thing known weighing 1/1840 of the lightest atom. It is simply a charge of

পরমাণ্র আরও একটু বিশিষ্ট-পরিচর লওরা বাউক। মহর্ষি কণাদ বলিতেছেন, রূপ ও মহত্ব বহির্দ্র বা ও তদ্গত ক্রিয়া গুণাদির প্রত্যক্ষের কারণ, পরমাণ্র রূপও নাই মহত্তও, নাই, সেইজক্স পরমাণ্ অপ্রত্যক্ষ। আবার মহত্তও গুণগত নহে, দ্রব্যগত, তাই সাধারণ ঘট এবং পটাদি দ্রব্য পরমাণ্র অরূপ নয়, ইহারা পরমাণ্পুঞ্জের সমষ্টিবন্ধ দ্রব্যাস্তর এবং এই দ্রব্যাস্তরের নাম অবয়বী অর্থাৎ ইহাদের অবয়ব আছে। যে জাতীয় পরমাণ্ অবয়বীর আরম্ভক বা জনক, অবয়বীও সেই জাতীয় হইবে, পরমাণ্পুঞ্জও এই জক্য অভিরক্তি অবয়বী। রূপ ইক্রিয়-গ্রাহ্ বিষয়,

negative electricity wanding about alone. An atom consists of a nuclers which is usually surrounded by a girdle of electrons. It is often compared to a miniature solar system & the comparson gives a proper idea of the emptiness of an atom. The nucleus is compared to the Sun and the electrons to the planet. Each kind of atom, each chemical element has a different quorum of planet electrons-when we meet with an atom incompletely dressed and lost one or two electrons from its system we call it an 'ion.'-So far as the constitution of the atom is concerned it may be recaled that the real atom contains something which it has not entered into the minds of men to conceive. This "Something" is spread out in a manner by no means comparable to an electron describing an orbit. If the atom is excited into successively higher and higher quantum (quantum of action) states this "Something" begins to draw itself more and more together until It begins sketchily to outline an orbit and even imitates a condensation running round. And when the quantum number reaches infinity and the atom bursts, a genuine classical electron flies out and crystallises like a genii emerging from a bottle."

-Sir A, S. Eddington in "Stars & Atoms."

পরমাণ্র রূপ নাই—প্রচুর পরিমাণে পরমাণ্ মিলিত হইলেও উহা দৃষ্টি-গোচর হয় না। বস্ততঃ, পরমাণ্ অতীক্রিয়, আর এই জন্তই পরমাণ্ হারা সমারক অবয়নী অলীকৃত হইয়াছে—প্রমাণ, 'একঃ স্থুলো মহান্ হারু,', এই প্রত্যক্ষ অস্তৃত্তী। কণাদের মতে, অদৃষ্ট কারণ-বিশেষহারা পরমাণ্ সমুদরের সংঘোগে হইয়া বিশ্বসংসারের উৎপতি হইয়াছে।

কিঞ্চিৎ অপ্রাসদিক হইলেও এইথানে বলিয়া রাথা ভাল যে বৌদ্ধ দার্শনিকেরা কিন্তু অদৃষ্ঠ পরমাণুপুঞ্জ হইতে দৃষ্ঠ পরমাণুপুঞ্জের উৎপত্তি স্বীকার করিয়াছেন এবং তাঁহারা পরমাণু লইয়া বিশেষ ও বিশদ-ভাবে সমালোচনা করিয়াছেন; বাছল্য-ভয়ে এছলে সে সকল বিষয়ের অবতারণা করা হইল না।

শহর্ষি কণাদ এই পদার্থতথ বিষয়ে জ্ঞান ব্যতিরেকেও মুক্তির ফ<sup>ান</sup>্থ আখার শ্রবণ মনন ও নিদিধ্যাসন আবশ্রক শ্রুতিউক্ত এই বিধি নিবরে বারংবার উপদেশ দিয়াছেন। তাঁহার প্রবর্তিত বৈশেষিকদর্শনের কোন থানেই তিনি বেদ-বিশ্বদ্ধ কোন কিছুরই অবতারণা করেন নাই। অধিকল্প গ্রছারন্তে—১ম অধ্যায়ের ১ন আহ্লিকে, যে তৃতীয় স্ত্তের উল্লেখ করিয়া 'বেদই ধর্ম্মসহন্ধে মুধ্য প্রমাণ' ব্যাধ্যা করিয়াছেন, গ্রন্থ পরিসমান্তিতেও সেই একই স্ত্তের উল্লেখ করিয়া উক্ত বিষয়ের গুরুত্ব ও শ্রেত্র উল্লেখ করিয়াছেন, রথা—

"তৎবচনাৎ আন্নায়স্তা (বেদক্ত ) প্রানাণম্ ইতি।<sup>জ</sup>

— বৈশেষিক, ১০ম আ: ২য় আ:, ৯ম বা শেষ স্তা।
কণাদ আরও বলিয়াছেন মনন অন্মানের হারা সাধিত হয়, অন্মান
বাাপ্তিজ্ঞান না হইলে হইতে পারে না, আবার পদার্থজ্ঞান না জ্ঞানিল
বাাপ্তিজ্ঞান হয় না, কাজেই মহর্ষি বলিলেন, প্রস্পারা-সহদ্ধে পদার্থগুলির

বিশেষ-জ্ঞানই আত্ম-পরিচরের হেতু, তথা, মুক্তির উপায়। উপরক্ত আত্মা ও অনাত্মা উভয়বিধ পদার্থের জ্ঞান হইলে অনাত্মা-পদার্থ ত্যাগ করিয়া জীব আত্ম সাক্ষাৎকার লাভ করে-মোক্লের অধিকারী হয়—ত্রন্ধজ্ঞান লাভ করিতে সক্ষম হয়। মহাভারতের মধ্যে কৃষ্ণবৈপায়ন মহর্ষি বেদব্যাসও এই গৃঢ়-রহস্তের ইলিত দিয়া তাই বলিয়াছেন—

> "এক স্ববৃদ্ধি মনলোরি স্রিয়াণাঞ্চ সর্ব্বশঃ। আত্মানোবাাপিনস্তাত জ্ঞানমেতদমুত্তমম্॥"

—বংস, বৃদ্ধি, মন ও ইন্দ্রির সমূহকে বাহ্য-বৃত্তি হইতে নিবৃত্ত করিরা সর্বব্যাপী পরমাত্মাতে লীন করাকেই সর্ব্যোৎকৃষ্ট জ্ঞান বলিরা জানিও। ন্
মহর্ষি কণাদ এই বিশেষ-জ্ঞান লাভের উপায় স্বন্ধপু একটি প্রাকৃষ্ট পদ্মারই
ভাষার বৈশেষকদর্শনে নির্দ্ধেশ দিয়াছেন।

"उँ इतिः उँ।"

## সীমাংসাদর্শন

তৈত্তিরীয় সংহিতার প্রথম কাণ্ডে প্রথম প্রপাঠকের প্রথম অণুবাকে উক্ত হইয়াছে—

"বেদাস্থাবং কাণ্ডছয়াত্মক:।
তত্ত্র পূর্বাত্মন কাণ্ডে নিত্যনৈমিত্তিক
কাম্য নিবিদ্ধন্ধপং চত্র্বিধং কর্ম প্রতিপাত্মম্ ॥
ত্মত উত্তরকাণ্ড আরম্ধবা:।
আত্যাত্মিক পুরুষার্থসিদ্ধিন্দ দিবিধা।
সভ্যোত্মক ক্রমার্থসিদ্ধিন্দ দিবিধা।
অত্যাত্মক ক্রমার্থসিদ্ধিন্দ বিবিধা।
আত্মাত্তরকাণ্ডে ব্রেন্ধাপদেশো
ব্রেন্ধোপান্ডিন্দেত্যুভয়ং প্রতিপান্থতে॥"


—সমগ্র বেদ ত্ইকাণ্ডে বিভক্ত। তদ্মধ্যে পূর্ব্বকাণ্ডে, ১ম – নিত্য, ১য় – নৈমিত্তিক, ৩য় – কাম্য, '৪র্থ – নিষিদ্ধ, এই চারিপ্রকার কর্ম্মের বিষর বর্ণিত হইয়াছে —এ সকলগুলিই প্রবৃত্তিলক্ষণাক্রান্ত ধর্ম। পূর্ব্বকাণ্ড শেব করিয়া উত্তরকাণ্ড পাঠ আরম্ভ করা কর্ত্তবা। সভা মৃক্তি ও ক্রমমৃক্তি এই তুইরূপে আত্যান্তিক পূর্ববার্থ-সিদ্ধি বা অপবর্গ বা মৃক্তি তুই প্রকার; বেদের উত্তরকাণ্ডে এইম্বন্ধ রাম্বিবরক উপদেশ এবং ব্রন্ধোপাসনা এই ছইটি বিষয় প্রতিপদ্ধ করা হইয়াছে —এ ছইটিই নিবৃত্তিলক্ষণাক্রান্ত ধর্ম। বেদের প্রথম ভাগ, উক্ত পূর্বকাণ্ড বা কর্মকাণ্ড আপ্রর করিয়া বে মীমাংসাদর্শন প্রবর্তিত ভাষা পূর্ব্বমাংসা নামে খ্যাত, এবং বেদের

বিতীর ভাগ উক্ত উত্তরকাপ্ত বা দেবতা ও জানকাপ্ত আপ্রয় করির। বে শীমাংসাদর্শন প্রবর্তিত হইরাছে ভাহার নাম উত্তরমীমাংসা। কাজেই প্রতিপাল বিষয়ভেকে সমগ্র মানাংসাদর্শন বিধিধ এবং বিংশ অধ্যারে বিভক্ত, বধা—

- (ক) প্রথম ছাদশ অধ্যায়—জৈমিনি প্রবর্ত্তিত "মীমাংসাদর্শন",
- (থ) মধ্য চারি অধ্যায়—বেদব্যাস প্রবর্ত্তিত বেদান্তের অধুনান্ত "দেবতাকাণ্ড,"
- (গ) অন্ত চারি অধ্যায়—বেদগ্যাস প্রবর্ত্তিত স্থপরিচিত "বেদাস্তদর্শন।"

বেদবাস-শিশ্ব মহর্ষি জৈমিনিই পূর্বমীমাংসাদর্শনের প্রথম আচার্য্য এবং কর্ত্তা, অর্থাৎ প্রণেতা এবং সাধারণত ইহা "মীমাংসাদর্শন" বিলিয়াই পরিচিত। মীমাংসাদর্শনের আর এক নাম "লৈমিনিদর্শন।"

মহর্ষি জৈমিনি রচিত মীমাংসাদর্শন স্পর্বং গ্রন্থ, আদশ অধ্যায়ে ইহা
সমাপ্ত। জৈমিনি এক একটি বিষয়ের সিদ্ধান্তকে 'অধিকরণ এই-ক্ষীধ্যা
দিয়াছেন, প্রতি অধিকরণের পাঁচটি করিয়া অব্ আছে, বংগা—



শবরস্বামীভট্ট মীমাংসাদর্শনের ভাষ্টকার। প্রভাকর প্রণীত ভাষ্ট ও কুমারিলভট্টের 'মীমাংসা-ভট্টিকা' এই ড্ইথানিও মীমাংসাদর্শনের ভাষ্ট গ্রন্থ। বেদের কর্মকাণ্ড প্রধানতঃ বাগ-যজ্ঞের অন্তর্ভান-প্রক্রিয়া এবং সেগুলির মধ্যে কোনটি সম্পন্ন করিলে কি কি ফল লাভ করা বার তাহারই বিস্তারিত বিবরণ ও নির্দ্দেশ আছে । কৈমিনি বলেন, বেদ অপৌরুবের (revealed) ও নিত্য (eternal) বলিয়া বেদোক বাগ-যজ্ঞ-বিধি সমন্তই সভ্যের উপর প্রতিষ্ঠিত, কর্ম্মবহল এবং পুরুষার্থ-সিদ্ধির জন্ত একাক্ত প্রয়োজনীয়।

মহর্ষি জৈমিনি সেই জক্ত বেদের সদর্থ-ব্যাখ্যা মানদে, বেদোক্ত মন্ত্রের সন্দেহজনক স্থলে অসদর্থ করিয়া লোকে যাহাতে অসংগামী না হর এবং আপাততঃ বিরুদ্ধার্থরূপে প্রতীয়মান বেদবাক্য সমূহের মীমাংসাকরে লোকে যাহাতে প্রকৃত্ত-জ্ঞান লাভ করিতে পারে, এই অতীব মহান উদ্দেশ্য লইয়া মীমাংসাদর্শন রচনা করিয়াছেন। আরও এক কথা, যে যে বিষয়ে বেদের সৃষ্ঠিত স্থতির বিরোধ আছে বলিয়া মনে হয়, তত্তিছিবরের মীমাংসা এই দ্রৈমিনিদর্শনে আছে বলিয়া ইহাকে শ্রুতি ও স্থতির মধ্যবর্তী-গ্রন্থ বলা যাইতে পারে।

মীমাংসাদর্শনের প্রতিপান্ত বিষয়গুলি অনামধন্ত স্বর্গীর রমেশচক্র দক্ত তাঁহার রচিত "Early Hindu Civilization" গ্রন্থে পরিস্কার ভাবে, অতীব সংক্ষেপে সমিবিষ্ট করিয়াছেন, বধা—

"The Principal topics of the Purva Mimansa Sutras: First Chapter treats of the authority of enjoined duties.

Second to Fourth Chapters treat of the varieties of duty, supplimental duties and the purpose of the performance of duties.

Fifth Chapter treats of the order of the performance of duties,

Sixth Chapter treats of the qualification of duties.

Seventh to Eighth Chapters treat of the indirect precepts.

Ninth Chapter treats of the inferable changes, Tenth Chapter treats of the exceptions of changes. Eleventh Chapter treats of the efficacy.

Twelvth Chapter treats of the co-ordinate effect."
জৈমিন দর্শনের প্রথমেই আচে—

### "অথাতো ধর্মজিজ্ঞাসা।"

--भीमाः नामर्गन, २म ऋख।

— আচার্য্য প্রেরিত হইয়া যে যাগ-যজ্ঞাদির অনুষ্ঠান করা হয়, জৈমিনিদর্শনে
তাহাকেই 'ধর্মা' বলা হইয়াছে; অর্থাৎ, আচার্যোর উপদেশ অনুসাক্রে
অনুষ্ঠিত যাগ-যজ্ঞাদির নামই ধর্মা।

"ব এব শ্রেয়ঙ্কর: স এব ধর্মপ্রেনোচার্ভে।"

—মীমাংসাদর্শন, ১।২র প্রভাষ্য।

—বাং। অন্নত্তান করিলে মলল হয় তাহাই ধর্ম। ধর্ম শবের এইরূপ সংক্ষিত্ত ও সর্কারাপক অর্থ-নির্ণর (definition) পুর অন্নত দৃষ্ট হয়। ধর্ম অর্থে ওধুই 'Religion' বুঝার না, তবে 'Religion'-এর অর্থ নির্ণন্ধে পাশ্চাত্য-দর্শনে স্থপত্তিত 'Newman Smith' অনেকটাই উপরোক্ত রূপেই ব্যাখ্যা স্বিভারে দিতে চেটা করিয়াছেন। তিনি বলিয়াছেন—

"Religion is an inward life, a meditation, a waiting,

a listning, a hush and hope of the soul; man's hour before Heaven's dawn. But religion is also action. It is taking the purse—all the purse which one has—and the traveller's wallet and even if need be, a soldier's sword."

পাশ্চাত্য দার্শনিক 'Max Muller' একস্থানে বলিয়াছেন-

"Religion places the human soul in the presence of its highest ideal, it lifts it above the level of ordinary goodness and produces at least a yearning after the higher and better life—a life in the light of God."

কিন্তু, এইগুলি 'ব এব শ্রেষ্কর: স এব ধর্ম' এই অর্থ-নির্ণয়ের তুলনায় অনেক নিমন্তরের। মহর্ষি কৈমিনি কর্মকেই প্রধান বলিয়া স্বীকার করিয়াছেন। তিনি "কর্ত্তা" স্বীকার করেন না; তাঁহার মতে কার্মরাতিরেকে যথন কোন কার্যাই সন্তবে না তথন কর্তৃত্বরেও কারণ আহছে—যাহা একের কর্ত্তা তাহা আবার আর একটির কর্ম্ম, এবং এই প্রকারে ধারাবাহিকরূপে এক মহান-কর্মশ্রোত চলিতেছে। "কর্ত্তা" এই ক্রমিক কর্মপ্রোতেরই একটি অংশ বা অবস্থা বিশেষ। কর্মের শেষ নাই; কর্ম্ম হইতেই উৎপত্তি, স্থিতি ও লয় হয়। নদীর জলের পরিবর্তান ইইতেছে প্রতিক্ষণেই, কিন্তু নদী যেমন চিরদিনই বহিতেছে তেমনই একটি কর্ম্মের উৎপত্তি, স্থিতি ও ল হইলেই অপর কর্ম্মের উদ্ধ হইতেছে এবং এই কর্ম্মধারার বিরাম কিন্তা বিশ্রাম কিছুই নাই। আন্ত হাহা কিছু— স্থপ-ছংখ-ভয়, উন্নতি-অবনতি, বন্ধতা-মৃক্তি, গুরুত্ব-দেবত্ব প্রভাত সমন্তব্ধ কর্ম্ম হইতে উৎপন্ধ, কর্ম্মেরই রূপান্তর মাত্র।

মহামহোপাধ্যায় চক্তকান্ত তকালভার মীমাংসাদর্শন সহত্তে যে

মস্বব্য তাঁহার "শ্রীগোপাল বহু মল্লিক কেলোসিপ" বক্তৃতার দিরাছেন, প্রত্যেক শ্রন্ধান্তি দর্শন-পদ্বির তাহ। বিশেষ ভাবে প্রণিধান যোগা। তিনি লিখিয়াছেন—

"সত্য বটে, কৈমিনির কর্ম-মীমাংসা কর্মকাণ্ডীর বেদবাক্যাবলীর মীমাংসায় পর্যাবসিত। মীমাংসাদর্শনের প্রয়োজন মুক্তি নছে, কর্মের অবরোধ মাত্রই ( একান্ত অফুষ্ঠানই ) তাহার প্রয়োজন। কিন্তু মুক্তি সাক্ষাৎ সম্বন্ধে তত্ত্ত্তানসাধ্য হইলেও পরোক্ষভাবে কর্মণ মুক্তি সম্পাদন করে, কেন না কর্ম দারা স্তভ্তিম না হইলে তত্ত্তানের আবিভাব হয় না — অতএব मुक्ति भौभारमानर्गतनत माक्याए-প্রয়োজন না হইলেও পরম্পরা-প্রয়োজন তাহাতে সন্দেহ নাই, কারণ চিত্তভদ্ধির একমাত্র কারণ কর্মা ও তাহাই মীমাংসাদর্শনের আলোচ্য বিষয়। \* \* \* আর এক কথা. মুক্তি আর অমৃতত্ব এক পদার্থ, ইহা সমস্ত দার্শনিকদিগের অবিসংবাদী সিদ্ধান্ত, আর বেদে আছে সোম বাগ করিলে অমৃতত্ত লাভ হয়—মৃত্তি ও অমৃতত্ব এক কথা। অতএব বলা ঘাইতে পারে যে জৈমিনিদর্শনেরও প্রয়োজন মুক্তি, তবে জৈমিনি থাহাকে মুক্তি বলেন অপর দার্শনিকেরা তাহাকে মুক্তি বলেন না। জৈমিনির মতে মুক্তি আত্মস্বরূপ নহে, স্বৰ্গাদির ক্যায় লোকান্তর বা স্বৰ্গবিশেষ, কাব্ৰেই জৈমিনি-সম্বত মুক্তি ও অপরাপর দার্শনিকের সম্মত মুক্তি ভিন্ন ভিন্ন, একরূপ নছে, এই মাত্র প্রভেদ-ইহাতে কিন্তু যায় আসে না। প্রচুর পরিমাণে দার্শনিকদিগের পরস্পর মতভেদ দেখিতে পাওয়া যার। স্বরণ ুরাখিতে হইবে যে দর্শন সকলের প্রছান-ভেদ্র এইরূপ মতভেদের কারণ। \* \* \* রামাত্র স্বামীর মতে জৈমিনির পূর্কমীমাংসা ও বেদবাসের উত্তরমীমাংসা বা বেদাস্ক, এই দুইটি, ভিন্ন ভিন্ন দর্শন নহে—উভন্ন মিলিয়া একটি দর্শন, একট

দর্শনের ভিন্ন ভিন্ন অংশ তাঁহারা প্রণরন করিরাছেন— মর্থাৎ বেশের কর্মকাণ্ডাংশ দ্বৈমিনি ও জ্ঞানকাণ্ডাংশ বেদবাস প্রণরন করিরাছেন— কাল্লেই উভর মিলিয়া একই মীমাংসা দর্শনের উদ্দেশ্য যে মুজি তাহাতে কোনই সন্দেহ থাকিতে পারে না। লোক-প্রসিদ্ধি-হতু একটির নাম মীমাংসাদর্শন এবং অপরটি বেদান্তদর্শন বলিয়। থাতে।"

শব্দ প্রমাণ, অর্থাং বেদকেই, জৈমিনি স্কপ্রধান প্রমাণ বলিয়া বীকার করেন। প্রত্যক্ষ-প্রমাণ তাঁহার মতে শব্দ-প্রমাণ হইতে নিরুপ্ত এবং অন্ত্যান ও উপমান এই প্রত্যক্ষেত্রই অবীন। জৈমিনি বলেন, ইন্দ্রিয় বারা আমরা সম্যক জ্ঞান লাভ করিতে পারি না, কাজেই প্রস্কৃত্ত জ্ঞান লাভ করিতে হইবে শব্দকেই অর্থাং বেদকেই শ্রেষ্ঠ প্রমাণক্ষণে বীকার করিতে হইবে।

মংহি জৈমিনির বেদের শ্রেষ্ঠিছ স্বীকারে একটু কিন্তু বিশেষত্ব আছে। কৈন্ত্রিনি বলেন, বেদোক্ত কর্মান্থ্র্টান এবং মন্ত্র-সাধন আমাদের একান্ত ও অবশ্র কর্ত্তর। মন্ত্রের নিমিন্তই মন্ত্র-সাধন ও যজ্ঞাদি কর্ম্বের নিমিন্তই বজ্ঞান্থ্র্টান এবং এই যক্ত্র এবং মন্ত্র কর্মাকে শুভাশুভ ফল দান করে। ক্রৈমিনিদর্শনে মন্ত্রাভিরিক্ত দেবতা স্বীকৃত হয় নাই। যদি কোন ঘটে ইন্দ্রের আবাহন করা বায় এবং দেবরাক্ত ইন্দ্র তাহাতে অধিষ্ঠিত হন তাহা হইলে ঐরাবতে আরচ্চ ইন্দ্রের ভাবে ঘট চুর্ব বিচুর্ব হইবারই কথা; অপর পক্ষে কৃত্র ঘটিতে যুগপৎ, এক অভিকার ঐরাবত ও ভাহার পৃঠ্রে আরচ্ছ ইন্দ্রের স্থিতি অসম্ভব—কাজেই যে মন্ত্রে যে দেবতার আবাহন করা হয় সেই মন্ত্রন্থেই সেই দেবতা (শরীয়ীরণে নহে) বলিয়া স্বীকার করিয়া লইলে আর কোনই গোল থাকে না। আবার মন্ত্রাদিতে বর্ণিত কোন

পিতৃপুক্ষ বা দেবতা বা ঈশ্বর আমাদিগকে কর্ম্মনল দান করিবেন এরপ কল্পনা করা উচিত নহে, কারণ কল্পনা আমাদিগের মানসিক ব্যাপার মাত্র, বেদ-বিহিত নহে। এই বিবরে 'মলমাসভত্ত্ব' মুমুক্ষুক্ত্য নামক প্রস্তাবে শ্রীরঘুনন্দন্ত্রার্ভ-বৃত্ত একটি স্থানর বচন আছে। বচনটি এই—

> "বেদোক্তমেব কুর্ব্বাণো নি:সঙ্গোহর্পিতৃমীখরে। নৈদ্বর্ম লভতে সিদ্ধিং রেচনার্ধা ফলম্রুতিঃ॥"

— অর্থাৎ, বেদোক্ত কার্য্য যাহা করিবে তাহা অনাসক্ত চিত্তে সম্পন্ন করিবে ও তাহার ফল ঈশ্বরে অর্পণ করিবে। এইরূপ নিজাম কর্ম্মের ঘারাই জ্ঞান লাভ করিয়া মামুষ কর্ম্ম হইতে বিরত হইতে পারিলে তবেই সিদ্ধি লাভ করে। স্বর্গস্থাদি নানা, প্রকার ফলশ্রুতি যাহা শাস্ত্রে বর্ণিত আছে তৎসমুদর্ অজ্ঞান লোকদিগের ধর্মবিষয়ে আস্ত্রিক উৎপাদনের নিমিত্ত প্ররোচনা মাত্র, যথা—

"ভৈষজ্যে ঔষধে রুচ্যৎপাদনং।"

—রঘুনন্দন ধৃত অষ্টাবিংশতিতত্ত্ব স্থৃতি।

—বেমন চিকিৎসা শাল্লে বর্ণিত ঔবধ সমূহে ক্লচি করণার্থ নানা প্রকার মোদকের ব্যবস্থা আছে, সেইলপ।

অনেক দার্শনিকদিগের মতে মহর্ষি জৈমিনি নিরীখরবাদী। বাডবিক কিন্তু তাহা প্রস্তুত নহে। তিনি বেদোক্ত কর্মকাণ্ডের স্বস্থু ব্যাখ্যাও তাহার স্বন্ধণ কথনেই ব্যাপ্ত, তাহার মীমাংসাদর্শনে কর্মের শ্রেষ্ঠছ ইাপনেই তিনি বন্ধপরিকর—জ্ঞান বা আত্যন্তব্ব বা মৃক্তি এবং ঈশার সম্বন্ধে বিশেষ কোন বিবরণেরই তিনি অবতারণা করেন নাই—'সে পথ দিয়াই

..

চলেন নাই'—কারণ উক্ত জ্ঞানাদিতত্ব লাভ করিতে হইলে প্রথমে যাহা একার আবশুক সেই সর্ভন্ধি হেতু কর্ম্মেরই ব্যাখ্যা এবং শ্রেষ্ঠত্ব প্রতি-পাদন করিয়াছেন।

দর্শন বাতিরেকেও মহর্ষি কৈমিনি একথানি সংহিতা রচনা করিয়াছেন, এবং ইহা 'জৈমিনি-ভারত' বলিয়া খাত। মহাভারতের অন্তর্গত অখ্যমেধ পর্ব্ব কৈমিনির রচিত এবং জনসাধারণের মধ্যে ইহাই লোকপ্রবাদ যে পাঁচ জন ঋষির নাম উচ্চারণ করিলে বজ্ঞাঘাত নিবারিত হয় ও এই বজ্রবারক পাঁচ জন ঋষির মধ্যে জৈমিনি অক্ততম। যথা—

> "জৈমিনিক স্থমস্তক্ষ বৈশপ্সায়ন এব চ॥ পুলন্ত্যঃ পুলহক্ষৈব পঞ্চৈতে বজ্ৰবারকাঃ॥"

—ইহাতেই বুঝা বায়, তড়িৎ ( Electricity ) বিভাতেও ক্রৈমিন মুনির সবিশেষ বৃংপত্তি ছিল।

"ওঁ তৎসং।"

# বেদান্তদর্শন

"গণেশ ব্রহ্মেশ স্থারেশ শেষাঃ স্থান্ত সর্বেষ মনবা মুণীক্রাঃ।
সরব্বতী শ্রীগিরিজাদিকা বম্ নমন্তি দেবাঃ প্রণমামি তং বিভূম্॥"
—ব্রহ্মবৈষ্ঠ পুরাণ, ১ম ক্রে ।

বেদান্ত দর্শনের প্রণেতা মহর্ষি বাদরায়ণ; ইনিই ক্লফ্টেপায়ন বেদব্যাস নামে বিখ্যাত—ইহার প্রকৃত নাম ক্লফ, খীপে জন্মগ্রহণ করিয়াছিলেন বলিয়া তাঁহার উপনাম হয় হৈপায়ন, এবং বেদ বিভাগ করিয়াছিলেন বলিয়া তিনি ব্যাস ( অর্থাৎ বিভাগ কন্তা ) এই আখ্যা লাভ করেন।

সমগ্র বেদ "পূর্বকাণ্ড" ও "উত্তরকাণ্ড" এই ছাই ভাগে বিভক্ত, ইহা পূর্বেই উক্ত হইরাছে। বেদের উত্তরকাণ্ডে বর্ণিত ব্রদ্ধ বিষয়ক উপদেশ ও ব্রহ্মের উপাসনা, তথা আরণ্যক ও উপনিষদ, অর্থাৎ, 'ব্রহ্ম'ই বেদাস্তদর্শনের মুখ্য প্রতিপাল্ড বিষয়—বেদাস্তদর্শন এই জন্ত 'ব্রহ্মেযুর' নামেও অভিহিত হয়। বেদের উত্তর অর্থাৎ অন্ত-কাণ্ড অবলম্বনে রচিত বলিয়া বেদাস্তদর্শনের সাধারণ নাম "বেদাস্ত"।

বেদাক্তদর্শন উত্তরমীমাংসা গ্রন্থের একটি ভাগ। সমগ্র উত্তর-মীমাঃসার ছই ভাগ, একটি "দেবতাকাও" অপরটি "জ্ঞানকাও" এবং প্রত্যেকটি চারি অধ্যার করিয়া আট অধ্যারে ইহা সম্পূর্ণ; উভর কাওেরই স্ফ্রকার বেদব্যাস। প্রথম চারি অধ্যার মন্ত্রোলিখিত দেবতার মীমাংসায় নিরোজিত—ইহাই দেবতাকাও এবং অপর চারি অধ্যায়—
অর্থাৎ, জ্ঞানকাণ্ডই সুপরিচিত বেদান্তদর্শন। 'সর্ব্ধ-সিদ্ধান্ত-সংগ্রহ' গ্রন্থে
শীমং শঙ্কাচার্য্য লিখিয়াছেন—

"পূর্বাধ্যায় চকুছেশ মন্ত্রবাচ্যত্র দেবতা। সঙ্গর্মণোদিতা ভদ্ভি দেবতাকাগুমূচ্যতে॥ ভাষ্যং চকুর্ভিবধ্যায়োর্গুগ্রদ্ধান নির্মিতম।"

— সর্ক সিদ্ধান্ত সংগ্রহ, উঃ প্রঃ ২১শ-২২শ হত।

—উত্তর মীমাংসার পূর্বার্দ্ধ, যাহা দেবতাকাণ্ড নামে অভিহিত করা হইয়াছে—যাহার ব্যাথা বলরাম করিয়াছিলেন তাহা এখন কোণায় ? কে বলিবে ? ভাগবৎপাদ গোবিন্দ যে এই দেবতা-কাণ্ডেরই এক অপূর্ব্ব ভাষ্ম রচনা করিয়াছিলেন তাহাই বা কোণায় আছে ? কেই বা বলিয়া দিবে ? ইহা জানিয়া রাথা কিন্তু বিশেষ আবন্ধক; আশা করি দর্শনপছিয়া এ বিষয়ের অফুসন্ধানে তৎপর থাকিবেন।

্বাসদেব বেদান্তদর্শনে অবৈভবাদ প্রচার করেন। জীবাত্মা ও এক যে এক পদার্থ তাহা প্রতিপাদন করাই বেদান্তদর্শনের উদ্দেশ্য। বেদান্ত বলেন "সর্ববংথবিদংএক"—সমন্তই এক, এক্ষই জগতের আদি কারণ।

#### "একাছত বতঃ।"

#### ---বদ্দত্ত্ত্ব, ১ম পাদ ২য় হতা।

— 'কল্য' অর্থাৎ এই বিশের 'জন্মাদি' অর্থাৎ উৎপত্তি, স্থিতি ও লর এই তিন কার্যাই বাঁহা হইতে সংসাধিত হর তিনিই 'ক্রম্ব'। তাঁহার পরিচর কি । নিরালখোপনিবদে উক্ত ইইয়াছে, একসমরে ক্ষমি ভর্মাজ ক্রমতন্ত্ব জিঞ্জান্ত হইয়া ক্রমার সমীপে উপনীত হইয়া জিঞ্জানা ক্রিলেন, "ভগবন্ কিং ব্রন্ধেতি ?"—ভগবান ! ব্রন্ধ কাহাকে বলে ? ব্রন্ধা উত্তর করিলেন—

"অচিন্ত্যোপাধি বিনিমু ক্তিমনাজন্তং শুৰুং শান্তং নির্গুণং
নিরবয়বং নিত্যানন্দং অথইওকরসং অবিতীয় চৈতজাং ব্রহ্ম।"
— যিনি উপাধি রহিত, আজন্ত রহিত, শুদ্ধ, কর্তৃত্যাদি অহলার শূল্প, শান্ত,
রাগদেবাদি রহিত, নির্গুণ, সন্থ রক্ষা ও তম গুণাতীত, শরীর-রহিত, সর্কাদা
ক্ষথ (আনন্দ) স্বরূপ, বাঁহার নিত্য-জ্ঞানাদির কথন খণ্ডন নাই এবং
বাঁহার স্বরূপ আর বিতীয় নাই—এই সকল বাক্য বারা বে চৈত্ত অমুভূত
হয়, তিনিই ব্রদ্ধ।

ব্রক্ষের হুইটি লক্ষণ, একটি তাঁহার স্বরূপ-লক্ষণ, আর একটি তাঁহার তটত্ব-লক্ষণ। তৈতিরীয় উপনিষদে এই হুইটি লক্ষণেরই নির্দ্ধে আছে। উক্ত উপনিষদের এয়া বলী, ১ম অন্থবাকে উক্ত হইয়াছে—

"যতো বা ইমানি ভূতানি জান্বছে॥
বেন জাতানি জীবন্তি॥
বৎ প্রযন্তাভিসংবিশন্তি॥
তবিজিজ্ঞাসম্থ॥
তদ্তক্ষেতি॥"

—বাঁহা হইতে যাবতীর প্রাণী উৎপন্ন হয়, উৎপন্ন হইয়া বাঁহাতে তৎসমুদায় ছিতি লাভ করে এবং প্রলায় সময়ে আবার সেই মুমন্ত বাঁহাতে প্রবেশ লাভ করিয়া লয় পার, তাঁহারই বিষয় জিজাদা কর, তাঁহারই বিষয় জিজাদা কর, তাঁহারই বিষয় (প্রবেশাদি সাখন ছারা) জানিতে চেষ্টা কর, তিনিই ব্রহ্ম। ব্রহ্মের এই যে সকল লক্ষণ ক্ষিত হইল, এ সকলই তাঁহার ভটত্ত-লক্ষণ। ব্রহ্মের অ্বস্থানক্ষণ সম্বাহ্মে উক্ত উপনিষ্কার হয়া বন্ধী, ১ম অনুবাকে উক্ত ইইয়াছে—

"সভ্যং জ্ঞানমনস্তং ব্ৰহ্ম, আনন্দরপমমুভম্। যবিভাতি শাস্তং শিবমবৈতং ভ্ৰমপাপবিছম্॥"

— ব্রহ্ম সত্য স্বর্লণ, জ্ঞান স্বর্লণ, অনন্ত স্থুরূপ; ব্রহ্ম, অর্থাৎ বিনি সর্ব্বাপেকা শ্রেষ্ঠ, তিনি আনন্দরূপে, অমৃতরূপে প্রকাশ পান—তিনি শান্তি-স্বরূপ, মৃদ্ধ্য-স্বরূপ, অধিতীয়, শুদ্ধ এবং পাপ-স্পর্শ রহিত।

গীতায় ১৫শ অধ্যায়ে ১৫শ স্লোকে শ্রীভগবান বলিতেছেন—

"দৰ্ববস্তচাহং ছদিসন্নিবিষ্টো মন্তঃ স্বৃতিজ্ঞ নিমপোহনঞ্চ। বেইন-চ সুইৰ্বব্ৰহমেববেজো বেদাস্তক্ষেদবিদেবচাহম্॥"

- --- "প্রবেশিয়া সমুদায় প্রাণীর হৃদয়ে,
- আছি আমি সকলের অন্তর্যামী হয়ে, অতীতের স্থতি ভাবি—জ্ঞানের উদর আমা হ'তে হয়, পুনঃ আমা হ'তে লয়; আমিই সকল বেদে জ্ঞাতব্য কেবল,
- বেদ-বেন্তা, বেদ-কর্ত্তা আমিই সকল।"—স্থাকর গীতা।

এমন যে একা, তাঁহার স্থিতি ও কার্যা এবং তাঁহার তটন্ত ও স্বরূপ-লক্ষণ বিষয়ে সম্যক পরিচয় বা জ্ঞান লাভ করা কিন্তু অতীব ত্রুহ বাাণার। এক-জ্ঞান সহক্ষে শ্রীভগবান স্বয়ং বলিতেছেন—

> "শ্বহং বেন্তি, শুকো বেন্তি, ব্যাস বেন্তি ন বেন্তিবা,… ডব্জা ভাগবতং বেন্তি…………ইত্যাদি।"

—কাজেই ব্রহ্মজ্ঞান জীবের একান্ত কাম্য-বস্ত হইলেও, ব্রহ্মজ্ঞান লাভ করিতে তাহার মন-প্রাণ যভই আকুল হউক না কেন, কিছা 'হু:খ-অয়াভিঘাতাজ্জিঞান। তদববাঁতকে হেতে)' দর্শন-বিশেবের পরিচর বতই ব্রহ্মজ্ঞান লাভার্থ অত্যাবশ্রক বিবেচিত হউক না কেন, মাহবের উৎসাহ যতঃই কমিরা আ'নে, ভরসা নির্মূল, হইরা নিশ্চেইতার পরিণত হয়। আশার অত্যুজ্জন আলোক কিন্তু সর্কাদাই বিভ্যমান রহিয়াছে; কবি গাহিয়াছেন—

"সিদ্ধ শৈল গ্রহ জ্যোতি সাকার বা নিরাকারে সমভাবে বিভূ হেরে ভাবুক হৃদয়াগারে। অজ্ঞানতা অভিমানে, বদ্ধ করে নামে হানে, হেষাহেম"ভেদ-জ্ঞানে, তর্ক বুক্তি অহকারে॥ যথায় বিরাজে শাস্তি, দুন্দ আসি করে ভ্রান্তি, সাধু হেরি প্রেমকান্তি ভাসে প্রেম পারাবারে। মিলে যথা সাধু বর্গ, ধরায় তথায় স্বর্গ (নিত্য) এ মিলনোৎসর্গ, হেষহন্দ হরিবারে॥

—সাধু ও স্থীর মিলন হইলে, ত্বের বা ছন্দ্, সাকার বা নিরাকার, তর্ক এবং অহস্কারের স্থান থাকে না; তাই সাহস সঞ্চয় করিয়া ব্রহ্মজ্ঞান বিষয়ে, প্রক্রের পরিচয় লাভ উদ্দেশ্যে, বেদাস্তদর্শনের প্রতিপাত্ত কয়েকটি মাত্র বিষরের বংকিঞ্চং আলোচনায় প্রবৃত্ত হুইং—সকলেরই সাহায্য প্রার্থনা করি।

উপনিষদ শান্তি পাঠ করিলেন-

"ওঁ পূর্ণমদ: পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমৃদ্যতে। পূর্ণজ পূর্ণমাদায় পূর্ণমেবাবশিক্ততে। ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ॥"

—ঈশ, শান্তিপাঠ।

—ইং-ব্দগতের দৃশ্য ও অদৃশ্য সকল বন্ধই পূর্ণত্রন্ধ দারা পরিপূর্ণ বা ব্যাপ্ত। এই পূর্ণপ্রকৃতি ত্রন্ধের পূর্ণতা দারা বাগৎ প্রকাশিত হইলেও সেই পরিপূর্ণ সন্থার পূর্ণতার কিছুমাত্রই হাস হয় না---জগতে প্রতিনিয়ত শান্তি বিরাজ কঞ্জ।

ঈশোপনিষদই আবার নির্দেশ দিরেন—

"ঈশা বাক্তমিদং সর্বং যৎ কিঞ্চ জগত্যাং জগৎ। তেন তক্তেন ভূঞীথা মা গুধঃ কন্তাখিজনম্॥"— ঈশ, ১ম হত্ত।

—ইং-সংসারের সকল বস্তুই ব্রহ্ম দারা পরিব্যাপ্ত। পার্থীব যাহা কিছু সমস্তই নশ্বর ও অকিঞিংকর; অতএব অঞ্পুরের উপার্জ্জিত অর্থে লোভ না করিয়া, যাবতীয় মিথ্যা-বস্তু পরিত্যাগ করিয়া, আত্মস্থ হইয়া, তাঁহার (ব্রহ্মের) যথার্থ স্বরূপ উপলব্ধি কর।

কেনোপনিষ্দ্ প্রশ্ন তুলিলেন---

"কেনেষিতং পততি প্রেষিতং মন: কেন প্রাণ: প্রথম: প্রৈতি যুক্ত:। কেনেষিতাং বাচমিমাং বদস্তি চক্ষ: প্রোত্রং ক উ দেবো যুন্জি॥"—কেন, ১।১ স্তাত্ত।

—কাহার ইচ্ছার আদিও বা প্রণোদিত হইরা মন গতিশীল হইতেছে?
শরীরাভ্যস্করন্থ যে প্রাণ, সেই বা কাহার নিয়োগে নিজ্ঞ কার্য্য সম্পাদন
করিতেছে? লোক সকল কাহার ইচ্ছার নিয়োজিত হইরা বাক্য (শস্ব)
উচ্চারণ করিতেছে এবং কোন সে দেবতা যিনি চক্ষু ও কর্ণকৈ স্ব স্ব
কার্য্যে নিযুক্ত করিতেছেন?

কেনোপনিষদই আবার প্রশ্নটির উত্তর দিপেন—

"প্রোক্ত প্রোক্ত শ্রোক্ত স্বাদ্য বিদ্যালয় ব

চকুষতকুরতিম্চা ধীরা:,

প্রেক্তাশালোকাদম্তা ভবস্তি॥ — কেন, ১।২ হত্ত।
— যিনি কর্ণের কর্ণ, মনের মন, বাক্যের বাক্য, তিনিই প্রাণের প্রাণ, চক্ষুর
চক্ষুরপ—অর্থাৎ তিনিই, সেই ব্রক্ষই, উহাদের প্রবর্তক। জ্ঞানিগণ
এইরূপে জ্ঞান হারা ইক্রিয়ে আত্মভাব ত্যাগ করিয়া মৃত্যুর পর অমরত্ব লাভ করিয়া থাকেন।

কাহাকে দর্শন করিলে নিত্য-শাস্তি লাভ করা যায় ও নিত্য-স্থুওভাগ করিতে পারা যায় ? কঠোপনিষদ তাহার নির্দ্দেশ দিলেন—

> "একো বশী সর্বভৃতান্তরাত্মা একং রূপং বহুধা যঃ করোতি। তমাত্মত্বং যে২ছুপশুস্তি ধীরা-স্তেষাং স্থুখং শাখতং নেত্রেযাম্॥"

> > -- कर्ठ, २३१ वहाँ >२**न २**७।

— যিনি এক এবং সর্কানিয়স্তা এবং সর্কাভ্তের অস্তরাত্মা ইইয়াও স্বীর অধিতীয় রূপকে দেব-মাহুযাদিভেদে বছরূপ করিয়া থাকেন, বে ধীর ব্যক্তি তাঁহাকে নিজ নিজ হৃদয়ে সাক্ষাৎ অহতেব করেন, দর্শন করেন, তাহারাই নিত্যকাল স্থতভাগ করেন; অপরের ছারা—অবিবেকী (অজ্ঞানী) জীবদিগের ছারা, তাহা সন্তবে না। নিত্য-শান্তি-ভোগ করেন তাঁহারা—

"নিত্যোহনিত্যানাং চেতনক্ষেতনানানেকো বহুনাং বো বিদ্ধাতি কামান্।
তমাত্মস্থং বেংহুপ্সন্তি ধীরাতেষাং শান্তিঃ শাশ্বতী নেতরেবাম্॥"

—কঠ, ২য়াবলী ১৩শ হত্ত ।

— যিনি দ্রুকল নম্বর পদার্থের মধ্যে নিত্য-পদার্থ, যিনি জীবসকলের চৈতক্ত সম্পাদক, যিনি এক হইয়াও সকলের কামনা পূর্ণ করেন, বে সকল ধীর ব্যক্তি সেই বুদ্ধিত্ব আত্মাকে সাক্ষাৎ দর্শন করেন তাঁহারাই নিত্য-শাস্তি লাভ করেন, অক্তে নহে।

ব্রহ্মের সাক্ষাৎকার লাভ করা যায় কেমন করিয়া তাহাও কঠোপনিষদ্ প্রকাশ করিলেন—

> "ন সংগৃশে ভিষ্ঠতি ক্রপমশু ন চকুযা পশাতি কন্চিদেনম্। ক্রদা মনীযা মনসাভিক্ত প্রো য এনং বিহুরমৃতান্তে ভবস্তি॥"

> > —কঠ, ৩য়া বল্লী ৯ম হত্ত্ৰ।

—পরমাত্মার প্রকৃতরূপ সাধারণভাবে দৃষ্ট হয় না, কারণ কেহই তাঁহাকে
চক্ষুর দারা দর্শন করিতে পারে না। তিনি কেবলমাত্র হান্তত সংশ্ব-রহিং
বৃদ্ধিবারা মনের সাহায়ে সম্যক প্রকাশিত হন; অর্থাৎ, এই উক্ত উপায়েই আত্মাকে জানা যায়। যাহারা আত্মাকে ব্রহ্ম ভাবে অবগত হন, তাঁহারা অমরত লাভ করেন—তাঁহারা মুক্ত হন। আবার—

"যন্তামতং তক্ত মতং
মতং যক্ত ন বেদ সঃ।
অবিজ্ঞাতং বিজানতাং
বিজ্ঞাতমবিজানতাম্॥"
—কেন, ২।০ হত্ত।

— যিনি বিবেচনা করেন 'আমি এককে আনি না,' প্রকৃতপকে তিনিই এককে আনি, আর যিনি মনে করেন 'আমি এককে আনি,' বস্ততঃ তিনিই একের বিষয় কিছুই জানেন বা। কেন না, বিজ্ঞ ব্যক্তিরা এককে অজ্ঞের বিনিয়াই জানেন, আর শুজু ব্যক্তিরাই তাঁহাকে জ্ঞের বিশিয়া বিবেচনা করিয়া থাকেন। সে আবার কেমন? বৃহদারণ্যক্ ভাহার 'হদিদ' দিলেন, যথা—ভগবান বলিলেন,

"অহং চকুবহং দৃষ্টিরহং রূপমহত্তথা। জন্তী চাহং তথা জ্ঞানং জ্ঞাতাহং জ্ঞেয়মণ্যছম্॥"

—বৃহদারণ্যক, ৩য় হত্ত ।

— আমিই চকু, আমিই দৃষ্টি. আমিই রূপ, আমিই দ্রষ্টা; দেইরূপ আমিই জ্ঞান, আমিই জ্ঞাতা এবং আমিই জ্ঞের।

কেমন করিয়া ব্রহ্মকে জানিতে পারা যায় ? কিরূপেই বা ব্রহ্মজ্ঞান লাভ হয় ? তাহার লক্ষণই বা কি ? পঞ্চদশী গাহিলেন—

> "যো ব্রহ্মবেদ ব্রদ্ধৈব ভবতোব ইতি ঐতিম্। শ্রন্থা তদেকচিত্তঃ সন্বন্ধ বেত্তি ন চেত্রঃ॥"

—পঞ্চদশী, ৭।২৪ সূত্র।

— যিনি ব্রহ্মকে জানেন তিনিই স্বয়ং ব্রহ্ম-স্বরূপ হন। 'ব্রহ্মবিদ্ বর্টারন ভবভি' এবং 'শোভা ডক্ত মুখে য এবং বেদেভি'— ব্রহ্মজ্ঞান প্রাপ্ত হইকে মান্তবের মুখ এক প্রকার শোভার উদ্ভাসিত হইতে দেখা যায়—ইহাই ব্রহ্মজ্ঞান প্রাপ্তির লক্ষণ। যিনি ব্রহ্মকে জানেন তিনি স্বয়ং ব্রহ্ম-স্বরূপ হন, এই শ্রুতিবাক্য শ্রুবণ করিয়া এবং একা প্রচিত হইয়া ব্রহ্মকে জানিতে ইজন কর; অপের সকল বিষয় ইহার তুলনায় নিরুই, তাহাজানিবার জন্ম পরিশ্রম করানিবর্থক।

মুণ্ডকোপনিষদ্ সন্ধান দিলেন—'

"তদ্বিজ্ঞানেন পরিপশুঁন্তি ধীরা আনন্দরূপমমূতং যদিভাতি।"

--- মুগুক, ২।২।৭ সূত্র।

— যিনি আনন্দরপে, অমৃতরপে প্রতিনিয়ত প্রকাশ পাইতেছেন, ধীর ব্যক্তিরা তাঁহাকে জ্ঞান হারা দর্শন করেন।

এই জ্ঞান কিরপে লাভ করিতে পারা বায়। জ্ঞানিবার বিষয় ড 'জ্ঞানে অনন্ত —শাস্ত্রও অসংখ্য। উত্তর-গীতা পথনির্দ্ধেশ দিলেন—


> "অনন্তশাঁরং বছবেদিতব্যং স্বল্লন্ড কালো বছবন্চ বিল্লাঃ। যং সারভূতং ভূত্পাদিতব্যং হংসৈর্থা ক্ষীরমিবাধুমিশ্রম্॥

—উত্তর গীতা, ৩।১ লোক।

এই সার-পদার্থ কি ? শ্রেষ্ঠ-বিভা কি ? জ্ঞানের-প্রতীক্ দেবাদিদেব মহাদেব ব্যক্ত করিলেন— "ব্রন্ধবিভা সমাবিভা ব্রন্ধবিভাসমা ক্রিয়া। ব্রন্ধবিভা সমং জ্ঞানং নান্তি নান্তি কদাচন॥"

--- মুগুমালাতম, ১১শ পটল।

—ইহা নিশ্চর করিয়া জানিও, যে এক্ষবিভার তুল্য বিভা নাই, ব্রহ্মবিভার তুল্য ক্রিয়া নাই এবং এব্যবিভার তুল্য জান নাই, নাই—নাই । পূর্বেই উক্ত হইরাছে, বেলাভদর্শন এই ব্রহ্মবিভার অবভারণা করিয়া বেদোক্ত জ্ঞানকাণ্ডের সমধ্য-সাধনে এবং অবিরোধ-স্থাপনে ব্যাপৃত এবং ব্রহ্মই ইহার চরম ও পরম লক্ষ্য। বেদাক্তদর্শনে সর্বাসমেত ৫৫৬টি স্থত্ত আছে ও ইহা চারি অধ্যায়ে বিজ্ঞকা—এক একটি অধ্যায়ে আবার চারিটি ক্রিয়া পাদ আছে, যথা—



- (ক) স্পষ্ট, অস্পষ্ট ও সন্ধিয় শ্রুতিবাক্য সমূহের ব্রহ্মে সুমন্বয় প্রদর্শিত হইয়াছে—ইহাই প্রথম অধ্যায়।
- (খ) অক্সাক্ত দার্শনিক মত খণ্ডন করিয়া যুক্তি ও শাস্ত্রের সহিত বেদান্ত-মতের অবিরোধ স্থাপিত হইয়াছে—ইহাই দ্বিতীয় অধ্যায়।
- (গ) সগুণ-জীব ও নিপ্ত'ণ-ব্ৰহ্মের লক্ষণ নির্দ্দেশ করিয়া মুক্তির বহিরক্ত অন্তরক-সাধন উপদিষ্ট হইয়াছে—ইহাই তৃতীয় অধ্যায়।
- ( ব ) জীবন্স্তিন, জীবের উৎক্রাস্তি ( progressive stage ) এবং সপ্তণ ও নিপ্তণ-উপাসনার ফলের তারতম্যের বিষয় বিবেচিত হইয়াছে— ইহাই চতুর্থ অধ্যায়।

বেদাস্তদর্শনের বছবিধ ভাদ্ধ আছে। শ্রীমন্তাগবত মহাপুরাণ এই বেদাস্তদর্শনেরই সর্ব্বোৎকৃষ্ঠ ভাদ্ধ, এই ভাদ্ধ-গ্রন্থ মহর্ষি বেদব্যাসের সাধন-লব্ধ বস্তু। কবিত আছে, দেবর্ষি নাগদের উপদেশাহুদারে বেদব্যাস সমাধিযোগে এই ভাষ্য প্রাপ্ত হন ও নিজে শাস্তি পাইডা বেদান্তদর্শনের আরও কতকগুলি ভান্ত প্রচলিত আছে, যথা—
নীলকণ্ঠ কুত "শৈবভান্ত," "বেদান্ত-পারিজাত" নামে সৌরভান্ত এবং
বিশিষ্টাইত মতাবল্দী যমুনাচার্য্যের "সিদ্ধিত্রয়" নামক অপূর্ব্ধ ভান্ত ।
যদিও রামালজার্চার্য্য বিশিষ্টাইন্তবাদের প্রবর্ত্তক বলিয়া বিখ্যাত এবং
তাঁহার "বেদান্ত-সংগ্রহ," "বেদান্ত-দীপ," "বেদান্ত-সার," "গল্লত্রয়" এবং
তাঁহার নামে প্রচলিত "বেদান্ত-তন্ত্র-সার" প্রভৃতি গ্রন্থের বেদান্ত-ভান্ত হিসাবে বিশেষ প্রসিদ্ধি আছে, কিন্তু তাঁহার বহুকাল পূর্বেই বোধান্তন,
টকর, দ্রাবিড়, গুহদেব, ভার্মনি, কপদ্দী প্রভৃতি অনেক স্পণ্ডিত
ভান্তকার উক্তদ মত স্থাপন করিয়া বিশেষ প্রসিদ্ধি লাভ করিয়াছিলেন।
শক্ষর প্রবর্ত্তিত অবৈত মতাবল্দী অনেক ভান্ত-গ্রন্থেরও বিশেষ প্রসিদ্ধি
পরিলক্ষিত হয়, য়ধা—"দীকাছিত," "স্ত্রার্থ-সংক্ষেপ," "পঞ্চদনী," "মহৈত-ব্ৰহ্ম-সিদ্ধি," "চিৎস্থী," "তত্ত্ব-প্ৰদীপিকা," "পঞ্চণাদিকা," "থত্তন-থত-থাত্ত," "বেদাস্ত-পরিভাষা," "বেদাস্ত-সিদ্ধাস্ত-মুক্তাবলী," "বেদাস্ত-সামু" প্ৰভৃতি।

বেদান্ত বলিতেছেন, জগতের জাদিকারণ ব্রহ্ম; ব্রহ্ম হইতে প্রকৃতি এবং প্রকৃতি হইতে সন্থ, রজঃ ও তম এই গুণত্রেরে উত্তব হয়। পরে প্রকৃতি এই গুণত্রেরেক আশ্রয় করিয়া মারা ও অবিভারপে দ্বিধা বিভক্ত হন; ময়াশ্রিত ঠৈতন্ত — ঈশ্বর, ও অবিভাশ্রিত ঠৈতন্ত — জীব। জীব অবিভাগ্ন বনীভূত এবং এই অবিভাকে অতিক্রম করিতে পারিলেই জীব ম্কাব্ছা প্রাপ্ত হয়। একমাত্র জান দ্বারাই এই অবিভা বা অজ্ঞানকে জীব অতিক্রম করিতে পারে, জীব আ্বা-পরিচয় লাভ করে এবং এই জগৎ যে মিধ্যা——একমাত্র ব্লেই যে সত্য, তাহা ব্রিতে পারে।

"বেদান্তদর্শনকার বলিতেছেন, আমরা অজ্ঞানতা বশতঃ আত্মাকে কর্তৃত্ব ভোকৃত্বাদি ধর্মের বিকেপ করিয়া থাকি। অবিভার তুই শক্তি, আবরণ ও বিকেপ। অনেক সময়ে রজ্জ্তে সর্পত্রম হইয়া থাকে, রজ্জ্ব অজ্ঞান ত্রমের কারণ। রজ্জ্ব অজ্ঞান, বীয় আবরণ শাক্তি হারা রজ্জ্ব অক্সান ত্রমের কারণ। রজ্জ্ব অজ্ঞান, বীয় আবরণ শাক্তি হারা রজ্জ্ব অক্সান ত্রমের কারণ। বর্জ্জের বিকেপ শক্তি হারা উহাতে সর্প উদ্ভাবিত করে। আমরা দেখি, মেদে স্থ্য আবৃত্ত করে; কিন্তু এত বড় গ্রহকে সীমাবদ্ধ মেদে আবৃত্ত করিতে পারে না, মেদ দ্রষ্টার লৃষ্টি পথ আবৃত্ত করে মাত্র। সেইরূপ, সসীম অজ্ঞান অসীম আআকে আবৃত্ত করিতে পারে না, দ্রষ্টার বা বোদ্ধার বৃদ্ধি আবৃত্ত করে মাত্র। আআরর বর্ত্তার পারে না। এ কার্ট করা অনাআরে আবৃত্ত ইলৈ প্রকৃত আত্মবোধ হইতে পারে না। এ কার্ট করিয়া আনাআকে আআ ও অনাআর ধর্মকে আত্মার ধর্ম বলিয়া বোধ করিয়া থাকে। এইরূপ বোধের নাম অধ্যাস। আমি স্থান, আমি কার্ট ইত্যাদি

বিশিষার সময় আমি খীর আত্মাতে দেহ-ধর্মের অধ্যাস সম্পন্ন করি—
ছুল্ডাদি দেহ-ধর্ম আমি আত্মাতে অধ্যন্ত করিতেছি। আত্মার মঙ্গল
বা অমঙ্গল কেহই বিধান করিতে পারে না, যে হেতু বিনি আত্মতজ্জ
উাহার রাগ ছেষ হওয়া অসম্ভব। অধ্যাস বশতঃ দেহাদির ইট বা
অনিষ্ঠ আত্মার ইটানিষ্ট বলিয়া বিবেচিত হইয়া থাকে। কর্ম্ম-ফল-ভোগ
ফুপ-তৃঃপের উপলন্ধি মাত্ম। শরীর ভিন্ন ফ্প-তৃঃপের উপলন্ধি হয় না।
কর্ম্মকল-ভোগের জন্ম জন্ম পরিগ্রহ করিতে হয়। মোহান্ধ মানব ভোগের
জন্ম কর্ম করে ও কর্ম করিবার জন্ম ভোগ করে।" > বস্ততঃ,
অজ্ঞানের বশীভূত হইয়াই জীব এই জগৎকে সত্য জ্ঞান করে।
অবেণ, মনন ও নিদিধাাসনাদি ঘারা এই ল্রম নিরাক্কত হইলে ব্রন্ধানন্দের
উদয়্হয় এবং জীব ব্রম্বজ্ঞান লাভ করে।

অপরাপর দর্শনের স্থান্ধ বেদান্তদর্শনেরও উদ্দেশ্য জীবের তৃংথ দূর করা; সংসার তৃংথমন্ত, এই অবস্থা হইতে একান্ত ভাবে মৃত্তি লাভ করা জীবের প্রম কাম্য-বন্ধ, আর ভাষার একমাত্র উপায় "ব্রলজ্ঞান"—বন্ধবিষ্ঠা লাভ জরা। মহর্ষি ছৈমিনি শ্রুতি হইতে কর্ম-তন্ম প্রাপ্ত ইইতা অবৈত ব্রলভন্ম করিয়াছিলেন, সেইরপ ব্যাসদেব শ্রুতি ইইতে অবৈত ব্রজ্ঞান করিয়াছিলেন। মহর্ষি বেদব্যাদের মতে—

### "একমেবাদ্বিতীয়ম্।"

—এক মাত্র ব্রন্ধই আছেন, তদতিরিক্ত আর কিছুই নাই। সাংখ্যকার মহামুনি কপিলদেব পুক্ষ ও প্রকৃতিরূপ তুইটি তত্ব দেখিয়াছেন; পতঞ্জলি, গোতম ও কণাদ সকল মহর্বিই বৈতবাদী; লৈমিনি মুনিও

১। ম: ম: চন্দ্রকান্ত ভর্কালভার—"শ্রীগোপাল বস্থ মন্লিক কেলোশিশ" বক্ততা।

হৈতবাদী, কারণ, তিনি কার্য্য ও কারণ হুইই স্বীকার করিয়াছেন ; কিন্তু বেদান্ত বলেন হুই নাই, ভেদ নাই, সক্লাই ব্রহ্ম—

## "नर्कर थबिनः उन्न।"

বেদাস্কদর্শন সম্বন্ধে প্রধানতঃ তুইটি ভান্ত বা মত বিশেষ-ভাবে
প্রশিক্ষ । একটি শ্রীমৎ শঙ্করাচার্য্যের মত, অপরটি বতিরাক্ষ রামায়ক্ষ
স্থামীর মত। একটি "বিশুঘাইছত বা অহৈতবাদ", অন্তটি "বিশিষ্টাইছতবাদ।"
উভয় মত একই বেদাস্ক-স্ত্রের উপর প্রতিষ্ঠিত ইইলেও উভয়ের মধ্যে
করেকটি বিষয়ে প্রচুর প্রভেদ দৃষ্ট হয়—যিনি বেমন দর্শন করিয়াছেন;
উভয়েই কিন্তু প্রমাণ প্রয়োগে শুভিকেই আশ্রায় করিয়াছেন। উক্ত তুইটি
মত-বাদের পরিচন্ন ব্যভিরেকে হৈতবাদী শ্রীমৎ মধ্বাচার্য্য প্রবর্ত্তিত "পূর্ব
প্রজ্ঞদর্শন" নামে স্পরিচিত তৃতীয় মত ও শ্রীমৎ বলদেব বিষ্টাভ্রণ
কৃত "শ্রীগোবিন্দ-ভাষ্য", এই চতুর্থ মতবাদ, অতীব-সংক্রেণে উল্লিখিত
হইয়া বেদান্ত-ভাষ্যের বক্ষামান সার-সকলন, সর্বদা স্বীয় অক্ষমতা স্বরশ্বরাধিয়া কয়েকটি পরবর্ত্তী নিবক্ষে বিরত হইল।

"ওঁ তৎসং ওঁ।"

# শঙ্করদর্শন

শ্রীমৎ শঙ্করাচার্য্য—বেদান্তের বিশুদ্ধান্তৈত বা অন্তৈত মতের প্রবর্তক।
শঙ্কর বলেন—

### "জীবো ত্রকৈব না পর:।"

— জীবই ব্রন্ধ, ব্রন্ধই সমস্ত। ব্রন্ধই সত্য— শ্রুতি প্রতিপান্থ, আরু জাগৎ-প্রপঞ্চ কিছুই সত্য নহে—সমস্তই মিথ্যা ও অবিভায় আরুত। ব্রন্ধ বিষয়ে জ্ঞান জিমানেই জীবের মুক্তিলাভ হয়।

ব্রন্ধের কোনই গুণ বা বিশেষণ নাই, তিনি নিগুণ। নিগুণের শঙ্কর এই অর্থ করেন, যে—"নির্ব নান্তি গুণো যক্ত, তৎ নিগুণিং"। শতিতে উক্ত নিগুণি, নির্কিশেষ, নিরাকার, নিদ্রিয় প্রভৃতি বাক্য সমূহই ব্রন্ধের যথার্থ-তন্ত্ব, পারমার্থিক-তন্ত্ব; আর ব্রন্ধ সগুণ, তিনি স্টেই ছিতি ও লয় কর্জা প্রভৃতি উক্তি সমূহ যথার্থ নয়, এগুলি ব্যবহারিকভাবে প্রবৃক্ত। শতির ব্যবহারিক অংশ সগুণ-বিভা এবং উহার পারমার্থিক অংশ নিগুণ-বিভা!

শঙ্কর বলেন, জ্ঞান অর্থে বিশেষ-জ্ঞানই ব্যায়, ব্যবহারিক জ্ঞান ব্যায় না; অজ্ঞানীর পক্ষে সঞ্গ-বিভা, অজ্ঞানীর জ্ঞানোদয় হইলেই সে নিশুল বিভার অধিকারী হয়। ব্রহ্ম 'অবাঙ্ মনসো গোচরম্'— বাক্য বা মন হারা ভাঁহার উপলক্ষিত্রিয়া যায় না; 'নেভি নেভি' বলিরা ব্রহ্মকে সকল বিশেষণের অবর্ণনীয় বলা হইয়াছে—ভিনি ব্যবহারিক- জ্ঞান-গম্য নহেন। কাজেই প্রকৃত জ্ঞানোদয়ে জীব যথন বাহ্য এবং অন্তর্জগতের জ্ঞান শৃত্য হইবে, তথনই তাহার ব্রন্সের অপরোকাহুভূতি হইবে—ব্রন্ধ কিন্তু সর্ববিদাই স্বপ্রকাশ রহিয়াছেন।

তবে এক কথা, সগুণ-বিছা সম্পূর্ণ ভাবে নিপ্রয়োজন নহে, সগুণ বিছা আশ্রয় করিয়াই সাধকের চিত্ত-শুদ্ধি হয়, তিনি জ্ঞানমার্গে আরোহণ করেন। শকরের মতে বেদবেদান্তাদি অধ্যয়ন পূর্বক শমদমাদি গুণ-সম্পন্ন হইলেই ব্রহ্ম-জ্ঞান লাভ হয়, আর এই জ্ঞান-লাভের উপায় সাধন-চতুইয়। চতুর্বিধ সাধনা, যথা—

১ম--নিত্যানিতা বস্তু বিবেক,

২য়—ইহামুত্র ( ইহলোক ও পরলোকের ) ফল ভোগে বিরাগ,

৩য়—শমদমাদি ষট্-সম্পত্তি,

৪র্থ-মুমুকুত (মোকের ইচ্ছা),

—সাধন লব্ধ এই জ্ঞান ব্যতীত মুক্তির উপায় নাই, কারণ ব্রহ্ম মন ও বৃদ্ধির অতীত—"বিজ্ঞাতং অবিজ্ঞানতাম্" এবং "অবিজ্ঞাতং" বিজ্ঞানতাম্।"

শকরের স্টিতর সহন্ধে মতবাদ আরও একটু বিশদভাবে বর্ণিত হইতেছে। পূর্বে উক্ত হইয়াছে, শক্তর বলেন ব্রন্ধাই সত্যা, জগৎ মিথ্যা— জগৎ-প্রপঞ্চ কিছুই সত্য নহে, সমস্তই মিথ্যা ও অবিভায় আবৃত। তিনি আরও বলিয়াছেন—

### "জীবো ব্রহৈন্ব না পর:।"

—জীবই ব্রহ্ম, ব্রহাই সমন্ত। শুভিতে ব্রহ্মের তুইটি লক্ষণের উল্লেখ আছে ইহাও পূর্বে উক্ত হইয়াছে—একটি তাঁহার তুটস্থলকণ, আর একটি তাঁহার ব্রহ্ম-লক্ষ্মণ।

#### "জন্মাগুল যতঃ।"

#### 1-- (वहांछ, अम शाह कि अब ।

— ব্রহ্মের উক্ত তটস্থ-লক্ষণেরই পরিচর দিয়াছেন; অর্থাৎ, বৈদাস্থ বলিতেছেন, এই জগতের উৎপত্তি, স্থিতি ও লয় এই তিন কার্য্য বাঁহা হইতে সংসাধিত হইতেছে তিনিই ব্রহ্ম; এই বেদাস্ত-হত্ত্ব, শ্রুতিতে উক্ত—

> "বতো বা ইমানি ভূতানি জায়ন্তে॥ যেন জাতানি জীবস্তি॥ যৎ প্রযান্ত্যভিসংবিশক্তি॥ ত্তিজিজাস্থা॥ তদবক্ষ॥"

#### —তৈত্তিরীয়, অসাহ স্বত্ত।

— অর্থাৎ, বাহা হইতে ইহ-জগৎ উৎপন্ন হইরাছে, উৎপন্ন হইরা বাঁহাতে তৎসমুদার-স্থিতি লাভ করে ও বাঁহাতে আবার সমস্তই লার পার, তাঁহারই বিষয় জানিতে ইচ্ছা কর, তিনিই ব্রহ্ম—এই উক্তিরই প্রতিক্ষনি। আবার বেদাস্ক ১ম পাদে,

#### "শুত্রতাক্ত।"

এই ১২শ প্রের উল্লেখ করিয়া শ্রুতিতে ব্যক্ত ব্রহ্মের নিগুণি বা স্বরূপ-লক্ষণেরই নির্দ্ধেশ দিরাছেন; তাহাই 'একমেবাদিতীয়ং', 'সর্বং ধাদিদ ব্রহ্ম'—অর্থাৎ ব্রহ্মাতিরিক্ত কিছুই নাই, সমত্তই ব্রহ্ম। সে কেমন? না, 'একো দেবঃ সর্বভূতেরু গূঢ়ঃ…' ইত্যাদি—বা "বভুঃ ব্রহ্ম।"

— ब्राह्मद कांन क्रथ- एक नाहे. जिनि धक अनिर्कातनीय मिना-शमार्थ. বিবিধ অন্তত নীলার আধার, স্ব্রজীবের অন্তর্গরে—কার্ছে অগ্নির ক্রায়— গুঢ়ভাবে সর্বাদা বিরাজ করিতেছেন। ত্রন্ধের এই যে লক্ষণের ভেদ রহিয়াছে, ইহাই ব্যবহারিক ও পারমার্থিক ভেদ। যতদিন আমাদের অজ্ঞানতা থাকিবে ততদিন জগৎ থাকিবে: অজ্ঞানের নাশ হইলেই জগতের সন্থাও আর থাকিবে না। বস্তুত:, অজ্ঞান বা অবিফাই জগতের কারণ। প্রকৃত জ্ঞানোদয় হইলে অজ্ঞান বা অবিভার নাশ হয়-আত্মজান আদে, আত্মজান অজ্ঞানের বিরোধী। অবিভা তাহার আবরণ ও বিক্ষেপ এই হুই শক্তির দ্বারা প্রথমে ব্রহ্মকে বা আত্মাকে আবরণ করে ও তাঁহাতেই জগৎ-প্রপঞ্চ বোধ করায়। আত্মজ্ঞানের উদয় হইলে এ সমস্ত কিছুই থাকে না। অনাত্মাকে আত্মজান, ব্ৰহ্মতে জগৎ জ্ঞান, সত্যকে মিথ্যাজ্ঞান ইহার নাম অধ্যাস। জগতের সমস্তই হ্বথ-তু:খ, জন্ম-মৃত্যু, পাপ-পুণা, ভাল-মন্দ, ব্রাহ্মণত্ব-শূদ্রত্ব, সকলই অধ্যাসমূলক; আত্মজ্ঞান লাভ করিলে অধ্যাস সম্পূর্ণভাবে বিনষ্ট হয়।

শঙ্করাচার্য্যের মারাবাদ—এথানে একটি প্রশ্ন উঠিতে পারে, যে আত্মা বা ব্রহ্ম বথন সত্যস্থ্যপ, তাহাকে অবিভাব বা অজান বা মারা কেনন করিয়াই বা আবরণ করে—সত্যতে মিথ্যার বা আলোকেতে অদ্ধকারের ব্যাপ্তি কিরূপে সম্ভব হয়; ইহার উত্তরে শহরাচার্য্য পেচকের উদাহরণ দিয়াছেন। দিবালোক হর্য্যের কিরণে উত্তাসিত, আলোকের কিছুই অভাব তথন থাকে না, কিন্তু পেচক তথন কিছুমাত্র দেখিতে পায় না। এথানে আলোকেতেও যেমন অদ্ধকারের কার্য্য করে সেইরূপ জ্ঞানময় আত্মাত্রেও অজ্ঞান বা অবিভার কার্য্য হয়। আরও একটি প্রশ্ন উঠিতে পারে, যথন অজ্ঞান বা অবিভার হারতীয় অধ্যাদের মূল তথন আত্মা বা ব্রহ্ম কেনই

ৰা ভাষাকে আত্ৰয় করে ? ইহার উত্তরে শক্ষাচার্ব্য বলিরাছেল, অনেক সময়ে আমরা জানিরা শুনিরা বেমন নিজ নিজ জনিষ্টকর কার্য্য আচরণ কৰি বা ভাষাতে আসক্ত হই, দেইনাণ লাখা সম্পূৰ্ণন্ধণে ভাত হইনাই---আলাস প্রস্তুত সকল তত্ত্ব অবগত হইরাই, অবিভাবে আপ্রয় করে। তবে অক্তান বা অবিভা দৰ্মদা বৰ্ত্তমান থাকিতে, তাহা কি. কেন আসিল, ক্ষেত্ৰ করিয়া সম্ভব হুইল, এ সকল বিষয়ে বিচার বা বিতর্ক পঞ্জাম মাত্র, ইয়াকে কেমন করিয়া নাশ করিতে পারা যার সে বিষয়ে সচেই হওরাই বৃক্তিযুক্ত। স্বয়ং আত্মাই ধণন অজ্ঞান বা অবিকার অধীন তথন উভয়ে ষে পরস্পর-বিরোধী নছে তাহা স্বপ্রমাণ—তত্তজ্ঞান হইলে তবেই এই অক্তান বা অবিভার বিনাশ হয়, কাজেই একমাত্র তত্তভানই অজ্ঞান বা অবিভার বিরোধী। জীবের অজ্ঞান অবস্থাতেই অবিভা বা মারাত উত্তব হয়, কিন্তু যেধানে জ্ঞান প্রবেশ লাভ করিয়াছে, সেখানে অবিছা মারা স্থান পায় না ; কাজেই তব্দৃষ্টিতে মায়ার বা অবিভার অক্তিছ ন<sup>ু</sup> মাত্র ব্যবহারিক দৃষ্টিতে অবিষ্ঠা বা মায়ার সং ও অসং রূপ, কিন্তু প্রমার্থ-দৃষ্টিতে অবিক্যা বা মায়া মিথ্যা। মিথ্যা জগৎ-প্রপঞ্চকে সত্য বলিয়া যে বোধ, रेशारे वसन এবং य मूहार्ख उच्छान चात्रा मिशारिक मिशा विनिया ৰোধ হয়, তথনই সকল বন্ধন তিরোহিত হয়—অবিভার নিবৃত্তি হয়, এবং সঙ্গে সঙ্গে জগৎ-প্রপঞ্চেরও নিবৃত্তি হইরা যার ও জীবের মোক্ষলাভ হর।

<sup>&</sup>quot;একং দৎ, বিপ্ৰা বছধা বছস্তি।"

# রামান্তজনর্শন

বেলাজের বিশিষ্টাবৈত্নত বতিরাজ রামান্ত্রক শানী হাপন করিরাছেন।
তাঁহার মতে ব্রহ্ম কাগং-বিশিষ্ট এবং স্বপ্রশ-ব্রহ্মই সতা। তিনি বলেন,
ব্রহ্ম সাক্ষাংকারই মৃক্তি। ব্রহ্ম বিশেষণ-বৃক্তা, বিশেষণ ব্রহ্ম হইতে তির্ত্তী
নর। নিপ্তর্ণ বা নির্ক্তিশেষ প্রভৃতি ব্রহ্মে যে সকল তথা আরোপ কর্মা
হয়, তাহার যথার্থ অর্থের এবং তাংপর্য্যের মধ্যে কিঞ্চিং বৈশিষ্ট্য বিভ্রমান
আছে। ব্রহ্ম নিপ্তর্ণ বা নির্কিশেষ বলিতে ব্রহ্মের গুণ নাই বা তাঁহার
কোন বিশেষণ নাই, ইহা ব্রায় না; নিপ্তর্ণ বা নির্কিশেষ উক্তিগুলিতে,
ব্রহ্ম গুণাতীত, তিনি নির্কিশেষ অর্থাৎ 'নির্সতো বিশেষ ফ্রন্থাড় ওং
ইতি নির্কিশেষং'—ইহাই ব্রায়; উক্তর্মপ তাংপর্যাও ব্যাকরণ বা ক্রতি—্
বিক্রম্ভ নহে।

রামায়জ খামী বলেন, পদার্থ তিন প্রকার বথা, ১ম—চিৎ, ২য়—
আচিৎ ও ৩য়—ঈশর। চিৎ জীববাচ্য—জীব ভোক্তা, অপরিচ্ছিল্ল, নির্মালজ্ঞানস্বরূপ, নিভ্য এবং অনাদি কর্ম্মরূপ অবিভা ঘারা বেষ্টিভ; জীব
ফ্লা, ভগবত আরাধনা এবং তৎ-পদপ্রাপ্তিই তাহার লক্ষ্য। অচেতনস্বরূপ জড়াত্মক, ভোগ্য-জগৎ অচিৎ পদবাচ্য। ঈশ্বই সকলের
নিয়ামক (পরিচালক) এবং তিনি হরি (য়+ইক্) পদবাচ্য। তিনিই
জগতের কর্তা, তিনিই অন্তর্যামী এবং তিনি অপরিচ্ছিল (অসীম),
জ্ঞান ও ঐখর্য্য প্রভৃতি যুক্ত। পদার্থের ঘিবিধ-রূপ, চিৎ ও অচিৎ,
সম্লালই ভাঁহার শরীর স্ক্লপ। পুরুষোভ্যন বা বাহ্নদেব বা ভগবান

এগুলি তাঁহারই সংজ্ঞা। ঈশ্বর প্রম করণাময়; তিনি ভক্তবং ও
ভক্তকে অভীষ্ট ফল প্রদান করেন এবং দীলা বশতঃ মৃতি তিনি
পরিগ্রহ করেন। স্বাধ্যায়াদি (বেদ্বাধ্যরন-আদি) উপদ্দিন হারা
বিজ্ঞান লাভ হইলে, ভগবান স্বীয় ভক্তগণকে নিত্য-পদ প্রদান করেন।
জ্বীব নিত্য-পদ প্রাপ্ত হইলে ঈশ্বের স্বরূপ অবগত হইতে পারে ও তাহার
পুনর্জন্ম নিবারিত হয়। চিং ও অচিং উভয় পদার্থের সহিত
ঈশ্বরের ভেদ, অভেদ ও ভেদাভেদ এই তিন প্রকার স্বন্ধই বিভ্যমান।
বস্ততঃ, জীব যথন সাধনা-হারা অনক্ত-ভক্তি লাভ করে, তথনই তাহার
মুক্তিলাভের পথ উন্মুক্ত হয়, আর ঐ পরাভক্তিই তাহাকে মুক্তি দান
করেঃ। মুক্তি বলিতে ব্রন্ধ-সাক্ষাংকারই ব্রুবায়।

রামাছজ স্বামী প্রবর্তিত বিশিষ্টাবৈতবাদ ও শ্বর্রাচার্য্যের প্রবর্তিত বিশুদ্ধাবৈত বা অবৈতবাদ এই উভরবিধ মতের মধ্যে ব্রহ্ম নির্দ্ধণ ও নির্ব্বিশেষ এই হুই ব্রহ্মতত্ত সহদ্ধে বিশেষ পার্থক্য দৃষ্ট হয়। ব্রহ্ম নির্দ্ধণ, শহ্বরাচার্য্য বলেন, নির্দ্ধণ—অর্থাৎ, "নির্মান্তি গুণং যস্ত্য, তৎ নির্দ্ধণেষ," কিন্তু রামান্তক্ত স্বামী নিগুণের অর্থ করিয়াছেন গুণাতীত। ব্রহ্ম নির্ব্বিশেষ, শহ্বরাচার্য্য ইহার অর্থ করিয়াছেন—ব্রহ্মের কোন বিশেষণ নাই; কিন্তু রামান্তক্ত স্বামী বলেন, নির্বিশেষ অর্থে "নির্গতো বিশেষঃ মৃত্যাৎ, তৎ ইতি নির্বিশেষ।" শহ্বরাচার্য্য উক্ত উভর বিধ ব্রহ্মতত্ত সহদ্ধে এই মত প্রকাশ করেন, যে প্রথম অর্থ-ই ( উাহার ভাল্লাছমোদিত অর্থ-ই ) বথার্থ-অর্থ এবং ছিতীয় অর্থ ব্যবহারিক ভাবে প্রযুক্ত। রামান্তক্ত স্বামী কিন্তু বলেন—১ম—ব্রহ্ম বিশেষণ-যুক্ত, বিশেষণ ব্রহ্ম ইতে ভিন্ন নহে। গুণ ও গুণীর নিত্য-অভেদ সদাই বর্তমান। ভোগ্য, ভোক্তা ও পরিচালক রূপে ব্রহ্মই বিভ্যমান রহিয়াছেন। ভোগ্যবন্ত জড় বা অচিৎ এবং চৈতক্তই

ভোক্তা বা পরিচালক (নিয়ামক)। জড়ের পৃথক সন্থা নাই, জড়ত্ব ব্রহ্মের একটি বিশেষণ—াব্রহ্ম জগৎ-বিশিষ্ট; স্বপ্তণ ব্রহ্মই সত্য।

- হয়—ব্রন্দের বিশেষণ নিতা। ইহার প্রকাশ দ্বিবধ—ব্রুল ও হন্দ ;
  জগতের হাষ্টি ও স্থিতি হর তথনই যথন বিশেষণের স্থল প্রকাশ হয়,
  আবার স্থল-ভাব পরিত্যাগ করিয়া বিশেষণ যথন হন্দ্র সন্ধারণে
  অবস্থান করে তথনই জগতের লয় সংসাধিত হয়। উক্ত উভয়বিধ
  ব্রন্ধ-বিশেষণের অবস্থান অনেকটা কুর্মের বেছহাধীন অল প্রত্যালাদি
  প্রকাশিত করার মত। বিশেষণই ক্রিয়ার উৎপত্তি করে, ক্রিয়ার
  স্থিতি ও পরিবর্ত্তন সংসাধিত হয় বিশেষণের দ্বারা এবং বিশেষণই আবার ক্রিয়াকে কারণে লয় করে। বিশেষণকে এই হেডু শনিত্য
  বলা হইয়াছে।
- থ্য—ব্ৰহ্মের বিশেষণে ব্ৰহ্ম দৃষিত হন না। বিশেষণের অবস্থাভেদে ব্ৰহ্মের ভেদ হয় না, তাঁহার স্বন্ধণ ঠিক এক ভাবেই থাকে—অনস্ত শক্তিক—— আধার যিনি, তাঁহার শক্তির আবার ক্ষয়ই বা কি, অভাবই বা কি— পার্থকাই বা কি ?
- ৪র্থ—এক্ষের বিশেষণ যদি স্বীকার না করা যায়, তাহা হইলে জগৎ মিথ্যা হইরা যায়—বেদ মিথ্যা হইরা যায়, ধর্ম কর্ম দবই মিথা হইরা যায়—মতামত দবই ভাসিয়া যায়, অর্থাৎ এ দকল কিছুই যেন নাই এইরপ বোধ হয়। দকলই যদি মিথ্যা বলিয়া বরিয়া লওয়া যায়, তথন ভাল মল সবই মিথ্যা হইয়া দাঁড়ায়; জ্ঞানী ও পাবও এ-ছয়ের মধ্যে ভেদ কিছুই থাকে না, কারণ উভয়ই ত মিথ্যা—এইরপে অক ভয়ড়র পরিস্থিতির উত্তব হয়।

- ৫ম—ব্রদ্ধ সাক্ষাৎকারই মৃক্তি, ইহাই শাল্পৰাক্য। কিন্তু ব্রদ্ধের যদি কোন বিশেষণই না রহিল, তথ্যে কাহারও সহিত দেখা ভানা, কিসেরই বা মৃক্তি ? সকলিই ত নির্থক বাক্য মাত্র হইয়া যায়।
- করা নির্কিশেষ হইলে তাঁহাতে কোন প্রকার প্রমাণেরই আরোপ
  করা চলে না; কালে-কাজেই ব্রন্দের ব্রন্দতত্ব থাকা না থাকা ছুইই ত
  সমান হইয়া দাঁড়ায়!

রামায়জ স্থামী তাই বিশিষ্টাবৈত-বাদ প্রবর্তন করিরা প্রচার করিলেন—একমাত্র ভক্তিই জীবের মুক্তির হেতৃ। ভক্তিবোগই শ্রেষ্ঠ বোগ, জীব সাধনার দারা মুক্তিশাভ করিতে সক্ষম হয় ও মুক্তির অধিকারী হইতে পারে—'ভক্তেরই ভগবান'। ভক্ত কে ? তাহার লক্ষণই বা কি ? গীতায় ঞ্রীভগবান বলিতেছেন—

"অবেষ্টা সর্বাভৃতানাং মৈত্র: করুণ এব চ:।
নির্দ্ধনা নিরহকার: সমহংথ স্থথ: ক্ষমী ॥
সম্বষ্ট: সভতং যোগী যতাত্মা দৃঢ় নিশ্চয়:।
মর্যাপিতমনোবৃদ্ধির্যামন্থক: স মে প্রিয়:॥
"

—গীতা, ১২শ অ: ১৯-১৪ শ্লোক।

"বাঁহার জীবের প্রতি সভত মিত্রতা বাঁর করুবা সকল জীবে মারা-বোরে বে না করে ফুখে ছুংখে সমজান, তির-লক্ষ্য ক্ষমানীল,

বেব নাই মনে,
সকলের সনে,
নাহি অহলার,
'আমার আমার',
সংযত অভাব,
সলা ভূষ ভাব,

আমাতেই মন বৃদ্ধি নিঃসংশয় (ধনজয়) দিয়েছেন বিনি, ৰম ভক্ক তিনি।"

—ক্রথাকর গীতা।

এই সকল লক্ষণাক্রান্ত বিনি, তিনিই ভক্তি-পরারণ ব্যক্তি, তিনিই ভক্ত-শ্রীভগবান বলিলেন, তিনিই আমার প্রিয়। বেদান্তদর্শনে ভক্তিবাদের এই বে অপূর্ক সমাবেশ, জ্ঞান ও ভক্তির এই বে মাধ্যাময়ী সমন্বয় ইহাই রামাহজ স্থামীর অভাবনীয় পরিকল্পনা, ইহাই তাঁহার প্রবর্ত্তিত বিশিষ্টাবৈত-বাদ।

"শ্ৰুতির কুব্যাখ্যা মেদে আচ্ছাদিত ছিল। রামান্ত্রন্ধ স্থানীবাতে মেদ উড়াইল॥ তবে শুকাভ ্রি-রবি উদয় করিয়া। ক্যতের অন্ধ্রনার দিলা খেদাড়িরা॥"

—শ্রীভক্তমান গ্রন্থ, ১০ম মানা।

—এবং ভারতের প্রাচীনতম ব্বে ঋষিকুলতিলক খেতাখতর তপঃ ক্রভাবে ও দেবপ্রসাদে পরম পবিত্র ব্রহ্মজ্ঞান লাভ করিয়া আত্মবৃদ্ধি প্রকাশক বেদাস্তপাব্রোক্ত এই পরম-গুহু-জ্ঞান ভক্ত-মহাত্মাদিগের জন্ম তাঁহার রচিত উপনিষদে প্রকাশ করিয়া দেই ভক্তবংসল পরব্রন্ধের রাতৃল চরণ আপ্রায় করিলেন, যিনি—

"নিকলং নিষ্করং শাস্তং নির্বন্ধং নিরঞ্জনম্। অমৃতক্ত পরং সেতৃং দক্ষেক্ষনমিবানসম্॥" <sup>১</sup>

<sup>»।</sup> यकायकरताशनियर, ७वे व्यशास ३३० श्वा

# পূর্ণপ্রজ্ঞদর্শন

বেদান্তের বৈতবাদ প্রবর্তন করিয়াছেন শ্রীমৎ মধ্বাচার্য। মধ্বাচার্য্যর অপর নাম "পূর্ণপ্রজ্ঞ" এবং এই জন্ম তাঁহার প্রবর্ত্তিত বেদান্ত-ব্যাখ্যা "পূর্ণপ্রজ্ঞদর্শন" নামে খ্যাত। মধ্বাচার্য্য পরম বৈষ্ণব ছিলেন, তাঁহার প্রবর্তিত বৈষ্ণব-সম্প্রদায় 'ব্রহ্ম-সম্প্রদায়' বা 'চতুক্ম্ব্ধ-সম্প্রদায়' নামে অভিহত।

মধ্বাচার্য্য বলেন জীব ও ঈশ্বরে ভেদ বর্ত্তমান; জীব সেবক, ঈশ্বর হক্ষা। ঈশ্বরই প্রমাত্মা, তিনিই সকলের নিরামক। চিৎ, অচিৎ—সকল বস্তুই তাঁহার শরীর স্বরূপ। প্রতিমাদি পূজা করিয়া চিত্ত-শুদ্ধি হইলে এবং ভগবড়ক্তির উন্মেষ হইলে পর রামাদি অবতার রূপ ঈশ্বরের বিভবের উপাসনা করিতে হয়। এইরূপে উত্তরোত্তর ঈশ্বরের অন্তর্যামী, বৃহ ও পর এই ত্রিমৃত্তির উপাসনা করিতে করিতে মোক্ষ লাভ হয়। ঈশ্বর প্রসাদ ব্যতীত কিন্তু মোক্ষ প্রাপ্তি ঘটেনা, আবার জ্ঞান ব্যতীত ঈশ্বরেশ প্রসন্ধতা লাভ করা যায় না।

পূর্ণপ্রজ্ঞ দর্শনের সহিত রামায়জ্ঞ স্বামী প্রবর্ত্তি বিশিষ্টাছৈতবা,দর অনেকাংশে ঐক্য আছে। পূর্ণপ্রজ্ঞদর্শনও বলেন বেদ অপৌক্ষের ও নিত্য। পূর্ণপ্রক্ত মতে প্রমাণ তিনটি, যথা—

- ১। প্রত্যক i. e., perception.
- ২। অমুমান i. e., inference.
- া আগম i. e., The Vedas.

পূর্ণপ্রজ্ঞ বলেন, তিন পদ্ধতিতে ঈশ্বরের সেবা করা বায়। পদ্ধতিগুলি এইরূপ, বথা—অন্ধন, নামকরণ ও ভজন। প্রধানত:, পূর্ণপ্রক্ত মত অর্থ-পঞ্চকের উপর প্রতিষ্ঠিত, বথা-

১ম-জীব,

२ ग्र-- लेखत्,


ত্য-উপায়, অর্থাৎ ঈশ্বর-প্রাপ্তির উপার,

৪র্থ-পুরুষার্থ বা ফল,


eম—বিরোধী বা **ঈশ্বর লাভের প্রতিবন্ধক।** 

উক্ত অর্থ-পঞ্চকের প্রত্যেকটির পাঁচটি করিয়া স্বরূপ, এই স্বরূপ-উপলব্ধিই প্রকৃত পুরুষার্থ—মোক্ষের উপায়।

প্রতি অর্থ-পঞ্চকের স্থ্রূপগুলির পঞ্চবিধ ক্রমবিভাগ, যথা—



+ মন্ + ঘঙ্ = মনে করা, জ্ঞান। )



### विद्यांशी

चक्रण विद्यांथी। शतकक्रण विद्यांथी। উপায় विद्यांथी। शूक्रवार्थ विद्यांथी। श्रास्त्रि विद्यांथी।

পরম দার্শনিক শ্রীমৎ মধ্বাচার্য্য মহর্ষি বেদব্যাসের শিষ্ঠ ছিলেন। ইনি দাক্ষিণাভাবাসী পণ্ডিত ও পরম ভাগবত ছিলেন, এবং তাঁহার পাণ্ডিতাও ছিল অসাধারণ। তিনি ৩৭ থানি গ্রন্থ রচনা করিয়াছিলেন, তদ্মধ্যে পূর্ণপ্রজ্ঞাদর্শন ব্যতিরেকে 'গীতাভান্ত,' 'স্ক্রভান্ত,' 'ঋক্তান্ত,' 'দশোপনিষদ্ধান্ত,' 'তদ্ধদার,' 'অমুবেদান্তরসপ্রকরণ,' এইগুলিই বিশেষ ভাষে উল্লেখ যোগ্য।

মধ্ব মুনির সম্বন্ধে উক্ত হইয়াছে-

"রামান্তব্দং শ্রীঃ স্বীচক্রে মধ্বাচার্য্যং চতুন্মু (খ:।" '

শ্রী ( লক্ষ্মী দেবী ) বেম্ন রামায়জ স্বামীকে সম্প্রদার প্রবর্তনক্ষম বলিয়া অঙ্গীকার করিয়াছিলেন, ত্রন্ধ সেইরূপ মধ্বাচার্য্যকে সম্প্রদার প্রবর্তনক্ষম বলিয়া অঙ্গীকার করিয়াছিলেন।

"সত্যং জ্ঞানমনন্তং ব্ৰহ্ম।"

১। ব্ৰীব্ৰদেৰ বিভাভূষণ কৃত 'এমেয়বভাষলী', ১া৬ বছ ।

## <u> জীগোবিক্সভাষ্য</u>

"বং ব্রহ্মাবরুণেক্সকুসমূহতম্বস্থি দিবৈন্তেবৈ-বেলৈ: সাদপদক্রমোপনিবদৈর্গায়ন্তি যং সামগাঃ। ধ্যানাবস্থিততদ্গতেন মনসা পশুক্তি যং যোগিন: যশুক্তান্তং ন বিদ্যু: সুরাস্থরগণা দেবায় তব্যৈ নম:॥"

### — এমন বে শ্রীহরি তাঁহার চরণারবুলে কোটা কোটা নমস্কার।

ব্রহ্মত বা বেদান্তদর্শন বাখ্যান মানসে শ্রীগোবিশভায় শ্রীহরির স্বপ্নাদেশে কীর্ত্তিত হইয়াছে। শ্রীচৈতন্ত মহাপ্রভ্ প্রবর্তিত বৈষ্ণব সম্প্রদারের অন্নগত বেদান্ত-প্রবেজ ভান্ত হিসাবে ভগবদ রূপা লাভ করিয়া শ্রীমৎ বলদেব বিভাত্বণ শ্রীগোবিশভায় রচনা করেন। কথিত আছে মহর্ষিক রুফদৈশারন বেদবাদের সমাধিশক শ্রীমহাগবতরূপ বেদান্তের মহাভান্ত থাকাতে শ্রীচৈতন্তদেব স্বয়ং অন্ত কোনও ভান্ত গ্রহ রচনা করেন নাই; তিনি শ্রীমৎ মধ্বাচার্য্য বিরচিত পূর্ণপ্রজ্ঞ-দর্শনই শ্রীমহাগবতের অন্নদোদিত দেখিয়া শ্রীম সম্প্রদারের ভান্ত বলিয়া এক প্রকার শ্রীকার করিয়া লইলাছিলেন, এবং মধ্বমুনির রচিত ভান্তের বে বে অংশ শ্রীমহাগবতের আপাততঃ বিরোধী বলিয়া ভাঁহার প্রতিষ্ঠা ভান্তির বে বিরাদিন করিয়া লইলাছিলেন, এবং মধ্বমুনির রচিত ভান্তের বে বে অংশ শ্রীমহাগবতের আপাততঃ বিরোধী বলিয়া ভাঁহার প্রতিষ্ঠা সামগ্রস্ক-বিবান করিয়া দেন, কিছ তিনি ভাঁহার প্রকৃত ব্যাখ্যা করিয়া সামগ্রস্ক-বিবান করিয়া বেন, কিছ তিনি গ্রাহার পার্শন শ্রীশ্রীগোস্থামীপাদ্যণ ক্রেছা প্রতিক্ত কলনের বাধ্যাই পিপিবন্ধ করেন নাই। পরন-ভাগরত ক্ষান্তির প্রতিক্ত কলনের

বিভাতৃষণই প্রথমে চৈতন্ত সম্প্রদায় অন্থমোদিত ভান্ত গ্রহাকারে গ্রথিত করেন। ইংাই জনপ্রবাদ, জনৈক অবৈতবাদী পণ্ডিত তাঁহার মুখে শ্রীকৃষ্ণ চৈতন্তদেব স্বীকৃত ভান্ত প্রথমে মুগ্ধ হইয়া ঐ ভান্ত দেখিতে ইচ্ছা প্রকাশ করায় বলদেব বিভাতৃষণ কুলাবনের শ্রীন্তাগোধিক জীউর স্থম্মলক আদেশ লাভ করিয়া এই শ্রীগোবিক্ভান্ত এক মাসের মধ্যে রচনা করেন। এই ভান্ত-প্রেষ্থ বিভাতৃষণ মহাশ্য় লিখিতেছেন—

"শ্রীমদ গোবিন্দ পদারবিন্দমকরন্দলুর চেতোভিঃ। গোবিন্দভাগ্যমেতৎ পাঠ্যং শপথোহপিতোহক্তেভ্যঃ॥ বিভারপং ভূষণং মে প্রদায় থ্যাতিং নিজে তেন যো মামুদারঃ। শ্রীগোবিন্দঃ স্বপ্রনির্দ্দিষ্ট ভাষ্যো রাধাবন্দুবন্ধুরাক্ষঃ স জীয়াৎ॥"

— শ্রীমৎ গোবিন্দ-পদারবিন্দ-মকরন্দ-লুরুচিত ব্যক্তিগণই এই গোবিন্দভায় পাঠ কঙ্কন, অন্ত ব্যক্তি ইহা পাঠ করিতে অধিকারী নহে—নিষেধার্থ শপথ আর্পিত হইল। যে উদার হৃদয় পরম পুরুষ আমাকে বিভারপ ভূষণ প্রদান করিয়া তত্ত্বারা জগতে খ্যাত করিয়াছেন, সেই রাধারমণ বৃদ্ধিন প্রতিগোবিন্দ জয়যুক্ত হউন। শ্রীহরি, শ্রীহরি, শ্রীহরি।

শ্রীগোবিন্দভান্তেও বেদান্তদর্শনের স্থায় অধ্যায়-বিভাগ আছে।
শ্রীগোবিন্দভাব্যের চারি অধ্যায়ের প্রতি অধ্যায়ে চারিটি করিয়া পাদ আছে
আবার প্রতি পাদে কয়েকটি করিয়া অধিকরণ ও স্ত্রে আছে। প্রতি
অধিকরণেই শাস্ত্র-সন্ধৃতি, অধ্যায়-সন্ধৃতি ও পাদ-সন্ধৃতি বিবেচিত হইরাছে
এবং বিষয়, সংশয়, পূর্ব্বপক্ষ ও সিদ্ধান্ত এই চারিটি করিয়া অধিকরণঅবয়ব প্রকাশিত হইরাছে। বেদান্তের অধ্যায়গুলির প্রতিপান্ত বিষয়
সমূহের স্থুল বিবরণ নিম্নে প্রদন্ত হইল—

প্রথম অধ্যায়ে নানাবিধ শ্রুতির ব্রন্ধে সমন্বর করা হইরাছে; তাই ইহার নাম 'সমন্বর্গধার'।

ৰিতীয় অধ্যারে স্বপক্ষে শ্বতিতর্কাদি বিরোধের পরিহার ও পরপক্ষে দোবারোপ, সর্বেশ্বর হইতে তত্ত্বসমূহের উৎপত্তি কথন এবং ভূতবিবয়ক শ্রুতি বিরোধের পরিহার—এইগুলি প্রকাশিত হইয়াছে; ভাই ইহার নাম 'বেদান্ততত্ত্ব-অধ্যায়।'

তৃতীয় অধ্যায়ে সাধনতত্ব বিচার করা হইগাছে; তাই ইহার নাম 'সাধনাধ্যায়'।

চতুর্থ অধ্যায়ে সাধন ফল বিচার করা হইয়াছে; তাই ইহার নাম 'ফলাধ্যায়'।

শ্রীগোবিন্দভায় পাঠে বেদান্তের উক্ত তথগুলি বেশ স্পষ্টভাবে হদয়পম হয় এবং ইহাতে তর্ক, মুক্তি ও সিদ্ধান্তগুলি অভিনব উপায়ে সদ্ধিবেশিত হইয়াছে, বাহা পাঠ করিলে তৎপ্রতিপাত তবগুলি পাঠক অতি সহজেই উপলব্ধি করিতে সক্ষম হয়। গোবিন্দভায় ব্যতিরেকে বিভাতৃষণ মহাশয় আয়ও অনেকগুলি উৎরুষ্ট গ্রন্থ রচনা করিয়াছেন, তাহার মধ্যে,—'সিদ্ধান্তরত্ব বা ভায়পিঠক,' 'প্রমেয়রত্বাবলী,' 'বেদান্ত-সামস্তক,' 'গীতাভায়' ও 'দশোপনিবদভায়'-ই স্পরিচিত।

শ্রীগোবিন্দভায়ে নয়টি প্রমেয়-বস্ত নির্নীত হইয়াছে ও সংক্ষেপে সেগুলির অবতারণা করা হইয়াছে—

১ম—শ্রীকৃষ্ণই একমাত্র পরতম বস্তু, তিনিই অবিভীয়তব।

২য়-ভিনি নিখিল-নিগম-বেছ।

৩ই-তিনি বিশ্ব-সতা।

৪র্থ-তদগত ভেদও শত্য।

<---- बीवमांकर शिरतित गांग ।

৬ - জীবের সাধনগত তারতম্য স্বীকার্য্য।

ণ্ম—জ্রীক্লকের চরণ-লাভই মোক।ূ

৮ম—ভঞ্জিই মুক্তির হেডু এবং ইহাই নিশ্ব'ণ হরি-ভজনরূপ অপরোক্ষ জান।

৯ম-প্রত্যেক, অনুমান ও শব্দ (শ্রেষ্টার্ফে, শ্রুতি) এই তিনটি প্রমাণ ।
এই প্রমের-বন্ধগুলির বিশদ ব্যাধ্যা বলদেব বিছাভূবণ কৃত 'প্রমের
রন্ধাবলী'তে পাওরা যায়— স্থনী পাঠকদিগকে আমরা এই অপূর্ব্ধ গ্রন্থথানি
একবার পাঠ করিতে অন্ধরোধ করি। উক্ত প্রমেরবন্ধগুলির বিবৃতি ও
বিচার সংক্ষেপে নিমে লিপিবন্ধ করা গেল। প্রমের-বিচার সমন্বিত
ভাস্কই বেদান্তরে শ্রীগোবিন্দভায়।

১ম প্রমের বস্তু—'জ্ঞীকৃষ্ণে বৈ পরমং দৈবতং'" (গোপাল রাপনী উপনিনদ, পূর্ব্ব, ১-ক) জ্ঞীকৃষ্ণই পরমাত্মস্বরূপ, জ্ঞীকৃষ্ণই পরম দেবতা, তিনিই অন্বিতীয়-তত্ম ; 'তম্মাৎ কৃষ্ণ এব ওঁ তৎসদিতি পরো দেবতা, ধ্যায়েৎ তৎ রন্দেৎতৎ ভজ্জেৎ তৎ যজেদিতি' (গোপালতাপনী উপনিষদ, পূর্ব্ব্ব্রু, চান্ত স্ত্র্র্ত্ত) ভগবান কৃষ্ণই একমাত্র শ্রেষ্ঠ দেবতা তিনিই দেবাদিদেব, আতএব তাঁহারই চিন্তা, করিবে, তাঁহারই ধ্যান করিবে, তাঁহারই নাম লপ করিবে ও প্রেম সহকারে তাঁহারই দেবায় ও আরাধনায় ও প্রসায় প্রস্তুত্ত হইবে। তিনিই ওঁকার অরপ সদর্ব্বী ব্রহ্ম।

২য় প্রমেয় বস্তু—সকল বেলই সাক্ষাৎ সহজে বা পরপারারপে শুরুক্তকেই গান করেন। 'সর্কে বেলা যৎপল্যামনন্তি তপাংসি সর্কানি চ যহদন্তি' (কঠোপনিবদ্)—সকল বেলে আর সম্লায় তপতায় সাক্ষাৎ ও পরম্পরারপে এক্মাত্র শ্রীহরিরই নাম গান করে। 'বোৎসো সর্কৈর্কেলৈগীরতে'— (গোণালতাগনীউপনিবদ্-উত্তর, ৮-ক হত্তে)।

- তর প্রনের বন্ধ-পরবন্ধ কৃষ্ণ এই অধিশ কাণং পরিব্যাপ্ত করিরা আছেন,
  এই বিশ্ব স্কৃষ্টি তাঁহার শক্তিকার্য বা সত্য। 'য একোহবর্ণো বহুধা
  শক্তিবোগাং বর্ণাননেকান নিহিতার্থোদধাতি।' (বেতাযতরোপনিবদ্)
  —িযিনি এক হইয়াও সর্বব্যাপী, অবিতীয় পরমের্বর, যিনি নিজিয়

  হইয়াও স্বীর শক্তিবোগের প্রভাবে সকল জীব সৃষ্টি করিয়া তাহাদের
  অভাব-অভিযোগ ও তৃঃধ-কট মোচন করেন তিনি বিশ্বসত্য-প্রতি

  স্প্রী-বন্ধর কারণই যে তাঁহার লীলাসহল্প।
- ৪র্থ প্রমেয় বস্তু ঈশ্বর হইতে জীবের ভেদ, তাহাও সত্য ও নিত্য। বধা—

  'যদা পশ্য: পশ্যতে কল্পবর্গং কঠারমীশং পুরুষং ব্রহ্মধোনিম্। তদা

  বিদান্ পুণ্য-পাপে বিধ্য নিরঞ্জনঃ পরমং সাম্যমুগৈতি ইতি॥'

  (মণ্ড্কোপনিষদ্)— জীব যথন ধ্যামনিরত হইয়া স্বর্ণের আভার

  ভায় জ্যোতি-স্বরূপ সৃষ্টি কঠা পরম-পুরুষ ব্রহ্মকে দর্শন করে তথন

  সেই তত্মদর্শি জ্ঞানী সাধক পাপ-পুণ্য পরিশ্রভ হইয়া, নির্দ্দোষ হইয়া,

  পরম সাম্য লাভ করে অর্থাৎ মোক্ষের অধিকারী হয়। জীব ও

  ঈশ্বরের ভেদ নিত্যা, তবে অণুকৈতভ্ররণে জীব ঈশ্বরের অংশ বলিয়া
  ভক্তপণ ভেদ স্বলে উভয়ের অচিস্ক্য ভেদাভেদ পরিক্রনা করেন।
- ধ্ম প্রমের বন্ধ জীব ভগবানের দাস। প্রীভগবান সকলেরই পূজা।
  যথা— তমীশ্বরাণাং প্রমং মহেশ্বরং তং দৈবতানাং প্রমঞ্চ দৈবতম।
  পতিং পত্তীনাং প্রমং প্রতাং বিদামদেবম্ ভূবনেশনীতান্ ইতি॥
  (মেতাশভরোপনিবদ্)—দেবতারও বিনি দেবতা, ঈশবেরও (ত্রনাদি)
  বিনি ঈশ্বর, প্রজাপতিগণেরও বিনি পতি এবং বিনি পর হইতেও

পরতম, জগতের একমাত্র ঈশর তিনিই, তাঁহাকেই জানিব। এই পরম-দেবতার পূজা সকলেই করিয়া থাকেন—জীবগণ তাঁহারই লাস।

ঠ প্রমেয় বন্ধ—জীব ও ঈশরের সাম্য বিভ্যমান থাকিলেও জীবের

সাধনার তারতমা অম্পারে তাহার দ্বারা অম্প্রতি ঐহিক বা
পারত্রিক ফলেরও তারতমা হয়; কাজেই জীবের ব্রহ্ম ইইতে

সারাএক কলেরও ভারতনা হর; কাজের আবের এনা হরতে সম্বরূপে অহারপে সাম্য থাকিলেও মারা-মোহাদি জনিত ব্রহ্ম হইতে ভাহার ভেদ ও সাধন-ভারতম্য হেতু পরস্পরা-ভেদ স্বীকার্য।

শম প্রমেয় বস্ত — জীবের শ্রীকৃষ্ণচরণলাভই মোক্ষ। জীব যথন ব্রহ্মতন্ত্ব-লাভ করে তথন সে মোক্ষের অধিকারী হয়। একমাত্র উপাসনায়ই ইয়া সম্ভব।

> "একো বশী সর্ব্ধগঃ কৃষ্ণ ঈড্য একোহপি সন্ বহুধা যে বিভাতি। তং পীঠস্থং যেহমুভঙ্গন্তি ধীরা— ডেয়াং স্কুথং শাশ্বতং নেতরেষাম॥"

—গোপালতাপনী উপনিষদ, পূর্ব্ব, ৫ম হত্ত্ব —পীঠ অর্থাৎ অদিতীয় সর্বব্যাপী বিশ্ববদনকারী শ্রীকৃষ্ণই পূজ্য, যিনি এক হইলেও বহুরূপে প্রকাশিত হন। এমন পূজাপীঠ মধ্যন্থিত শ্রীকৃষ্ণকৈ যে স্থিরবৃদ্ধি ব্যক্তিগণ পূজা করেন, তাঁহারাই নিত্য স্থের অধিকারী হন—মোক্ষলাভ করিতে পারেন। অপরে সে স্থিভাগী হইতে পারেন না।

৮ম প্রমের বস্ত-ভক্তিই মুক্তির হেতু। কিন্তু ভক্তি<sup>5</sup> অহৈতুকি; সাধুসেবা, গুরুসেবাই একমাত্র ভক্তি লাভের উপার।

"অতিথিদেবো ভব।"—(তৈতিরীয়োপনিবদ্)—দেবভাবে ভগবান্ ছরির ভায় অতিথির দেবা কর।

"আচার্যাদেবোভব।"—( তৈতিরীয়) দেবভাবে ভগবান হরির ভূলা গুরুর দেবা কর। সেবাপরায়ণ হইলে ভক্তির ফুর্ল্ট হইবে; ভক্তির পরাকার্চাই মুক্তি দান করে।

ন্ম প্রমেয় বস্তু —প্রত্যক্ষ, অনুমান ও শব । এই তিন প্রমাণের মধ্যে শব্দই,
অর্থাৎ অপৌরুষেয় শ্রুতিবাক্যই শ্রেষ্ঠ , অপর তুইটি দোষ-তুই, কারণ
তুইটিই ইন্দ্রিয়-গ্রাহ্য, স্মৃতরাং স্থুল বস্তু-গ্রাহী । শ্রীমন্তাগবতে যে 'ঐতিহ্ন' .
প্রমাণের উল্লেখ আছে তাহা প্রত্যক্ষেরই অস্তর্গত।

১। "প্রবাং কীর্ত্তনং বিজ্ঞো: স্বরণং পাদসেবনম্।

অর্চ্তনং বন্দনং দান্তং স্থামাক্স নিবেদনম্ ।

ইতি প্ংসাপিতা বিজ্ঞো ভক্তিকেয়বলক্ষণা।

ক্রিয়তে ভগবতাকা তয়প্রেমীতন্ত্রমম্॥ ইতি॥"

''তখাহি বাজদনেয়িন: ॥
 আলা বা অরে এইবাঃ শ্রোতবাো মন্তবো নিদিধ্যাদিতবাঃ ॥ ইতি ॥"

— অবে, নৈত্রেরি! আরার সাকাৎকার করিবে এবং তাহার সাধন লক্ত বৈদিক গুরুমুথ হইতে প্রবণ এবং বেদাসুযারী তর্ক বারা উহারই মনন অর্থাৎ আর্থ-নিন্চয় এবং তাহার
পর নিদিধাসন—ধ্যান করিবে।

<sup>—</sup>ইহাই ভক্তির প্রকারভেদ—শীভাগবতে বর্ণিত ও প্রমেয়রত্বাবলী, ৮ম প্রমেয়-প্রসঙ্গে উলিধিত।

শ্রীগোবিদ ভারে আরও আছে ভক্তির প্রকৃত দক্ষণ ও ভক্তি-স্বরূপের বিচার, ভক্তিই যে জীবের একমাত্র পূরুষার্থের সাধক তাহার পরিচয় ও ভক্তি যে 'জ্ঞানরপিণী ও আনন্দদারিনী' তাহার কক্ষ বিচার এবং ভক্তিই যে জ্ঞানের সার তাহারও নির্দেশ। বস্তুতঃ, সর্ক্ষবিধ উপাধিপরিশৃত্য হইয়া শ্রীকৃষ্ণ-ভক্তনই ভক্তি এবং ইহাই ভক্তের নৈক্ষ্মাসিদ্ধি—ইহাই মোক্ষ পদবাচ্য।

শ্রীভগবানের ক্লপায় শ্রীগোবিলভাগ পাঠে ভক্তগণের ভক্তি উত্তরোত্তর বর্দ্ধিত হউক, ইহাই আমানের আন্তরিক কামনা—

> "ওঁ নমো বিশ্বস্করপার বিশ্বস্থিত্যস্তহেতবে। বিশ্বেশ্বরায় বিশ্বায় গোবিন্দায় নমো নমঃ॥"

# **শৈবদর্শন**

"ধাারেরিত্যং মহেশং রজতগিরিনিভং চাকচক্রাবতংসম্। রক্তাকরোজ্জলাকং পরশুম্বর রাজীতিহন্তং প্রসন্নম্। পল্লাসীনং সমস্তাৎ স্তত্মনরগণৈব্যান্তক্তিং বসানম্। বিশ্বান্তং বিশ্ববীকং নিধিলভারহরং পঞ্চবক্র্ং ত্রিনেত্রম্॥" উনমঃ শিবার।

"ঐতরেয়" উপনিষদে উক্ত হইয়াছে—

"আত্মা বা ইদমেক এবাগ্র আসীৎ নান্তং কিঞ্চনমিষং স ঈক্ষত লোকান্ হু সঞ্জা ইতি॥"—১।১

— আদিতে এক প্রমাত্মা (মহেশ্বরই) বর্ত্তমান ছিলেন। অন্ত কৌন কিছু ছিল না। তিনি সংকল্প করিলেন আমি লোক স্পষ্ট করিব।
প্রকৃতির স্পষ্ট ব্রহ্মের। মহেশ্বরের) অধীন, তাঁহার স্প্ত প্রকৃতি লইরা
ব্রহ্মা নিজ ব্রহ্মাণ্ড রচনা করেন। "এতরেয়" তাই বলিতেছেন—মহেশ্বরের
স্পষ্টির ইচ্ছা ছইলে তিনি "অপ্" স্প্তী করিলেন, 'অপই' কারণার্ণব—জগতের
কারণ, অব্যক্ত প্রকৃতি। তারপর ব্রহ্মা অর্থাৎ লোকপালের স্প্তী।

"দোহত্তা এক পুরুষং সমুদ্ধত্যামূর্চ্ছয়ৎ"

—ঐতরেয়-উপনিষদ্, ১।৩

ক্লসেই পরমাত্মা মহেশ্বর 'আপ্'হইতে এক পুরুষ উদ্ধৃত করিয়া সংগঠিত করিলেন। এই পুরুষই ত্রন্ধা, তিনি প্রাকৃত উপাদানে গঠিত। বিষ্ণুও

**新海** 

সৌরমগুলের মধ্যবর্ত্তী অধিষ্ঠাতা-পুরুষ, সেইজন্ম তাঁহাকে আদিতান্ত-পুরুষ বলিয়া বর্ণনা করা হইয়াছে—পুরাণের ভাষায় ইহার সম্বন্ধে বলা হইয়াছে—

> "ধোয়ঃ সদা সবিহৃন ওলমধাবর্তী নারায়ণ সরসিজাসনস্মিবিষ্টঃ।"

—বিফু ব্যাপক, সমস্ত সৌরমগুল ব্যাপিয়া আছেন—ব্রহ্মাণ্ড তাঁহারই শরীর।

"শ্বে ভাশ্বতরোপনিবদে" এই বিশের আদি ও বীজস্বরূপ মহেশ্বরের স্থয়ের আরও স্পষ্ট নির্দেশ আছে। "শ্বে ভাশ্বতর" বলিতেছেন—

> "একো হি রুদ্রো ন বিতীয়ায়তত্ত্ব: য ইমাং লোকান্ ঈশত ঈশনীভিঃ॥"—এ২

—ক্রন্ত (মহেশ্ব ) এক, তাঁহার দিতীয় কেহ নাই, তিনিই জ্গৎচরাচর সমুদ্র নিজের শক্তির দারা শাসিত করেন।

• এই রুদ্রই পরমপুরুষ, ইনিই মহেশ্বর-

"তম্ ঈশ্বরাপাং পরমং মহেশ্বরম।

প্রতিং পতীনাং প্রমং প্রস্তাৎ॥"

—্যেতাশ্বর্তাপ্নিষ্দ, ভা

—তিনি ঈশবের শ্রেষ্ঠ ঈশর—তিনি মহেশ্বর। তিনিই পরাৎপর পরমপুরুষ; (প্রন্ধা)পতিরও তিনি পতি। "বেদ-সার" স্তোত্তে তাই শ্রীমৎ শঙ্করাচার্য্য গাহিলেন—

"পশ্নাং পতিং পাপনাশং পরেশং, গজেক্স ক্রন্তিং বসানং বরেণ্যন্। জটাজ্টমধ্যে স্কুরদ্গান্ধবারিং, মহাদেবমেকং স্মরামি স্থরারিম্॥১ন মহেশং স্থরেশং স্থরারাতিনাশং, বিভূং বিখনাথং বিভৃত্যকভ্ষম্। বিক্রপাক্ষমিল্ফর্বছিত্রিনেত্রং, সদানল্মীড়ে প্রভূং পঞ্ববজুম্ ॥২॥ গিরীশং গণেশং গলে নীলবর্গং, গবেক্রাধিকঢ়ং গুণাতীতরূপম্। ভবং ভাস্বরং ভল্মনাভূষিতাঙ্কং, ভবানীকলত্রং ভজে পঞ্বজুম্॥এ॥


শস্তো মহেশ করুণাময় শূলপাণে, গৌরীপতে পশুপতে পশুপাশনাশিন্। কাশীপতে করুণারা জগদেতদেকস্তংহংসি পাসি বিদ্যাসি মহেশ্বোহসি॥১০॥ স্বন্ধো জগদ্ভবতি দেব ভব শ্বাবের, স্বয়েব তিইতি জগন্মূড় বিশ্বনাথ। স্বয়েব গচ্ছতি লয়ং জগদেতদীশ, লিঙ্কাশ্বকে হর চরাচর বিশ্বরূপিন্॥১১॥\*


- যিনি পশুগণের (জীবা ফ্রাদিগের) পতি, যিনি পরমেশ্বর (ঈশবের ঈশবর), যিনি সকলের পাপ বিনাশ করেন, যিনি গজ-চর্ম্ম পরিধান করেন এবং সর্ক্তপ্রেষ্ঠ যিনি — বাঁহার জটাগুছের মধ্যে গঙ্গাজন তরঙ্গারিত হইতেছে, সেই একমাত্র মদন-রিপু মহাদেবকে আমি শ্বরণ করি।
- যিনি দেবগণের ঈশ্বর, যিনি মহেশ্বর, যিনি দেবতাদিগের শত্রুক্ল.
  বিনাশ করেন— যিনি বিভূ (সর্বব্যাপী), যিনি বিশ্বনাথ 'ও যিনি
  বিভূতিবারা (অনিমাদি অষ্টসিদ্ধিবারা) অঙ্গভূষণ করেন— যাঁহার নয়ন
  বিকৃত (অর্দ্ধনিমীণিত), যাঁহার ত্রিনয়নে চক্র, হর্ষ্য ও অগ্নি বিভ্যনান,
  সেই সদানন্দ পঞ্চাননের আমি শুব করি। যিনি পর্বতের ঈশ্বর, যিনি
  প্রমণগণের অধিপতি, যিনি বিষপান করিয়া নিজে নালক্ ইইয়াছেন—
  যিনি ব্যক্ষ, যিনি সন্ধ, রজ ও তম এই গুণত্রয়ের অতীত— যিনি ভবনামে
  অভিহিত, যিনি পূর্ণজ্ঞানে দীপ্তিমান, যাঁহার অঙ্গ ভশ্মবারা বিভ্রিত,
  সেই,পঞ্চ-মুথ ভবাণীপতির আমি ভজনা করি।

—হে শস্তু, হে মহেশ, হে করণামর—হে শৃগপাণি, হে গোরীণতি, হে পশুগতি, হে পশুগাণ (মন, কর্ম, মারা ও বাধা) বিনাশকারী, তুমি একাই স্বীয় করণার এই স্বগং পাগন কর, রক্ষা কর ও বিনাশ সাধন কর; অতএব তুমিই কাশীপতি মহেশ্বর। হে দেব, হে ভব, হে মদনারি, তোমা হইতে জগতের উৎপত্তি; হে বিশ্বনার্থ, তোমাতেই স্পপতের স্থিতি; হে মহেশ্বর, তোমাতেই স্বগতের পরিসমাপ্তি—হে হর! এই চরাচর-বিশ্ব তোমারই স্বরূপ।

শৈবদর্শন মতে, শিবই পরমেশ্বর, ইনিই বিশ্বনাথ—এবং ধাবতীয় জীব পশুরূপে উলিখিত হইয়াছে। জীবের কর্মাহুদারে পরমেশ্বর ফল প্রদান করেন, ইহাই এই দর্শনের নির্দেশ। শৈবদর্শন মতে পরমেশ্বর কর্মাইদিসাপেক-কর্তা—জীবগণের বাহার বেরূপ কর্ম্ম, পরমেশ্বর তাহাকে তদম্প্রুপ ফলভোগে নিযুক্ত করেন। পরমেশ্বরের কর্মনিরপেক্ষতা খীকার করিলে তাঁহার উপর বৈষ্যা ও নৈম্বণ্য এই উভয়-বিধ দোখারোপ করা হ্রু, কিন্তু তিনি কর্মাদিসাপেক-কর্ত্তা বলিয়া এ আশ্বা করা যুক্তিযুক্ত নহে বে তাঁহার স্বতন্ত্রতা নই হয়; অন্ত কর্ত্ত্বক আদিষ্ট না হইয়াই যথন তিনি জ্বাৎ নির্মাণ করেন, তথন তাঁহার স্বাতন্ত্র্য অব্যাহতই থাকে।

শৈবদর্শন আরও বলেন, জগতের উপাদানও ঈশ্বর-নিরপেক্ষ, ঈশ্বর জগৎ নির্মাণ করেন বটে, কিন্তু জগতের উপাদান অনাদি, জীবগণও ঈশ্বরভিন্ন ও অনাদি। স্থায়দর্শনের মতবাদের সঙ্গে শৈবদর্শনের এই মতবাদের মিল দৃষ্ট হয়।





উক্ত ত্রিবিধ পদার্থের মধ্যে পশু অর্থাৎ জীবাত্মা চতুর্বিবধ পাশের অধীন। এই পাশ বিমোচন করিবার, বিনাশ করিবার কর্তাই পতি । অর্থাৎ ভগবান শিব, স্বয়ং মহেশ্বর।

শৈবদর্শন মধ্যে "নকুনীশপাশুপতদর্শন", "প্রত্যভিজ্ঞাদর্শন" ও "রসেশ্বরদর্শন", এই তিনটি উক্ত দর্শনের প্রস্থান-বিশেষ মাত্র। অভীব সংক্ষেপে এই তিনটি দর্শনের মাত্র প্রতিপাত্ত বিষয়-বস্তু আলোচিত হইল। ভগবান শিব আমাদের সহায় হউন—

> "রুদ্র! যতে দক্ষিণং মুখম্ তেন মাং পাহি নিত্যস্।"


--- হে করে, তোমার যে অপার করণা, তাহার বারা আমাদিগকে
সর্বাদা রকা কর।

## নকুলীশপাশুপতদর্শন

শৈবদর্শনের 'পাশুপত-মত' অতীব প্রাচীন ; মহাভারতে এই মত বেদ প্রভৃতি শাস্ত্র-গ্রন্থসমূহের ক্যায় জ্ঞান প্রদায়িনী বলিয়া উক্ত হইরাছে।

এই দর্শন মতে মুক্তি ত্ই প্রকার, আর তর্জ্ঞানই মুক্তির সাধক। সে কিরণ ?

দর্শন-কার বলিতেছেন—চর্যাবিধি দারা ধর্ম সাধন করা ধায়, তম্বজ্ঞান লাভ হয়, পার্মেশ্চর্য্য-প্রাপ্তি ও চরম-দুঃখ-নিবৃত্তি এই উভন্থ-বিধ মৃত্তি লাভ করিতে "পশু" বা জীব সক্ষম হয়। চর্যাবিধি আর্থে প্রধান ধর্ম্ম-সাধন বুঝায়। চর্যাবিধি, যথা—



উচ্চহাস্ত প্রভৃতি ছয় প্রকার 'উপহার' ভমে শয়ন ও ত্রিসন্ধ্যা ভম্ম
য়য়ণই 'ব্রতের' তিনটি অঙ্গ। ক্রথন অর্থাৎ "ক্রথ—বংশ", কম্পন,
বিলোড়ন, রতিক্রিয়া, রক্ষা করা—পালন করা, সত্যভাষণ প্রভৃতি ছয়
প্রকার উপায়র ঘারাই 'হার' নিম্পন্ন হয়। 'ব্রত' ও 'ঘার' এই তুইটি
চর্য্যাবিধি, এই চর্য্যাবিধিই ধর্ম-সাধনের একমাত্র সহায় এবং মুক্তির
সোপান স্বরূপ।

নকুলীশপাশুপতদর্শন বলেন, মহাদেবই প্রয়েশ্বর, জীবগণ 'পশু'— জীবের অধিপতি বলিয়া মহাদেবকৈ পশুপতি বলে।

মহাদেবই সর্ব্বকার্য্যের কারণ স্বরূপ। জীবগণের কর্ম-নিরপেক হইয়াই তিনি জ্বগৎ স্থাষ্ট করিয়াছেন, কারণ তিনি সম্পূর্ণ স্বাধীন বা স্বতন্ত্র। পাশুপতদর্শনের এই মত অক্যান্ত শৈবদর্শনগুলি হইতে পুথক।

"ওঁ নমঃ শিবায় ম"

# প্রভ্যভিজ্ঞাদর্শন

## "নিরূপাদান সম্ভারমভিত্তাবেব তম্বতে। জগচ্চিত্রং নমস্তবৈদ্য কলাশ্লাঘ্যায় শূলিনে॥"

—প্রত্যভিজ্ঞাদর্শনের প্রবর্ত্তক বস্থগুপ্তাচার্য্য বলিতেছেন, বর্ণ ও তুলিকা প্রভৃতি উপাদানাদি ব্যতিরেকে অভিত্তিতে জগচ্চিত্র যিনি অন্ধিত করেন, সেই অন্ধেন্দ্শেথর শূলপাণিকে নমস্কার।

প্রত্যভিজ্ঞাদর্শনেও মহাদেব শ্লপাণি জগদীশ্বর বলিয়া স্বীকৃত।

প্রত্যভিজ্ঞাদর্শনের মূল পাশুপতদর্শন; শৈবদর্শনের যাবতীয় পরিভাষা, যথা ত্রৈবিধা—মন প্রভৃতি শ্রেণীবিভাগ এই ষট্ত্রিংশং তত্ত্বসংখ্যা সমস্তই ইহাতে গৃহীত হইয়াছে।

প্রতাভিজ্ঞাদর্শনে উক্ত ইয়াছে জীবগণ কর্মান্ম্যারে ফলভোগ করে বটে, কিন্তু জীবাত্মার (জগতপাদানে) ও পরমাত্মার (চিদাত্মার) ভেদ নাই এবং ভক্তবৎসল মহাদেবই জগতের অধীখর। এই অভেদে যে ভেদ জ্ঞান, ইহাই জীবের অম, আর এই অমই তাহার যাবতীয় হুঃখ-কটের মূল কারণ। জীব যখন সাধন-মারাধনার হারা জানিতে পারে যে তাহার নিজের মধ্যেই সর্বজ্ঞত্বরপ দেখর-ধর্ম বিশ্বমান আছে, তখনই তাহার পূর্ণভাবের আবির্ভাব হয়—সে জানিতে পারে পরমাত্মার ও তাহাতে কোনই ভেদ নাই। এই পূর্ণভাবের—অর্থাৎ, জীবের হুরপাবহানেব আনক্ষ অনুভবের যে জ্ঞান, তারই নাম "প্রত্যভিজ্ঞা" (recognition); ইহার অপরিজ্ঞানেই বন্ধন হয়। প্রতাভিজ্ঞাই জীবকে "সোহং-ভাবে" (আমি দেহাদি ভিন্ন,

চিন্নাত্র, এইভাবে) লইরা গেলে তাহার মৃক্তি হয়; প্রত্যভিজ্ঞাই মৃক্তির সাধক। অন্তাম বিষয়ে প্রত্যাভিজ্ঞাদর্শন অপরাপর শৈবদর্শনগুলির অফুরপ।

প্রত্যভিজ্ঞাদর্শনের প্রবর্ত্তক "বস্ক গুপ্ত," "কলট" প্রভৃতি আচার্য্যগণ এবং "ভটোৎপল", "ক্ষেমরাজ", "অভিনবগুপ্ত" প্রভৃতি আচার্য্যগণ ইহার প্রথায়িতা। এই দর্শনের বিষয়-বোধক শাস্ত্র পাঁচথানি, যথা—হত্ত, বৃদ্ধি, বিবৃতি, লঘুবিমর্শিণী ও বৃহৎ-বিমর্শিণী। ক্ষেমরাজ কৃত 'প্রত্যভিজ্ঞাহ্দর' গ্রহে মাত্র কৃড়িটি হত্তে প্রত্যভিজ্ঞাদর্শনের বিষদ বিবরণ লিপিবদ্ধ আছে, গ্রহ্থানি অপূর্ব্ব।

প্রত্যভিজ্ঞাদর্শনের প্রথম কারিকা বা স্থত্তে উক্ত হইয়াছে---

"কথঞ্চিদাসাত্ত মহেশ্বরস্ত দাস্তং জনস্তাপ্যুপকারমিচ্ছন্! সমস্তসম্পৎসমবাধ্যি হেতুং তৎ প্রতাভিজ্ঞামপপাদয়ামি॥"

—কোন প্রকারে (গুরুকুপার) মহেশ্বরের দান্ত (স্বেচ্ছাকুডদান) লাভ করিরা ও জনসমাজের উপকার করিতে ইচ্ছুক হইরা সমস্ত সম্পদ লাভের হেতৃত্বরূপ মহেশ্বর প্রভ্যভিজ্ঞার (নিজেকে মহেশ্বর বলিরা চিনিবার) উপার বিবৃত করিতেছি।

কি উপায় অবলম্বন করিয়া প্রত্যাভিজ্ঞা লাভ করিতে হয় ? কেমরাজ বলিতেছেন—

প্রত্যভিজ্ঞা অর্থাৎ চিদানন লাভ হয় মধ্যবিকাশ হইলে ৷ মধ্যবিকাশ কি ? চৈততের অপর নাম মধ্য, কারণ চৈততেই দকল বস্তুর অস্তরতমন্ত্রণ বিভ্যমান ও স্বরূপ প্রকাশক; চৈতত অর্থাৎ সংবিতের সঙ্কোচভাব

দ্র হইলে তাহা বিকশিত হয় এবং আমরা আ**মদর্শনলাভ করি**তে সক্ষ হই। এই বিকাশের নামই মধাবিকাশ। মধ্য**বিকাশের উ**পায় কি? উপায় চারিটি, যথা—

প্রথম উপায়—বিকম্পক্ষয়। আর্মরা যদি সকল বাছ-বস্তর চিন্তা ত্যাগ করি, কোন কিছুরই চিন্তা না করি, তাহা হইলে আমাদের মনে কোন সঙ্কর বা বিকল হয়না, সকল বিকল আমাদের ক্ষর হয়—আমরা হলপে অবস্থান করিতে পারি ও আমাদের সংবিতের বিকাশ হয়। শিবস্ত্রে বিকম্পক্ষয় শাস্ত্র-উপায় বলিয়া কথিত।

দ্বিতীয় উপায়—শক্তি সঙ্কোচ। আমাদের ইক্সিয়গ্রা হিমুখী বলিয়া আমরা বাহিরের বস্তুকেই দেখি, অন্তরাত্মাকে দেখিনা। ক্রিয়-শক্তির সঙ্কোচ করিলে আত্মদর্শন করিতে পারা বায়।

ভূতীয় উপায়—শক্তির বিকাশ। আমাদের ইন্দ্রিয়-গ্রাম এ এক সময়ে এক এক বস্তু গ্রহণ করে, একই সময়ে যুগপং সকল বক হণ করিতে পারেনা, কাজেই কেবল আংশিকভাবেই আমরা আফানের সকল শক্তি প্রয়োগ করিয়া নিজেকে সর্ব্বতোভাবে জানিতে পারি, তাহা হইতে আমাদের স্বরূপের জান হয় — আমাদের আত্মনর্শন লাভ হয়। শিবস্ত্রে ইহাই শাক্ত-উপায় নামে উক্ত।

চতুর্থ উপায — বাহচ্ছেদ বা প্রাণাপানের গতি-বিচ্ছেদ। যদি আমরা স্বরবর্ণ বিবর্জিত 'ক' বা 'হ' উচ্চারণপূর্বক প্রাণবায়ু ও আগন বায়ুর বিচ্ছেদ করি ও হানয়-পল্ল মধ্যে চিত্ত স্থির করিতে পারি, তাহা হইলে আমাদের হানয়ান্ধকার ভেদ করিয়া সতই আস্থাদর্শন লাভ হয়। যোগস্থতে ইহাকেই সমাধি লাভের উপায় বলে।

উক্ত মুখ্য চারিটি উপায় ব্যতিরেকে 'ক্লেমরাজ' আরও অনেকগুলি উপায় তাঁহার 'প্রত্যভিজ্ঞা-ছদয়" গ্রন্থে উল্লেখ করিয়াছেন যাহার দারা চিদানন্দ লাভ করিতে পারা যায়।

প্রত্যভিজ্ঞাদর্শনে চৈতক্ততব্ও বিশেষ বিষদভাবে আলোচিত হইয়াছে। প্রত্যভিজ্ঞাদর্শন বলেন চৈতন্তই সকল বস্তুর নিয়ামক. ইহা হইতেই জগৎ নিষ্পন্ন হয়। যে ভাবে দর্পণের কোনও পরিবর্জন সাধিত না হইয়াও তাহা হইতে নানা বস্তু প্রকাশিত হয়, চৈতক্তও তেমনই ভাবে অপরিবর্ত্তিত থাকিয়াই জগৎ প্রকাশিত করে। আবার ঠিক দর্পণেরই মত চৈতন্ত বিনা উপাদানে স্বেচ্ছাক্রমে স্কর্গৎ প্রকাশিত করে। ইহ-জগৎ বৈচিত্রময়, কারণ জীব ও জীবভোগাঁ পদার্থ পরস্পর-প্রভাবে নানা প্রকার। চিদাত্মাও যথন স্বীয় স্বাতস্ত্র্য বশতঃ নিজেকে নানারূপে প্রকাশিত করিতে ইচ্ছা করেন, তথন তাঁহার ইচ্ছাশক্তি অসম্ভূচিত থাকিলেও সম্কৃচিতের ক্যায় প্রকাশ পার এবং তথনই তিনি সংসারী জীবন্ধপে প্রকটিত হন। এমনইভাবে, তাঁহার অব্যাহত ইচ্ছাশক্তি অনভিব্যক্ত হওয়াতে, তিনিই নিজেকে অপূর্ণ মনে করেন—তাঁহার জ্ঞানশক্তি সংকৃচিতবৎ থাকায় তাঁহার দেহাত্মবোধ জন্মে, তাঁহার ক্রিয়াশক্তি পরিমিত হওয়ায় তিনি শুভাশুভ অফুষ্ঠানে রত হন, তাঁহার অপর শক্তি-সমূহও সংকোচবৎ থাকে, তিনি শক্তিদ্রিত হইয়া সংসারী হন; কিছ শক্তির পুনঃ বিকাশে তিনি আবার শিব হন।

<sup>&</sup>quot;নমঃ শিবায়।"

## রসেগ্ররদর্শন

## "প্রণম্য জগত্ৎপত্তিস্থিতি-সংহার-কারণম্। স্বর্গাপবর্গয়োঘারং ত্রৈলোকাশবণ্য শিবম্॥"

শিবই রসেখর। রসেখর দর্শনও বলেন জীবাত্মা ও পর্মাত্মার ভেদ নাই—মহাদেবই পরমেখর। তবে রসেখরদর্শনের মতে একমাত্র প্রত্যভিজ্ঞাই মৃক্তির সাধক নহে। রসেখরদর্শন-কার বলেন মৃক্ত্র-দিগকে সর্ব-প্রথমে স্বীয় দেহের 'ছৈর্যা' সম্পাদন করিতে হয় এ পরে যোগাত্যাস দ্বারায় তাঁহাদের মৃক্তি লাভ হয়।

রদেখর তাই নির্দেশ দিলেন, জীব প্রথমে পারদর্বের বা রসে ারা স্বীয় দেহের হৈছাঁ সম্পাদন করিবে, তবেই তাছার দেহ সত্তেই মুক্তি লাভূ ঘটিবে—সে জীবমুক্ত হইতে সক্ষম হইবে। রসেখরের মতে দেব, দৈতা, মুনি, ঋষি অনেকেই এই পত্তা অমুসরণ করিয়া জীবমুক্ত হইয়াছেন।

দেহের হৈথা সম্পাদন হেতৃ পারদের একান্ত আবশ্রক বলিয়া রসেশবদর্শনে পারদের অশেষ-প্রকার গুণ কীর্ত্তিত হইয়াছে। রসেশবের উক্ত
হইয়াছে, যাবতীয় ধাতৃর মধ্যে পারদই, অর্থাৎ রসই শ্রেষ্ঠ ধাতৃ। পারদ
মহাদেব হইতে সন্ত্ত বলিয়া কথিত, মহাদেবের যে প্রচ্যুত বীর্যা ধর্ণীতলে পতিত হয়, তাহাই পারদ রূপে পরিণ্ত।

দেহের সার পদার্থ হইতে উৎপন্ন বলিয়া পারদ শুক্ল ও অফছ এবং জাতি ও বর্ণ-ভেদে ইহা চতুর্বিলধ, যথা—শ্বেতবর্ণ পারদ, আহ্মণ জাতিয়; রক্তবর্ণ, ক্ষত্রিয় জাতিয়; পীতবর্ণ, বৈশ্য জাতিয় এবং কৃষ্ণবৰ্ণ পারদ, শূদ্র জাতীয়। অপিচ, ইহাও উক্ত হইরাছে, স্বস্থ পারদ ত্রন্ধা-অরূপ; বন্ধ পারদ, জনার্দন-অরূপ ও রঞ্জিত ও কল্লিত পারদ মহেখর-অরূপ।

পারদের পর্যায়, যথা—পারদ, রস-ধাতৃ, রসেক্স, মহারস, চপল, শিববীযা, রস, হত ও শিবাহবয়। পারদকে রস কেন বলা হয়? 'ভাবমিশ্র' বলিতেছেন—


> "রসারনাথিভিলোকৈ: পারদো রস্ততে যত: । তত রস ইতি প্রোক্ত: স চ ধাতুরপিস্মৃত:॥"

—রসায়ন হিসাবে লোকের দারা পারদ রসিত বা ভক্ষিত হয় বলিয়াই ইহা 'রস' নামে অভিহিত, ইহাকে ধাতুও বলে—ইহাই রসের -নিফ্জিন।

রদেশ্বরদর্শনে পারদের বিভাগ, বিশেষ বিশেষ লক্ষণ, তাহার গুণ ও পরিচর এবং উপযোগিতা বর্ণিত হইলাছে। পারদের কতিপন্ন তব নিমে যথা-সম্ভব সংক্রেপে উল্লিখিত হইল এবং পারদ বিষয়ক অক্সান্ন তথ্যও সন্নিবিষ্ট হইল।

### পারদ। (Mercury)

(পারদ বা রস জনীয় ধাতু বিশেষ। ইংার ইংরাজী সাকেতিক চিক্—' $\mathrm{Hg}$ '; পশ্মাণবিক গুরুত্ব (atomic weight)—১৯৯৮; আপেক্ষিক-গুরুত্ব, (Specific weight)—১৩৯, at o° $\mathrm{C}$ ; বাংলায় ইংাকে 'গারা' বলে, লেটিন্ ভাষায় ' $\mathrm{Hydrargyrum}$ ' বলে এবং করাসী ভাষায় ' $\mathrm{Fai}$ ব'বলে।)



১। বধা,—(ক) ব্ৰদকপুর i.e., Corrosive Sublimate or Perchloride of

Mercury—HgCl<sub>s</sub>.

(\*) Calomel, i.e., Sub-hloride of Mercury or Mercurous

Chloride,—Hg, Cl<sub>2</sub>.
(3) Grey powder, i.e., Chalk-powder & Mercury & Hcl.

(v) Black-wash, i.e., Lime-water & Calomel—for external

application. (%) The Blue pills—pergative, ইত্যাদি।

যথা,—(ক) হিকুল ( বৰ্ণ—জবাকুত্মদকাশ ) i.e., Cinnabar, HgS, Sulphurate of Mercury

(4) Red Oxide of Mercury-HgO.

গো চীনের নিশ্বর (Powdered Vermilion i.e., Red Sulphide of Mercury, HgS, it is artificial Cinnabar ) ইত্যাদি।

 This particular use in still undiscovered and is a food to the students of Applied Chemistry.) বধা—কজ্ঞা, i.e., Black Sulphide of Mercury—HgS.

## পালিনিদর্শন

"অইউণ্	151
" <b>∜</b> » ক্	141
"এ ଓ ଞ୍	101
"ঐ ঔ চ্	181
"হ্যবর্ট্	1. 6 1
"ল ণ্	* 101
"ঞমঙ্গনম্	111
"ঝ ভ ঞ্	161
"घ ট ধ ষ্	1 > 1
"জবগডদশ্	15+1
"থ ফ ছ ঠ থ চ ট ত ব্	1 22 1
"কপয়্	1581.
"শেষসর্	1 201
"হল "—	1 28 1

ইতি প্রত্যাহার:—"এতানি মহেশ্বর স্ক্রানি অনাদি সংজ্ঞার্থানি।"
মহর্ষি পাণিনি তপস্থায় নিমন্ত্র, এমন অবস্থায় তিনি উক্ত অনাদি
সংজ্ঞার্থক মহেশ্বর স্ত্রগুলি প্রাপ্ত হ'ন। কথিত আছে, শিক্ষা লাভার্থ
গুরু-গৃহে স্ক্রণীর্থকাল শিশ্ব-ভাবে অতিবাহিত করিয়াও আশাহরূপ বিজ্ঞোরতি না হওয়ায় পাণিনি হিমালয় প্রদেশে গমন করেন ও শব্ব-শাজে
প্রক্তি জ্ঞান লাভের উদ্দেশ্যে দেবাদিদেব মহাদেবের আরাধনায় নির্ক্ত হ'ন

এবং তাঁহাকে পরিতৃষ্ট করিয়া উপরি-উক্ত চতুর্দ্দশ সংখ্যক প্রত্যাহারাদি সংক্রার্থক মহেশ্বর হত্তে মহাদেবের ডমঙ্ক-নিনাদ ইইতে প্রাপ্ত হন।

মহাদেবের রূপা লাভ করিয়া পাণিনি ব্যাকরণ-শাস্তে বিশেষ বুৎপত্তি লাভ করেন ও 'তাঁগারই প্রসাদে একথানি ব্যাকরণ গ্রন্থ বচনা করেন, ইংাই "অঠাগায়ী" নামে পরিচিত—উহাই পাণিনি প্রবর্তিত দর্শন-গ্রন্থ।

শন্ধ-বিভার অপূর্ষ ও অছিতীয় দর্শন প্রণেতা মহর্ষি পাণিনি প্রাচীন ঋষিদিগের মধ্যে অক্তরম। তিনি উত্তর-ভারতের গান্ধার প্রদেশান্তর্গত শলাতুর গ্রামে জন্ম-গ্রহণ করের এবং তাহার মাতার নাম ছিল দাক্ষী দেবী; গাণিনি এজক্ত শলাতুরীয় ও দাক্ষেয় এই তুই নামেও প্রাদিদ্ধ ছিলেন।

পাণিনিব-কাল নির্ণয়ে পাশ্চাত্ব পণ্ডিত মণ্ডলীর মধ্যে অনেক মতান্তর বাকিলেও পণ্ডিত-প্রবর ডাঃ লাইবিশ্ (Dr. Leibich) যে সিদ্ধান্তে উপনীত হইয়াছিলেন তাহাই অনেকটা সমীচীন বলিয়া মনে হয়—উাহার মতে অহ্মান খঃ পুঃ তিন শত অব্দে নহর্ষি পাণিনি জীবিত ছিলেন। ভারতীর মতে পাণিনি কিন্তু আরপ্ত প্রাচীন; "বেদান্ত-স্ত্র" প্রপ্তোবেদব্যাদ পতঞ্জলি কৃত "মোগ-স্ত্রের" ভান্তা কার, নহর্ষি পতঞ্জলি পাণিনীর মহাভান্ত" রচনা করেন, মহর্ষি কাত্যায়ন পতঞ্জলির প্র্রাচার্য্য, তিনি পাণিনির ব্যাকরণের "বার্ত্তিক" নামে ভান্তা রচনা করেন, স্তরাং মহর্ষি পাণিনি তাঁহারও পুর্বেষ্ঠ জীবিত ছিলেন, ইহাই ভারতীয় মত।

পাণিনিই প্রথমে পদ-সাধন ও শব্দের দার্শনিক বাাথ্যা প্রকট করিয়া বাাকরণ রচনা করেন। ব্যাকরণ-শাস্ত্র কিন্তু বহু পুরাতন। ব্যাকরণ-শাস্ত্র মাত্রইবেদাক নামে অভিহিত, বেদাক বেদের পরিশিষ্ট; "বৃহদারণ্যক" উপনিবদ বলিতেছেন, বেদাক ছয়টি, যথা—

#### "শিক্ষা কল্পাব্যাকরণং নিরুক্তং ছন্দ সঞ্চর:। জ্যোতিষাময়নঞ্চেব বেদাশ্বানি বড়েব তু॥"

আবার, বেদ অন্তর্গত গোণথ-বান্ধাণের ১।২৪ হত্তেও "ওঁ" কারের ব্যাকরণ-দক্ষত ব্যাখ্যা পাওরা বায়। বস্তুতঃ, পাণিনিরও বহু পূর্বের ব্যাকরণ-দক্ষত ব্যাখ্যা পাওরা বায়। বস্তুতঃ, পাণিনিরও বহু পূর্বের ব্যাকরণের পারিভাষিক শব্দের অন্তিছ ছিল। মহর্ষি পাণিনির পূর্বেও বহু ভাষা-রহস্তাবিৎ পত্তিত বর্ত্তমান ছিলেন, এবং তাঁহাদিগের মধ্যে মঙ্কুক, বিসিষ্ঠ, কাশ্রুপ, গার্গাচার্য্য, জাবাল, যাহ্ম, গালব, বৈশম্পায়ন, চরক, চাক্রবর্দ্ম, ভারদান্ধ, শাক্টয়ন, ভৃগু, সেনক, ফোটায়ন, জৈমিনি, ইন্দ্র, চন্দ্র, যম বর্দ্মা, প্রভৃতি অবিগণ অন্ততম। পাণিনির পূর্বের প্রচলিত ব্যাকরণ গুলি "এন্দ্র" ব্যাকরণ নামে প্রসিদ্ধ ছিল। পরবর্ত্তিকালে মহারাজ্ঞা-শালিবাহনের সময়ে "কলাপ" ব্যাকরণ রচিত হয় ও তাহারও অনেক পরে বোপদেব কৃত "মুধ্বোধ" প্রণীত হয়।

"অন্তক্ম পাণিনিয়ন্।" পাণিনি ব্যাকরণ অন্তাধ্যায়ী, প্রতি অধ্যারে চারিটি করিয়া পাদ ও প্রত্যেক পাদ, অর্থাৎ পরিছেদ, করেকটি করিয়া আছিকে বিভক্ত; সমগ্র পাণিনির হ্র সংখ্যা ৩৮৬। উক্ত আট অধ্যারে (১) সরি, (২) হ্রবন্ত ও তিভ্রু, (০) উনাদি, (৪) অধ্যাত ও নিপাত, (৫) উপসংখ্যান, (৬) স্বরবিধি, (৭) শিক্ষা, (৮) ক্রদন্ত ও তদ্ধিত প্রভৃতি বিবৃত ও প্রকাশিত হইয়াছে। এই বিবৃতির প্রকৃতি দর্শন-মূলক, তাহা শুষ্ট বে ব্যাকরণ-প্রকরণ তাহা নহে এবং ইহাই মহর্ষি পাণিনির বিশেষত্ব।

পাণিনির পাণ্ডিত্য ছিল অসাধারণ, তাঁহার প্রতিভা অসামান্ত এবং তাঁহার দ্রদর্শিতাও অভ্ননীর ছিল। প্রথমা হইতে সপ্তমী বিভক্তি, একবচন, দ্বিচন, বছৰচন, উপদর্গ, নিপাত, ধাতু, প্রত্যয়, প্রদান, প্রবন্ধ, ভবিশ্বং ও বর্তমান কাল এগুলি পাণিনির পূর্ব-প্রচলিত ব্যাকরণ পরিভাষা। কিন্তু, অফুনাসিক, হ্রম্ব ও নার্য, গুণ ও বৃদ্ধি, পরবৈপদ ও আাত্মনেপদ, উপধা, পদ, বিভক্তি, আদেশ, সংযোগ, সবর্ণ প্রভৃতি পরিভাষা পাণিনির নৃতন ব্যাধ্যা। প্রধানতঃ, চারিটি বিবরে পাণিনিকে আবিদ্ধা কলা বাইতে পারে, বর্ধা—

১ন—মহেশ্বর হত্ত সমূহ ও প্রত্যাহার দারা তাহাদিগের প্রয়োগ ;

২র—তাঁহার নবোদ্তাবিত অম্বন্ধ সমূহ ;

্য ∸কুৎ, নদী, স্ত্রী, ঘ, ঘি, লু প্রভৃতি পারিভাষিক শব্দের উদ্ভাবন ; ৪র্থ—গণসমূহের প্রবর্ত্তন । '

পাণিনি অবলম্বন করিবা বহু ভাষ্য-গ্রন্থ, টীকা ও ব্যাকরণ রচিত হইরাছে, এবং তন্মধ্যে মহর্ষি পতঞ্জলিকত "পাণিনীয় মহাভাষ্টই" শ্রেষ্ঠ। ইহা ব্যতিরেকে, পাণিনি ব্যাকরণে আলোচিত বৈদ্বিক ক্রিয়াকাণ্ডে প্রযুক্ত শব্দমূহের বিবৃতি ও ব্যাখ্যান সম্পূর্ণক্রপে পরিক্রাগ করিব্রা বিধ্য

১। মহবি পাণিনির মতে, সংস্কৃতে খাতু-সমূহ দশটি শ্রেকীতে বিভক্ত, এক একটি শ্রেকীর নাম গণু। বিভিন্ন গণেত্র নাম বধা—

<sup>&</sup>quot;ञ्राज्यनामी क्रहाज्यानिर्मित्रानिः वानिरत्नव ह । जूनामिक स्थानिक जनक्यानि ह्वानदः, ॥ हेकि ॥"

<sup>—</sup>ভ, বি, আদাদি, হবাদি, দিবাদি, আদি, তুদাদি, রুধাদি, তুনাদি, ক্যাদি, চুরাদি, এই দশটি গণে থাতুৰিভাগ একান্তই অভিনব। বোণদেব গোখামী বিরচিত 'মুক্রোধ' ব্যাকরণের পরিশিষ্টে বিবৃত 'গণার্থচন্দ্রিকার' অন্তর্গত "কবিকজক্রম" নামে থাতুপাঠ উক্তর্গবর্গত বিভক্ত সংস্কৃত থাতুপ্ঞের একথানি হলিখিত কাব্যগ্রন্থ। আটি জন প্রাচীন শাদ্দিক, এখা—ইন্দ্র, কাশ, কৃৎর, শাক্ষটারন, পাণিনি, অমর ও জৈনেন্দ্র, ইইাদিগের বিশ্বাহ্যাক্যবাদ্যান্য বোপদেব "কবিকজক্রম" রচনা করিয়াছিলেন।

পণ্ডিত ভটোলি দীক্ষিত পানিনীর অপর প্রজালি শ্রেণীবদ্ধ করিয়া প্রাঞ্জন ও স্থপাঠ্য ভাষার "নিদ্ধান্ত-কৌমুনী" নামে একথানি পানিনিন্যাকরণের সংক্ষিপ্ত সংকরণ (abridged edition) প্রকাশিত করেন—ইহাই এখন সর্ব্বত্ত অধীত হয়।

পাতঞ্জলি-মহাভায় পাণিনি ব্যাকরণের ভায়-গ্রন্থ, চীকা নহে। 
মহাভায় পাঠ করিয়া তাহার ভাষার মাধুর্যো, বুক্তির পারিপাট্যে ও
দৃষ্টান্তের সৌলর্ব্যে আননেল বিভোর হইয়া যাইতে হয়। সমগ্র মহাভায়ে
কোথায়ও 'আমি বলিতেছি' এ কথা নাই, তল্পরিবর্জে "উচাতে", "অম",
এইরূপ উক্তিতে বিষয়গুলি বোঝান হইয়াছে এবং প্রতিপাল বস্তু এমন
সরল, স্পায়ত, স্পাই ও প্রাঞ্জল ভাষায় ব্যক্ত করা হইয়াছে যে স্ক্রুমারমতি
বালকেও তাহা সহজেই বুঝিতে সক্ষম হয়। ব্যাকরণের নাম ভারায়াই
যাহারা ভয় পান, তাঁহারা যদি পাতঞ্জলি মহাভায় পাঠ করেন তাহা
হইলে তাঁহাদেরলে ভয় ত তিরোহিত হইবেই, উপরস্ত ঈলৃল সাধারণ পাঠক
বিশেষ উপরুত্ত হইবেন। মহাভায় পাঠে, মহর্ষি পতঞ্জলি যে কালে
বর্জমান ছিলেন, তথানকার রীতি ও নীতি, আচার ও ব্যবহার প্রভৃতি
অনেক কিছুই জানিতে পারা যায় এবং এই মহাভায়েরই বিচার-পদ্ধতি
অস্তকরণে পরবর্ত্তীকালে নবা-ফারের বিচার-পদ্ধতি প্রবর্তিত হইয়াছিল।

পাণিনীয় ব্যাকরণের অন্নান্ত ভাষ্য-গ্রন্থ ও টীকা সমূহের মধ্যে বার্ন্তারনের "বার্ত্তিক", কৈয়টের "ভাষ্য", ভর্ত্তরির "মহাভাষ্যের টীকা," "কাশিকার্ত্তি",

১। ভার এবং টীকা উভয়ের মধ্যে কিছু পার্থক্য আছে। টীকাতে প্রধানতঃ
শব্দার্থই ব্যাখ্যাত হইয়া থাকে, কিন্তু ভায় প্রধানতঃ মূল-গ্রছের বিষয় পরক্ষার তাৎপর্য্য
ব্যাখ্যাত হয় এবং মৌলিকভব সন্নিবেশিত হয়, আবগুক স্থলে সমালোচনাও থাকে—
ভায়কার বয়ং স্ত্রেও রচনা করেন।

পুরুষোত্তমদেব ক্লত "ভান্তবৃত্তি", বরদারাজ ক্লত "লম্মু কৌমুনী" ও "মধ্য কৌমুনী" এবং নাগেল ভট্ট প্রণীত "লম্বেন্দ্শেশ্বর", "পরিভাষা-সংগ্রহ", "পরিভাষা-বৃত্তি" ও "পরিভাষেন্দ্শেশ্বর" প্রভৃতি গ্রন্থই বিশেষ উল্লেখযোগ্য। গ্রন্থান্ত পাণিনি বলিতেছেন—

"অথ <del>শৰাতুশাসনম ।"—></del>১১

—শব্দের অন্থশাসন, অর্থাৎ ব্যুৎপত্তি ( বিশিষ্টরূপ উৎপত্তি )—শব্দের প্রকৃতি-প্রতায়াদি বিভাগ, ' তথা স্বরের দ্বারা শব্দের অর্থ জ্ঞানিতে হইবে, শিক্ষা করিতে হইবে।

স্বরের উৎপত্তি কথনে মহর্ষি পাণিনি তাঁহার ব্যাকরণের "শিকা"
অধ্যায়ে বলিতেছেন—"আমাদের মনস্বরূপ আত্মার নির্দ্ধেশ শরীরের
উত্তাপের ছারায় চালিত হইয়া নাভিমূল হইতে একটি বায়ু (সমান বায়ু )
ক্রমশঃ উর্দ্ধিকে উথিত হইয়া যথন কঠে আসিয়া আঘাত লাগে তথন
যে অব্যক্ত শব্দ হয় তাহাকে "নাদ" বলে। বাগিক্রিয় জিহ্বা এই
নাদকে যে হানে সংলগ্ন করায় সেই হানের স্থায় শব্দ উচ্চারিত হই তথন বহির্গত হয়—ইহা বক্তার সম্পূর্ণ-ভাবে ইচ্ছাধীন।" বক্তার ইচ্ছায়
এবং নিয়মের বশবর্তী হইয়া যথন ঐ নাদ বর্ণরূপে জিহ্বামূলে সংলগ্ন হয়
তথন তাহাকে 'জিহ্বামূলীয়' বর্ণ বলে, যখন গলদেশে সংলগ্ন হয়
তথন তাহাকে 'তালবা' বর্ণ ব'লে, যখন মুর্দ্ধাদেশে (মন্তকে) সংলগ্ন হয়

১। ক্রিয়াবাচক বাহা, অর্থাৎ, ধাতু এবং বস্তবাচক বা বস্তর নিশেবণ বাচক বাহা, অর্থাৎ, প্রাতিপদিক—এই দুইটি 'প্রকৃতি' নামে অতিহিত। ধাতু ও প্রাতিপদিকের উত্তর বাহা হয়—অর্থাৎ, মূলভাগের পর বাহা থাকে, তাহাকে 'প্রতায়' বলে। প্রতায় পাঁচট, বর্ধা—বিভক্তি কৃৎ, তদ্ধিৎ, ল্লী ও ধাতাবয়ব।


 <sup>। &</sup>quot;আত্মাবৃদ্ধ। সমর্থার্থায়নো বৃঙক্তে বিবক্ষা।
 মন: কালাগ্রিমাহন্তি স প্রেরইতি মাক্তম্ ।"—"পাণিনীয়া শিকা"।

তথন তাহাকে 'মূদ্ধণা' বর্ণ ব'লে—এইরপে 'দ্বস্তা', 'এঠা', 'কঠ', 'অহনাসিক', 'কঠাতালবা', 'কঠোঠা', 'দ্বস্তোঠা' প্রভৃতি স্থান-ভেদ্বে বর্ণের দশটি উচ্চারণ-স্থান বর্ত্তমান। বিসর্গের (:) কোন নির্দিষ্ট উচ্চারণ-স্থান নাই, বিসর্গ যথন যে স্বরবর্ণকে অবলম্বন করিয়া পাকে, তথন সেই স্বরবর্ণের উচ্চারণ-স্থানই বিসর্গের উচ্চারণ-স্থান নির্দিষ্ট হয়, এম্মন্ত বিসর্গকে 'আশ্রয়ন্থানভাগী' বর্ণ ব'লে। পাণিনি তাই নির্দেশ দিলেন, এমন ভাবে বর্ণ সকল উচ্চারণ করিতে হইবে যাহাতে তাহারা অব্যক্ত বর্ণ পীড়িত না হয়—"নাব্যক্তা ন চ পীড়িতা:।" অতাব সংক্ষেপে পর-পৃষ্ঠায় বিভিন্ন পর্যায়ভূক্ত বর্ণের উচ্চারণস্থানগুলি অবতারণিকার আকারে লিপিবদ্ধ হইল।

বর্ণ-নির্ণয়' সম্বন্ধেও পাণিনির দার্শনিক বিবৃতি বর্তমান। পাণিনি বলিতেছেন, স্বর্থণ ও ব্যঞ্জনবর্ণ-ভেদে বর্ণ ছিবিধ। যে সকল বর্ণ জক্ত অক্ত বর্ণের আশ্রয় ব্যভিরেকে উচ্চারিত হইতে পারে, অর্থাৎ, যাহারা অস্পৃষ্ট, কেবল স্বন্ধ হইতেই উচ্চারিত হয়, সেগুলিকে স্বর্থণ বলে; আর যে বর্ণগুলি স্বর্থনের আশ্রয় ব্যভিরেকে স্বতন্ত্র উচ্চারিত হয় না, তাহাদিগকে ব্যঞ্জনবর্ণ বলে।


১। বর্ণ নির্ণরের পর্যায় ১৩৭ পৃঃ এদন্ত হইল।

२। অ, ই, উ, ড়, ৯, এ, ঐ, ও, ঔ এই নয়ট ব্যবর্ণের উচ্চারণ-ভেলে বৈয়াকর-ণিকেরা 'দুত্দংজ্ঞা' (এব-ব্যর উচ্চারণ করিতে এক নিমেব কাল, দীর্থবরে উহার বিশ্বণ, এবং দুত্বরে তিনগুণ সময় লাগে) নির্দেশ করিয়া 'দুত্বর' নামে বত্তর ব্যবর্ণ হিলাবে গণনা করেন; তদকুসারে ব্যরণের সংখ্যা বাইশটি। 'দুয়বোধ' প্রণেতা বোপদেব আবার দীর্ঘি ৯ কার বীকার করেন, তাই সর্বস্মেত ব্যবর্ণের সংখ্যা তেইশটি।



দম, ৯ম ও ১.ম প্ৰায়িজুজ উচ্চা-রধ-হামএলিতে উচ্চায়িত বৰ্নস্মুজ উয়: (বক:) হইতেও উচ্চায়িত হয় বলিয়া ইহামিশ্যুক "উয়" বলে—এই

বলিয়া ইহাদিগকে "উরঃ" কলে—এই হেড়ু সূলতঃ কৰের উচ্চারণ-ছাল আচিচি।



১। ক বর্গ হইতে প বর্গ পর্যান্ত পঁচিশটি ব্যঞ্জনবর্গকে স্পর্শবর্গ বলে, তাহার কারণ প্রশি জিবোর অগ্র, উপাত্র, মধ্য ও মূল এই চারিটি স্থান স্পর্শ করিয়া তবে উ্কারিত । শ, ব, স, হ এগুলি উম্বর্গ—অর্থাৎ, এই চারিটি বায়ুল্রধান বর্গ, এগুলির উচ্চারণ থেরে বায়ুর প্রাধান্ত বর্জনান। য, র, ল, ব এই চারিটি বর্গ স্পর্শবর্গ ও উম্মবর্গ এই দ্বর্গির মধ্যন্থিত বলিয়া ইহাদিগকে অন্তঃস্থবর্গ বলে। মহর্গি পাণিনির সংজ্ঞামুম্বারীও এই এইটি বর্গ বাজরে প্রপ্রাপ্ত করিছে অর্থাৎ বোগ নাই এবং এই ছুইটি বর্গ বাজরেকও প্ররোগ-র্কাহ হর, এই ছুইটি কারণে ও ও কে অবোগবাহবর্গ এই আখ্যা দিয়া ব্যঞ্জনবর্গ মধ্যে রিগণিত করা হয়। বিসর্গের আরও ছুইটি রূপ আছে—একের নাম 'জিহ্নানুলীর', প্রের নাম 'উপাধ্যানীর', এই হেড় বিসর্গকে উন্ত হুইটি বতপ্রস্তর্গে বৈরাক্রণের। অনেক শান্ধিকের মতে ১কারকেও ব্যঞ্জনবর্গ মধ্যে গণনা রাছ্য —এইক্রেণ ব্যঞ্জনবর্গর সংখ্যা আটিলিলটি। উক্ত ব্যঞ্জনবর্গ স্বাভিরেকেও ম' নামে আরও চারিটি ব্যঞ্জনবর্গ আছে ( যথা—কুং, ঝুং, গুং, গুং, গুং, ইহারের আই—সমুশ্রের তাই জনবর্ণ সংখ্যা আবোগবাহ বর্ণ, কিন্তু ইহানের লৌকিক ব্যবহার নাই—সমুশ্রের তাই জনবর্গ সংখ্যা বিয়ালিশটি।

মহর্ষি পাণিনি প্রবর্ত্তিত ন্তন পরিভাষার আরও কয়েকটির পরিচয় বিরত হইতেছে—

- (ক) "লঘুও গুরু"— হুস্ব স্বর্বর্ণ 'লঘু' ও দীর্ঘ স্বর্বর্ণ 'গুরু' নামে অভিহিত।
- থে) "গুণ ও বৃদ্ধি"—স্বর্বর্ণের গুণ হইলে ই ঈ স্থানে এ, উ উ স্থানে ও, ঋ শ্লানে অর্ ও » স্থানে অল্ হয় এবং স্বর্বের বৃদ্ধি হইলে অ স্থানে আ, ই ঈ স্থানে এ, উ উ স্থানে ও, ঋ শ্লানে আর্ ও » স্থানে আলু হয়।
- (গ) "বিভক্তি"—অর্থযুক্ত শব্দের বা প্রাতিপদিকের উত্তর 'স্কু, ঔ, জন্' প্রভৃতি একুশটি এবং ধাতুর উপর তিপ্ তদ্, ঝি প্রভৃতি একুশত আশীটি যে প্রত্যয় ' হয় তাহাদিগকে বিভক্তি বলে।
- (ঘ) "আদেশ"—প্রকৃতি ও প্রত্যয়ের কথন কথন রূপ পরিবর্ত্তন হয়, তাহাকে আদেশ বলে। যথা—রূদ্ধ শব্দ হানে 'জ্যা,' হা ধাতু হানে 'তিষ্ঠ', যা বিভক্তি হানে 'ই' প্রভৃতি।
  - (৬) "স্থবস্ত ও তিঙক্ত"—প্রাতিপদিকের উত্তর যে প্রথমানি সাডটি

১। বিভক্তি ব্যতিরেকে যে আরও চারিটি প্রতায় (affixes & suffixes) হয় তাহার নথা (১) থাতুর উত্তর 'তবা,' 'অনীয়,' 'যং,' 'শত্,' 'পানচ.' প্রস্তৃতি প্রতায়কে কৃৎ (Participle) প্রতায় বলে; যথা—ভবিতবা, রমণীর, গভ, গভং, বর্তমান ইত্যাদি। (২) শব্দের উত্তর 'কা,' 'কেয়' মতুপ' 'হণ' প্রস্তৃতি প্রতায়কে তদ্ধিত প্রতায় (Nominal affixes or Secondary suffixes) বলে, যথা—গালের, নতিমান ইত্যাদি। (৩) শব্দের উত্তর 'আপ্.' 'ইক্,' 'ইং', প্রকৃতি প্রতায়কে স্থাপ্রতায় (Feminine bases) বলে; যথা—হির হিরা, শ্রীমণ-শ্রীমতী ইত্যাদি। (৪) থাতুর উত্তর 'ই',' প্রকৃতি প্রতায়কে ধাতুকর বলে।

বিভক্তি হয় তাহাদের নাম 'স্থপ্', 'স্থপ্ প্রাতিপদিকের অন্তে যোগ হইলে পদ নিম্পন্ন হয় বলিয়া ঐ সকল পদকে স্থবস্ত-পদ বলে। ধাতুর উত্তর যে বিভক্তি হয় তাহাদের নাম 'তিঙ্''; তিঙ্ ধাতুর অস্তে যোগ হইলে পদ নিম্পন্ন হয় বলিয়া ঐ সকল পদকে তিঙ্ক্ত-পদ বলে।

(চ) "পরবৈশণদ ও আত্মনেপদ"—ধাতুর বিভক্তির আকার সমুদরে একশত আনীটি। ইহারা পরবৈশণদ ও আত্মনেপদ এই তুইভাগে বিভক্ত। মহর্ষি পাণিনি প্রথমত: লটের পরবৈশপদে নয়টি ও আত্মনেপদে নয়টি এই আঠারটি বিভক্তির নির্দেশ করিয়া ইহাদেরই হানে ক্রমে ক্রমে একশত আনীটি বিভক্তির আদেশ বিধান করিয়াছেন। ভিন্ন ভিন্ন কালে ধাতুর উত্তর লটাদি দশটি বিভক্তি হয়, স্মৃতরাং পরবৈশদে নক্রই ও আত্মানপদে নক্রই—এই সর্ক্রসমেত বিভক্তির আকার একশত আনীটি।

পাণিনি স্ত্রেম্বরূপের প্রকৃতি ও বৈশিষ্ট্য দেখাইবার উদ্দেশ্তে কয়েকটি মাদ্র পাণিনিয়-সূত্রের উল্লেখ করা গেল—

- (क) পাণিনি নির্দেশ দিলেন—"স্থানেহস্তরতম: ।"
- —অর্থাৎ, বাহার প্রসঙ্গেরে বর্ণের আদেশ হইবে তাহা সর্বাদা তাহাদের সাদৃশ হইবে। সে কেমন ? পাণিনি বলিলেন, রাজসভায় যেমন প্রত্যেক

শব্দের উত্তর একুশটি বিজ্ঞতির আদি-অক্ষর 'হ' ও অন্ত-অক্ষর 'হপ.' এর 'প'
 এই ছইটি বর্ণ লেইয়া শব্দ-বিভক্তির 'ফুপ' সংজ্ঞা নির্দেশ করা হইয়াছে।

২। ধাতুর উত্তর পাণিনি এবের্তিত লটের আঠারটি বিভক্তির আছ-অকর 'তিপ্ ও অস্ত-অকর 'নহিঙ্'এর 'ঙ্' এই ফুইটি বর্ণ লইয়া ধাতু—বিভক্তির 'তিঙ্' সংজ্ঞা নির্দেশ করা হইলাছে।

ব্যক্তি যথাত্বানে ৰসিয়া থাকে, যাহার যাহা নির্দিষ্ট ত্থান সে তাহাই অধিকার করে, কেননা মাটিতে মাটিই মিশে, জলে জলই মিশ খায়।

(খ) বর্ণের সন্ধি প্রকরণে মহর্ষি পাণিনি মহেশ্বর প্রেশুলি অবলঘন করিয়া অভিনব উপায়ে ক্র-সরিবেশ করিয়াছেন, যথা—

"জ্বকঃ স্বৰ্ণে দীৰ্ঘ।" ১ "ইকো ষণ্চি।" ২ "এচোহরবায়াব।" ৬ "ক্ষো: শ্চুনা শ্চু" ৪ ইত্যাদি, ইত্যাদি।

<sup>ু া &#</sup>x27;অক্' অর্থে ( মহেদর স্ত্রেগুলি দেখিলেই ব্বিতে পারা যার ) 'জ, ই, উ, ক, > ব্ঝায়। অর্থাৎ, যদি 'অকের' পর ববর্গ 'জক্' থাকে ভাছা হইলে উভরে মিলিয়া দীর্ঘ হয়। যথা, দৈত্য + অরি -- দৈত্যারি, ১৯ + ঈশ -- শীশ, গিরি + ইক্স -- গিরীক্স.
ইত্যাদি।

২। 'ইক্' জর্বে 'ই, উ, ঋ, » ( ব্রুস্ব ও দীর্ষ) ব্রুষ্য। 'য, ব, র, ল' এই চারিটি 'যণ়্। জচ, অর্থে প্রবর্ণ। অর্থাৎ, যদি 'ইকের' পর প্রবর্ণ থাকে, তাহা হইলে 'ইকের' হানে যথাক্রমে 'যণ' হয়। যথা, মধু÷ জরি = মধ্যারি, »+আকৃতি = লাড় ্ ইত্যাদি।

৩। 'এচ্' অর্থ "এ, ও, উ, ঔ" ব্রায়। 'অয়বায়াব' — অয়, অব, আয়, আব। অর্থাৎ, যদি 'এটের' পর 'আচ্' (সরবর্ণ) থাকে তাহা হইলে 'এচের' ছানে যথাক্রেম 'অববায়াব' হয়। যথা—বিকোন এ—বিকরে, ভৌ + উক — ভাবুক, পৌ + অক — পাবক, ইত্যাদি। কিন্ত, "বাজো যি এতারে," অর্থাৎ, বদি ও বা ঔ কারের পর 'বি' (মকারাদি শব্দ, যথা—মন্ এভ্তি) থাকে তাহা হইলে তাহার ছানে যথাক্রমে 'বাজ' (ব অঞ্চ, যথা—আব এবং আব) অনদশ হয়। যথা—গো + মম্ — পব্যন্, নৌ + য়ম্ — নবাদ, ইত্যাদি।

৪। "ভ' অর্থে স + জু – দৃ + তবর্গ এবং "চু" অর্থে শ + চু – শ্ + চবর্প। অর্থাৎ, 'ভর'ও "চ্ র' যোগে "চু" হয়। যথা— সং + চিং – সচিং, রামদৃ + শেভে – রামণ্ শেভে, মহান্ + শবং – মহাহ লং, ইত্যাদি।

"कः वांशरांशिवन्"—वांश्रांशिवन् वाक्ति, नास्त्र यथार्थ वावशाक-भावनि वाक्ति कः ? भागिनि वनियन-

"যন্ত প্রষ্ত্তে কুশলো বিশেষে
শন্তান্ যথাবদ ব্যবহারকালে।
সোহনন্তমাপ্রোতি জয়ং পরত্র
বাগ্যোগবিদ্ তৃত্ততি চাপশকৈঃ॥"

—যে "কুশল," প্রয়োগ নিপুণ ব্যক্তি, ব্যবহার কালে শব্দ সকলকে যথাযথরূপে, অর্থাৎ, যেথানে যাহা প্রয়োগ করা উচিৎ সেইরূপ বিশেষ-বিশেষ বিষয়ে, প্রয়োগ করিতে পারেন, তিনি অনন্ত জয়লাভ করেন। শব্দের যথার্থ প্রয়োগ-নিপুণ ব্যক্তি, বাগযোগবিদ্ ব্যক্তি, অপশব্দ অর্থাৎ বিকৃত-শব্দ প্রয়োগর দারা কথন দৃষিত হন না।

"অপিচ উতত্ব ইতি"—এবং অপর ব্যক্তি, ব্যাকরণ-শাস্ত্রে বুংপত্তি নাই এমন যে বিহ্যা-বিহীন ব্যক্তি, তিনি কেমন ? পাণিনি বলিতেছেন—

> "উতত্ব পঞ্চমদদর্শ বাচম্ উতত্ব শৃণমুশুণোত্যেসাম্। উত্তোত্তব্বৈ তথং বিসম্প্রে জায়েব পত্যঃ উশতী স্ক্রাশা॥"

— "উতত্ব", অন্ত এক ব্যক্তি, বাক্যকে দেখিয়াও দেখেন না; অর্থাৎ, প্রত্যক্ষে শব্দের শ্বদ্ধণ উপলব্ধি করিয়াও অর্থজ্ঞানের অভাবে বৃথিতে পানেন না। অপর কোন ব্যক্তি শ্রবণ করিয়াও শুনিতে পান না; অর্থাৎ, শ্রুত শব্দের অর্থ-জ্ঞানের অভাবে তাহা তাহাদের বোধগম্য হয় না—এমনই কার্য্যতঃ অন্ধ ও বধির বাক্-বিভা-বিহীন ব্যক্তিদিগের সম্বন্ধে বলা হইল। কিন্তু "উতো"—অপর এক ব্যক্তিকে, বাগ্যোগবিদ্ ব্যক্তিকে, পতিলাভার্ধিনী জায়া যেমন স্বল্পে ভৃষিত হইয়া নিজের আত্মা বরণ করে (দান করে), তজ্ঞপ বাগদেবী নিজ আত্মা বরণ করেন। বাগদেবী আমাদিগকে নিজ আত্মাবরণ করুন (দান করুন), এই নিমিস্তব্যাকরণ অধ্যয়ন একাস্ক কর্ত্বর। ব্যাকরণ শাল্পে জ্ঞান থাকিলে স্থ্বিধা কি হয় ? পাণিনি ব্লিডেছেন—

"শক্তুমিব ভিতউনা পুনস্থো,
যত্ত্বীরা মনসা বাচমক্রত।
তত্ত্বো স্থায় স্থ্যানি জানতে,
তদুষাং শক্ষীনিহিতাধিবাচি॥"

— "তিতউ", কুলা দারা ছাতু যে ভাবে পরিকার করা হয়.ধীর ব্যক্তি-গণ সেইরূপে মনের দারা বাক্যকে পবিত্র করিয়া ব্যবহার করেন; ইহাঁদিগের বাক্যে বন্ধবান্ধব সকলেই দন্ধই হন—প্রীতিলাভ করেন, ইহাঁদিগের বাক্যে ভদ্রা অর্থাৎ মঙ্গলদায়িকা লক্ষ্মী নিহিত থাকেন এবং ইহাঁরা কথন 'কল'' দোষে দ্বিত হ'ন না। কেন 'কল' দোষ ইহাঁদের ঘটে না?

পাণিনি তাহার কারণ দেখাইরা বলিলেন—
"আগমাশ্চ বিকারাশ্চ
প্রত্যায়: সহ ধাতুভি:।
উচ্চার্যান্তে ততন্তেক্স

<sup>&</sup>gt;। বর্ণের নিজ উচ্চারণ হান ভিন্ন অপর ছান ইইতে উচ্চারিত শ্বরকে "কল" বলে—বর্ণের নিজ উচ্চারণ ছানকে "কাকলী" বলে। প্রধানতঃ, "কাকলি" শিকার্থ ব্যাকরণ-শাত্র অধ্যরন করা বিধের।

— "আগম" কোন বর্ণের উপস্থিত হওয়াকে 'আগম' বলে (বথা— আ + গছেং = আগছেং, এখানে 'অ' আগম ) বিকার, (বিকার অর্থে বর্ণের বিকৃতি ব্রায়, যথা— অক্ত + আক্ত = অক্তোহক্ত, এখানে 'অ' বর্ণ বিকৃত হইয়া তাহার 'ও' বর্ণরূপ বর্ণবিকার হইল ) ধাতু, প্রাতিপদিক, প্রত্যয় এবং ধাতুর সহিত প্রত্যায় ইহাঁদের যথায়থ রূপে উচ্চারিত হইয়া শুদ্ধভাবে পঠিত হয়, সেই হেতু 'কল' দোষে ইহাঁরা দূবিত হ'ন না।

অন্তন্ধ পাঠে অস্থবিধা কি ? শান্তি কি ? পাণিনির শিক্ষার বজ্ঞ-গন্তীর স্থারে নিষেধক-সূত্র প্রচারিত হইল—

"মন্ত্ৰোহীন: স্থরতো বর্ণতো বা,
মিথ্যা প্রাযুক্তো ন ভমর্থমাছ।
স বাগ্যক্তো ষজমানং হিনন্তি,
যথেক্স শক্তঃ স্বরতোহপরাধাৎ ॥"

—সংরের এবং বর্ণের প্রকৃত উচ্চারণ না হওরায় মন্ত্র বিষ্ণপ হর, উপরস্ক অর্থ-বোধের অভাবে উচ্চারিত মন্ত্রে কোন ফলোদর হর না—এই বন্ধ্রমণ বাক্য (মন্ত্র) যে বিকৃত করিরা অশুদ্ধ ভাবে পাঠ ক'রে ইহা তাহাকেই নাশ করে—যেমন ইক্রশক্র বৃত্র 'ইক্র' এই শব্দ করের সহিত বর্ণার্থ ভাবে না পাঠ করার অপরাধি হইরা বিনষ্ট হইরাছিলেন।

বৈয়াকরণেরা তাই নির্দেশ দিলেন-

"নাপদং শান্তে প্রবৃত্তীত।"

—যাহা 'পদ' নহে তাহা শান্তে, ভাষার, প্রয়োগ করিতে নাই। ধাড় ও প্রাতিপদিক বিভক্তি-যুক্ত হইলে তবেই তাহা পদবাচ্য হয় ; "মুপ্-তিভন্তং পদং"—মুবন্ত, অর্থাৎ বিভক্তি-যুক্ত শব্দ এবং তিভন্ত, অর্থাৎ বিভক্তিযুক্ত ধাতুই পদবাচ্য। পাণিনি বাকরণকার বিনিয়াই প্রধানতঃ প্রাসিদ্ধ ইইলেও তিনি একজন মহাকবিও ছিলেন। তাঁহার "পাতাল-বিজয়" ও "কাছ্বতী-বিজয়" প্রভৃতি কাব্যগ্রন্থ ছন্দবন্ধ ও পদলালিত্যে সংস্কৃত কাব্য-সমূহের মধ্যে শীর্ষন্থান অধিকার করিয়া আছে।.

সর্বসাধারণের মঙ্গল কামনায় 'স্বন্ধি' উচ্চারণ করিয়া ও পাণিনির বন্দনা পাছিয়া উপস্থিত পাণিনি-প্রসঙ্গ সমাপ্ত হইল—

> "ৰন্তি পাণিনয়ে তদ্মৈ যক্ত রুদ্র প্রসাদতঃ। আদৌ ব্যাকরণং কাব্য-মন্ত্রনাম্বরতী জরম্॥"

ওঁ নম: খ্রীমহবিভা: পাণিনিকাত্যায়ন পতঞ্জলিভা: ॥ ওঁ॥

## ভথাক্ৰথিভ বেদমাৰ্গ-বিৱোধী দৰ্শন

তথাকথিত বেদমার্গ-বিরোধী দর্শন প্রধানতঃ তিনটি; বৃহস্পতি ও চার্কাক্ প্রবর্তি লোকায়ত দর্শন, অহঁত্ বা জৈন দর্শন ও বৌদ্ধ দর্শন। বেদমার্গ বিরোধী দর্শন বলিয়া থ্যাত দর্শনগুলি বস্ততঃ বেদবহিত্তি কি না, এ প্রশ্নের উত্তর খুবই সন্দেহজনক। তবে, ইহাদের মধ্যে কোন কোন দর্শনে বেদ-বিধির আফুঠানিক বিরুদ্ধানরণ যে নাই বা একেবারে দৃষ্ট হয় না, তাহাও নহে। কেন এই দর্শনগুলির উদ্ধ্ব এবং প্রচলন হইল তাহারই সংক্ষিপ্ত আলোচনায় বিষয়টি স্থাম হইয়া উঠিবে আশা করা যায়।

প্রায়ই দেখা যায়, ব্যক্তিগত বিরাগ বা অন্থরাগ যেনন পরিবর্জনশীল, জাতীয় জীবনেরও আশা ও আকাজ্ঞা, প্রীতি বা বিষেষ তেননই সকল সময়ে একভাবে থাকেনা; কথনওবা এক বিষয়ে জাতীয় অন্থরাগ পরিলক্ষিত হয়, আবার য়্গতেদে সেই জাতীয় অন্থরাগ আবার অক্ত কোনও পথে প্রধাবিত হইতে দেখা যায়। জাতীয় অন্থরাগ মূলতঃ তুইটি প্রবৃত্তির ঘারা প্রণোদিত বা অন্থ্রাণিত হয়, একটি প্রহিক অপরটি পারত্রিক। তাই, মানব-সমাজও কথন কথন পরজাতের চিস্তায় বিভোর হইয়া থাকে, আবার কথনওবা ইহজগতের স্থা-ভাজন্দের প্রতি, সাংসারিক খ্যাতি-প্রতিপত্তির প্রতি, তাহার (মানব সমাজের) অপার নির্চা, অনম্য আকাজ্ঞা জাগরিত হয়। আর, এই নিয়মের বশবর্ত্তী

হইয়া যথন পরজগতের দোহাই পাড়িয়া ধর্মধ্বজীরা ধর্মের শুক্ষ আচার-অষ্ট্রানের কঠিন নাগপাশে বন্ধ হইয়া (become sanctimonious) স্বাধীন চিস্তা ও স্বাভয়ের কথা ভূগিয়া যান তথন এই অস্বাভাবিক ব্যবস্থার প্রতিক্রিয়া-স্চক সাধারণ জন্মমাজ ইহজগতের প্রতি একটু বেশী পরিমাণেই আক্তই হয়। যুগ-প্রবাহের এমনই ক্ষণে, ভারতেরও এতাদশ পরিস্থিতির উদ্ভব হইয়াছিল।

বৈদিক যাগ-যজ্ঞাদি কর্মকাশু সমূহের অন্তষ্ঠানের প্রকৃত উদ্দেশ্য বা তাৎপর্যোর প্রতি বীতশ্রদ্ধ হইয়া তথনকার বিবৃধমণ্ডলী যথনই উহাদের বহিক আড়ধর ও সামান্ত 'পুঁটি-নাটি' লইয়াই বিশেষভাবে ব্যন্ত হইয়া পড়িয়াছিলেন এবং জ্ঞানান্ধ যাজকৈরা কালপ্রপ্র ধর্মের দোহাই দিয়া যথনই সমান্ধ শাসন করিতে চাহিয়াছিলেন, তথনই তাহার বিক্রদ্ধে এক প্রকার বিদ্রোহ ঘোষণা করিয়া ইহকাল-সর্বস্ব লোকায়ত-দর্শন দস্তভ্বে প্রচারিত হইয়াছিল! বস্তত্তঃ, ঋষি-প্রণীত বিলয়াই গ্রন্থ-বিশেষকে বে প্রমাণিক বলিয়া ধরিয়া লইতে হইবে এমন কিছু কথা নাই—এমনই একটি ভাব, তথনই দেশময় পরিবাধ্য হইয়া গিয়াছিল। আর, এই ভাবধারা যেন পরিস্টু হইয়া "বাগ্ভট্রেই" বজ্রগঞ্জীর-কঠে ঘোষিত হইয়াছিল, "ত্র্মান্ত্রাহ্য স্কভাষিত্র্য্ —নেগুলির মধ্যে যাহা স্কভাষিত, আদি ও স্কৃত, তাহাই গ্রহণ করিতে হইবে, সেগুলিই পাঠ করা বিধেয়।

ভারতবর্ধে দেকালে এমনইভাবে স্বাধীন চিস্তার ধারা প্রবর্ত্তিত ছইরাছিল। বস্তুতঃ, দে বুগের বৌদ্ধ বা জৈন দর্শনও এক স্বতীব অভিনব বৈরাগ্য ভাবধারার অন্ধ্রপ্রাণিত। বৌদ্ধ বা জৈন এই উভয়বিধ দর্শনেরই আদি এবং ভিত্তি মহর্ষি কণিল প্রবর্ত্তিত সাংখ্য দর্শন। বৈদিক স্বাধ্য-দিগের ধর্ম প্রকৃতপক্ষে সম্পূর্ণরূপেই গৃহত্তের ধর্ম, কাঞ্চেই তাঁগেদিগের

দর্শনে বৌদ্ধ বা জৈন দর্শনের ভায় বৈরাগ্য বা সন্ন্যাসভাব মোটেই পরিলক্ষিত হয় না—এ অবধুত ভাব-দর্শন সম্পূর্ণরূপেই অভিনব।

ভারতবর্ধের যুগ পরিবর্জনকারী উক্ত ঐতিহাদিক সময়ে কালে কালে দেশময় নৃতন নৃতন তত্ত্বের উদ্ভব হইরাছিল ও সর্বতোমুখী প্রতিভার অভিনব উল্লেষে দেশ সমৃদ্ধিশালী হইয়া উঠিয়াছিল। বৌদ্ধ ও জৈনদর্শন দে যুগেরই বিশিপ্ত ফল, "চরক" ও "স্কশ্রুতের" চিকিৎসা-বিজ্ঞান, "বাৎস্থায়ণের" কামস্ত্র, "নাগার্জ্নের" রসায়ণশাস্ত্র প্রভৃতি তেমনই এক গৌরবময় যুগেরই অভাবনীয় পরিকল্পনা—আর, "ধাবদ্ জীবেৎ স্কুথং জীবেৎ" আদি চার্কাক্নীতিও সেইরূপ এক যুগের বিদ্যোহের বাণী।

পূর্ব্বেই উক্ত হইয়াছে, বেদমার্গ-বিরোধী বলিয়া কথিত দর্শন সমুদয়
প্রধানত: তিন শ্রেণীতে বিভক্ত করিতে পারা যায়, বথা—

- ১ম। লোকায়ত দর্শনগুলি, য়েমন রুহস্পতি, চার্কাক্ প্রভৃতি প্রবর্তিত তথাকথিত নিরীয়র দর্শন সমূহ।
- ২য়। আহিত্বা জৈনদর্শনগুলি, যেমন জৈন যতি চতুর্বিংশ তীর্থক্করদিগের প্রবৃত্তি কঠোর বৈরাগ্য দর্শন-সমূহ।
- ্য। বৌদ্ধদর্শন বা ভগবান বৃদ্ধের অহিংসাধর্মাবলম্বী মাধ্যমিক যোগাচার, সৌত্রাস্তিক, বৈভাষিক প্রভৃতি চারি শ্রেণীবদ্ধ ও বিভিন্ন সম্প্রদায় ঘারা বিবত বৌদ্ধ দর্শনগুলি।

উক্ত দর্শনগুলির পরিচয় একে একে যথাসাধ্য সংক্রেপে প্রদত্ত ইইল—
যুগকর্জাগণ আমাদেব সহাগ হউন।

"যুগকর্ভা: নম:।"

### লোকায়ত বা চার্বাক্ দর্শন

লোকায়ত দর্শন প্রবর্তকদিগকে সাধারণতঃ "লোকায়তিক" নামে অভিহিত করা হয়, কারণ অজ্ঞ লোক-সাধারণ পরলোক প্রভৃতি সহজে যে ধারণা পোষণ করে ইইাদেরও বুঝিবা ধারণা তদত্তরপ এই বিখাসে। এই দর্শনে ইহলোকই সর্বাহ্ব বলিয়া খীকৃত। বৃহস্পতি ও তাঁহার শিষ্য চার্বাক্ প্রভৃতি তথাকথিত নিরীশ্বর-বাদী দর্শনকারেরা এই লোকায়তিক সম্প্রদায়ভূক। লোকায়তিকেরা বহু সম্প্রদায়ভূক। লোকায়তিকেরা বহু সম্প্রদায়ভ বিভক্ত ছিলেন! সাধ্যুরণতঃ প্রচলিত দর্শনোক্ত জ্ঞান-প্রামান্ত তবগুলি ইইারা অগ্রাহ্ব করিয়া দন্তভরে নিজ নিজ মত স্থাপন করিয়াছিলেন, যথা—

"লোকায়তিক পক্ষে তৃ তবং ভৃত চতুষ্টয়ন্।
পৃথিবাপত্তথা তেজো বায়ুরিত্যেব নাপর: ॥
প্রত্যক্ষাগমানেবান্তি নান্তাদ্টমদৃষ্টত: ।
অদৃষ্টবাদিভিন্চ নাদৃষ্টং দৃষ্টমুচ্যতে ॥
কাপি দৃষ্টমৃদৃষ্টং চেদ দৃষ্টং ক্রবতে কথন্।
নিত্যাদৃষ্টং কথং সৎসাত্ শশশৃক্ষাদিভিস্সমন্॥"
—"সর্ব্বসিদ্ধান্ত-সংগ্রহ", লোকায়তিক
পক্ষ প্রকরণ, ১ম—৩য় স্তা।

— অর্থাৎ, লোকায়তিকদিগের মতে ক্ষিতি, অপ্, তেজঃ ও বায়ু এই চতুর্বিধ পদার্থ ব্যতিরেকে জগতে আর কিছুরই অভিত্ব বিভ্যান নাই। তাঁগারা বলেন, প্রত্যক্ষ যাহা দৃষ্ট হয় তাহাই বিভ্যান আছে এবং যাহা দৃষ্ট নয়, দেখা যার না বিশিয়াই, তাহার কোন সন্থা নাই; কারণ অদৃষ্টবাদীরাও বাহা
আদৃষ্ট তাহাকে দেখিয়াছেন এমন কথা বলেন না। বস্তুতঃ, যদি
পরিদৃশ্যমান বস্তু সমূহকে দেখা যায় না বলিয়া গণ্য করা হয় তাহা হইলে
সেগুলিকে কেমন করিয়া অদৃষ্ট বলা যাইতে পারে দু

লোকায়তিকেরাবলেন তৃঃথ কিছা হৃথ ভোগের কারণ অস্ত আর কিছুই 
হইতে পারেনা—মান্তবের স্বভাব (nature) হৃথ-তৃঃথ ভোগ করা, সেই 
জন্তই তাহারা হৃথ-তুঃথ ভোগ করে। আর, এই স্বভাবের প্রভাবেই 
মন্তবের অপরূপ রূপ এবং কোকিলের প্রাণ মাতান কুত্রর বিজ্ঞান।

আত্মা সহল্পে ইহাঁদের ধারণা থুবই অভিনব, ইহাঁরা বলেন—

"অহং স্থুলো কুশোহস্মীতি সামানাধিকরণাত:।

দেহ: স্থোশাদিযোগাচ্চ স এবাস্থান চাপর:॥"

—চার্কাক দর্শন।

—এই স্থূল দেহই আত্মা; দেহের এই বিশিষ্ট অবস্থার অস্ত নাম আত্মা।
এতদতিরিক্ত অস্ত কোন আত্ম-বস্ত নাই। লড়ে তৈতক্ত সঞ্চার তাঁহাদের
মতে, "তাশ্বপ্রচ্নানাং যোগাং"—অর্থাৎ, তাশ্বরাগ-রঞ্জিত রক্তাভাবের
ক্রার, তাঁহারা বলেন—

"অত চ্বারি ভ্তানি ভূমিবার্যনলানিলা:।
চতুর্তা: ধলু চূতে চালৈত কুমুণলাগতে।
কিবাদিতা: সমেতেভোগ অব্যেত্যো মদশক্তিবং॥"

—ক্ষিতি, অপ্, তৈজ ও মরুৎ এই চারি ভূতের সংযোগে চৈতল্পের উৎপত্তি হয়—বেমন স্থরাসমূৎপাদক জ্বানিচয়ের মিলনে মাদকতা-শক্তির উত্তব হয়, ঠিক সেইরূপ। স্থতরাং, তাঁহারা এই সিদ্ধান্ত করেন, মৃত্যুকালে যথন উক্ত চারিভূতের বিলোপ হইবে তথন হৈত্তপ্ত বিলুপ্ত হইয়া বাইবে। চার্কাক্ প্রত্যাক্ষাতিরিক্ত অন্ত কোন প্রমাণ প্রাহ্ করেন না। তাই, লোকামতিকের। স্বর্গ, নরক, মুক্তি প্রভৃতি কোন কিছুই বিখাস করেন না; এ সকলই তাঁহারা বলেন সবৈধি মিথা। তাঁহাদের মতে পরলোক বা জন্মান্তর বলিয়া কিছুই নাই; বস্তুত, তাঁহারা বলেন ইহলোক ভিন্ন অন্ত কোন লোক নাই; স্বর্গ, শিবলোক প্রভৃতি সমস্তই মৃঢ় ও প্রতাবক বাক্তিদিগের কল্পনা নাত। তাঁহারা ইহাই প্রশ্ন করেন—

"যদি গচ্ছেৎ পরংলোকং দেহাদেষ বিনির্গতঃ। কম্মান্ত,যোনচায়াতি বন্ধু স্নেহসমাকুলঃ॥"

. — খদি দেহ হইতে বিনির্গত হইয়া কেহ পরলোকে প্রস্থান করে, তবে বন্ধুলেহৈ আকুল₊হইয়া আবার সে ফিরিয়া আদে না কেন ?

স্বর্গ ও নরক সম্বন্ধেও তাঁহাদের ধারণা অপরূপ। স্বর্গ-সূথ অর্থে তাঁহারা বোঝেন—

১ম। স্থমিষ্ট পানাহার,

২য় ৷ "য়য়ষ্ট বর্ষ বধ্গম:",

ু । "স্ক্লবন্ত স্থান্ধ অক্চলনাদিনিবেবণম্।" আবার নরক যন্ত্রণার অর্থ তাঁচারা ক্রেন—

১ম। শক্র অস্ত্রে আহত হওয়া,

২য়। বাাধিতে প্রপীড়িত হওয়া, **ও** 

তর। **অক্রান্ত তু:খ** কষ্ট ভোগ করা—এবং

মোক্ষ অবর্থে তাঁহারা মৃত্যুকেই বোঝেন: প্রাণবায়ু নির্গত হইলেই মোক্ষণাভ হইল, 'বেপরোরা ভাবে' তাঁহারা ইহাই প্রচার করেন; তাই তাঁহারা বলেন— "অতত্তদৰ্থ নায়াসং কৰ্ত্ত্মইতি পণ্ডিত:। ভংগাভিরণবাসাংলাম্ড এব প্ৰভাতি ॥"

—"সৰ্কসিদ্ধান্ত সংগ্ৰহ।"

— যাঁহারা পণ্ডিত তাঁহাদের মোক্ষ-লাভের উদ্দেশ্তে কোন প্রকার কট স্বীকার করা উচিৎ নহে; তপ, অপ বা উপবাদে মূর্য ব্যক্তিরই জীবন কর হয়। আয়গু—

"মৃতানামপি অস্থনাং শ্রাক্ষং চেতৃপ্তি কারণম্। গচ্ছতামিহ অস্থনাং বার্থং পাথেয়কল্পনম্॥ অপস্থিতা যদা তৃপ্তিং গচ্ছেযুক্তক দানতঃ। বাহাদিংলোপবিধানামন ক্যালদীয়তে॥"

—বুহস্পতিবচন-।

—আনে উৎসর্গীকত ভক্ষা-বস্তুতে মৃত প্রাণিগণের যদি তৃপ্তি জন্ম, তবে পথিকদিগের পাথের বা আহারাদি সন্দে রাখিবার কিছুই ত প্রয়োজন নাই এবং যদি অগস্থিত লোক ভূতলন্থ ব্যক্তিদিগের অন্তর্গঞ্জনাদি দানে তৃথি লাভ করে, তবে প্রাসাদের উপরে স্থিত ব্যক্তিদিগের তৃথি হেতৃ ভূতলে অন্ন দেওয়া হয় না কেন ? বস্তুতঃ, পিতৃপ্রাদাদি কেবল অলস ব্রাহ্মণদিগের উপজীবিকা মাত্র।

লোকায়তিকেরা আরও বলেন---

"ন স্বৰ্গো নাপবৰ্গোবা নৈবান্থা পাৱলৌকিকঃ। নৈব বৰ্ণাশ্ৰমাদীনাং ক্ৰিয়ান্ত ক্লদায়িকাঃ॥ অগ্নিহোত্ৰং ত্ৰয়ো বেদাস্ত্ৰিদণ্ডং ভন্মগুঠনস্। বৃদ্ধিপৌক্ষহীনানাং জীবিকা ধাতৃনিৰ্ম্বিতা॥"

—বুংস্পতি উক্ত চাৰ্ব্বাক বচন ।

— স্বর্গ, অপবর্গ, পরলোকগামী আত্মা কিছুই নাই; বর্ণাশ্রম ধর্মাশ্রিত ব্যক্তি নিচয়ের কোন ক্রিয়াই ফলদায়ী হয় না—দেবালয়, জলছত্ত, পুদ্ধরিণী ও কৃপ খনন, উন্থান প্রভৃতির প্রতিষ্ঠান পাছেরই প্রশংসা অর্জন করে অক্ত আর কাহাকেও সম্বন্ধ করিতে পারে না— স্বর্গ ও ভূমি দান, নিমন্ত্রণ করিয়া ভূরিভোজন করান প্রভৃতি তপাকথিত পুণ্যকার্য্য নিঃস্ব এবং ক্র্যােজ ব্যক্তিদিগকেই পরিত্ব করিতে পারে এবং পাতিব্রত্য আদির বিধান, ধূর্ত ও ত্র্কল লোকের দ্বারা আবিষ্কৃত। অগ্নিহোত্রদিগরে ক্লায় বৈদিক ক্রিয়াকলাপ, বেদত্রয়— দ্বাহা অপ্রামাণ্য, প্রত্যক্ষবিলাপী ও যুক্তিবিক্ত এবং সন্মাসীদিপের ক্লায় তিদও ধারণ এবং ভত্মামূলেপন প্রভৃতি বৃদ্ধি ও পৌক্রষ্ঠান অলস ব্যক্তিদিগের জক্ত বিধাত্বিহিত (ordained by nature) জীবিকা।

তথা কথিত নান্তিক-মত-প্রবর্ত্তক লোকায়তদর্শন তাই নির্দ্ধেশ দিলেন,
ইহ-সংসারে কর্ত্তা কেহ নাই—স্বভাহসারে সমন্তই ঘটিতেছে এবং প্রত্যেক
জানী ব্যক্তিরই ইহ-জগতে স্থপ লাভ হেতু—"দৃষ্টেরের ক্ষরিগারক্ষরাণিজ্যদণ্ডনীতি আদি", ক্রিয়াসিদ্ধ ( practical ) যাহা কিছু, যেমন—

- ১। কৃষি agriculture,
- ২ ৷ গোরকা—tending of cattle,
- ৩। বাণিজ্য—trade & commerce,
- ৪। দওনীতি, অর্থাৎ-
  - (ক) অর্থনীতি-politics,
  - (ধ) পৌরনীতি—civics,
- (গ) রাজনীতি—adminstration and government.
  ইত্যাদি কার্যোরই অনুষ্ঠান এবং অনুশীনন কারা বিধের।

এই যে স্বাধীন, স্বরাট, 'বেপরোয়া' জীবন—জাতীয়বাদ ( nationalism ) প্রতিষ্ঠানকলে তাহার উদ্বোধন করিয়া অতীব প্রাচীনকাল হইতে এই মতবাদ ভারতে প্রচারিত হইয়াছিল। চার্কাক্ তাই বন্ধ্রগন্তীর স্বরে, দন্ত-ভরে, প্রচার করিলেন—

> "বাবজ্জীবেৎ স্থধং জীবেৎ ঋণং ক্বত্বা ঘৃতং পিবেৎ। ভন্মীভূতস্ত দেহস্ত পুনরাগমনং কুতঃ॥"

— ইহার অবশ্য ভাষ্য নিপ্রয়োজন। ইহাই ভারতের অভ্বাদ (material culture), ইহাই লোকায়তদর্শন। বৃহস্পতিবাক্য সকলেরই সর্কাদা সর্কবিষয়ে স্মরণ রাখা কর্মবা—

"কেবলং শান্ত্রমান্ত্রিত্য ন কর্ত্তব্যোবিনির্বয়ং । বুক্তিহীনবিচারেতু ধর্মহানিং প্রস্লায়তে ॥"

—একমাত্র শান্ত অবলম্বন করিয়াই যথাকর্ত্তব্য নিরূপণ করা উচিৎ নতে, যুক্তিহীন বিচারে ধর্মহানি ঘটে।

<sup>&</sup>quot;বন্ধণে নম:।"

- ১ম। দ্রব্যাস্থাগ—দ্র্যাস্থ্রোগ, অর্থাৎ দ্রব্যের ব্যাথ্যা, দ্রব্যের ছয় ভেদ বর্ত্তমান, যথা—জীবান্তিকায়, ধর্মান্তিকায়, অধর্মান্তিকায়, আকাশা-ন্তিকায়, পুলালান্তিকায় ও কাল।
- ২য়। গণিতামুযোগ গণিতামুযোগ, গণিতের ব্যাথ্যা। ইংলোকে অসংখ্য দ্বীপ ও সমুদ্রগুলির রীতি, গতি ও প্রমাণ প্রভৃতি বিস্তৃত-বিবরণ ইচাতে জ্ঞানিতে পারা যায়।
- তর। চৰণকৰণাঞ্যোগ—ইংগতে চরিত্র (আচরণ) ধর্মের অতীব সক্ষ ও স্থানরভাবে ব্যাধ্যা করা হইয়াছে।
- ৪র্থ। ধর্ম্মকথাকুযোগ—ইহাতে ভূতপূর্ব্ব ও ভবিষ্যৎ মহাপুরুষদিগের চরিক্র বর্ণিত হইয়াছে। সেগুলি পাঠ করিলে যে শিক্ষা লাভ হয় তাহাতে জীব অচিবেই উচ্চ-অবে উঠিতে পারে।

উক্ত অমুযোগগুলির বিস্তৃত-বিবরণ নিম্নলিখিত জৈন ধর্মশান্ত ও জৈন দর্শনগ্রন্থ দান্ত লিখিত আছে, যথা—"সম্মতিতর্ক", "রহাকরাবতারিকা", "তথাধিগম-সূত্র", "প্রমাণ-মীমাংসা", "অনেকান্ত জরপতাকা", "সমরসার" "গোমট্সার" "বইগরহগ্রন্থ", "আচারাক্ল," "স্ত্রকৃতাক্ল", "স্থাপ্রজ্ঞান্তি", "চন্দ্রপ্রজ্ঞান্তি", "লোক-প্রকাশ," "অর্থ-প্রকাশ", "তের্জ্ব-সমাস", "জৈলোকা-সারদীপিকা", "জ্ঞাতাধর্ম্ম কথা", "রিষ্ট্রি শলাকা", "পুরুষ-চরিত্র", "জ্ব্য-সংগ্রহ", "পরীক্ষামুথ্য" ইত্যাদি, ইত্যাদি।

জৈন দার্শনিকেরা উক্ত অপ্যোগগুলিতে সিদ্ধিলাভ উদ্দেশ্তে তৃইটি পদার্থের অবভারণা করিয়াছেন—একটি 'প্রমাণ', আর একটি 'নয়'; কারণ এ তৃইটি ব্যভিরেকে প্রনেয় বস্তুর বোধ হয়না—ভাই তাঁহারা বলিভেছেন—

"अमान नदेशविश्वमः।"

—প্রমাণ স্কাংশের ও নয় একাংশের গ্রাহক ও প্রকাশক। নয় কি ? কৈন দর্শনকারেরা বলিতেচেন—

"নীয়তে যেন শ্রুতাস্থ্যপ্রমাণ বিষয়ী কৃতস্তর্থস্থাংশঃ

তদিতরাং শৌদাসীম্রতঃ স প্রতিপত্ত্রভিপ্রায় বিশেষো নয়ঃ।"

—বতা যথন প্রত্যক্ষাদি প্রমাণ হারা নির্ণীত অর্থের এক অংশ বা বহু অংশ গ্রহণ করিয়া বাকি অংশে উদাদীন থাকেন বা ঐ অর্থের ইতর ও বিশেষ উপেক্ষা করেন তথন ওাঁহার মনের এই যে বিশেষরূপ অভিপ্রায় তাহাকে "নয়" বলে। অর্থের উক্তরূপ ইতর-বিশেষে বক্তা যথন উপেক্ষা না করেন, তথন তাহাকে 'নয়াভাস' বলে। 'নয়ের' সাত্টি প্রকার-ভেদ আছে, যথা—



ইহাদের অর্থ যথাক্রমে বিবৃত হইল--

- (১) দ্রব্য ও পদার্থ ( বস্তু ) এই উভয়ের সামান্ত ও বিশেষ হোগ।
- (২) বস্তার সামাকুলিক যোগ।
- (৩) বস্তুর বিশেষাত্ম**ক** যোগ।
- ভেত্তি ও অনাগত বন্ধকে উপেকা করিয়া কার্য্যকর্তা যথন বর্ত্তমান মানিয়া চলেন।
- (e) বহু পর্যায়ে ( শব্দান্তরে ) একটি মাত্র অর্থের গ্রাহক।
- (৬) ব্স্তর পর্যায়ভেদে অর্থের বিভেদ কারক।
- (१) স্বকীয় কার্য্য নিম্পদ্নকারক—"বস্তুই প্রকৃত বস্তুবাচক", এই
  মতের গ্রাহক।

পূর্ব্বোক্ত সাতটি নর আবার 'দ্রব্যার্থিক' ও 'পর্য্যার্যথিক' এই উভয়-বিধ অর্থ-সমন্বয়ে সাধিত হয় এবং উহারা পরম্পর বিরুদ্ধ-ভাবাপত্র হইলেও মিলিত হয় ও কৈনদর্শনের জটিলতম তত্ত্বের বিশ্লেষণে প্রভৃত সাহায্য করে। 'নয়চক্রসার', 'আদ্বাদ্বত্নাকর' প্রভৃতি গ্রন্থে নয়ের বিশেষ বর্ণন আছে।

প্রমাণ কি ? জৈনদার্শনিকগণ দর্শনতত্ত্ত্ত্ত্লির বিচার করিয়া চারিটি বিষয়ের দিক দিয়া অতীব স্কল্পভাবে এই প্রমাণের পরীক্ষা করিয়াছেন— ১ম। প্রমাণের লক্ষণ, ২য়। প্রমাণের সংখ্যা, ৩য়। প্রমাণের বিষয়, ৪র্থ। প্রমাণের ফল। ইহাদের সুংক্ষিপ্ত পরিচয় নিমে বিয়ত হইল—

১ম। প্রমাণের লক্ষণ-জৈনমতে,

"বংপুর্বার্থব্যবসায়াত্মকং জ্ঞানং প্রমাণ্ম্।"

—"পরীকামুখম্।"

—স্ব অর্থে আত্মা ও অপ্র্রার্থ অর্থে যিনি জানিতে চান তিনি বাহা অবগত নন—এই তুইটি বিষয়ের নিশ্চরাত্মক জ্ঞানই প্রমাণ পদবাচা। ক্রৈন দার্শনিকেরা প্রমাণ-সক্ষণ নির্দেশ করিয়া তাই বলিয়াছেন, প্রমাণ— (ক) জ্ঞান-স্বরূপ (খ) নিশ্চয়াত্মক ও (গ) আত্মা ও আত্মার অতিরিক্ত বাছ-পদার্থসমূহের প্রকাশক। (ক) প্রমাণ জ্ঞান স্বরূপ কিলে?

> "হিতাহিত প্রাপ্তিপরিহার সমর্থং হি প্রমাণম্ ততো জ্ঞানমেবতং।"

> > -- "পরীকাম্থম।"

—ইটলাভ করাইতে ও জনিট নিবারিত করিতে সমর্থ বলিয়। প্রমাণ জান-স্বরূপ। জানের হারারই ইটলাত হয় ও অহিত বা জনিষ্ঠ নিবারণ করিতে পারা যায়। ( থ ) প্রমাণ নিশ্চরাত্মক কেন ? জৈন দার্শনিকেরা বলেন, প্রমাণ জ্ঞান-স্করপ হইলেও সকল জ্ঞানই প্রমাণ নতে।

"ত ক্লিশ্চয়াত্মকং স্মারোপ বিরুদ্ধত্বাদকুমানবং"—"পরীক্ষামুখম্"।

প্রমাণ নিশ্চরাত্মক-জ্ঞান, কারণ, অনুমানের স্থার ইহা সমারোপ বিরোধী। সমারোপ অর্থে মিধ্যাজ্ঞান ব্ঝার। জ্ঞানের বিষয় অযথার্থরূপে জানার নাম সমারোপ। সমারোপ তিনটি—বিপর্যার, সংশ্র ও অনধ্যবসার। বস্তব্য একদেশ (aspect) বিচারের নাম বিপর্যার; বস্তব্য নানা প্রকার অংশ বা ভাব অনুসারে সাদৃশ হেতু যে সন্দেহ জন্মে তাহাই সংশ্র এবং এক বস্তু-বিষয়ের প্রকৃত জ্ঞানের অভাবের নাম অনধ্যবসার। জৈন মতে উক্ত প্রকৃত জ্ঞান, যাহা উল্লিখিত তিন প্রকার নিগাজ্ঞানাত্মক সমারোপের বিরোধী তাহাই নিশ্চরাত্মক জ্ঞান, তাহাই প্রমাণ। (গ) প্রমাণই অর্থবোধক। প্রমাণের কারাই অর্থবোধ ঘটে। আয়ার স্বরূপ এবং অনাত্মা, অর্থাৎ, আত্মা ও জ্ঞাতা হইতে পৃথক, "পর" — মর্থাৎ, জড় ও চেতন সমূদ্র পদার্থ নিচয়ের প্রকৃত তব্ব, প্রমাণের বারায়ই জানিতে পারা যায়। তাই বলা হইয়াছে, আত্মা ও অনাত্মার অতিরিক্ত পদার্থ নিচয়ের প্রকাশকই প্রমাণ।


২য়। প্রমাণের সংখ্যা—জৈন দার্শনিকের মতে প্রমাণের সংখ্যা ছুইটি, প্রত্যক্ষ ও পরোক, যথা—

"ভদবিভেদং প্রতাক্ষং চ পরোক্ষং চ।"

—'প্রমাণনয়তত্ত্বালোকালকার', ২।১ হুত্র।

প্রত্যক্ষ ও পল্রাক্ষ প্রমাণ-জ্ঞানের আবার প্রকার তেন বর্তনান, বথা— প্রত্যক্ষ জ্ঞান দারা পদার্থের বৈশিষ্ট্য সক্ষ স্থাস্থারলপে প্রতিভাত হয়— ইহাও আবার সাংব্যবহারিক ও পারমার্থিক ভেনে দ্বিবিধ। সাংব্যব- হারিক জ্ঞান ছুই প্রকার—একটি ইন্দ্রিয় নিমিত্তক— অর্থাৎ, ইন্দ্রিয় ও মনের সাহচর্য্যে জাত এবং স্পর্শ, রসন, ড্রাণ, চক্ষু ও শ্রোত্র এই পঞ্চেন্দ্রিয়-ভেদে পাচটি; অপরটি মনোনিমিত্তক বা অনিন্দ্রিয় (মন) অর্থাৎ মন হইতে উৎপন্ন স্থুখ এবং তুংখাদির জ্ঞান। পার্মার্থিক জ্ঞান, বিকল ও সকল ভেদে দ্বিবিধ—বিকল জ্ঞান একদেশ প্রত্যক্ষ ও অসম্পূর্ণ পদার্থের পরিছেদক এবং অবধি ও মনংপ্র্যায় ভেদে ছুই প্রকার, অবধি ও মুল

১। অবধি—অর্থাৎ, অবধ-জ্ঞানও আবার দেশাবধি, পরমাবধি ও সর্বাবধি ভেদে ত্রিবিধ; দেশাবধিরও ছয়্টি প্রকার-ভেদ বর্তমান এবং প্রত্যেক প্রকার-ভেদেরও কতিপয় বিভাগ আছে—বাইলা ভয়ে সে সমুদয় অন্ত্রীব সংক্ষেপে নিয়ে লিগিত হইল, য়থা—



ইন্দ্রিরে অনধিগন্য পদার্থ-তব্ব হইতে প্রত্যক্ষ হয়—বেমন, পৃথিবী, জল, অগ্নি, পবন, অন্ধকার, ছারা প্রভৃতি এবং মনংপর্যায় পরচিত্তের ব্যাপার হইতে উপলব্ধি করিতে পারা যায়—ইহাও আবার ঋজুমতি (not lasting) ও বিপুলমতি (lasting) ভেদে দ্বিবিধ; সকল-জ্ঞান, অর্থাৎ কেবল-জ্ঞান বা সর্বজ্ঞার, সর্বদেশ প্রত্যক্ষ এবং ইহার দ্বারা ভূত, ভবিয়াৎ ও বর্ত্তমান সকলই প্রত্যক্ষ হয়।

প্রোক-জ্ঞান, প্রত্যক্ষ-জ্ঞান অপেক। অস্পষ্ট এবং স্থারণ, প্রত্যভিজ্ঞান, তর্ক বা উহ্, অনুমান ও আগম ভেদে পাঁচ প্রকার। ইহার মধ্যে প্রত্যভিজ্ঞান অনুভব ও স্মৃতির সাধারে উৎপন্ন এবং সংকলমাত্মক-জ্ঞান, অর্থাৎ জাতি ও সামাত্মের জ্ঞান তির্যাক্-সামাত্ম ও উদ্ধৃত্য-সামাত্ম ভেদে বিবিধ; আগম-জ্ঞান অর্থে শন্ধ ও আগুরাক্য বা অর্হত্ বাক্যময় জৈন্বেদ ব্রায় —ইহাকে মৎস্থং জ্ঞান বা শাস্ত্রজ্ঞানও বলে।

- ০। প্রমাণের বিষয়—জৈন দর্শন মতে বস্তু সকল সামান্ত ও বিশেষ এই উত্তর ভাবাত্মক, যথা—"তত্ম বিষয়: সামান্ত বিশেষান্তনেকাস্তর্মকং বস্তু।"— সামান্ত ও বিশেষাদি অনেকাস্ত বস্তুই প্রমাণের বিষয়। বস্তুর ভাবকে 'অন্ত' বলে—বস্তু সকল অনেক ভাবের আশ্রয়, এজন্ত বস্তু অনেকাস্ত; সামান্ত বিশেষাদি অনেকাস্ত বস্তুবাদকে 'অনেকাস্তবাদ' বলে। জৈন দার্শনিকেরা বলেন, বস্তুর সামান্ত ও বিশেষ ভাব উত্তর্মই স্ত্যা—ইহাই প্রমাণের বিষয়।
- ৪। প্রমাণের ফল—প্রমাণের দারা বাহা কিছু সংসিদ্ধ হয় তাহাই
   প্রমাণ-ফল—"য়ৎ প্রমাণের প্রসাধ্যতে তদত্ত ফলম্।"

প্রমাণ ফলের তুই রূপ, একটি ইহার 'অনস্তর-ফল', আর একটি ইহার

<sup>(</sup> ১ ) মৎস্থ-জ্ঞান বা শাত্ৰ-জ্ঞান ইঞ্জিয় ও মন হইতে উৎপন্ন।

'পরস্পরা-ফল'; অজ্ঞান-নিবৃত্তি সকল প্রকার প্রমাণেরই অনন্তর-ফল, এবং
মহান পুরুষের পরম-পদ প্রাপ্তি-হেতৃ সকল বিষয়ে উদাসীত্য কেবল-জ্ঞানের
পরস্পরা-ফল। স্পৃহনীয় পদার্থ লাভ ও অপ্রিয় পদার্থ পরিহার করিবার ইচ্ছা,
অক্সান্ত বিষয়ে উপেক্ষা-বৃদ্ধি অপরাপর প্রমাণ-জ্ঞানের পরস্পরা-ফল।

জৈন বা অর্হত্ দর্শনের আর কয়েকটি মাত্র মূল-তত্ত্বের থিরতির অধ-তারণা করিয়া জৈন দর্শনের বক্ষ্যমাণ সারসঙ্কলন সংক্ষেপে সমাপ্ত হইল।

অর্হত্রণ প্রমাণ্বাদ স্বীকার করেন, তাঁহারা বলেন—প্রম-অণু অবিভাগপরিচ্ছেদ। তাহার ছুইটি রূপ, চৈতক্ত ও জড়; চৈতক্তের প্রমাণু আ্যা ও জড়ের প্রমাণু পুশাল, যথা—

"পরমাণুভিরাবদ্ধাঃ সর্ববেদহা সহেক্রিয়ৈঃ।"

— 'দৰ্কাসদান্তসংগ্ৰহ।'

—সকল দেহ (ইন্দ্রিযুক্ত) পরমাণু দারা গঠিত। এই পরম-অণুকে তাঁহারা "পুলাল" ও "আত্মা" এই উভয়বিধ সংজ্ঞা দিয়াছেন এবং তাঁহারা বলেন ইহার পরিস্থিতি সম্পূর্ণরূপে নির্ভির করে ধর্মাধর্মের উপর।

দেহ ও তাহার আবরণ সম্বন্ধে অর্হত্-গণ বলেন—আত্থার সহিত পুলালেরও পরমাণুর যে যোগ তাহাই কর্ম। কর্মই আত্থার আবরণ এবং কর্মের আবরণ দেহ; কাজেই, দেহই যথন কর্মের আবরণ, আর কিছুই—কোন প্রকার বস্ত্রাদি আবার সেই দেহের আবরণ হইতে পারে না। অপিচ, যদি বস্ত্রাদি দেহের আবরণ হিসাবে ধরা যায়, তাহা হইলে বস্ত্রাদিরও আবার অন্ত আবরণ আছে ধরিয়া লইতে হইবে—আর এবত্থাকারে অবশেষে আবরণের শেষ কিছুই খুঁজিয়া পাওয়া যাইবে না। এই অবস্থাই ভারদর্শনের "হেডাভাস" (fallacy)—পাশ্চাত্ম দর্শনে

ইহাকে বলে, "the logical fallacy of a regressus in infinitum." জৈনেরা তাই বলেন, সর্বাদা উলঙ্গ থাক, আত্মার তত্ত্ব লইতে ব্যস্ত থাক—
দেহের জন্ত বা দেহ লইয়া অহেতুক সময়ক্ষেপ করিও না; দেহের জন্তু স্বেচ্ছায় গাত্ৰ-মার্জ্জন, প্রসাধন, স্থান প্রভৃতি কোন উপকরণই করিবে না।

অর্হত্রণ আত্মার মুক্তি অর্থে পূর্ব-জ্ঞান এবং বন্ধন অর্থে কর্মাজদেহের নিখিল-বস্ত-বিষয়ে প্রকৃষ্ট-জ্ঞানের অভাবকেট বোঝেন। তাই 'সর্ব্ব-সিদ্ধান্ত-সংগ্রহ' গ্রন্থে আমরা পাই, অর্হত্রগণের মতে আদর্শ জগৎগুরু তিনিই, বিনি—

"প্রাণিজাতমহিংসন্তো মনোবাক্কায়কর্ম্মভি:।
দিগস্থরাশ্চরন্ত্যের যোগিনো ব্রহ্মচারিণ:॥
মুনয়ো নির্ম্মলাশুকা প্রণভাগেধিভেদিন: ।
তদীয় মন্ত্রফলদো মোক্ষমার্গ ব্যবস্থিত:।
সুঠেরবিশ্বাসনীয়ঃ স্থান সু সুঠরেবিশ্বাসনীয়ঃ

#### "অईতাম নমঃ।"

<sup>&</sup>gt;। প্রণভাগে গভেদিনঃ, প্রণত ব্যক্তিদিগের পাপ গোত করেন বাঁহারা—Those who bow unto them, these omniscient spiritual teachers, destroy their sins.

# বৌদ্ধ দুৰ্শন

বৌদ্ধদর্শনের প্রবর্ত্তক ভগবান বৃদ্ধ স্বয়ং, তাই তাঁহার দর্শন আদর্শ-স্থানীয়। "অতীব শান্তিময় পরমেষ্ঠীদেব বৃদ্ধ-বিগ্রহ পরিগ্রহ করিলে চরাচর অথিল জগৎ মোহিত হয়।" ভগবান বৃদ্ধ বিষ্ণুর নবম অবতার। "কাক্ষণ্য মাতহতে"—জীবের ছঃথে বিগলিত হইয়া, তাহা নিরাক্রণ উদ্দেশ্যে—

"কেশব ধৃত-বুদ্ধ-শরীর।"

ু---শ্রীভগবান বুদ্ধ-শরীর পরিগ্রহ করিয়াছিলেন।

• 'বৌদ্ধদর্শন নান্তিক দর্শন, বৌদ্ধদর্শন বেদ-নিন্দায় পূর্ণ, বৌদ্ধদর্শন শূণ্য-বাদী, বৌদ্ধদর্শনে ভক্তি বা ভক্তিপাত্রের একান্ত অভাব প্রভৃতি অনেক অভিযোগই শুনিতে পাওয়া যায়। কিন্তু বিশেষ ধীর-ভাবে গৌতম বুছে। প্রকৃত ধর্ম ও তাঁহার প্রবর্তিত দর্শন-শাস্ত্র আলোচনা করিলে বেশ স্পষ্টই প্রতীয়মান হয়, এতগুলি যে অভিযোগ তাহার মূলে সত্যের লেশমাত্র নাই। বৌদ্ধদর্শনের বিক্লত বা একদেশ দর্শনই উক্তরূপ অভিযোগকারী পণ্ডিত-মগুলীর ভ্রম-প্রমাদ, তথা, বিজ্জ সমালোচনার প্রধানতম কারণ। বস্ততঃ, বৌদ্ধদর্শন অতীব উচ্চ-ন্তরের আর্য্যদর্শন সমূহের মধ্যে অক্ততম। 'বিনয় পিটক' পাঠে যে বৌদ্ধাচার বা বিনয়ের বিষয় অবপত হইতে পারা যায় তাহা বেদপন্থী দিগের ধর্মাচার ভিন্ন নৃতন কিছুই নয়—সকল গুলিই দেখিতে পাওয়া যায় আর্য্য-আচার অনুসরণ করিয়া চলিয়াছে—বৃদ্ধদেব প্রোক্ত যাবতীয় ভিক্ষ্ধর্ম্মের নিয়মাদি, যাহা 'প্রাতিমোক্ষ' নামক গ্রন্থে বিবৃত ও সংগৃহীত, তৎসমুদ্র মুথ্যতঃ বৈদিক আশ্রম-ধর্মের অতুকরণেই বিহিত এবং উপদিষ্ট।

—সকল বিরোধের মধ্যে ঐক্য ও সমস্ত পার্থক্যের মধ্যে মিলন ভিক্ষা করিরা ভিক্ষ্প্রেষ্ঠ বৃদ্ধ-ভগবানের শ্রীপাদপদ্মে শির নত করিয়া তাই সভঃই বলিতে ইচ্ছা করে—

> "তোমার অমৃষিত আভা রেখেছ উজ্জন করি স্বৰ্ণপ্রস্থ এ ভারতভূমি। ধন্য শাক্য অবতার! প্রণমি তোমার পদে— পূর্ণ ব্রন্ধ ভূমি॥"

বৌদ্ধদর্শন বলেন—জগৎ ক্ষণ ভঙ্গুর দেবতা স্থগত। প্রত্যক্ষ ও অনুমান এই দ্বিধি প্রমাণ। ছঃখ, আয়তন, সমূদায় ও মার্গ এই চতুর্বিধি তব। মার্গ-তব্বই মোক্ষ এবং বাহ্ছ-বস্তু মাত্রই অলীক—মিথাা; শুধু বিজ্ঞানুরূপ আত্রাই সতা।

জগতের সকল বস্তুই ক্ষণিক—অর্থাৎ, প্রথম ক্ষণে তাহাদের উৎপত্তি হয় ও পরক্ষণে সে সকলই বিনষ্ট হয় এবং এ পর্যায়ে আত্মাও ক্ষণিক জ্ঞানরূপ। আত্মার প্রকৃতরূপ কিন্তু বিজ্ঞানময়; ইহা নিত্য, ক্ষবিনাণী ও সত্যস্বরূপ। বৌদ্ধ দর্শন আরও বলেন, যতি ধর্মই শ্রেষ্ঠ ধর্ম, তাহার ক্ষন্ত সাত্টি, যথা—চর্মাদন, কমগুলু, মগুন, চীরধারণ, পূর্বাহু ভোজন, সমূহাবস্থান ও রক্তবন্ত্র পরিধান।

বৌদ্ধদর্শনের মূল কথা হইতেছে—

"ত্ক্থং ত্কথম্ সমুপ্লাদং
ছুক্থমন্ চ অতিক্মং,
আারিয়ঞ্ট্রাঠাদিকনাগ্গং
তুক্পুপসমগামিনং।"

—ভগবান বৃদ্ধ বলিলেন, (১) ছ:খ আছে, (২) ছ:থের কারণ আছে,
(৩) ছ:ধের ধ্বংস আছে এবং (৪) ছ:খ ধ্বংসের উপায়ও আছে—হ:খ, ছ:খ
সকল, ছ:খ নিরোধ ও ছ:খ নিরোধের উপায় স্বরূপ—আর্থ্য অষ্টাঙ্গিক-মার্গ
The Noble Eight-foeld path—অর্থাৎ, এই চতুরার্থ্যসত্যের সম্যকক্রানই বৃদ্ধ-প্রোক্ত দর্শন-সিদ্ধান্ত। এক কথায়, ছ:খ-নিরোধের উপায়ই
আর্থ্য-অষ্টাঙ্গিক-মার্গ; ছ:খকে যেমন করিয়া হউক নির্ম্ম্ করিতে হইবে,
ইহাই বৌদ্ধদশনের গোড়ার কথা। কেমন করিয়া ছ:খ বিনষ্ট হইবে ?
বৃদ্ধদেব বলিলেন—

"বথাছি মূলে অন্ত্রপদ্ধে দল্ছে দ্লিমোপি কক্থো পুনদেব কহতি, এবপ্সিত্হাত্সয়ে অন্হতে নিক্ততি ভুক্থমিদং পুনপ্ পুনস্তি॥"

- মূল উৎপাটন না করিলে ছিল্লকং গেমন পুনং বর্দ্ধিত হয় তৃঞ্চাহ্মসয় বিনষ্ট না ছইলে তৃঃখও তেমনই পুন: পুন: উৎপত্ম হয়। তৃঃখকে বিনষ্ট করিতে ছইলে তৃঞ্চাহ্মসয় বিনষ্ট করিতে হইবে। তৃঞ্চাহ্মসয় কেমন করিয়া বিনষ্ট হয় ? ভগবান বৃদ্ধ অঞ্শাসন দিলেন—
  - ১। "সর্বাপশসদ্ অকরণম্"—সর্বাপাপের অকরণ, অর্থাৎ—"শীল",
  - ২। "কুসলসদ্ উপসম্পদা"-কুশল সম্পাদন, অর্থাৎ-"সমাধি",
  - "সচিত্ত পরিবোদপনং"—নিজ চিত্ত পরিশুদ্ধ করণ, অর্থাৎ
     "প্রজ্ঞা"
  - -- "এতং বৃদাদুসাস । "--ইহাই বৃদ্ধের অনুশাসন।

প্রথমে চিত্ত পরিশুক করিতে হইবে। মন শুদ্ধ না হইলে সকলই 'ভক্ষে ঘি ঢালার' মত হইবে। তাই বৃদ্ধদেব বলিতেছেন—

> "মনোপ্কাৰণা ধৰা মনোদেট্ঠা মনোময়া। মনসাচ পছট্ঠেন ভাসতি বা করোতি বা। ততো নং ছুক্থমছেতি চক্কং ব বহুতো পদং॥১॥"—"ধৰ্মপদ।"

—মনই ধর্মসমূহের পূর্বেগামী, মনই ধর্মসমূহের শ্রেষ্ঠ এবং ধর্ম মন হইতেই উৎপন্ন। যদি কেহ দ্বিতাস্তঃকরণে কথা কহে বা কার্য্য করে, তবে চক্র যেমন ভারবাহী বলীবর্দের পদচিহ্ন অনুসরণ করে, তৃঃথও তাহাকে সেইরূপ অনুসরণ করে। চিত্ত, মন ও বিজ্ঞান, এ তিনটি একার্থ-বোধক—ইহাই বৃদ্ধদেবের উপদেশ।

আর্য্য অষ্টাঙ্গিকমার্গ তিনটি স্কন্ধে বিভক্ত, যথা—

প্রথম স্বর—প্রজ্ঞা, ইহাই অবিলা বিনাশকারী; 'অভিধর্মে' ইহা সাত থণ্ডে সংগৃহীত।

বিতীয় স্কন্ধ-শীল, ইহাই স্বভাব, সংষম ও বিধিনিবেধ; 'বিনয়ে'' ইহা তিন থণ্ডে সংগৃহীত।

তৃতীয় স্কল্প—সমাধি অর্থাৎ ধ্যান, সমাধি, ধারণাদি ছারা চিত্তকে সংস্কৃত করিতে হইবে কিল্লপে তদ্বিষয়ক; 'হত্তে' ইহা পাঁচ থণ্ডে সংগৃহীত।

(ক) প্রজ্ঞার অন্তর্গত ছুইটি—সম্যক-দৃষ্টি ও সম্যক-সঙ্কর। চারিটি আর্ঘ্য-সত্যের জ্ঞানই সম্যক দৃষ্টি, ইহা অন্তি-নান্তির অতীত—ইহাই মাধ্যমিক দর্শন। নৈজাম্য, অহিংসা ও অব্যাপাদ ভেদে সম্যক সঙ্কর ত্রিবিধ।

১। বি-ৰিবিধ ও বিশেষ এবং নয়-নীতি, ইতি 'বিনয়' (discipline)।

- ( थ ) শীলের অন্তর্গত তিনটি—সমাক-বাক্য, সমাক-কর্ম্মান্ত ও সমাক-জীবিকা। সমাক বাক্য অর্থে সত্যা-বাক্য ব্ঝায়, মিথ্যাবাক্য গ ইহারই বিপরীত অর্থ-জ্ঞাপক। সমাক-কর্মান্ত মিথ্যা-কর্মোর বিপরীতার্থক। সমাক-জীবিকা বা বাণিজ্য মিথ্যা-জীবিকারণ বিপরীতার্থকাপক। জীবিকা বিশুদ্ধির নাম সমাক-অনীব।
- (গ) সমাধির অন্তর্গত তিনটি—সমাক-ব্যায়াম<sup>8</sup>, অর্থাৎ দৃঢ় উৎসাহ; সমাক-স্মৃতি<sup>e</sup>, ইহা যোগাভ্যাদের অন্ত নাম এবং সম্যক<sup>্ষ</sup>মাধি অর্থাৎ
- ১। মিখ্যা-বাক্য চতুর্বির্বিধ, যথা—১য়। মিখ্যা-বাক্য অর্থাৎ সভ্য গোপ মিখ্যা রচনা; ২য়। পিশুনবাক্য অর্থাৎ মিখ্যা 'লাগান'; ৩য়। পৌরুব-বাক্য ত কর্বশ রুবা; ৪র্থ। রুঝা গল্প অর্থাৎ সম্প্রলাপ, 'আয়াচে গল্প' ইত্যাদি।
- মথাকর্ম ত্রিবিধ, যথা—১ম। প্রাণীহত্যা ; ২য়। পরস্বাপহরণ ; ৩য়। ফি
  কামাচরণ । এগুলির বিপরীত কার্যাই সমাক-কর্ম, যথা—নয়া, ভিক্ষা ও এক্ষর্য ;
- ৩। মিথা-জীবিকা দশবিধ, যথা—মৎজ্ঞ, মাংস, প্রাণি, অন্ত ও বিষ এই গাঁচ
  প্রকার ব্যবসায়; চিকিৎসা-বিজা, বাস্ত-বিজা অর্থাৎ পৌরহিত্য, মৃথিক-বিজা অর্থাৎ
  নষ্টকারী বিজা ও জ্যোতিববিজা এই চারি প্রকার বিদ্যা সম্বন্ধীয় ব্যবসায় এবং উৎকোচ
  ইত্যাদি গ্রহণ।
- ১। সম্ক-শৃতি চারিটি ভাগে বিভক্ত, যথা—১ম। কার-দর্শন, অর্থাৎ আসন ইত্যাদি। ২য়।বেদনাদর্শন, অর্থাৎ তুঃখ ইত্যাদি। ৩য়।চিওদর্শন, অর্থাৎ আশক্তি ইত্যাদি। এর্থা ধর্মদর্শন। ধর্মদর্শন আনায়ফ্—কামেছো, ছেব, আনত্ত, জড়তা, উ্কতা, কুকৃতা (কুকাজ করিবার ইছে।) এবং সংশন্ন এই সপ্তাবিধ অভিধর্ম-বিরক্ষ চিত্ত-মল বর্তমান আছে জিনা, উৎপন্ন হইল, কি উৎপন্ন না ইইল, এই সকলেন আন।

ধ্যান, ইহার অঙ্গ পাঁচটি, যথা—বিতর্ক, বিচার, প্রীতি, সুথ ও একাগ্রতা।

গৌতম বৃদ্ধ নিজে কোন গ্রন্থই রচনা করেন নাই। বেদ ঘেমন ঋষিদিগের বাক্যে পরিকুট, অর্থাং ঐতির ক্যায়, বৃদ্ধেবের বাক্যও মুখে মুথে রক্ষিত হইরাছিল। যথা "ধর্মপদের স্থেবগ্গে" আমরা পাই বৃদ্ধ জগবানের মুখ-নিঃস্ত বাণী—

"আরোগ্য পরমা লাভা সস্কট্ঠি পরমং ধনং। বিদ্সাস পরমা ঞাতী নিকাণং পরমং স্থং॥" —ধর্মপদ, স্থবগ্গো, ৮ম স্ত্র।

—রোগশৃক্ততা বা স্বাস্থাই পরম লাভ, সন্ধৃষ্টি বা সস্তোষই পরম ধন, বিশ্বাসই পরম জ্ঞাতি ( উত্তম আত্মীয় ), নির্বোগই পরম স্থাপ—ইত্যাদি—

আবার উক্ত কারণেই যুগভেদে ও দেশভেদে বৌদ্ধ দর্শনের ব্যাথ্য বৌদ্ধধর্মের ক্লায় নানাকাতিয় লোকের মধ্যে বৃদ্ধদেবের পরিনির্বাণ লাভের পর
নানাপ্রকার মূর্ত্তি পরিগ্রহ করিয়াছে। এই সকল বিভিন্ন দেশবাসী
বৌদ্ধমতাবলদ্বী শ্রমণদিগের মধ্যে কাহার যে প্রকৃত 'বৃদ্ধমত'—যে মত
স্বয়ংই বৃদ্ধদেব প্রচার করিয়াছিলেন, তাহা নিরুপণ করা অতীব কঠিন।
পূর্বেই উক্ত হইয়াছে গৌতন বৃদ্ধর কোন গ্রন্থই রচনা করেন নাই, এবং
থমনও কিছু আজ পর্যান্ত সিদ্ধান্ত হয় নাই যে কোন একটি গ্রন্থ বিশেষই
বৃদ্ধদেনর আদি গ্রন্থ—তবে ষ্তুটা প্রমাণ পাওয়া গিয়াছে তাহাতে

বৌদ্ধশান্ত নিচরের মধ্যে "পালিপিটকই" সর্ব্বাপেক্ষা প্রাচীন। পালিপিটক তিন শ্রেণীতে বিভক্ত যথা হও (হত্র বা হ্রন্তান্ত), বিনর ও অভিধর্ম (অভিধর্ম দার্শনিক চিন্তার অহুক্ল ধর্মবিষয়ক তব্ ); ইয় সাধারণ ভাবে ত্রিপিঠক নামেও পরিচিত। অথকথা (অর্থকথা), ব্রুবোষ প্রণীত জ্ঞানোদয়, অর্থকথার অহুবাদ প্রভৃতি উক্ত ত্রিপিটকের করেকটি রাখ্যা পৃত্ত ও পাওয়া যায়। পালিপিটকে যে সকল উক্তি আছে তাহাই ভগবান গৌতম বুদ্ধের নিজের উক্তি, বৌদ্ধদার্শনিকগণ ইয়াই মনে করেন। এই প্রাচীন ও মৌলিক গ্রন্থে উল্লেখ আছে বৃদ্ধ বোধির্ক্ষতলে বসিয়া সমৃদ্ধ হইবার পূর্বের হৃঃখ, হুঃখ সকল, ও হুঃখ নিবাধে বা নিরাকরণের উপায়গুলিও অহুভব করিয়াছিলেন এবং এ সম্বদ্ধে, তাহার উক্তি জগতে প্রচার করিয়া মানবকল্যাণ-কামনায় তাহার প্রবিত্ত 'ম্বাপণ্ড' প্রচার করিয়া গিয়াছেন। বৃদ্ধদেব এইরপে নিজ উক্তিতে সংসার উৎপত্তির হেতু, জগতের সমৃদায় কার্য্যকারণভাব বিষদভাবে বর্ণন করিয়াছেন, যথা—

১। পালি ভাষায় লিখিত পিটক, অর্থাৎ পেটি বা ঝাঁপি, জাধার ও জাধেরের জন্মেদে ব্যবহৃত্য

<sup>ং। &#</sup>x27;মণ্ডাপথ' বা মাধ্যমিক গণাঁনই সর্ব্যন্তথে উত্তাবিত। কালে বৌদ্ধপর্ম আরও তিন সম্প্রদারে বিভক্ত ছইয়ছিল, যথা—যোগাচার, সৌন্তান্তিক ও বৈভাবিক। মাধ্যমিক বর্ণন মতে জগং শূনাতার বিবর্জ বিশেব এবং তাহার শেব পরিণাম শূনাতা বা মহাশৃক্ত। এই অবাও, মানস-গোচর মহাশৃক্তের খান করিতে করিতেই নির্বাণ লাভ ঘটে; কেন না, উক্তরণ চিপ্তার ক্লেই জীবাক্ষা মহান-ছংগ-ক্ল—শোক, তাপ, জরা, মরণ ইত্যাদি হুইতে সরিক্রাণ লাভ করে ও মহাশৃক্তরপ আদি কারণে নিম্ম ছইয়া বার।

## ভগবান বৃদ্ধদেৰ অমূভূত হঃখের হেডুবাদ

(The Chain of Causation,)

্ ২ম—অবিভা ( অর্থাৎ, অজ্ঞান — Predisposition,  কি দ ভ ভ ভ ভ ভ বিভা ( ত্রা বিভাগের বিল	
२য়—मःस्रात मकन ( कर्ष )	6
তয়—বিজ্ঞান ( আত্মবোধ )	स्ट्रिय
s  থ  -নামরপ ( অর্থাৎ, মন ও শরীর )	পরক্র ভি ও
৫ম—বড়ায়তন (গঞ্চ ইন্দ্রিরের আয়তন, অর্থাৎ, কার্য্যক্ষেত্র)	
ভা ভা বজগৎ এবং মনের আয়তন      ভা ভা বজগৎ      ভা ভা ভা কপর্ম      ভা	এগুলি পরস্পর কার্য্য-কারণ সূত্রবন্ধ, একটি হুইতে গ উৎপত্তি ও একের নিরোধে পরেরটির নিরোধ হয়
্ৰ ৩৯ — শ্ৰণ এ   এ ৭ম — বেদনা ( অৰ্থাৎ, বাহ্য পদাৰ্থের উপলব্ধি )	সূত্ৰবন্ধ, ধ পারের
৮ম — তৃষ্ণা (কাম, ভব ও বিভব ভেদে ত্রিবিধ)	একটি টির নি
৯ম—উপাদান ( অর্থাৎ, আসক্তি )	হইতে পরেরটির রোধ হয় )
১০ম — ভব ( অর্থাৎ, হওয়া )	1)
১১শ— জাতি (জন্ম)	يَمَ
্লী ১২শ— জ্বা মরণ শোক পরিদেব তুঃথ বিষাদ নৈরাহ	,
্র ১২শ — জরা মরণ শোক সারনের হৃত্য বিধান বিভাগ	

উক্ত বাদশটি তথ্যের নাম 'প্রতীত্য সমুংপাদ'' বা মহানিদান এবং "পালিপিটক" গ্রন্থে ইহার যে ব্যাখ্যা আছে তাহাই প্রাচীনতম। উক্ত মহান-হৃ:থক্ষরে বা (তৃ:ধ-সকলের নিরোধেই নির্কাণ প্রাপ্তি ঘটে। নিরোধ কি ? বুদ্ধদেব বলিতেছেন—

"যং কিঞ্ছি সমূদ্য ধৃত্মং স্ববস্তুং নিরোধ ধৃত্মং।"

—যাহা কিছু উৎপন্ন ধর্মা, সে স্কল ধর্মোর ধ্বংসও আছে—দুঃখ উৎপন্ন ধর্মা, স্থতরাং তাহার ধ্বংসও আছে—ধ্বংসকে নিরোধ বলে।

নির্বাণ কি ? তু:বের একাস্ক অভাবই নির্বাণ। ভগবান বৃদ্ধ বলিতেছেন—কামাদিত্যুগর , দ্বেরের ও মোহের উচ্ছেদই নির্বাণ i. e. The Non-existence of Individuality—It is not the extinction of the Self but of the clinging to existence-It may be attained during life. মহাস্থবির নাগসেন বলিতেছেন— নির্বাণই একান্ত স্থব, ইহা তু:থহীন ক্লেশহীন,—বাহা কিছু তু:থ, বাহা কিছু ক্লেশ, তাহা সাধনার পথে, অফ্নীলনের পথে।

পরমার্থত: নির্বাণকেই তুঃথ নিরোধ আগ্য-সত্য বলে, কারণ নির্বাণ পৌছিলে তৃষ্ণার একাস্ত নিরোধ হয় তুঃথ আর কিছুই থাকে না। নির্বাণ লাভ করিলে বৌদ্ধ ভিক্লকের কি অবস্থা হয় ? 'রতন স্থতে' আছে—

> "থীণং পুরাণং নবং নখি সম্ভবং, বিরন্তাচিত্তা আয়তিকে ভবস্মিং।

 <sup>।</sup> প্রতীত্য অর্থে প্রাপ্তি ও সমুৎপাদ অর্থে উৎপত্তি—কারণাধীনে ভাবনিচরের উৎপত্তি—Dependent originality.

২। রূপাদি পঞ্চ কাম্য বস্তুর জন্য কামত্কা, শাখত দৃষ্টি জনিত ভব-তৃকা ও প্রভেদ জনিত বিভব-তৃকা।

তে থীনবীজা, অবিক্রলিহি চ্ছন্দা নিক্বন্তি ধীরা যথা'য়ং পদীপো॥"

—১৪শ 'রতন ফুভ।'

— তাঁহাদের প্রাচীন সংস্কার সমূহ বিনষ্ট হয়, নৃতন সংস্কারের আর উৎপত্তি হয় না; পুনর্জন্মে তাঁহাদের রতি থাকেনা, তাঁহারা ক্ষীণবীজ ও বিহত-ছন্দ হন—প্রদীপ বেমন নিভিয়া যায়, সেইরূপ তাঁহারা দেহত্যাগ করিয়া অন্থবাদিশেষ নির্ববাণ-ধাতৃতে বিলীন হয়।

তাই ভগবান বুদ্ধ বলিতেছেন—

"সিঞ্চ ভিক্ধু ইনং নাবং
সিভা তে লছ মেস্সতি,
ছেমা রাগঞ্চ দোষঞ্চ
ততো নিব্বাণমেহিসি॥"

—'ভিক্গুবগ্গ' ১০ম ফুতা।

— "হে ভিক্ ! এ দেহতরী করহ সেচন
পাপবারি ভারাক্রান্ত যাহা অফুক্ষণ
সেচন করিলে সেই সলিলের রাশি
লঘু হ'য়ে দেহতরী উঠিবেক ভাসি,
রাগহেষাদিব শেষে করিয়া ছেদন
চরমে শভিবে তুমি নির্বাণ পরম।"

<sup>4</sup>নমো তদদ ভগৰতো অর্হতো দশাসমূদদ্য।<sup>\*</sup>

# মানবত দৰ্শন

ব

#### ভারতীয় ভাব-দর্শন

শ্রীমং শঙ্করাচার্য্য 'আত্মদর্শন' লাভ করিয়া তাহার পরিচয় প্রদান করিয়া স্টোত্র রচনা করিলেন—

> "ন সাংখ্যং ন শৈবং ন তৎ পঞ্চরাত্রম্, ন জৈনং মীমাংসকাদের্ম্মতং বা। \* বিশিষ্টায়ভূত্যা বিশুদ্ধাত্মকত্বাৎ, তদেকোহবশিষ্টঃ শিবঃ কেবলোহহ্ম্॥"

—আমাকে (পরম-আত্মাকে) সাংখ্য, শৈব, পঞ্চারাত্রাদিযোগ কিছা কৈন, মীমাংসা প্রভৃতি কোনই দার্শনিক মতবাদ-মাত্র আশ্রম করিয়া নিরূপন করা যায় না—কেব্লমাত্র বিশেষরূপ অন্থভব দ্বারাই আমার বিশুদ্ধাত্মকত্ম (মানব মনে) প্রতীয়মান হয় এবং মহা-প্রলয়েরও পরে একা আমিই অবশিষ্ট থাকি—এই নিত্য ও শার্ষত সর্ব্ব-কল্যাণ্ময় প্রমাত্মাই আমি।

অধিকুলতিলক ব্রন্ধবিদ্ খেতাখতর তাঁহার প্রবর্তিত উপনিষদে উক্ত প্রমাজ-তত্ত্ব ব্যক্ত করিয়া হত্ত্ব রচনা করিলেন—

 <sup>)।</sup> বৈক্ষব আগমোক্ত পঞ্চরাত্রতন্ত্ব বা জ্ঞানবোগ, যথা—ওক্ততন্ত্ব, মন্ত্রতন্ত্ব, দেবতন্ত্ব
 ও ধ্যানতন্ত্ব।

"বেদারুমেতং পুরুষং মহান্তং-মাদিত্যবর্ণং তমসং পরস্তাৎ। জনেব বিদিন্ধাতি মৃত্যুমেতি নাক্তঃ পদ্ধা বিহুতেহয়নায়॥"

-- খেতাখতরোপনিষদ, ৩য় অ: ৮ম হত্ত।

— অবিভা বা অজ্ঞান তিনিরের পরপারে ব্রহ্মধানে অবস্থিত, এই জ্যোতির্দার পরম-পুরুষকে (পরম-আত্মাকে) আমি জানি। ইইার স্বরূপ অবগত হইরা জীব মৃত্যু-কবল হইতে মুক্তি পায়— জরা-মরণের অতীত হয়; হইাকে জানা ভিন্ন (পরম-পদ প্রাপ্তির) অন্ত দ্বিতীয় উপায় নাই।

মুনিশ্রেষ্ঠ বোগী যাজ্ঞবন্ধ মুক্তির শ্রেষ্ঠ উপায় ব্যক্ত করিয়া নির্দেশু দিলেন—

"অযন্ত পরমোধর্মো যদ যোগেনাতাদর্শনম্।"

— মুফ্রু বাক্তির স্বকীয় আত্মার প্রকৃত স্বরূপ সাক্ষাৎকার-রূপ থে আত্মদর্শন, তাহাই মুক্তির সাক্ষাৎ উপায়—তাহাই সনাতন ধর্মের সারভূত চরম ও প্রম ধর্ম।

এমন যে পরমাত্মতব্ , অনুভব দারাই মানুষ তাহা উপলব্ধি করিতে পারে। কেবলমাত্র নানাবিধ দার্শনিক মতবাদ আপ্রয় করিলে বা তংসমুদার আয়ত্ম করিতে পারিলেই যে দে অনুভূতি আদ্য—দে প্রকৃত আত্মতব্ লাভ হয় তাহা নহে, প্রকৃত দর্শন আবশ্রক। 'দর্শনং দর্শনং প্রেক্তম্'—ইহাই না দর্শনের প্রকৃত সংক্ষা! দর্শনশান্ত্র পাঠে পদার্থতব্বের স্বরূপ জ্ঞান লাভ করিতে পারা যার খুবই সত্য কথা—কিন্তু তুধুই কি দার্শনিক মতবাদ সমূহ বুঝিতে পারিলে বা সে সকল বিষয়ে পণ্ডিত



হইলেই দর্শনে জ্ঞান লাভ হয়—না নিশুচ দর্শন তত্ত্বাজির অবতারণা করিয়া বাগ্বিতগুর আশ্রেয় লইয়া তর্ক ও বৃক্তির সাহায্যে প্রতিপদ্ধকে বিচারে একান্ত ভাবে পরাস্ত করিয়া স্বীয় দার্শনিক সিদ্ধান্তের বিশেষত্ব বা শ্রেষ্ঠত্ব প্রতিষ্ঠাপিত করিতে পারিলেই প্রকৃত দর্শনিজ্ঞান লাভ হইয়াছে ব্রিতে হইবে? এত সহজে 'দর্শন' হয় না—'সে বড় কঠিন ঠাই, গুরু-শিয়ে দেখা নাই!' চাই অমুভব করিবার শক্তি এবং এ অমুভ্তি সম্পূর্ণরূপেই ব্যক্তিগত—প্রকৃত অমুভ্তি তত্ত্বজ্ঞান হইতে জ্বামে এবং অমুভ্তির উল্লেষ্টেই 'দর্শন' লাভ ঘটে। তত্ত্বজ্ঞান কিসে জ্বাে? 'জানাং প্রতরং নহি'—ইহা শাস্ত্রবাক্য: গীতায় শ্রীভগবান বলিয়াছেন—

"তদ্বিদ্ধি প্রণিপাতেন পরিপ্রশ্নেন সেবয়া। উপদেক্ষান্তি তে জ্ঞানং জ্ঞানিনতব্দশিনঃ॥" —-গীতা, ৪র্থ **অঃ** ৩৪ম গ্লোক।

— "তর্বদর্শিগণে তুমি প্রণিপাত করি

সেবা কর তাঁহাদের আজ্ঞা শিরে ধরি;
জিজ্ঞাস সন্দেহ যত অন্তরে উদয়
তত্ত্ব (জ্ঞান) উপদেশ তাঁরা দিবেন নিশ্চয়।"

— "ক্রধাকর" গীতা।

তত্ত্বজান লাভ হইলে কি হয় ? শ্রীভগবান বলিলেন—

"ববৈধবাংসি সমিজোংগ্নি ভন্মসাৎ কুঞ্চতেংজ্ন।
জ্ঞানাগ্নি সর্ববৈশ্বানি ভন্মসাৎ কুঞ্চতে তথা।
নহি জ্ঞানেন সদৃশং পবিত্রমিহবিহ্যতে।
তৎ শব্যং যোগসংসিদ্ধিঃ কালেনান্মনি বিন্দৃতি।

শ্রদ্ধাবান্ লভতে জ্ঞানং তৎপর: সংযতে ক্রিয়:। জ্ঞানং লদ্ধা পরাং শাস্তিমচিরেণাধিগচ্ছতি॥"

—গীতা, ৪র্থ অ: ৩৭-৩৯শ শ্লোক।

— " জলন্ত 'সন্দা বঁথা কাষ্ঠ করে কর,
জ্ঞানানলে সর্ব্ধ কর্ম ভন্মীভূত হয়।
পবিত্র কিছুই নাই জ্ঞানের সমান,
কর্ম-বোগী যথা কালে পান আত্মজ্ঞান।
শ্রহাথান বিতেক্সিয় একনিষ্ঠ জন,
জ্ঞান লভি অচিরাং মোক্ষ প্রাপ্ত হন।"

—"মুধাকর" গীতা। . -

জ্ঞানলাভ করিয়া কেমন করিয়াই বা মান্ত্র মোক্ষ পার বা মোক্ষের অধিকারী হয় ? প্রীভগবান নির্দেশ দিলেন —

> "শ্ৰেয়োহি জ্ঞানমভ্যাসাঞ্জ্ঞানাদ্ধানং বিশিষ্ঠতে। খ্যানাৎ কৰ্মফল-ত্যাগঃ ত্যাগাচ্ছান্তিরনস্তরম্॥"

> > —গীতা, ১২শ অঃ ১২শ শ্লোক।

— "বাছ অভ্যাসের' শ্রেষ্ঠ ব্জিব্জ-জ্ঞান', সেই জ্ঞান হ'তে শ্রেষ্ঠ মনঃতির ধ্যান';

वाश-अन्त्राम चर्च ाङ्गिक-पृक्षानि त्यात्र ।

१। যুদ্ধি-যুক্ত জ্ঞানেই গুগবানের কিয়-কার্য সাংল হয়। পরবলেয় বাজ অংশ জানার নামই জ্ঞান। অংতি বলিতেছন—'ভিম্নিন্ প্রীতি তথকিয়লার্য্য সাধনক তয়পাসনমেব' —তাহার প্রীতি ও তাহার কিয়কার্য সাধনই তাহার উপাসনা।

 <sup>।</sup> ধ্যান-সনাধি-বোণে বিজ্ঞান লাভ করা হার। বিজ্ঞান পরবাক্ষর অব্যক্ত অংশ লানার অপর নাম।

ধ্যান হ'তে 'কর্ম-ফল-ত্যাগ'' শ্রেষ্ঠ হয়, সর্ব্য-কর্ম ফলার্পণ করিলে আমায়। এইরূপ 'ত্যাগে' হয় আসক্তি বিলয়, আসক্তি-বিলয়ে মুক্তি চির শাস্তিময়।" —"স্থধাকর" গীতা।

তথ্ঞান লাভই ব্যক্তিগত জীবনে অনন্থ অহুতৃতি কুরণে একান্ত সহায়ক। বস্তুতঃ, তত্ত্জানেই অহুতৃতির বিকাশ ও দর্শনেই জ্ঞানের পরিসমাপ্তি—দর্শন হইলেই আত্মার স্বরূপ সাক্ষাৎকার লাভ হয় এবং আত্মদর্শনই মুক্তির বা নিত্যানন্দ লাভের সাক্ষাৎ উপায়—স্বার মূলে কিন্তু অহুতৃতি।

• এথন কথা হইতেছে এমন যে অমৃতের খনি, জ্ঞান-বিজ্ঞানের আকর, তত্ত্ব-দিদ্ধান্তের রত্নাগার, ভক্তির উৎস, গীতা ও উপনিষদ্ এবং দর্শন শাস্ত্র-রাজি, সে সমৃদ্র পাঠ করিয়াও ত মাহ্ব তত্ত্ত্তান ও অহভূতি বা আত্মবোধ ও ব্রহ্মনির্বাণ এবং চিদানন্দ লাভ করিতে পারিতেছে না। ইহার কারণ কি? ইহার প্রধানতম কারণ, তত্ত্ত্তান লাভ-হেতু মাহ্বের মধ্যে প্রকৃত অহভূতির—তবাহভূতির, একান্তই অভাব। কবিবর Pope বলিয়াছেন—

"My words fly off, my thoughts remain below, Words without thought, never to heaven go."

—কায়, মন ও বাক্য, এ এয়ীর বৃগপথ সমাবেশেই বিষয়-বোধ ঘটে ও তত্ত্বিচার সফল হয় এবং কালে তত্ত্বায়ভৃতি আসে। কিন্তু, তথুই কথার

১। কর্মফল ত্যাগ হয়, আসন্তির লয় হয়—নির্বাণ লাভ হয় বিজ্ঞান জন্মিলে।

পর কথা গাঁথিলে কিমা তত্ত্বজ্ঞান লাভ-হেতু সম্রদ্ধ একাগ্রতা ও একাস্ত আগ্রহ না থাকিলে, কোন ফলোদয়ই হয় না, প্রকৃত দর্শন লাভ ঘটে না— 'ভন্মে ঘী ঢালার' মত সর্বস্বিই পণ্ড হইয়া যায়। প্রাণের ক্লোভে তাই বাংলার 'স্থাকর' গাহিয়াছেন—

"ঘরে ঘরে গীতা পাঠ—
ফল কেন ফলচে না ?
দেশলাইয়ের কাঠির দোষে
একটি কাঠি জলচে না,
গীতার শ্লোক ইক্ষুদণ্ড
গিলিলে আস্বাদ নাই;
গুরুপাশে বসে বসে
সরসে চিবান চাই।"

'বন্দাও ভাণ্ডোদর' ছোট শিশুটির মত মান্ত্র যাহা কিছু পায় তাহাই সে একেবারে গলাধঃকরণ করিয়া উদরন্ত করিতে প্রয়ানী হয়—কোন কিছুত্রই রসাস্বাদনে কেমন যেন তার চেষ্টা বা যত্ন থাকে না। 'বোধ' তাহার আাসে না—বদহজমই হয় এবং ইহাই জনসমাজকে ব্যস্ত ও বিত্রত করিয়া রাথে প্রতিনিয়ত।

দর্ধ-উপন্রিদ-সার গীতা পড়িয়াও আমাদের—ভারতবাদীর যে অবস্থা, দর্ধ-দর্শন-দিদ্ধান্ত আয়ত্ব করিয়াও ঠিক তদমূরপই অবস্থা। সাংখ্যের তথাকথিত নিক্রীয়বাদ (?) স্থারের কচ্কিচি (!) বা বেদান্তের দৈতাদৈত্বতাদের দৌকিক বাগ্বিতণ্ডা লইয়াই আমরা দক্শে মাথা ঘামাই,

প্রকৃত দর্শন লাভ হয় কিসে সে বিষয়ে ধ্যান রাথি না বা তেমন দর্শন-তত্ত্ব অমুভব করিতে শিক্ষা করি না।

প্রকৃতপক্ষে, দর্শন আলোচনা করি আমরা এমন প্রকার ও প্রণালীর মধ্য দিয়া বাহাছে আমাদের বৃদ্ধিও 'থোলে' না বোধিরও ক্লুরণ হয় না—আধারকে বাদ দিয়াই অনেক সময়ে আধেয় সম্বন্ধে আমাদের জল্পনা-কল্পনার অন্ত থাট্লক না। মাত্রুষকেই না ছোট করিয়া দেখি প্রতি দৃষ্টাক্তেই, আর তাহারই না পাপের বোঝা পাহাড় প্রমাণ করিয়া আমরা নিজেদের দৃষ্টি-পথ রোধ করি! স্পৃষ্টিকে বাদ দিয়া স্রষ্টার মূর্ত্তি ধ্যানে মূর্ত্ত করিয়া তাহাতে বিভোর হইব, ইহাই না -আমাদের ব্লড় অভিমান! কখনও বা ইহারই ঠিক বিপরীত পম্থার অমুর্বর্ত্তন করিয়া, অষ্টাকে একেবারে 'ছাটিয়া' ফেলিয়া দিয়া, আমরা সৃষ্টির প্রাধান্ত স্থাপন করিয়া, পাশ্চাত্য জড়বাদের জৌলুসে মুগ্ধ ও মোহিত হইয়া, সভ্য ( civilized ) সাজিয়া নিজেদের ধন্ত ও কুতকুতার্থ মনে করি ; আবার, কথনও বা উক্ত উভয়বিধ কুষ্টির (culture) দোটানায় পড়িয়া 'খাম রাথি কি কুল রাখি' এমনই একটা উদ্ভট পরিস্থিতির স্ফুচনা করিয়া তাহাতেই 'হাবুডুবু' থাইয়া 'অবতার' দাজিয়া কতই না কীৰ্ত্তি রটাই! প্রকৃত দর্শন তম্ব নিরুপণে বা বেদাস্তের 'তম্বমসি' বা 'সোহং' ভাবের ঘণার্থ তাৎপর্য্য পর্য্যালোচনায় বা রাগাত্মিকা ভক্তিরসের গূঢ় প্রেমাস্বাদনের কোন প্রচেষ্টাই আমরা করি না—কোন কিছুই তলাইয়া ভাবিতে চাহি না।

ফলে—আমানের পুঁথির পর পুঁথিই বাড়িয়া যায়, যুক্তির পর যুক্তির জাল বুনিয়া, দিদ্ধান্তের পর কৃট দিদ্ধান্তের অবতারণা করাই শেষ পর্যান্ত মুখ্য হইরা দাড়ায় ও উক্ত উদ্দেশ্যগুলি দিদ্ধ করিতে জটিলতম তর্কবাদ এবং প্রমাণ-প্রারোগের আশ্রয় লইতে পাঁজি-পুঁথির ভিতরে 'নথির' পর 'নথি' খুঁজিরা বাহির করিয়া দম্ভই প্রকাশ করি। মানব-তন্ধ, আত্ম-তন্ধ, বন্ধ-তন্ধ সব কিছুই তলাইয়া যায় —কোন তন্ধেরই কূল-কিনারা আমরা পাই না এবং এইরূপ অসহায় অবস্থায় আমাদের ছঃথের একাস্ত নিবৃত্তি হওয়া ত দ্রের কথা, ক্রমান্ধরে তাহা শত-সহস্র গুণ বাড়িয়াই চলে; আমাদের জীবন-সমস্তা উত্তরোত্তর জটিল হইতে জটিলতর হইয়াই দাড়ায়।

বাংলার কবি দেশপ্রকৃতির পূজার উদ্বোধন করিতে গিয়া আমাদের এই সাধন-বিলাস পরিলক্ষ্য করিয়া, আমাদের এই 'সদেমিরা' অবস্থায় মর্মাহত হইয়া, মনের আক্ষেপে গাহিয়াছেন—

> "ক্ষান্ত হও! মিছে আর কেন ব্থা খুঁজে মর পেয়েছ কি একটু সন্ধান ? গ্রন্থ-পাঠে তর্কবাদে দেখি কি করেছ জড় ?— কিছু নয়—বৃথা অভিমান!

অন্ধ করি রুদ্ধ করি দিব্য প্রবেশের পথ, ভ্রাম্ভি নিয়ে তবু বার বার বিজ্ঞানের যুক্তি নিয়ে দার্শনিক-মত দিয়ে পেতে চাও কোথা সীমা তার। অনস্তে অথিলে এনে, অসীমে সীমায় টেনে—ওরে ভ্রাম্ভ কোথা যা'বি বল্ ফিরে আয় ওরে অন্ধ, দেথ দিব্য-দৃষ্টি মেলি কোথা রবি করে ঝলমল্

কোথা পথ সহজ সরল !

প্রাণহীন স্পন্দহীন অক্ষরের রেথা-মাঝে পেতে চাস্ প্রাণের সন্ধান, হায় হায় !—মিছে অভিমান।"

—"আকিঞ্চন দাস।"

—কবি আরও বলিতেছেন, মিছে থোঁজা খুঁজি ছাড়, অভিমান রাধ্, মন হ'তে সঙ্কোচের পাশ খুলে ফেল্। 'ভুই যে রে অমৃত সন্তান'! যার ইচ্ছার এই বিশ্বচরাচর প্রতিদিন নিয়ন্ত্রিত হ'চে, যাঁর কর্মণা কটাক্ষেরবি-শনী-গ্রহ-তারা পরিচালিত হ'বে নিয়তই তাঁর মহিমা প্রকাশ কচে, সেই জ্যোতির্মন্ত্র সর্বশক্তিমান ঐশীশক্তির তুই যে রে একটী অংশ! সেই মহাশক্তি আত্রান্ত ক'রে জাগ্ দেখি—দেখতে পা'বি অনস্ত-কালের সে 'শাখত আত্ম-জাগরণ-গাখা' তোরই মাঝে স্থপ্ত র'য়েছে, তোরই জীবনের পাতার পাতার মাথা আছে সে অতীত যুগের কত-শত মুনি-ঋষির জীবনর প্রতি ও সাধনা। আত্মশক্তি বোধ নিয়ে 'সে মহা গ্রন্থের খোল্ দেখি ফিরে আজ এক পাতা'—'পাবি মূল আদি ও অস্তের।' সত্যদ্রস্তী কবি তাই সত্যের সন্ধান দিলেন—

"থ্লে তবে দেখ্ দেখি কি রয়েছে গ্রন্থে লেখা ?
—দেবতার এ চির-বন্দন।
দেখ্ ব্ঝে মিলে কি না নিখিলের প্রাণ-সনে
চেতনের প্রাণের স্পন্দন।

দেখ দেখি রক্ষে রক্ষে ওঠে কিনা প্রকৃতির স্থমহান্ প্রাণের নিঃশ্বাস আসা আরচলে যাওয়া সত্য হোক্ মিথ্যা হোক্—্আছে কিনা অথও-বিশ্বাম ? মানবের এ হৃদয় শুদ্র-দেবতা-মন্দির; ভক্ত চায় দেবতার পানে পরিপূর্ণ উপচারে প্রেমে শ্লেহে জ্ঞান-গর্মেক—ধন্ত হতে ধারণায় ধ্যানে

—আপনার নিবেদিত জ্ঞানে।

এই জন্ম এ হাদর সত্য হোক্ শাস্ত হোক্—হোক্ শুভ্র উজ্জ্বল ছোচ্ছল

মানবত' নিবেদিত ফল ।"

—"আকিঞ্চন দাস।"

্ভক্ত ও ভগবানের এই যে মিতালি—জীবে ও শিবে এই যে অথও-সন্ধা, স্কষ্টা ও সৃষ্টি বিষয়ে মানবের এই যে ভাবদর্শন—'স্বার উপরে মাছ্য সত্য, তাহার উপরে নাই,' এমন যে অভিনব সত্যাহ্নভূতি ও অন্তদৃষ্টি—ভক্তের প্রাণের বিনিময়, ভগবানের প্রেমের খেলা—ইহার রহস্তই বা কি? ইহার পরিচয়—প্রকৃত পরিচয়, কেমন করিয়া পাওয়া বায় ? কবে, কেমন করিয়া এ অভিনব ভাবদর্শনের ভাব-তরঙ্গ ভবানীপতি ভোলানাথের ডম্বরু নিনাদের তরঙ্গ-ভঙ্গে স্পান্দিত হইয়া মানব মনে ফুরিত হইয়াছিল—কোন সে দেশ, যথায় ইহার প্রসায় হইয়াছিল সর্বপ্রথমে এবং কিরপেই বা দেশ দেশ নন্দিত করিয়া ভক্তজন-মন উদ্ব করিয়া সহজ ও সরল গতিভঙ্গিমায় 'নিথিলের প্রাণসনে চেতনের প্রাণের স্পন্দনের' যোগস্ত্র বাঁধিয়া দিয়াছিল এই মানবত-দর্শন ? ভারতের শত শত প্রাচীনতম ধর্ময়ত ও তৎসম্পর্কীয় আচার-ব্যবহার, রীতি-নীতির উপর প্রতিষ্ঠিত হইয়াই না এই অভিনব ভাব-দর্শন ফুরিত হইয়াছিশ কালে এবং প্রত্যেকটিকে মূল হিসাবে অবল্যিত হইয়াই না প্রবর্তিত হইয়াছিল এক একটি গুঢ় অন্নভূতি।

এই ভাব-দর্শনরাজি, জৈন-দর্শন ও বৌদ্ধ-দর্শন ব্যতিরেকে অপরাপর
নে সকল আজীবক ধর্মমত বা তাহার আচার-অন্তর্গানের উপর ভিত্তি
করিয়া পরিলক্ষিত, পরিবর্দ্ধিত ও প্রসারিত হইয়াছিল, সেই সকল ধর্মমত
বা তং তং বিষয়ক আন্তর্গানিক বিধিগুলি যে সকল দর্শন-তত্ত্ব আশ্রম
করিয়া প্রতিষ্ঠিত ছিল, তেমন দর্শন-গ্রন্থ এতাবংকাল অতি অস্তর্থ আবিস্কৃত
হইয়াছে—অবিদিতই রহিয়া গিয়াছে তাহার মধ্যে অনেকানেক অম্ল্য
দর্শন-নিদ্ধান্থ —গুরু-পরম্পরাস বা বংশ-পর্যায়ের অনক্ত অন্তর্ভূতিতে
এবং ভক্ত মহাজ্মাদিগের সাধন-লদ্ধ ধন—তাহাদিগের প্রাণবিগলিত গাথায়
ও গানে, চর্যাপদে ও পদাবলীতেই এক্ষণে আশ্রিত হইয়া রহিয়াছে এই
সকল গুরু ভাব-তত্ত্ব ও গুঢ় দর্শন-সিদ্ধান্তরাজি।

আমাদের এই ভারতবর্ষে সকল অভাব হইতে বড অভাব ছিল এই যে আমাদের দেশের আধুনিক ধরণের ধারাবাহিক ইতিহাস (chronological history ) পাওয়া যায় না এবং পুরাকালে বেগুলি মহামূল্য পুরাণ গ্রন্থরাজি রচিত হইয়াছিল তাহার মূল যোগস্থত্তের কোন 'হদিদ্ই' আমরা ইতিপূর্বে পাই নাই। একণে আমাদের বড়ই দৌভাগ্য এবং মহা স্থাবিধা এই যে উক্ত জাতিগত ও প্রদেশগত দৈক্ত অপসারণ করিতে আমাদের স্বদেশীয় ও বিদেশস্থ বছ মণীধাসম্পন্ন কৃতবিদ্য পণ্ডিতমণ্ডলী নানাবিধ প্রত্নতত্ত্বের অমুসন্ধানে ও ব্যাপক গবেষণায় প্রবৃত্ত হইয়াছেন এবং তাঁহাদিগেরই রূপায় আমাদের এ প্রাচীনতম দেশের প্রাচীনতর বহু বিক্ষিপ্ত ধর্মমত ও তাহার আচার অত্নষ্ঠানের বিবরণ এখন আমরা উল্লিখিত ভাব-দর্শন, তথা মানবত-দর্শনের যোগস্থত্র হিসাবে ধরিয়া লইতে পারিতেছি। উক্ত বিবরণী যদি আলোচনা করা যায়, তাহা হইলে বেশ স্পষ্টই বুঝিতে পারা যায় আমাদের এই বাংলা দেশের ও তৎনিকটবর্ত্তি জনপদশ্রলিব জাতীয় ধর্ম, আচার-ব্যবহার ও রীতি-নীতির উপরই ম্বপ্রসিদ্ধ জৈন ও বৌদ্ধ ধর্মমত ও প্রায় সমূদয় আজীবক ও তৈর্থিক ধর্মমতগুলি প্রতিষ্ঠিত এবং উক্ত ধর্মমতগুলিই ভারতের যাবতীর ভাব-দর্শনের আকর স্বরূপ।

এই ভাব-দর্শনরাজি আশ্রয় করিয়া সে সকল দর্শন-সিদ্ধান্ত রহিরাছে
তাহা শুধুই যে আর্যাজাতীয় ধর্মতন্ত্র বা বৈদিক-দর্শন হইতেই সমুভূত তাহা
বলা চলে না, কেন না বৈদিক ধর্ম সাধারণতঃ গৃহস্থেরই ধর্ম, বৈদিক
যাগ-যক্ত, ক্রিয়া-কলাপ সকলগুলিই একপ্রকার গৃহস্থালি ব্যাপার। বস্ততঃ,
কঠোর ত্যাগধর্ম ভারতের এক অভিনব ধর্মপন্ত; ইহা সংসার আশ্রমের
বিপরীত ভাবাত্মক, সকলগুলিই বৈরাগ্যের ধর্ম ; ইহারই আশ্রমের নৃত্নতর

ভাব-দর্শনগুলি প্রবর্ত্তিত ও প্রত্যেকটিরই মূল সাংখ্যদর্শনের মতবাদের উপর প্রতিষ্ঠিত বলা যাইতে পারে এবং প্রায় সকলগুলিই পূর্বভারতে, অর্থাৎ যে সকল দেশের সহিত পূর্বে আর্য্যজাতির তেমন কোন সাক্ষাৎ সম্বন্ধে যোগস্ত্র ছিল না, সেই সকল স্থান হইতে সমুৎপন্ন এবং একটু প্রণিধান করিয়া বিচার করিলে ইহাও প্রতিপন্ন হয় যে উলিথিত প্রায় সকল ত্যাগ-ধর্মই এক বাক্যে প্রচার করিতেছে—

- ক) গৃহস্থ আশ্রম ত্যাগ কর।
- (খ) গৃহস্থ আশ্রমে স্থথ নাই।
- (গ) হঃথের দাবানলে প্রতিনিয়ত গৃহস্থ জর্জারিত।
- (ঘ) শান্তি লাভ করিতে হইলে গৃহস্থ আশ্রম ত্যাগ করিয়া বাহাতে জন্ম, জরা ও মরণ, এই তিনটি অতিক্রম করিতে পারা যায়—এই ত্রিতাপ হইতে মান্ত্র রক্ষা পায়, তাহার জন্ম প্রচেষ্টা করাই বিধেয়। তৃঃথের একান্ত পরিসমাপ্তিই সকলগুলির একমাত্র লক্ষাস্থল।
- ( < ) উক্ত ত্রিতাপ হইতে অব্যাহতি লাভ করিতে হইলে প্রধানতঃ—'আমি কে ?' 'আমি কোথা হইতে আসিলাম ?' 'আমি কেন আসিলাম ?'—এই সকল তত্ত্বেই চিন্তা করা আবশ্যক।
- (চ) উক্তরণ চিস্তার ফলে মাস্থ্য প্রাকৃত অন্নভৃতি লাভ করে এবং মানব-আত্মা কেবল হইয়া যায় বা তাহার নির্বাণ লাভ হয় বা মানব আত্ম-নিবেদন করিতে শিক্ষা করিয়া পরমাত্ম-তত্ম অবগত হইয়া জীবনে কৃতকৃতার্থ হয়। মাস্থ্য এহেন অবস্থার পৌছিলে সে জরা-মরণের অতীত হয়, অহন্ধার আার তার থাকে নাও তাহার আত্মা সর্বব্যাপী হয়। উক্ত সাধনে উন্নত হইলে ইহ-সংসারের সহিত মাস্থবের আার কোন সংশ্রব

থাকে না—মানবাত্মা মহাকরুণার আধার হইরা যায়—নিত্যানন্দ লাভ-হেতু তাহার পরম-পদ প্রাপ্তি ঘটে।

এই আত্ম-দর্শন, এহেন ভাব-দর্শনের পরিকল্পনা সম্পূর্ণরূপে নৃতন এবং ইহার আশ্রয়ে আরও যে সকল বহুবিধ ভাব-সিদ্ধান্তরালী গড়িয়া উঠিয়াছিল তাহা আরও অভিনব। ভারতের, বিশেষতঃ পূর্ববভারতের, চাই কি সছলে বলা চলে আমাদের এই বাংলা দেশেরই ইহা এক অভৃতপূর্ব্ব দান-সম্ভার।

ভাব-দর্শনগুলির মধ্যে বৌদ্ধ ও জৈন দর্শনের বছবিধ তত্ত্বই অন্যরা পাইয়াছি উক্ত ধর্ম-বিষয়ক অনেকানেক ধর্ম ও দর্শন-সিদ্ধান্ত পরিপৃষ্ট শাস্ত্র-প্রস্থ এবং পূর্ব্ব পূর্ব্ব পরিছেদে তৎবিষয়ক সংক্ষিপ্ত বির্তিও প্রদত্ত হুয়াছে। কিন্তু, উল্লিখিত হুইটি মাত্র ভাব-দর্শন ব্যতিরেকে অপরগুলির দর্শন-সিদ্ধান্ত যে সকল আজীবক ধর্মনতগুলি আশ্রায়ে প্রবর্ত্তিত সেই ধর্মনতগুলি আশ্রায়ে প্রবর্ত্তিত সেই ধর্মনতগুলির প্রথমে বর্থা-সন্তব সরল ও সংক্ষিপ্ত বিবরণ উল্লেখ করিয়া তাহার মধ্যে যে অভিনব ভাব-দর্শনের সিদ্ধান্ত-নিচয় অন্তর্নিহিত রহিয়াছে তাহারই কতকগুলির পরিচয় সংক্ষেপে লিপিবন হইল। সাধারণ ভাবে প্রধানতঃ ছয় ভাগে উক্ত বিবিধ ভাবায়ীকা ধর্মনতগুলিকে বিভক্ত করা সাইতে পারে, যথা—

প্রথম — মৎসেক্তনাথ প্রবর্ত্তিত নাথপন্ত।

ৰিতীয়— লুইপাদ, শান্তিদেব প্রভৃতি সিদ্ধাচার্য্যগণ ও তাঁহাদিগের বিরচিত চর্যাপদলহরী।

তৃতীয় — সহজিয়া পন্থ ও সহজিয়া সাধকর্ন্দের দোঁহা ও পদসমূহ।

চতুর্থ — জয়দেব, বিভাপতি ও চণ্ডিদাস প্রভৃতি রচিত রাগাত্মিকা

মধ্র পদাবলী এবং অসংখ্য দোঁহা, দোঁহাকোর, গান ও
ভাবাত্মিকা গ্রামা-গীতিকাননী।

- পঞ্চম তান্ত্ৰিক সাধক্ৰুৰ ও তাঁহাদের সাধনলব্ধ বছবিধ খ্যামা-সদীত।
- ষষ্ঠ শ্রীমৎ হৈতক্তাদেব প্রবর্ত্তিত গৌড়ীয় বৈষ্ণব-ধর্ম্ম ও বৈষ্ণব-দর্শন-সিদ্ধান্ত বিষয়ক অগণিত কীর্ত্তন পদলহরী।

#### ১। নাথপন্থ।

প্রেমিক সাধু মৎসেক্রনাথ বা মীননাথ নাথপন্থের প্রবর্ত্তক। নাথেরা একটি প্রবল ধর্মমত প্রচার করেন। যোধপুরের মহামন্দির নাথপন্থীদিগের একটি প্রধান তীর্থক্ষেত্র। এক সময় নাথপন্থ এতই প্রবল ছিল যে হিন্দু ও ৌদ্ধ উভয় সম্প্রদায়ই নাথদের পূজা করিতেন; এখনও নেপালী বৌদ্ধ-দিগের মংসেক্তনাথই প্রধান দেবতা, নেপালে তাঁহার রথযাত্রার<u>ুস</u>ময় পুরীর জগনাথদেবের রথযাত্রার মতই মহা ধুমধাম হয়। মৎসেক্রনাথের শিষ্য গোরক্ষনাথকে এথনও তিব্বতীয় বৌদ্ধেরা পূজা করেন। আমাদের বাংলাদেশে 'যোগীরা' সকলেই 'নাথ' উপাধিধারী; তাঁহারা বলেন, 'আমরাই এ দেশের রাজাদের গুরু ছিলাম, ব্রাহ্মণেরা আমাদের গুরুগিরি কাড়িয়া লইয়াছে।' নাথেরা যে এদেশের রাজাদের গুরু ছিলেন এককালে, তাহার কোনই ভুল নাই; বাংলাদেশের 'ময়নামতীর গানের' নায়ক 'হাড়িপা,' বা 'হাড়িসিদ্ধা,' বা 'জলন্দরি' এমনই একজন নাথপন্থী যোগী—তিনি গ্রোরক্ষনাথের শিশু, ময়নামতীর গুরুভাই। তিনি ছিলেন কেমন? ময়নামতী স্বীয় পুত্র রাজা গোপীচন্দ্রের বা গোবীচন্দ্রের বা গোবিন্দচন্দ্রের নিকট তাঁহার গুরুভাই হাড়িসিদ্ধার পরিচয় দিয়া বলিতেছেন-

"এ বেশীআ হাড়ি" নএ বলদেশে খর।

চান্দ স্কন্দ রাখহে ছাই কাশের কুওল।

চান্দের পুঠে রাজে হাড়ি কুর্মের পুঠে খাএ।
সোনার খড়ন পাএ দিআ বেগ্ডিরা বেড়াএ।

গৌড়িআ বেড়াতে বদি বমের লাগ্,প পাএ।

চিলাচান্দি দিআ বমক তিন পহর কিলাএ।"

—"ময়নামতীর গান

—ইহার অবশ্র অর্থ নিপ্রায়োজন। তবে এমনই মহাতেজা 'সিদ্ধাই' ছিলেন এই হাড়িপা বোগী।

্ শিবই নাথদিগের দেবতা; তাঁহাদের ধর্মমতও হর-পার্বজী বিদ্নাদ আকারে তন্ত্র-পদ্ধতিতে লিপিবদ্ধ এবং সাংখ্যমতই তাঁহাদিগের বাদি ধর্মমত।

নাথেরা হটবোগ প্রচার ক: ন — নানা প্রকার আসন করিয়া প্রাণায়ান, ধ্যানা, ধ্যানা করিয়া বোগভ্যাস করাই তাঁহাদিগের ধর্ম। বর্গ বা অপবর্গের ধার তাঁহারা ধারিতেন না: গৃহস্থাশ্রম ভ্যাগ করিয়া যোগী ইইয়া সিদ্ধিলাভ করাই তাঁহাদের একান্ত কাম্য বস্তু। গৃহস্থাশ্রম ছাড়িতেন বলিয়া কিন্তু বিবাহে তাঁহাদের আপত্য ছিল না এবং মাংসাহারে বা মহুগানেও তাঁহাদের বিরতি ছিল না।

"কৌলজ্ঞান-বিনিশ্চয়" মৎসেক্ত্রনাথের বা মচ্ছন্নপাদের জ্ববতারিত একথানি উৎকৃষ্ট তন্ত্র-গ্রন্থ। মৎসেক্ত্রনাথের একটি তন্ত্র উদ্ধৃত হুইল—

<sup>&</sup>lt;sup>১ ।</sup> হাড়ি—জাতিবিশেষ, মৎসবাৰসায়ী।

"কহন্তি গুরু পরমার্থের বাট'। কর্ম্ম কুরক্স সমধিক পাঠ॥ কমল বিক্সিল কহিছ ন জমরা। কমল সধু পিবিবি থোকে ন ডমরা'॥"

— অর্থাৎ, গুরুর কি অপার করণা, তিনি শিশ্বকে আধ্যাত্মতত্ত্ব উপদেশ
দিয়া তাহাকে পারমার্ণিক উন্নতির পদ্ধা বলিয়া দিতেছেন। গুরুক্পায়
সাধকের হাদয়-শতদল ফ্টিরা উঠিতেছে, নিতাই দে যে সেই কমলের
মধু পান করিবে তাহাতে তাহার—'ডমের' আর কোনই ধেঁকা বা
সন্দেহ নাই।

"হটবোগ-প্রদীপিকা" গোরক্ষনাথ বিরচিত একথানি উৎক্স্ট যোগ সম্বনীয় প্রস্থ। গোরক্ষনাথ রচিত আবও গ্রন্থ আছে, যথা—"গোরক্ষ-সংহিতা," "গোরক্ষ-বিজয়," "গোরক্ষ-শতক," "গোরক্ষ-কল্ল" ইত্যাদি। একটি গোরক্ষনাথের হটযোগ-প্রদীপিকায় অবতারিত বাক্যও কর্থিত হইল, যথা—

> "মন্ থীরিতে " পবন্ থীর, পবন্থীরিতে বিন্দু থীর। বিন্দুথীরিতে কন্দু থীর, বলে গোরক্ষদেব সকল থীর॥"

"বটচক্রভেদ" মোগীদিগের অক্ততম প্রধান সাধন, "হংসজ্পও" তেমনই তাঁহাদের আর একটি মুখ্য সাধনা—হংস মন্ত্র কি ? "গোরক্ষ-সংহিত্য" বলিতেছেন—

"হংকারেণ বহিষাতি সকারেণ বিশেৎ পুনঃ। হংসহংসেহ ুং মন্ত্রং জীবো জপতি সর্বদা॥

<sup>&</sup>lt;sup>২</sup>। বাট---পদ্বা।

২। 'ডমরা' বাডমের, অংথাৎ ডোভির বাবালীর, অংথাৎ পূর্ণ অংছতবাদীর।

<sup>ু।</sup> থীরিভে--- স্থির হইলে।

これの 一般とのは間に温暖を見れている。

ৰট্শতানি বিৰারাকৌ সহস্রাব্যেকবিংশতিঃ। এতৎ সংখ্যাদ্বিতং মন্ত্রং জীবো জপতি সর্ববা। অন্তপানাম গাঁরতী বোগিনাং মোক্ষাদিনী। ক্তন্তা স্করণমাত্রেণ সর্বপাণৈং প্রমূচ্যতে।"

ক্ষিত আছে , মংদেশ্রনাথ যথন এক সময়ে বিষয়াসক হইরা ঘার সংসারী হইরা পড়িয়াছিলেন তথন তাঁহার শিশ্ব গোরক্ষনাথই জিজাসার ছলে জ্ঞান শিল্পা দিরা তাঁহার পুনরায় চৈতক্ত উৎপাদন করিয়া ও ধূলিকগার মত মণিমাণিক্যাদি বহুমূল্য রক্তরাজি সমস্তই যে অকিঞ্চিংকর তাহার বাধ ক্ষিরাইয়া আনিয়া ও অক্তাক্ত বহু তত্ত্বজ্ঞান পনকপদেশ করিয়া তাঁহাকে কিয়াইয়াছিলেন। "চেং মংছন্দর্ গোরক্ষা আয়া," "চেং মংছন্দর্ গোরক্ষা আয়া," "চেং মংছন্দর্ গোরক্ষা আয়া," "চেং মংছন্দর্ গোরক্ষা আয়া," "চেং মংছন্দর্ প্রের্মা ক্ষারালন এখনও অনেক ঘোর বিষয়ী সংসারীকে পরমার্থ-পথের ইঙ্গিত দেয়।

### २। मिन्नां गिर्भा १ औशास्त्र वर्गा भन।

সিদ্ধাচার্গাদিগের মধ্যে 'লুইপাদ' একজন আদি সিদ্ধাচার্য্য, তিনি বাঙ্গালী ছিলেন। তাঁহার আর এক নাম ছিল 'মৎস্থাস্ত্রাদ্'—তিনি মহা ঘোগীশ্বর ও একজন অসাধারণ সাধক ছিলেন। রাড়ে ও মযুরভঞ্জে এখনও তাঁহার পূজা হয় এবং বৌদ্ধ তিববতীরাও তাঁহার পূজা করেন।

লুইপাদ একটি সম্প্রদায়ও স্বষ্ট করেন। তাঁহার রচিত বহু গান আছে, সেগুলিকে চর্যাপদ বলে—অনেক সংস্কৃত গ্রন্থেরও তিনি টীকা লিধিয়াছিলেন। অক্সান্ত সিদ্ধাচার্য্যের, যথা—"কুকুরী," "ভুম্কুকু," "শান্তি,"

১। "ভক্তমালগ্ৰন্থ," ১৪শ মালা।

"দবর" প্রভৃতির বছ চর্যাপদ পাওরা গিরাছে, সেগুলি সবই কীর্ত্তনপদ।

এমন অনেক চর্যাপদ, দোঁহাকোষ ও দোঁহা-গীতিকা পাওরা গিরাছে

যাহার মূল বাংলা পদ নাই, কিন্তু ভূটিরা ভাষার তাহাদের তর্জ্জমা আছে;

ভূটিরা তাষায় আরও অনেক গ্রন্থ আছে যাহাতে শুধু বাংলার ধর্মমত বা

দর্শনতন্ত্ব নর বাংলা সাহিত্যেরও ইতিহাস পাওরা যায়—"তেঙ্কুর" গ্রন্থ

তেমনই একথানি গ্রন্থ।

কয়েকটি চর্যাপদের পরিচয় নিম্নে প্রদত্ত হইল—

"কাআ তরুবর পঞ্চ বি ডাল। চঞ্চল চীয়ে পইঠো কাল॥ দিট করিঅ মহাফুহ পরিমাণ। লুই ভণই গুরু পুছিঅ জাণ॥"

—মানবদেহ তরুবর সদৃশ, তাহার পাঁচটি ডাল আছে। চিত্ত চঞ্চল
দেখিয়া কাল তাহাতে প্রবেশ করিল; লুইপাদ বলিতেছেন, মহাস্ত্রখের
পরিমাণ দেখিয়া উহা কি, গুরুকে জিজ্ঞাসা করিয়া লও। এ তব জানিতে
পারিলে চিত্ত আর চঞ্চল হইবে না, দেহে কালও প্রবেশলাভ করিতে
পারিবে না—মরণজন্মী হইবে। মহাস্থখ-পরিমাণ একা গুরুই বলিয়া
দিতে পারেন। শিথ সম্প্রদারের পঞ্চম গুরু, 'গুরু অর্জ্জ্নদাস' তাঁহার
"স্থমনী" গ্রন্থে মহাস্থখ-পরিমাণের বেশ স্থানর 'হদিন' দিয়াছেন, তিনি
গাহিয়াছেন—

"সিমরউ, সিমর সিমর স্থপ পাবউ।"

—অর্থাৎ, জ্বগৎ চিস্তামণীকে শ্মরণ কর, শ্মরণ কর—শ্মরণ করিতে করিতে স্থথ পাইবে।

সিদ্ধাচার্য্যগণের সাধন-পদ্ধা কি ? লুই বলিতেছেন— "সমল সমাহিত্য কাহি করিআই। স্থপ দ্রথেতে নিচিত মরি আই॥ এড়ি এউ ছালক বান্ধ করণক পাটের আস। স্থমুপাথ ভিতি লাহরে পাস। ভনই লুই আম্হে সানে দিঠা। ধরণ চমণ বেণি প**ভি** বইণু।"

—যত প্রকার সমাধি আছে, তাহার দ্বারা কি ইষ্ট লাভ হববে! সে সকল সমাধি করিলে স্থাও ছঃখ ছইই নিশ্চর বিনষ্ট হইবে। ছন্দের বন্ধন ও করণের পরিপাটীর আশা একেবারে পরিত্যাগ করিয়া নিজেকে শৃষ্ট পক্ষ-রূপ ভিত্তিতে লইয়া আইস। লুই বলিতেছেন—আমি পণ্ডিতের বাণী অস্পারে দেখিরাছি—দর্শন করিয়াছি—ধরণ ও চমণ, অর্থাৎ, অলি ও কলি এই উত্তর আসন করিয়া আমার দেবতা বদিয়া আছেন।

 পূর্ব্ব উল্লিখিত "তেঙ্গুর" গ্রন্থে অপর একজন বাঙ্গালী সিদ্ধাচার্য্যের নাম পাওরা বায়, তিনি শান্তিদেব বা 'ভুস্থকু' বা রাউভূ'। তাঁহার সম্বন্ধে উজ ইইলাছে, তিনি—

ভূ | জানোপি প্রভাষর:,

হ গোপি প্রভাষরঃ,

কুটিং গতোপি প্রভাবর:।

—ভোজন, শরন এবং উপবেশন, সকল সমরেই তাঁহার মুথ প্রসর্থ থাকিত, তাই তিনি 'ভূমুকু' নামে প্রাসিদ্ধ ছিলেন। এই 'ভূমুকু' বা শাস্তিদেব বিরচিত "হত্ত-সমূচ্চর", "শিক্ষা-সমূচ্চর", "বোধিচ্য্যাবতার", "চন্যাচর্য্য-বিনিশ্চর" প্রভৃতি কতিপর বৌদ্ধগ্রন্থ বিভ্যান। 'ভূমুকুর' একটি চর্যাপদ উদ্ধৃত হইল—

<sup>&</sup>gt;। ৰাউতুবা রাউত, অর্থাৎ সেনাপতি—শা**ভিদেৰ 'অচল দেন' নামে** সেনাপতি ছিলেন।

বাজ ধাব পাড়ী পউত থাকেঁ বহিউ।
আজি ভূহ বাঙ্গালী ভইলী।
ভহি জো পঞ্চাট লই দিবি সংজ্ঞা পঠা।
সোন তরুত্ম মোর কিম্পি না থাকিউ।
চইকোড়ী ভাঙার মোর লইঅ সেদ।

অদক বাঙ্গালে কেশ লড়িউ।

নিক্ষ বরণী চণ্ডালী লেলী।

না জানমি চিঅ মোর কহি গই পইঠা।

নিক্ষ পরিবারে নহাহুহে থাকিউ।

জীবস্তে মইলোঁ নহি বিশেষ।"

—"চর্য্যাচর্য্য-বিনিশ্বয়।"

—বজনোকা পাড়ি দিয়া পদ্মথালে রহিলাম, আর অন্বর যে বাংলা দেশ, সেথানে আসিয়া ক্লেশ লুটাইয়া দিলাম—রে ভূস্থ! (ভূস্কু সত্য সত্যই ভূমি আজ বান্ধালী হইলে—যে হেতু তোমার নিজ ঘরিনী, যে পূর্বের অবর্তি ছিল, যাহাকে চণ্ডালী করিয়াছিলে, এইবার তুমি বান্ধালী হইলে, অর্থাৎ পূর্ণ অবৈতবাদী হইলে। 'ভূস্কু বলিতেছেন, মহাম্থক্তপ অনলের দ্বারা আমার পঞ্চ (ছঃখ)-স্কলান্ত্রিত সমস্তই দন্ধ হইল; বলিতে পারা যায় না যে এখন আমার চিত্ত কোথায় গিয়া পৌছছিল। আমার শৃষ্ঠ তক্ষর আর যে কিছুই রহিল না—দে এখন আপন পরিবারে মহাম্বথে থাকিল; আমার চার কোটি ভাণ্ডার স্বই গেল, এখন আমার জীবনে ও মরণে কিছুই আর বিশেষ রহিল না।

ইহাই, এই 'মহাস্কহ'ই সিদ্ধাচার্য্যদিগের পরম-কাম্য-সাধন সিদ্ধ অবস্থা; ইহার মহাশৃত্য-রূপ শেষ পরিমাণ একমাত্র গুরুদেবই, আচার্য্যদেবই বলিয়া দিতে পারেন—দেবভাবে তাঁহার সেবা করিলে ভক্তির স্ফুর্ত্তি হয় এবং ভক্তিই মুক্তি দান করে।

<sup>়।</sup> সিদ্ধাইদিগের সাধনার তিনটি পথ আছে—'অবধৃতি', 'চঙালী' আর 'ডম্ বা ডোধি বা বাঙ্গালী।' অবধৃতিতে দৈতজ্ঞান থাকে; চঙালীতে দৈতজ্ঞান আছে বলিলেও হয় বা নাই বলিলেও হয়; আর ডোধিতে কেবল অদৈত, দৈতের ভাজও নাই। বাঙ্গালী বলিতে অদৈত মতের আধার বৃষাইত।

### ৩। সহজিয়া-পস্থ।

সহজিয়া-পৃত্ব ভারতবর্ধের একটি প্রাচীন ধর্ম্মত। সহজিয়া-পত্তী সাধক সাধারণতঃ সহজিয়া বা বাউল নামে পরিচিত। সহজিয়া সাধকবৃদ্দের অনেক সহজিয়া-পদ্ধ আছে। সহজিয়া-পদ্ধ কি ? সহজিয়া সাধক "চণ্ডিকান" সে পথের ইঙ্গিং দিলেন—

"সহজ সহজ সবাই কহছে,

• সহজ জেনিবে কে।

তিমির অধ্যকার যে ইইয়াছে পার,

সহজ জেনেছে সে।"

ক্যাহার ননের নয়লা দূর হইয়াছে, রাগতত্ত্বের যিনি ভজনা করেন, তিনিই সহজ-সাধক, অর্থাৎ প্রেন সাধনার অধিকারী। সহজ-সাধনা সহজ নহে।

'সবোর্ক্ছবজ্ব' বা 'সরোক্ষ্ছপাদ' এমনই এক জন সহজিয়া সাধক ছিলেন। তাঁহার রচিত অনেকগুলি দোহা ও গান আছে। তাঁহার "দোহাকোষে" য়ড়দর্শনের তৎকালীন প্রচলিত মতের য়গুন দৃষ্ট হয়।
তিনি জাতিভেদের উপরও কটাক্ষা করিতে ছাড়েন নাই। তিনি ললেন, সহজ মতে না আদিলে মৃক্তি হয় না; সহজ-ধর্মে বাচ্য নাই, বাচক নাই এবং ইহাদের সম্বন্ধও নাই—মাহ্ব আপনার স্বভাবটাই বোঝে না—
ভাব নাই অভাবও নাই, সকলই শৃত্তরূপ অর্থাৎ তব ও নির্ব্বাণে কোনই প্রভেদ নাই—তুইই এক—তাই সহজিয়া অন্বর্বাদী।

শ্রীরামচন্দ্রের পরম-ভক্ত, সাধক 'দাতু দয়াল' সহজিয়া-পদ্থের ভাবদর্শন ব্যক্ত করিয়া দোঁহা গাহিলেন—

> "নহি সে সব্ হয়া, ফিন্ নহি হো যায়। নহি হোয়ে রহ দাহু, সাহেব সে লওয়ায়॥"

—শূন্ত হইতেই সমস্ত উৎপন্ধ এবং শৃন্তেই তাহা আবার বিলীন হয়— দাত্ব সাহেব স্বীয় মনকে শিক্ষা দিতেছেন—মন! তুমি তোমার স্বাভাবিক অবস্থাতেই থাক—জগতের সক্লই যে অস্থায়ী, ভাব যাহা অভাবও যে তাহাই—সকলই শূন্তময়।

মান্নবের স্বভাবই যদি এই হইল, তথন তাহাকে বদ্ধ করিতে পারে কে? তাহার নির্ম্মল পরম-পন্ম-রূপ চিত্ত ত "স্বভাবশুদ্ধ"—সরোক্ষ্পাদ দোহা রচনা করিলেন—

> "অদয় চিত্ত তরুঅর হরউ তিহুঅনে বিস্থা। করুণা ফুল্লিস্ত ফল ধরই, নামে পর উআর ॥"

— মন্ব্রচিত্ত-তরুর অবস্থা ত্রিভূবন হরণ করে, তথন করুণার ফুল ফোটে এবং ফল ধরে, সে ফলের নাম পর-উপকার।

সরোজহণাদের আরও একটি গান উদ্ধৃত হইল—'সরোজহ' শব্দ বাংলার 'সরহ' হইয়াছে, সরহ গাহিলেন—

"অপণে রচি রচি ভব নির্ম্বাণা.

অন্তে না জাণহু অচিন্ত জোই,
জাম মরণ ভব কইনণ হোই ।
জাইনো জাম মরণ বি তইলো.
জাএথু জাম মরণ বিসন্ধা,
লো সচরাচর তিজ্বল ভমন্তি,
জামে কাম কি কামে জাম,
সরহ ভপতি অচিন্ত নো ধাম।"

—লোকে মিথ্য সই আপনার মনে মনে ভব ও নির্বাণ রচনা করিয়া করিয়া আপনাকে বন্ধ করিতেছে। গাঁহারা অভিন্তা-গোগী তাঁহারা জানিতে চাহেন না জন্ম, মরণ বা ভব কিরূপ; তাঁহাদের পক্ষে জন্মও বেমন মরণও তেমনি—জীবস্তে ও মরণে তাঁহাদের কাছে কিছুমাত্র বিশেষ

( প্রভেদ ) নাই। বাহার এই ভবে জন্ম ও মরণের শক্ষা আছে সেই রস ও রসায়নের চেষ্টা করুক। যে সকল যোগী সমস্ত চরাচরে ও স্থার্গ ভ্রমণ করে, তাহারা অজর এবং অমর কিছুই হইতে পাৃরে না—সরহ বলেন, জন্ম হইতে কর্মা হয়, কি কর্মা হইতে জন্ম হয়, দে ধর্মা স্থির করা সহজিয়া বোগীনিগের পক্ষে অভিস্তানীয়।

পরকীয়া-বাদ সহজিয়া-ধর্ম্মের একটি সাধন-অঙ্গ, যথা—

"পরকীরাধন সকল প্রধান ধতন করিয়া লই। নৈটিক হইয়া ভজন করিলে পক্তি নাধক হই॥"—ইতাদি।

--চণ্ডিদাস।

কালে কিন্তু সহজিয়াদিগের মধ্যে পরকীয়া-বাদ বিক্লত হইয়া যায়, তাই সহজিয়া 'গৌরদাস' পরকীয়া স্ত্রীনাধন বর্ণন করিয়া তাঁহার রচিত 'নিগুচা' প্রকাশাবনীতে' পদ রচনা করিলেন—

> "মানুরের দেহ হয় নিত্য-বৃন্দাবন। পুরুষ প্রকৃতি ইথে জানিহ কারণ॥"

—মধ্যযুগের বৌদ্ধধর্মের বিভিন্ন সম্প্রদারের সহিত সংমিশ্রণের ফলেই এইরপে সহজিয়া-পত্ম কলুষিত হয় ও সহজিয়া বৈরাগী সাজিয়া, প্রকৃতি আশ্রম করিয়া, পরকীয়া স্ত্রীসাধনে প্রবৃত্ত হয়। শ্রীক্লফটেতক্তদেব সহজিয়া-ধর্মের উক্তরূপে বিকৃত পরকীয়াবাদই স্কুসংস্কৃত করিয়া বৈঞ্ব-ধর্মে গ্রহণ, করেন।

সহজিয়া মত-সম্বলিত বহু গ্রন্থ প্রচলিত আছে; 'জ্ঞানাদিসাধনা' তাহার মধ্যে একথানি স্থপ্রাচীন গ্রন্থ। জ্ঞানাদিসাধনায় জীবের জন্ম সম্বন্ধে বিবরণী আছে ও এ গ্রন্থক শিক্ষকে "দেহের পৃথিবী আদি পঞ্চভূতের সহিত আআটেতত্যরূপ ঈর্থবকে প্রত্যক্ষ দেখায়া তব্জ্ঞান জন্মাইয়া পরে নিত্য-প্রীর্ন্ধাবন এবং প্রীর্ন্ধাবন-সাধক-শিক্ষকরপে প্রীরাধাক্ষণাদিকে সাক্ষাং প্রত্যক্ষ-দর্শন" সম্বন্ধে ভূর্বোধ্য ভাষায় তব্ব-কথা আছে। 'জ্ঞানাদি সাধন' ব্যতিরেকে, নরেধর দাসের 'চম্পক-কলিকা', আকিঞ্চন দাসের 'বিবর্ত্ত-বিলাস', রাধাবলভ দাসের 'সহজত্ত্ব', চৈত্ত্য দাসের 'রস্-ভক্তি-চিক্রিনা', রাধাবলভ দাসের 'সহজত্ত্ব', চৈত্ত্য দাসের 'রস্-ভক্তি-চিক্রিনা', র্গলকিশোর দাসের 'প্রথম-বিলাস' ও 'রাধা-রস-কারিকা' প্রভৃতি গ্রন্থাজিতে সহজিয়া পদের বিস্তৃত বিবরণ পাওয়া বায়। এতদ্বাতীত চণ্ডিদাস ও বিভাপতি রচিত বহু পদাবলী এবং দাহ্দয়াল রচিত 'বিশ্বাস কি অন্ধ' এবং দোহাবলী প্রভৃতি অনেক সহজিয়া-পদ বিভ্যমান। কতিপর নার পদ নিম্নে উদ্ধৃত হইল।

সহজিয়া পছোক্ত পর্বিক্যাবাদের প্রকৃত স্বরূপ উপলব্ধি করিয়া সাধক চণ্ডিদাস গাহিলেন—

'স্থরপ' বিহনে, রূপের জনন,
কগন নাহিক হয়।
অমুগত বিহনে, কার্য্য দিদ্ধি,
কেমনে সাধকে কর ॥
কেবা অমুগত, কাহার সহিত,
শানিব কেমনে শুনে।
সানে অমুগত, মুঞ্জী মহিত
ভাবিয়া দেখহ মনে॥

১। জগৎস্বরপ = প্রকৃতিপুরুষ, অর্থাৎ রাধাকৃষণ। ২। শ্রীরাধার অইস্থী।

ভূই চারি করি, আটটা আঁথর<sup>১</sup>---তিনের° তিনের জনম ভার।

এগার ভাগরে." মূল বস্তু<sup>©</sup> জানিলে. একটি আঁপর হয়॥

চভিদাস কৰে শুনহ মাকুৰ ভাই---সবার উপরে. মাকুষ সভা.

তাহার উপরে নাই ॥"

সহজ্ব পীরিতি কেমন ? সাধক চণ্ডিদাস গাহিলেন-

**"নিক্ল দেহ দিয়া ভজিতে পারে।** সহজ্ব পীরিতি থলিব তারে।

সহজে রসিক করয়ে প্রীত।

রাগের ভজন এমন রীত।

মরম নাজানে ধরম বাথানে

এমনে আছয়ে যারা।

কাষ নাই সঞ্জি তাদের কথায়

বাহিরে রহন ভারা।

(আমার) বাহির ছয়ারে কপাট লেগে:চ

ভিতর হয়ার খোলা।

(তোরা) নিষাড° হইয়া আয় না সজনি

আঁধার পেরিলে আলা।

আলোর ভিতরে কালোটি আছে

চৌঙ্কি বৈছেছে সেখা।

ও দেশের কথা এ দেশে কহিলে

লাগিবে মরমে বাথা।

 অষ্টদখী, যথা—ললিতা, বিশাখা, চম্পকলতা, চিত্রা, তুক্তবিজ্ঞা, ইন্দুরেথা, রঙ্গদেবী ও হদেবী, এই আট জন। ২।তিনটি অক্ষর, পী-রি-তি, প্রেম। ৩।দশ ইন্সিয় ও मन, এই এগারটি। ४। দেবা। ६। 'क', कुछ। ७। धर्म्यत्र निशृष् मर्म जान नी, অংচ তাহার ব্যাপ্যা করিতে হায়। ৭। নীরব। ৮। কুকে। ১। পাহারা।

(তারা) পরপতি ১০ সনে শয়নে স্বপনে সদাই কবিবি লেহা। ১১

(তোরা) সিনান ? করিবি নীর নাছু ইবি ভাবিনী ভাবের দেহা ॥>°

করে চ্প্রিদাস এমতি হইলে তবেত পীবিতি সাজে।

(ভোরা) নাহইবি সতী নাহবি অস্তী ১৪ থাকিবি বয়না মাঝে ॥"

শারুষ কে ? কোথায় তার বসতি ? আর একটি স**ংজি**য়া **সাধক** গাহিলেন--

> "মাকুৰ মাকুৰ, স্বাই বল্এ, মামুধ নিগত কথা। কেমন মানুষ, কিবা প্রেমরস. মানুষ বদতি কোথা। পীরিতি দায়রে তাহার মাঝারে, তাহার নিকটে দেই।

বসতি জানিয়া, মানুষ বসতি,

ত্তে সে পাইবে সেই। বেদবিধি পার, বেভার আচার,

বেদ বিষ্ণু নাই জানে।

সকল জগত করে আনন্দিত

কবি বিভাপতি ' ভণে॥"

২০। শ্রেষ্ঠপতি, ভগৰান। ১১। প্রেম। ১২। প্রান। ১০। চিন্নয় দেহ। ১৪। সতীত্বের <sup>দ্র্ম</sup> ও অসতীর কলঙ্ক উভয়ই পরিহার করিবি। ২০।ইনি হ্বিথাতি মৈণিল্**কবি** বিভাপতি নহেন, ঐ নামধেয় জনৈক সাধক।

সহজিয়া পছের সহজ সাধন-রহস্মই বা কি ? সহজিয়া সাধক মহাত্রা দাদুদয়ালজী ব্রহ্মানন্দে দোহা গান রচনা করিলেন—

'ভাই রে ! এদাপথে হ মারা।
বৈ পণরহিত ৷ পথে গহ পূরা, অবরন এক অধারা।
বাদ্ বিবাদ কাহনে ৷ নাহাঁ, মাহি, ভগততে ভারা ।
দন্দুট হভাই ৷ সহজনে , আপহি আপে বিচারা।
মেঁ, ঠে, মেরী বহ মতি নাহাঁ, নিরবৈরী নিরকারা।
কাম কঞান কদে ন কীজে, "পূরন্ রক্ষ পিয়ারা।
এহি পথে পহাঁচি পারগহি দাহ, সো তত, সহজ দ ভারা ।

এহি পথে পহাঁচি পারগহি দাহ, সো তত, সহজ দ ভারা । "

৪। রাগাত্মিকা পদাবলী, ভাবাত্মিকা সঙ্গীত,
 দোহা, গান ও গীতিকা।

ভারতীয় ভাবদর্শনের প্রধান উপাদান ও উপকরণ হিসাবে আমর পাই সংখ্যাতীত রাগাত্মিকা পদাবলী, অসংখ্য দোহা ও দোহা-কোব, বহুবিধ কীর্ত্তন ও বাউল গান এবং বহু কবি, কবিওয়ালা, কথক ও দাধক মহাত্মা বিরচিত প্রাণ-মাতান দেহতব্ব, মন:শিক্ষা ও ভাবাত্মিকা সুনধুরস্কীত, গাণা ও গীতিকা।

ভারতবর্বে অনেকগুলি আজীবক ধর্মমত**ও স্থাচনিক।** রামান্তল, রামাৎ, নিমাৎ, মধ্বাচারী, বলভাচারী ও সৌতী বৈষ্ণব মত; নানক-পছ, কবীর-পছ, দ্বাদ্-পছ, কবি-শুই, কবি-শুই

১। পছা। ২। অবৈত। ৩। কাহারও সহিত। ৪। আমমি। ৫। উলাসিন। ৩। ৩ত। গাকখনও করিও না। ৮। বুঝিল। ৯। "ভারতবর্ষীয় উপাসক-সম্মেদায়" এটুবা।

নানল ও ডামর-পন্থ প্রভৃতি। ইহা ব্যতিরেকে, অনেক প্রকার পূজা-পদ্ধতি ও পূজাগীতিকারও এদেশে প্রচলন ছিল, বথা—ত্রিনাথ ( ব্রহ্মা, বিষ্ণু ও শিবের) পূজা; ধর্ম্ম (ঠাকুরের) পূজা ও গীতি; শিব, বার ও অইক গীতিকা; বিষহরির এবং চণ্ডীর গীতমুক্তাবলী ইত্যাদি।

উক্ত পূজা পদ্ধতি ও ধর্ম্মত আশ্রেম করিয়া বছবিধ দোঁহা, গীতিকা ও ভাবাত্মিকা গান পূর্বে প্রচলিত ছিল এবং এখনও তাহার কতকগুলি এদেশে বিজ্ঞমান রহিয়াছে। অপ্রাসন্ধিক হইবে বলিয়া উক্ত ধর্ম্মত-গুলির বা পূজাবিধির বিবরণীর উল্লেখ 🕫 জরিয়া, সেইগুলি আশ্রয় করিয়া সে সকল দোঁহা, গান বা গীতি বিরচিত হইয়াছিল—তাহাতে প্রকটিত ভাবদর্শনের আভাস দিবার উদ্দেশে, তাহার মধ্যে কয়েকটি মাত্র উদ্ধৃত হইল। বিশেষতঃ বাংলা দেশের নিরক্ষর গ্রামা-কবির থোলা-প্রাণের স্বল অাপন-ভোলা ভাবময়ী গীত-মাধুরীর ও স্থললিত কীর্ত্তনের তুলনা বুঝি বা আর কোগাও খুঁজিয়া পাওয়া যায় না—বাংলা দেশের সারী-গান এবং বিশেষতঃ বাংলার কৃষক-সমাজে বিশেষভাবে আদৃত গুরুসত্য-গান বাংলা দেশের এক শ্রেষ্ট সম্পদ হিসাবে গণ্য করা বাইতে পারে। গানগুলির সার্ধ্বজনীন উন্নত-ভাব ও প্রাণ-নাতোযান। স্থমিষ্ট স্থর প্রকৃতই জগ-জন-মন হরণ করে। গানগুলি যেমন সরল, তেমনই নিঙ্কাম ধরণের—কত শত নিরক্ষর অমাৰ্জ্জিত-বৃদ্ধি দেশবাসীর আধ্যায়িক উন্নতি যে উক্ত গানগুলিতে সংসাধিত হইয়াছে, তাহার আর ইয়ত্বা করা যায় না।

ভারতীয় রাগাত্মিকা পদাবলী ও ভাবাত্মিকা গীতাবলী বেমন প্রেন ও রসমাধুর্ব্যে ভরপুর, তেমনই আধ্যাত্মিক তবে ও দর্শন-সিদ্ধান্ত-পরিচয়ে ওতঃপ্রোতঃ—এমন সহজ, সরল, স্থন্দর অন্তভ্তি বিশ্বসাহিত্যে বিব্বল বলিলেও অত্যক্তি হয় না। সত্যই মনে হয়, সকলগুলিরই প্রকৃত আম্বাদ যেন না লইতে পারিলে ভারতীয় ভাবদর্শনের, তথা, মানবত দর্শনের, সমাক পরিচয় লাভ করা একান্তই কঠিন।

শ্রীরাধাক্সফের একনিষ্ঠ ভক্ত শ্রীজয়দেব কবির 'গীতগোবিন্দের' মধুর-কোমল-কান্ত-পদাবলী এবং কবিরঞ্জন বিভাপতির বা রসশেখর চণ্ডিদাস ঠাকুরের রাগাত্মিকা মধুর হইতে স্থমধুর পদ-কল্প-লহরী সাধারণ ও স্বধীসমাজে স্থপরিচিত বলিয়া একান্ত বাঞ্ছা থাকা সত্ত্বেও, বাহুল্য ভয়ে, সেগুলির উল্লেখ না করিয়া উল্লিখিত গীতি-পরিচয়ের সহায়ক স্বরূপে অন্তান্ত পদকর্ত্তাদিগের ও গীত-রচয়িতাদিগের কয়েকটি মাত্র গীত উদ্ভূত হইল। গানগুলি পাঠ করিলেই সেগুলির প্রকৃতি, পদবিল্লাস ও প্রাণম্পর্শী রসমাধ্য এবং তাহাতে অভিব্যক্ত ভাবদর্শন-সিদ্ধান্তের কথঞ্চিত পরিচয় যে সহজেই পাওয়া যাইবে, তাহাতে কোনই সন্দেহ নাই।

বাংলার 'ডাক' ডাক দিরা তাঁহার অমর বচন রচনা করিলেন---

"ধর্ম করিতে যবে<sup>†</sup> জানি। পোথরি<sup>†</sup> দিআ<sup>e</sup> রাথিব পানি। গাছ কুইলে বড কর্ম। মন্তপ দেলে<sup>৪</sup> অশেষ ধর্ম॥

' অল বিল' নাহি দান।

ইহার পর ধর্ম নাহি আন ॥"

ধর্ম-পূজার প্রবর্ত্তক 'রামাই পণ্ডিত' গান গাহিলেন—

"সবিনয় স্ততি.

সবিনয় জ্বতি.

করিয়ে প্রণতি অবণী লুটায় তন ।

এ তিন ভুবনে কে চায় তোমার পানে, তমি দীননাথ ঘন ॥\*

ঃ।যে জন। २।পুকুর। ৩।দিয়া, প্রতিষ্ঠাকরিয়া। ৪।দিলে। ৫।ভিন্ন, বিনা। ৬। জনু। ৭। বুছন।

আদি অন্ত নাই, ভ্রনিয়ে গোঁসাঞ,

কর পদ নান্তি কায়া।

নাহিক আকার, রূপ গুণ আর

কে জানে তোমারি মায়া ॥

জন্ম জরামৃত্যু, কেহ নহি সভ্যু,

যোগিগণ প্রমাধ্যান।

শৃষ্ঠা মূর্ত্তি দেবশৃষ্ঠা ( অমুক : ) ধর্মার নমঃ ॥"

#### শাণু 'তুলসীদাস' দোহা রচনা করিলেন--

"বাঁচিছো নেহি বেদ পুরাণ পাডে। বাঁচিছো নেহি উচ্ উঠায়ে আটা॥

ভাল চাহোত ভগ্ৰন্ত ভাজো। নেহি শিষ্পর নাচৎ কাল ঘটা॥"

বাচিছো নেহি জঙ্গল বাস কিয়ে। বাচিছো নেহি শিষ্প্র্রাথয়ে জটা।

তল্মী দৌ দিন ঝল্মলকে। নর নাহককে তনে ঠাট ঠাঠা ॥

#### অর্থাৎ---

যায় না বাঁচা এ সংসারে। যায় না বাঁচা শুধুই পাকা রাগতে বাজায় ঠাট বাটই ঘর কোঠাও দালান ক'রে॥

যায় না বাঁচা কেবল শুধু নিজের শুভ ক'রতে সাধন

গহন বনেতে বাস ক'রে।

যাঃ না বাঁচা এ সংসারে॥

বেদ পুরাণ পড়েই শুধু তুলদী ভণে ছ'দিন মাতুষ—. জাঁক জমকে কাটায় রে।

মাকুষ শুধ পাগল রে॥

হরি-পদ মন ভজ রে।

শিরে জটা রাখ লে পরেই রেখরে মনে দদাই সমন

ক'রচে যে শিরে নৃত্য রে ॥

১। অমুক, অর্থাৎ—যে স্থানে যে ধর্মরাজ বিরাজ করিতেছেন তাঁছার নাম।

প্রেমকা 'মীরাবাঈ' গিরিধর গোপালজীউর শ্রীচরণ-সরোচে প্রাণ্-মন সমর্পণ করিয়া ভছন গাহিলেন—

"মেরে তৌ গিরিধন্ গোপাল ছুদ্রা' ন কোই।
আংকুন্ জলসিঞ্চি সিঞ্চি প্রেম বীজ বোই॥
যাকে' নির্ম্পুর-মুকুট মেরে পতি সোই॥
আই হৌ ছক্তি জানি, জগতে দেখ্ বোই।
তাত, মাত ভাই বন্ধু আপনা ন কোই॥
সন্তন্ চিগ্ \* বৈঠি বৈঠি লোক-লাজ পোই।
অব্তো \* বাত, ফৈলি গই' জানে নব কোই॥
ছোড়ি দই লোক-লাজ কহা করৈ গৌ কোই।
মীরা প্রভালগন লাগী হোনি হো সো হোই'॥
মীরা প্রভালগন লাগী হোনি হো সো হোই'॥

শ্রীরামচন্দ্রের শ্রীচরণাশ্রিত 'দাত্ দয়াল' দোঁহায় প্রাণের-নিশ্চয় বাক্ত কবিলেন—

> "বিপতি ভলা হরিনাননে। কায়। কদৌটী হুথ্। রাম বিনা কিদ্ কান্কা দাহ সংপতি সুথ্॥"

—ইরিনাম গ্রহণে যদি বিপদ আসে তাহাও ভাল—ছঃথ আভিলেই দেহের পরীকা হয়, দাত বলিতেছেন, আর রাম-নাম ব্যতীত যে স্লং-সম্পত্তি তাহাই বা কোন কাজের ?

শ্রীরামচন্দ্রের একনিষ্ঠ ভক্ত 'কবীরঙ্গী' তুনিরাদারির তামাসা দেখিয়া অতি বড তঃথে দোঁহা গাহিলেন—

> ক। "বাশ্হন্টামন্ মূর্থ ভারে,° শূদ্র পড়ে গীতা। ঠগ্ঠগরকৰ\* আছে। খাওয়ে, ছুথ্ পাওয়ে পণ্ডিতা॥

১। আছে। ২। বাঁহরে। ২। সাধুদিগের নিকট। ৪। এথন ত। ৫। কথা এচার ইইয়াগিলছে। ৬। হোনি---হোই—মাহাইইবার তাহাইইবে। ৭। হয়। ৮। জুলাটোর।

সাঁচাকে ' মারে লাঠা. ' ঝঠা জগৎ পিতায় । গোরদ গলি গলি ফিরে, স্থরা বৈঠ, বিকায়॥ সতীকো না মিলে ধোতি, গন্তান পহরে থাসা<sup>8</sup>। ক্তে ক্বীরা দেখ<sup>\*</sup>ভাই ছনিয়াক: তামাসা ॥" "গাইয়া দোহকে কুব্রা পালে, উদুকা বাছরু ভূথা। সালেকে। উত্তম খিলায়, বাপ্না পাওয়ে রুখাং॥ হুবকা বছৰী পিৱাত না পাওয়ে, চিতচোৱা সে দাসী।

শ্রীরামনামের সাধনায় সিদ্ধিলাভ করিয়া প্রেমিক ভক্ত কবীরজী গুহু দাধন-রহস্তও ব্যক্ত করিয়া মনের আনন্দে দোঁহা রচনা করিলেন—

ধন কলিযুগ তেরি তামাদা, ছুখ্লাগে আওর হাদি॥"

ক। "নিগুণ সায় সোপিতা হামারা, প। "বাগোণ না যারে না যা,

ষণ্ডণ হ্যায়, সোমাতারি। কাছে নিন্দো কাছে বন্দো. তেরা কায়ামে ই গুলজার ই ।। সহস্র কমলপর বৈঠ, কচ ১১।

দোনো পালা ভাবী॥"

তৃ হ<sup>১</sup>২ দেখ্রপে অপার॥"

বাংলার কবি 'দীন ভূষণ' দেহতত্ত্বের গান ধরিলেন—

(আমার) সাধের জমী আবাদ হ'লোনা-

আমার চাষা আমার হয়ে, ফদল বহাল কলে না।

(ওই) জাশীলক বার বুরেছি,

( তবে ) ভবের হাটে চোন্দপোয়া জমী পেয়েছি—

(জামার) এ জনীর ভর্মা, হলো ফর্মা, আশা কেবল যন্ত্রণা।

১। সৎলোককে, সাধুকে। ২। লাঠি। ৩। অসত্যেরই জয়-জয়কার। ৪। উপপত্নীরই প্রণে ফুক্সর ফুক্সর প্রিচছদ। ৫। শুক ফটিও মিলে না। ৬। কাহাকেই বা। ৭। বাগানে, বাহিরের উভানে। ৮। তোমার। ৯। দেহের ভিতরই। ১•। আলো করিয়া আছেন তোমার ইষ্টদেবতা। ১১। হৃদয়ের সহপ্রদল পল্লে বদিয়া। ১২। তুমি।

(এই) ফ্মল আসল নেবো ক'রে.

(তাই) মোক্ষ-ফলের বীজ নেছিলুম গুরুর পায় ধরে,

( জামার ) দে ফল এথন বিফল হলো, সফল কর্ত্তেপালের না। ও দীন ভূষণে বলে, গুরু কঙ্কণা নয়নে, দীনে চাও নিজ গুণে— ভোমার নামের জোরে, যাব তরে, গুচৰে জীবের ভাবনা ॥"

আর একজন সাধক গ্রাম্য-কবির হৃদয়ে পরলোকের আহ্বান জাগিয়া উঠায় তিনি তান ধরিলেন—

'লা তো ডুইবল রে, কেত কাল রইথ্ব্যান্ গুরু এ বারতে ( ভারতে )।

(ওরে) কাউয়া কাণ্ডারী আইল রে, শগুণ আইল রে বাণ্ডারী,

(ওরে) বনের শিয়াল বলে রে—এই নায়ের অদিহারী।

· थाकौत्र वानाहरह द्रा त्नोश, थाकीत्र पिरह द्रा हाँडेनी ;

( ওরে ) মোন প্রনে চলেরে নৌহা, বাইচ দিতে মানা ॥"

—কবি ব্যাতে পারিয়াছেন, লা (জীবনতরী) তাঁর ডুব্ডুব্—সংসার ছাড়িয়া বাইতে হইবে, কত কালই বা এ সোনার ভারতে গুরু রূপার থাকিতে পাইবে—যাইতে ত হইবেই, দেহত্রী ডুবিবেই এবং এই অস্তিম দশার কথা মনে পড়ায়, কবি বলিতেছেন—তথত সে দেহতরীর কাক আসিবে কাণ্ডারী হইয়া, শকুনী হইবে ভাণ্ডারী, আর শৃগাল নাকি বলিবে, সেই সে দেহের অধিকারী—কি ভীষণ পরিণাম! এ দেহতরী মাটির তৈয়ারী, তার ছাউনীও মাটির দেওয়া, মন-পবনেই সে তরী চলে—জোর করিয়া তাহাকে চালান নিষেধ, জোরে চালাইলে বিপদের সন্তাবনা—মাটির তৈয়ারী বে সে তরী। জীবনতরীর পালে মন-পবনের হাওয়া লাগিলেই তাহা উজান চলিবে, নহিলে সে তরী ডুবিবে, তাহা আর রক্ষা করা যাইবে না।

প্রাণের আবেগে ও প্রেমান্তরাগে 'ঈশান ফকির'গুরু-সত্য গান গাহিলেন---

"আকুল দরিয়ায় পড়ে দয়াল আমি না জানি সাতার। না জানি সাতার আমি না বুঝি ব্যাপার। কত চেউ কত তুফান উঠে দিবারাতি।

( আমি ) একচক্ষে দেখে তাই করি যে বসতি।
( দয়াল করি যে বসতি )
ভোমারে দেধিব বলে পড়েছি পাথার।

(এবার) পড়েছি পাথার ॥"——ইত্যাদি।

—এনন একাগ্রতা, এত তন্মগ্রতা, এ প্রকার সরল নির্ভরতা, সচরাচর কোথাও, কোন গানে কি দৃষ্ট হয় ? এক চক্ষের দৃষ্টি যে আমাদের, তাই না এত ক্লেশ—তাই না আমাদের সংসারের এ হেন দারুণ মুগ-তৃষ্ণিকা।

ঈশান ফকিরের আরও একটা গুরু-সত্য গান উদ্ধৃত হইল। ভগবানের অবাচিত অপার করণা, গানের ভিতর দিয়া এমন স্থানরভাবে ফুটাইয়া তুলিয়া মন-প্রাণ যে এত আরুল, উদ্বেলিত করিয়া দিতে পারে, তাহা যেন কল্পনারও অতীত, গানটি এই—

> "আকাশের গায়ে আলো ফুটেছে এবার দয়াল ফুটেছে **অ**াথির।

( আমি ) প্রভাতে জাগিয়া দেখি দরাল ( আমার ) সন্মুখে জাহির,

(রে) দক্ষ্থে জাহির ৪

ফুল ঝরে পাথী উড়ে, পাতার শিশির গলেঁরে রোদের তাপে আলোক নিশির,

( দয়াল ) আলোক শশীর।

তাই ভেবে কান্দে ঈশান যাতনা গভীর,

(বড়) যাতনা গভীর॥"

বাউল 'কানাই গোসাই' মনের-মান্ত্র অন্বেরণে তাঁহার একতারার তান ধরিলেন—

> "আপন মনের মাজুব মনে রেথ যতনে। লিয়ে দুৰ্পণে পাবা, ঠিক বেথ নয়ন ভাৱা। প্রেমরদে অঞ্জন করা, আপনি লাগিবে নয়নে । মনের'মামুব মন ছাড়া আর ক'রো না. কলে বলে বোল আনা হিসাবের ঘরেতে উত্তল ভোল না। বোম্বেটে ব'দে আছে ছয় জনা---প্রাপ্তধন গেলে হেরে, ভাসবি আকুল পাথারে. সাথি দব থাবে ছবে, কাঁদতে হ'বে নিৰ্জ্জনে॥ গটো ধরে বদে আছে যে জনা, জাঁতার ঘা লাগে না গায়---কত তৃফান বয়ে যায়, তেমনি ধারা হ'লে হয় তা'র সাধনা। অনুভবে বুঝলাম তার উপমা--যেমন চুনে হলুদ দিলে পরে, ছুই রং যায় আপনি সরে, শেষ কালে লাল র: পরে, ঠাউরে দেখ যতনে ॥ মাতৃষেরি দঙ্গ নেরে, আমার মন, যে ধন চাবি সেই ধন পাবি, কতক দিন তুই বসে থাবি। ফুরাবার ধন নয় রে অম্লাধন---গোঁনাই কানাইলাল কয়, গেল বেলা, ভাঙ্গল রে আসকের খেলা, ভব সাগরে দিইগে ভেলা, কাজকি থেকে এখানে ॥"

একজন নিরক্ষর আম্য কবি মান্নবের বড়াই-করা বিভা-বৃদ্ধির উপর কটাক্ষ করিয়া, মানব-জীবন ও বিশ্বস্টির বৈচিত্যময় ঘটনাবলী বি<sup>ষয়ক</sup> একটি শাখত প্রশ্ন তুলিলেন এবং তাহারই উত্তর হিদাবে গাহিলেন—

''আগমের ভেদ তোমরা জান পণ্ডিত। মরণের ভেদ তোমরা জান পণ্ডিত॥ বাক্তই গিয়ে গাছ কোঁদাতে বাক্তরে কোঁদার গাছে।

দাঁরবাই ছিড়ি দড়ি ধাইল, জাল্যারে ও দায়িত্ব মাছে।

জেমত পহর "ধান হরাত" দিল।

গাতিলাত, দিল বাড়াট মাদার গাছে ইনা

ধরিয়াছে আঠ্যা কলার ইন্ত ছাল জাঁশাসত, ইন গাঁআস ইনল গাঁআস রৈল ডালে।

তিন গক্ষ দিই কয় ছাল চয় ইন্ত টি

বাংলার বিখ্যাত সারি-গান রচনা করিয়া কবি গীত গাহিলেন—

"আগম নিগম হিদিশ কোরাণ পারদা যার হাতে।
জনম কৌত আস্মান পানি যে দেহ ছুনিয়াতে॥
ইমান হোসেন হজরতের পোতা "সহিল্ কারবালাতে
রামের সীতা চুরি গেল অশোকের বনেতে॥
হায় রে হায় এসব থেলা যে থেলেরে ভাই।
লোকে তারে বলে আলা হরি কুঞ্চ সাঁই॥"

কোন প্রেমিক গোঁসাই আর একটি সারি-গান গাহিলেন— '

"তুই যাইদ্না রে মনপাহী তুই ফির্যা আয়।
( ওরে ) হামছক > \* নামে পাহী আমার আয় রে ইদির পিঞ্চিরায় > \* ॥
আমার হিদ্পিঞ্জিরায় বৈঞা পাহী কিন্তু নাম ছনাইয়া > \* কর স্থ<sup>‡</sup>

প্রেমে অঞ্চলরজর, হীতল ২° কর মহুরায় ২:॥

ু। ছুতার মিরী। ২। গরুবাধিবার খোঁটা। ৩। জেলেকে। ৪। চার্মী পুমিষারা জাতি। ৫। পাহাড়ে। ৬। শুকাইত। ৭। হাড়ি। ৮। ধানতালা বু। কোন কাজের গাছ নয়। ১০। বীচে কলার। ১১। আকাশেতে। ১২। পাঁদ, ছাই। ১০। দিয়া। ১৪। চয়ে। ১৫। ছিপো ১৬। পুরু। ১৭। ছাম-শুক গোঁনাই কইছেন দররে' জালে পালা পাহী উইর্যা গেল। বনের পাহী বনে গেলে আর্বনি তারে দরা যায়॥"

সমছদি ছিদ্দিকী একজন মুসলমান সাধক, তাঁহার রচিত "ভাব-লাভ" একখানি উপাদেয় গ্রন্থ। সাধক ছিদ্দিকী সাহেবের রচিত অনেক মন:শিকা ভজন-গানও বিজমান; তিনি 'ভাব-পদার্থ' যে কি, তাহাই বর্ধন করিতেছেন—

"ভব-নদি পার হতে ভাবের ভাবি নৈলে নারে।

তরিতে তরাইতে তারক বিনা কেবা পারে।
ভাবের ভাবি তারে বর্গি—কুটলে পরে কমল কলি—
প্রেম নধুর হও অলি—ভে জন বদে গ্রহণ করে।

জমল কলি কোথায় আছে—দেখনারে নন আপনার কাছে—
কারার ভিতর সদম আছে—প্রেমের কমল বলি তারে।

সমছদি ছিদ্দিকী ভনে—গুরুর চরণ ধরণ বিনে—
একথাকে বুজিতে জানে—হেন শক্তি কাহার।"

ভাবের আবেগে শ্রীকৃষ্ণনামামূতে 'মগন' হইরা শ্রীগোবিন্দের রাতৃন চরন্র্গলে শরণ লৃইরা, ভক্ত ক্রবি স্থরদাস নলত্লালের মহিমা কীর্ত্তন করিরা গাহিলেন—

"হে গোবিন্দ রাধু শরণ অবধ জীবন হারে ॥ জ ॥
নীর পিব ন° হেতু গেয়, সিলুকো কিনারে
সিলু বীচ্ বসত প্রাহ° চরণ ধরি পছারে ॥
চার পহর যুধ্" ভয়ে। লে পেয়, মাঝধারে
নাক কাণ ডুবন লাগে কুফকে ফুকারে"॥

১: বররে। ২। ধরা। ৩। জল থাইতে গজরাজ পিয়াছিল (দাপর যুগের কথা) ও। মধ্যে । একটি কুমীর বাদ করিত। ৬। যুক্ষ। ৭। ডাকিল।

ধারকাদে চলে গোপাল গরুড়কে অভিনারে গ্রাহক অরি মাধব গজরাজকে উধারে । । স্বরদাস নগনভয় নন্দকে তুলারে তোরা মেরো না ভল্ যমরাজকে তুলারে।"

কাফু ফকির একজন বাঙ্গালী মুদলমান সাধক, তাঁহার অপর নাম অলিরাজা। "জ্ঞানসাগর", তাঁহার রচিত একথানি যোগ-শাস্ত্রীয় গ্রন্থ; এই ভাবাত্মিকা জ্ঞানসাগরের অমিয়-লহর ভুল্য মধুর আগম-কথা পড়িলে অনেক দার্শনিকের যে তত্ত্ব-মীমাংসা সংসাধিত হইবে তাহাতে কোনই ভূল নাই। অলিরাজা বা কাফু ফকির আবার 'মুরলীধারীর' সম্বন্ধে গান ধরিলেন—

